GOV-GA22

APRIL-JUNE

1874

Numb. 1810. ১৮১০

[REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 7, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ৭ আপ্রিল।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.—Public.

Fort William, the 24th March 1874.

No. 72.—Under the provisions of the Act of Parliament 24 and 25 Vic., Cap. 104, Section 7, the Governor-General in Council has been pleased to appoint Baboo Romesh Chunder Mitter, B.L., Pleader, to act as Judge of the High Court of Judicature at Fort William in Bengal.

The 27th March 1874.

No. 84.—Furlough to Europe on medical certificate for one year, with the usual subsidiary leave not exceeding thirty days, is granted to Mr. P. T. Carnegy, Assistant Commissioner of Sibsagar in Assam, with effect from the date on which he may avail himself of the same.

Medical.

The 25th March 1874.

No. 132.—His Excellency the Viceroy and Governor-General in Council is pleased to direct that the title of "Sub-Assistant Surgeon" be discontinued, and that the Officers hitherto called Sub-Assistant Surgeons be in future styled "Assistant Surgeons."

A. C. Lyall,
Secy. to the Govt. of India.

FOREIGN DEPARTMENT.

NOTIFICATIONS.—Political.

Fort William, the 24th March 1874.

No. 733*P.*—His Excellency the Viceroy and Governor-General in Council is pl to confer the title of "Raja" on Rai Hurrish Chunder Bahadoor, in recognition o position as the head of the Chukma tribe, in the Chittagong Hill Tracts.

The 27th March 1874.

No. 740*P.*—With reference to Notification No. 2908P, dated the 23rd December last, Her Majesty's Government have been pleased to confirm the recognition, by the Government of India, of Mr. George M. Struthers as Acting Consul for the Netherlands at Calcutta.

C. U. Aitchison,
Secy. to the Govt. of India.

MILITARY DEPARTMENT.

Fort William, the 25th March 1874.

No. 295.—The services of Surgeon E. A. Birch, of the Medical Department, officiating in medical charge, 10th Regiment of Native Infantry, are placed at the disposal of the Government of Bengal.

No. 298.—The services of Surgeon W. D. Stewart, of the Medical Department, officiating in medical charge, 16th (The Lucknow) Regiment of Native Infantry, are placed temporarily at the disposal of the Government of Bengal.

No. 300.—The under-mentioned officer is permitted to proceed to Europe on furlough on private affairs :—

Surgeon-Major Soorjoo Coomar Goodeve Chuckerbutty, M D., of the Medical Department, Professor of Materia Medica, Medical College, and ex-officio 2nd Physician, College Hospital, Calcutta, and Professor of Clinical Medicine,—for two years, under Rule IX of the Regulations of 1868.

H. K. Burne, *Colonel,*
Secy. to the Govt. of India.

[*Government Gazette, 7th April* 1874.]

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন —পবলিক।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ২৪ মার্চ।

৭২ নম্বর।—শ্রীশ্রীমতী মহারাণী বিকটোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের পার্লিমেণ্টের আইনের ১০৪ অধ্যায়ের ৭ ধারার বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব উকীল শ্রীযুত বাবু রমেশচন্দ্র মিত্র, বি, এলকে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজের কর্ম্ম একটিংরূপে করণার্থে নিযুক্ত করিয়াছেন।

১৮৭৪ সাল ২৭ মার্চ।

৮৩ নম্বর।—আসামের অন্তর্গত শিবসাগরের আসিষ্টাণ্ট কমিশনর শ্রীযুত পি, টি, কার্ণেগি সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিকিৎসকের সর্টিফিকট ক্রমে ইউরোপে গমনের নিমিত্তে এক বৎসর নিয়মিত ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ নিয়মিত ছুটী পাইয়াছেন।

মেডিকাল।

১৮৭৪ সাল ২৫ মার্চ।

১৩২ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব এই আজ্ঞা করিলেন। "সব-আসিষ্টাণ্ট চিকিৎসক" উপাধি রহিত করা যায় ও এত দিন যে কার্য্যকারকদিগকে সব-আসিষ্টাণ্ট চিকিৎসক বলা যাইত এই অবধি তাঁহাদিগকে "আসিষ্টাণ্ট চিকিৎসক" বলা যাইবে।

এ. সি, লায়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ফরিন ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পলিটিকাল।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ২৪ মার্চ।

৭৩১P নম্বর —শ্রীযুত রায় হরিশ্চন্দ্র বাহাদুরকে চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের চকমা বংশের প্রধান বলিয়া স্বীকার করণার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবরনর জেনরল সাহেব তাঁহার প্রতি রাজা উপাধি দান করিলেন।

১৮৭৪ সাল ২৭ মার্চ।

৭৪১P নম্বর।—গত ডিসেম্বর মাসের ২৩ তারিখের ২৯০৮P নং জ্ঞাপনপত্রে ভারতবর্ষের গবর্ণমেণ্ট শ্রীযুত জর্জ এম ট্রুথর্স সাহেবকে কলিকাতায় নেদরলাণ্ডের পক্ষে একটিং কনসল বলিয়া স্বীকার করাতে শ্রীশ্রীমতীর গবর্ণমেণ্ট তাহা স্থির করিয়াছেন।

সি, ইউ, এচিসন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

মিলিটরী ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ২৫ মার্চ।

১৮৭৪ সালের ২৯৭ নম্বর।—এদেশীয় ১০ সংখ্যক পদাতিক পলটনের একটিং চিকিৎসক মেডিকাল ডিপার্টমেণ্টের সর্জন শ্রীযুত ই এ বর্চ সাহেব কিয়ৎকালের নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সালের ২৯৮ নম্বর।—১৬ সংখ্যক লক্ষ্মৌ পদাতিক পল্টনের একটিং চিকিৎসক মেডিকাল ডিপার্টমেণ্টের সর্জন শ্রীযুত ডবলিউ ডি ষ্টুয়ার্ট সাহেব কিয়ৎকালের নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সালের ৩০০ নম্বর।—নিম্নলিখিত কার্য্যকারক নিজ প্রয়োজনার্থে নিয়মিত ছুটী লইয়া ইউরোপ যাইবার অনুমতি পাইয়াছেন।

মেডিকাল কালেজের ঔষধীয় দ্রব্যবিষয়ক অধ্যাপক ও স্বীয় পদোপলক্ষে কলিকাতা কালেজ হাস্পাতালের দ্বিতীয় ফিজিশন ও শয্যাগত ব্যক্তিদের ঔষধ বিদ্যার অধ্যাপক মেডিকাল ডিপার্টমেণ্টের সর্জন মেজর শ্রীযুত সূর্য্যকুমার গুডিব চক্রবর্ত্তী, এম, ডি, ১৮৬৮ সালের আইনের ৯ ধারামতে দুই বৎসর ছুটী পাইয়াছেন।

এচ কে বর্ণ, কর্ণেল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS.—ESTABLISHMENT.

Fort William, the 23rd March 1874.

No. 164.—Messrs. E. James and J. F. Mackenzie, Assistant Engineers, 2nd Grade, are transferred from the Punjab to Bengal Provincial Establishment.

The 27th March 1874.

No. 177.—The services of Lieutenant-Colonel H. T. Forbes, s. c., Executive Engineer, 1st Grade, Assam, are placed temporarily at the disposal of the Government of Bengal in the Public Works Department.

C. H. DICKENS, *Colonel, R. A.,*
Secy. to the Govt. of India.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট ।

সিরিশতা বিষয়ক ।—বিজ্ঞাপন ।

কোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ২৩ মার্চ ।

১৬৪ নম্বর ।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই জেমস সাহেব ও জে এফ মাকেঞ্জি সাহেব পঞ্জাব হইতে বঙ্গদেশের প্রবিনশ্যাল সিরিশতায় প্রেরিত হইয়াছেন ।

১৮৭৪ সাল ২৭ মার্চ ।

১৭৭ নম্বর ।—আসামের প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এচ টি কর্ব্বস সাহেব কিয়ৎকালের নিমিত্তে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন ।

সি, এচ, ডিকিন্স, কর্ণেল, আর, এ,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী ।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 7, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ৭ আপ্রিল।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 988.

GENERAL.—*The 27th March* 1874.—With reference to the Notifications dated the 15th April and the 29th December last, the Lieutenant-Governor is pleased to declare that the present order of Magistrate-Collectors of the Second Grade being now extinct, Magistrate-Collectors will in future be classed in three grades only:—

First Grade, on Rs. 2,250 per mensem.
Second ,, ,, 1,800 ,,
Third ,, ,, 1,500 ,,

The 25th March 1874.—Mr. James Alexander Crawford, Collector of Customs, Calcutta, is allowed furlough for two years, under Section 10 (*a*), Clause 2 of the Civil Leave Code, together with the usual subsidiary leave, from the 1st April next.

The 26th March 1874.—Mr. George Kennedy Webster, C.S., is allowed subsidiary leave from the 24th December 1873 to the 13th January 1874, to enable him to join his appointment on his return from furlough.

Mr. Godfrey John Bective Tuite Dalton, C.S., is allowed subsidiary leave from the 27th January 1874 to the 29th idem, to enable him to join his appointment on his return from furlough.

The 27th March 1874.—Baboo Judoonath Bose, Deputy Collector, is vested with the powers of a Collector under Act X of 1870 in the district of Shahabad, for the purpose of taking up lands required for relief works.

The 28th March 1874.—The Lieutenant-Governor is pleased to accept the resignation tendered by Mr. James Alexander Crawford of his appointment as President of the Bengal Committee for the Annual London International Exhibition, and as a Commissioner for making Improvements in the Port of Calcutta.

The 30th March 1874.—The following appointments will take effect from the 1st April 1874:—

Sir William James Herschel, Bart., Acting Commissioner of the Cooch Behar Division, is appointed to be Commissioner of that division.

Mr. William Macpherson, on furlough, is appointed to be District and Sessions Judge of the Second Grade.

Mr. Henry Fitzmaurice John Kean is appointed to be a Magistrate and Collector of the Second Grade.

Mr. William Kemble is appointed to be a Magistrate and Collector of the Second Grade.

Mr. Henry Beveridge is appointed to be a Magistrate and Collector of the Second Grade.

Mr. Thomas Frank Bignold, B.A., is appointed to be a Magistrate and Collector of the Third Grade, but to continue to act as Inspector-General of Registration.

Mr. Frederick Wyer, B.A., is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the First Grade.

Mr. Herbert Mosley is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade.

Mr. Henry Gillon, Assistant Magistrate and Collector, Kooshtea, is transferred to Tirhoot.

Mr. James Kelleher, Assistant Magistrate and Collector, is appointed to have charge of the Kooshtea sub-division. This cancels his transfer to Gya, notified in the *Gazette* of the 25th ultimo.

The 31st March 1874.—Mr. Edmond Craster Craster, Judge of Gya, is allowed three months' leave under Section 21, Chapter VI of the Civil Leave Code, from the 1st April next or any subsequent date within one month on which he may be relieved.

[*Government Gazette, 7th April* 1874.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

৯৮৮ নম্বর।

সাধারণ —১৮৭৪ সাল ২৭ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব গত আপ্রিল মাসের ১৫ তারিখের ও ডিসেম্বর মাসের ২৯ তারিখের বিজ্ঞাপনোপলক্ষে এই আজ্ঞাকরিলেন। দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট-কালেকটরদের পদ এইক্ষণে উঠাইয়া যাওয়াতে এই অবধি কেবল তিন শ্রেণীর মাজিষ্ট্রেট কালেকটর করা যাইবে,

প্রথম শ্রেণীর বেতন মাসে ২২৫০৲ টাকা
দ্বিতীয় শ্রেণীর ঐ ঐ ১৮০০৲ ,,
তৃতীয় শ্রেণীর ঐ ঐ ১৫০০৲ ,,

১৮৭৪ সাল ২৫ মার্চ।—কলিকাতার কষ্টমের কালেক্টর শ্রীযুত জেমস আলেকজাণ্ডর ক্রাফর্ড সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ (এ) ধারার ২ প্রকরণমতে দুইবৎসর নিয়মিত ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন আগামি আপ্রিল মাসের ১ তারিখ অবধি উপকরণার্থ নিয়মিত ছুটী পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৬ মার্চ।—শ্রীযুত জর্জ কেনেডি ওয়েবষ্টর সাহেব, সি, এস, নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করাতে আপন কর্ম্মগ্রহণ করিতে পারিবার নিমিত্ত ১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ২৪ তারিখ অবধি ১৮৭৪ সালের জানুআরি মাসের ১৩ তারিখ পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

শ্রীযুত গডফ্রি জন বেকটিব টুট ডালটন সাহেব, সি, এস, নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করাতে আপন কর্ম্মগ্রহণ করিতে পারিবার নিমিত্তে ১৮৭৪ সালের জানুআরি মাসের ২৭ তারিখ অবধি ২৯ তারিখ পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৭ মার্চ।—ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু যদুনাথ বসু উপকারার্থ কার্য্যের নিমিত্তে ভূমিগ্রহণার্থে শাহাবাদ জিলায় ১৮৭০ সালের ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৮ মার্চ।—শ্রীযুত জেমস আলেকজাণ্ডর ক্রাফর্ড সাহেব আনুয়েল লণ্ডন ইণ্টরন্যাসনল একজিবিশনের নিমিত্তে বেঙ্গল কমিটীর সভাপতির ও কলিকাতাবন্দর সৌষ্ঠবকরণার্থ কমিশ্যনরের পদ ত্যাগ করণার্থে যে প্রার্থনাপত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিয়াছেন।

১৮৭৪ সাল ৩০ মার্চ।—নিম্নলিখিত নিয়োগসকল ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

কুচবেহার খণ্ডের একটিং কমিশ্যনর শ্রীযুত উলিয়ম জেমস হর্শেল, সাহেব, বারনেট, ঐ খণ্ডের কমিশ্যনরের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত উলিয়ম মাকফরসন সাহেব দ্বিতীয় শ্রেণীর ডিষ্ট্রিকট ও সেশন জজের পদে নিযুক্ত হইয়াছেন। ইনি ছুটী লইয়াছেন।

শ্রীযুত হেনরি ফিটসমরিস জান কীন সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হইয়াছেন

শ্রীযুত উলিয়ম কেম্বল সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত হেনরি বেবরিজ সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত তামস ফ্রাঙ্ক বিগোনল্ড সাহেব, বি, এ, তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন, কিন্তু রেজিষ্টরী করণ কার্য্যের ইনস্পেক্টর জেনরলের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ফ্রেড্রিক ওয়াইন্নর সাহেব, বি, এ, প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত হর্ব্বর্ট মোসলী সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন।

কুষ্ট্যার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত হেনরি গিলন সাহেব ত্রিহুতে প্রেরিত হইয়াছেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জেমস কেলিহর সাহেব কুষ্ট্যা মহকুমার অধ্যক্ষতা ভার পাইবেন। এই মাসের ৩ তারিখের গেজেটে গয়ায় তাঁহার প্রেরিত হইবার যে আজ্ঞা হয় তাহা রহিত করা গেল।

১৮৭৪ সাল ৩১ মার্চ।—গয়ার জজ শ্রীযুত এডমণ্ড ক্রাষ্টর ক্রাষ্টর সাহেব আগামি আপ্রিল মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

Mr. William Henry Henderson is appointed to act as District and Sessions Judge of Gya in the Second Grade during the absence on leave of Mr. E. C. Craster, or until further orders.

The Lieutenant-Governor is pleased to appoint Mr. Alfred Hinuber Haggard, under the provisions of Section 3, Act II of 1869, to act as a Justice of the Peace within the territories under His Honor's control.

Mr. Thomas Bruce Lane is appointed to act as Collector of Customs, Calcutta, during the absence on leave of Mr. J. A. Crawford, or until further orders.

Mr. Francis Frederick Handley, Assistant Magistrate and Collector, Purneah, is allowed eight days' subsidiary leave preparatory to proceeding on furlough on medical certificate.

LEGISLATIVE.—*The 26th March* 1874.—The Lieutenant-Governor is pleased to appoint Mr. Stuart Saunders Hogg, C.S., to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William.

POLICE.—*The 28th March* 1874.—Mr. J. W. H. Dalrymple Clark, Acting Assistant Superintendent of Police, 24-Pergunnahs, is allowed one week's leave from the 16th March 1874, under Section 13, Supplement F of the Civil Leave Code, to enable him to attend the Subordinate Civil Service Examination.

REGISTRATION.—*The 26th March* 1874.—Mr. Thomas Mohendro Lall Bose, Special Sub-Registrar of Jessore, is allowed privilege leave from the 17th February to the 2nd March 1874, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

The 28th March 1874.—Baboo Nittolal Dey is appointed to be Special Sub-Registrar of Howrah.

Baboo Kaliprosonno Chowdhry is appointed to be Special Sub-Registrar of Dacca.

The 30th March 1874.—Moulvi Berhanuddin Mahomed is appointed to be Sub-Registrar of Dabipore, in the 24-Pergunnahs. The orders of the 24th December 1873, appointing Baboo Pryanath Basu to be Sub-Registrar of Dabipore, are cancelled.

Moulvi Mahomed Abdoor Rahman is appointed to be Sub-Registrar of Shazadpore, in the district of Pubna, *vice* Mahomed Khalid, resigned.

EDUCATION.—*The 25th March* 1874.—The following gentlemen are appointed to be members of the District School Committee of Maldah :—

Mr. J. Sheldon, Executive Engineer.
Baboo Bishnu Chunder Dutt, Inspecting Postmaster.
,, Akhoy Kumar Bose, Sub-Deputy Collector.
,, Jogesh Chunder Mitra, B.L., Moonsif.

The 26th March 1874.—Mr. George Kennedy Webster, C.S., is appointed to be a member of the District School Committee of Lohardugga.

MEDICAL.—*The 11th February* 1874.—Second Grade Assistant Surgeon Ramchunder Goopto is posted to Sarun.

The 6th March 1874.—Surgeon Edward Alfred Birch, F.R.C.S., is appointed to officiate as Civil Surgeon of Hazareebagh.

The 24th March 1874.—Third Grade Assistant Surgeon Kristodas Sen is appointed to have medical charge of the Bettiah sub-division, and of the Charitable Dispensary there.

The 26th March 1874.—Third Grade Assistant Surgeon Mohendrolal Bose is appointed to have charge of the Charitable Dispensary at Motiharee.

The services of Third Grade Assistant Surgeon Bijoy Gobind Chowdhry, a supernumerary at the Presidency, are placed at the disposal of the Government of India in the Public Works Department.

The 27th March 1874.—Third Grade Assistant Surgeon Denobundhoo Dutt, Inspecting Medical Officer, Burdwan Circle, is allowed one month's privilege leave from the 16th March 1874 under Section 21, Chapter VI of the Civil Leave Code.

[*Government Gazette, 7th April* 1874.]

শ্রীযুত ই, সি, ক্রান্টর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত উলিয়ম হেনরি হেণ্ডরসন সাহেব দ্বিতীয় শ্রেণীমতে গয়ার ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব শ্রীযুত আলফ্রেড ছিতুবর হাগার্ড সাহেবকে উক্ত মান্যবর শ্রীযুতের শাসনাধীন দেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারার বিধানমতে শান্তি রক্ষার্থ জষ্টিসের পদে নিযুক্ত করিলেন।

শ্রীযুত জে, এ, ক্রাফর্ড সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত তামস ক্রুস লেন সাহেব কলিকাতার কষ্টমের কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

পূরনিয়ার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ফ্র্যান্সিস ফ্রেডিক হাওলি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থে প্রস্তুত হইবার জন্যে আট দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

ব্যবস্থাপন সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৬ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব শ্রীযুত ষ্টুয়ার্ট সাণ্ডর্স হগ, সি, এস, সাহেবকে ফোর্ট উলিয়ম প্রসীডেন্সীর বঙ্গদেশ খণ্ডে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের মন্ত্রিসভার সভ্যের পদে বরণ করিলেন।

পোলীসসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৮ মার্চ।—২৪ পরগনার পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে ডবলিউ এচ ডালরিম্পল ক্লার্ক সাহেব সবরডিনেট সিবিল সর্ব্বিস পরীক্ষায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১১ ধারামতে ১৮৭৪ সালের মার্চ মাসের ১৬ তারিখ অবধি এক সপ্তাহ ছুটী পাইয়াছেন।

রেজিষ্টরী করণসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৬ মার্চ।—যশোহরের বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত তামস মহেন্দ্রলাল বসু সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৪ সালের ফেব্রুআরি মাসের ১৭ তারিখ অবধি মার্চ মাসের ২ তারিখ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৮ মার্চ।—শ্রীযুত বাবু নৃত্যলাল দে হাবড়ার বিশেষ সব-রেজিষ্টারের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু কালীপ্রসন্ন চৌধুরী ঢাকার বিশেষ সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ৩০ মার্চ—শ্রীযুত মৌলবী বহরুদ্দীন মহম্মদ ২৪ পরগনার অন্তর্গত দেবীপুরের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন। শ্রীযুত বাবু প্রিয়নাথ বসু দেবীপুরের সব-রেজিষ্ট্রার হইবেন ১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ২৪ তারিখের এই আজ্ঞা রহিত করা গেল।

শ্রীযুত মহম্মদ খালিদ কর্ম্মত্যাগ করাতে তৎপরিবর্ত্তে শ্রীযুত মৌলবী মহম্মদ আবদুর রহমান পাবনা জিলার অন্তর্গত শাহাজাদপুরের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন।

শিক্ষাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৫ মার্চ।—নিম্নলিখিত মহাশয়েরা মালদহ জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে শেলডন সাহেব।
ইনস্পেকটিং পোষ্ট মাষ্টর শ্রীযুত বাবু বিষ্ণুচন্দ্র দত্ত।
সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু অক্ষয় কুমার বসু।
মুনসেফ শ্রীযুত বাবু যোগেশচন্দ্র মিত্র, বি, এল।

১৮৭৪ সাল ২৬ মার্চ।—শ্রীযুত জর্জ কেনেডি ওয়েবষ্টর সাহেব, সি, এস, লোহারডগা জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ১১ ফেব্রুআরি।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত রামচন্দ্র গুপ্ত সারণে অবস্থিত হইয়াছেন।

১৮৭৪ সাল ৬ মার্চ।—সর্জন শ্রীযুত এডওয়ার্ড আলফ্রেড বর্চ সাহেব, এফ, আর, সি, এস, হাজারী বাগের সিবিল চিকিৎসকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ২৪ মার্চ।—তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত কৃষ্ণদাস সেন বেতিয়া মহকুমার চিকিৎসা কার্য্যের ও তথাকার দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা ভার পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৬ মার্চ।—তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু মহেন্দ্রলাল বসু মতিহারীর দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা ভার পাইবেন।

রাজধানীতে অতিরিক্ত তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু বিজয় গোবিন্দ চৌধুরী পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ২৭ মার্চ।—বর্দ্ধমান চক্রের ইনস্পেকটিং চিকিৎসক তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত দীনবন্ধু দত্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৪ সালের মার্চ মাসের ১৬ তারিখ অবধি এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

[। ক্যালকাটা গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

Third Grade Assistant Surgeon Debendronath Roy, of the Debibarpore Endemic Dispensary, is appointed to act as Inspecting Medical Officer of the Burdwan Circle during Assistant Surgeon Denobundhoo Dutt's absence, or until further orders.

The 28th March 1874.—Surgeon-Major Joseph Ewart, M.D., Surgeon Superintendent of the Presidency General Hospital, is allowed three months' privilege leave under Section 21, Chapter VI of the Civil Leave Code.

The 30th March 1874.—Surgeon Alfred John Wall, M.B., who has lately arrived from England, is posted temporarily to the Presidency General Hospital.

Third Grade Assistant Surgeon Chunder Coomar Gupta, on special duty, Burdwan, is allowed two months' leave on medical certificate from the 21th February 1874, under Section 3, Supplement F of the Civil Leave Code.

The 31st March 1874.—Dr. John Meredith reported his departure from India on leave on the 26th February 1874.

Surgeon W. D. Stewart is appointed to act as Civil Surgeon of Burdwan.

OPIUM.—*The 30th March* 1874.—Mr. William Masters, Sub-Deputy Opium Agent of Tehta, is appointed to be Sub-Deputy Opium Agent of Hajeepore.

LOCAL FUNDS.—*The 28th March* 1874.—The following gentlemen are appointed to be members of the District Road Committee of the Pubna district:—

Baboo Mohendronath Mitter, Moonsif.
Moulvi Azaharuddin, Civil Court Ameen.

ERRATUM.—*The 30th March* 1874.—In the orders of the 21st March published in the *Calcutta Gazette* of the 25th idem, vesting certain officers with the powers of a Collector under Act X of 1870—

For " Mr. John Austin Bourdillon" *read* " Mr. James Austin Bourdillon."

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION

FIRST HALF-YEARLY EXAMINATION FOR 1874

The 28th March 1874.—It is hereby notified for general information that the next half-yearly Departmental Examination of Assistants, Extra Assistants, and Deputy Magistrates in the Regulation and Non-Regulation Districts, and of officers in the Police and Opium Departments, will begin on Monday, the 20th April 1874.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

RENEWAL OF STAMPS.

The 30th March 1874.—In exercise of the powers vested in the Local Government by Section 27 of the Court Fees Act, VII of 1870, the Lieutenant-Governor is pleased, with the concurrence of the Chief Justice of the High Court of Calcutta, to make the following rule for regulating the renewal of damaged or spoiled stamps used under Section 8 of the Act in the said High Court:—

The taxing officer mentioned in Section 5 of the Court Fees Act, VII of 1870, shall, in the exercise of his discretion, be competent to issue a certificate for the renewal, free of charge, of the stamp or stamps on any document, in cases when the re-writing of such documents has, through inadvertence or accident, been, in his opinion, rendered necessary; or where, after a document has been duly stamped, and the stamps cancelled, it is found that the reason for presenting it to, or filing it in, the Court has ceased to exist. Such certificate

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত দীনবন্ধুদত্তের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত দেবীবরপুরের এণ্ডেমিক ঔষধালয়ের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত দেবেন্দ্র নাথ রায় বর্দ্ধমান চক্রের ইনস্পেকটিং চিকিৎসকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ২৮ মার্চ —প্রেসিডেনসী জেনরল হাস্পাতালের সর্জন সুপরিন্টেণ্ডেণ্ট সর্জন-মেজর শ্রীযুত জোসেফ ইউয়ার্ট সাহেব, এম, ডি, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৪ সাল ৩০ মার্চ।—সর্জন শ্রীযুত আলফ্রেড জান ওয়াল সাহেব এম, বি, সম্প্রতি ইংলণ্ডহইতে পঁহুছিয়া কিয়ৎকালের নিমিত্তে প্রেসিডেনসীর জেনরল হাস্পাতালে অবস্থিত হইয়াছেন।

বর্দ্ধমানে বিশেষ কার্য্যার্থে নিযুক্ত তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত চন্দ্রকুমার গুপ্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৪ সালের ফেব্রুআরি মাসের ২৪ তারিখ অবধি দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৪ সাল ৩১ মার্চ।—ডাক্তর শ্রীযুত জান মেরিডিথ সাহেব ছুটী লইয়া ১৮৭৪ সালের ফেব্রুআরি মাসের ২৬ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

সর্জন শ্রীযুত ডবলিউ ডি ষ্টুয়ার্ট সাহেব বর্দ্ধমানের সিবিল চিকিৎসকের পদে নিযুক্ত হইয়াছেন।

আফীনসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৩০ মার্চ।—তেহতার আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত উলিয়ম মাষ্টর্স সাহেব হাজীপুরের আফীনের সব-ডেপুটী এজেণ্টের পদে নিযুক্ত হইয়াছেন।

স্থানীয় ফণ্ডবিষয়ক বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৮ মার্চ।—নিম্নলিখিত মহাশয়েরা পাবনা জিলায় ডিষ্ট্রিকট পথ কমিটির মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রলাথ মিত্র।
দেওয়ানী আদালতের আমীন শ্রীযুত মৌলবী আজহরউদ্দীন।

অশুদ্ধশোধন।—১৮৭৪ সাল ৩০ মার্চ।—কএক জন কর্ত্তৃপক্ষের প্রতি ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা দানবিষয়ক মার্চ মাসের ২১ তারিখের যে আজ্ঞা ঐ মাসের ৩১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহাতে,

"শ্রীযুত জান অষ্টিন বোরডিলন সাহেব" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত জেমস অষ্টিন বোর্ডিলন সাহেব" পাঠ করিতে হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সালের প্রথম ষাণ্মাসিক পরীক্ষা।

১৮৭৪ সাল ২৮ মার্চ।—আইনের অধীন ও আইন বহির্ভূত জিলায় ১৮৭৪ সালের আপ্রিল মাসের ২০ তারিখ সোমবারে আসিষ্টাণ্টদের ও অতিরিক্ত আসিষ্টাণ্টদের এবং ডেপুটী মাজিস্ট্রেটদের এবং পোলীস ও আফীন কার্য্যবিভাগের কর্ম্মচারিদের কার্য্যবিভাগ সম্পর্কীয় আগামি ষাণ্মাসিক পরীক্ষা আরম্ভ হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

ইষ্টাম্প নূতন করিয়া দিবার কথা।

১৮৭৪ সাল ৩০ মার্চ।—কলিকাতার হাই কোর্টে আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ৩ ধারামতে যে ইষ্টাম্পের ব্যবহার হয় তাহা নষ্ট কি অকর্ম্মণ্য হইলে, নূতন করিয়া দেওনবিষয়ে ঐ আইনের ২৭ ধারায় স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে ক্ষমতার্পণ হইল শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই ক্ষমতানুসারে কার্য্য করিয়া ঐ হাই কোর্টের চীফ জষ্টিস সাহেবের সম্মতি ক্রমে এই বিধি করিয়াছেন।

আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ৫ ধারায় টাক্স আফিসর নামক যে কার্য্যকারকের কথা লেখা আছে, তাঁহার বিবেচনায় অকস্মাৎ কিঅমনোযোগ হেতুক কোন দলীল পুনশ্চ লিখিয়া দেওয়া আবশ্যক হইলে ও সেই দলীলে এক কি কএক ইষ্টাম্প দেওয়া থাকিলে, কিম্বা কোন দলীলে উপযুক্ত ইষ্টাম্প দেওয়া গেলে ও সেই ইষ্টাম্প অকর্ম্মণ্য করা গেলে পর কোর্টে সেই দলীল উপস্থিত কি দাখিল করিবার কারণ রহিত হইয়াছে দেখা গেলে, তিনি আপনার বিবেচনামতে ঐ এক কি কএক ইষ্টাম্প বিনামূল্যে নূতন করিয়া দিবার সর্টিফিকট লিখিয়া দিতে পারিবেন। উক্ত

shall be sufficient authority to the Collector to issue to the holder of the certificate other stamps of the value specified in the certificate, on delivery of the stamps which have been rendered useless.

H. L. DAMPIER,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 31st March 1874.—Whereas land is required by Government for a public purpose, *i. e.* the construction of a feeder road from Patiram in Dinagepore to the Northern Bengal Railway Station at or near Foolbary in Dinagepôre, a distance of 16 miles, more or less, notice is hereby given that for the above purpose a strip of land is required, 40 feet in width, be the same more or less, running through the undermentioned villages:—Soojapore, Chandpara, Kristopore, Mokterpore, Basudebpore, Nund Laulpore, Shahapore, Rohumutpore, Radhicapore, Malanchi, Khundkhoi, Chettrapara, Nundigram, Bhatpul, Pookhur, Booranga, Akhi, Narud Madhub, Kashihattee, Desma or Ramkristopore, Mowgong, Tishore, Bhogobanpore, Bangshipore, Botool, Mohesh Lattee, Bazeepore, Idrakpore, Rampore, Talipookhur, and Patiram, all in the Dinagepore district.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 31st March 1874.—Whereas land is required by Government for a public purpose, *i. e.* the construction of a feeder road from Foolbary (in Dinagepore) to Bow Chundee (in Rungpore), a distance of about 14 miles, more or less, notice is hereby given that for the above purpose a strip of land is required 40 feet in width, be the same more or less, running through the undermentioned villages:—Basudevpore, Sojunpookhur, Jobberpara, Moheshpore, Dulduly, Shalghoria, Moujapara, Gurpara, Peereejpore, Shahabajpore, Rughubpore, Rossulpore, Sultanpore, and Madhyapara, in Dinagepore, and Batasan Mosulmaree, Kootubpore, Tiarpara, Lattaram, and Bow Chundee, in the Rungpore district.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 30th March 1874.—The attention of Government having been drawn to the fact of the illicit importation of Fire-arms and Ammunition among the hill tribes in the North-East Frontier through the districts of Chittagong, Hill Tipperah, and Sylhet, the following Resolution of the Government of India in the Home Department, No. 62-3548, dated the 28th November 1873, together with the Notifications of that Department, Nos. 3559 and 3560, dated the 28th idem, regulating the import and transit of Arms and Ammunition, are republished for the information of all local officers.

Extract from the Proceedings of the Government of India in the Home Department (Public)—No. 62—3548, *under date Fort William, the 28th November* 1873.

READ again the following correspondence relating to the manufacture, importation, sale, transport, &c., of Arms and Ammunition under the provisions of Act XXXI of 1860 as amended by Act VI of 1866:—

Foreign Department Notification No. 1707, dated the 27th November 1869, and the Rules published under it for regulating the importation of Arms and Ammunition into or through the territories under the Lieutenant-Governor of Bengal.

Letter from the Government of Bengal, No. 3852, dated the 29th July 1870.

To Financial Department, No. 5113, dated 23rd November 1870.

Circular to the Local Governments and Administrations, Nos. 5104-12, dated the 23rd November 1871, and replies to this Circular.

Endorsement from the Foreign Department, No. 1959P., dated 19th November 1870, forwarding certain papers on the subject of the importation of Fire-arms into Rajpootana.

Ditto No. 1590, dated 28th July 1871.

প্রকারে যে ইষ্টাম্প অকর্ম্মণ্য করা গেল তাহা কালেকটর সাহেবের নিকট আনিয়া দেওয়া গেলে যে ব্যক্তি ঐ সর্টিফিকট আনেন কালেকটর সাহেব তাঁহাকে ঐ সর্টিফিকটের নির্দ্দিষ্ট মূল্যের অন্য ইষ্টাম্প দিবেন, এতদর্থে ঐ সর্টিফিকট উপযুক্ত ক্ষমতাপত্র হইবে।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩১ মার্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ দিনাজপুরের অন্তর্গত পতিরাম অবধি ফুলবাড়ী বা তন্নিকটবর্ত্তী বঙ্গদেশের উত্তরদিগের রেলওয়ে ষ্টেশন পর্য্যন্ত পোষকপথ প্রস্তুত করণার্থে ন্যূনাধিক ১৬ মাইল দীর্ঘ ভূমি গবর্ণমেণ্টের লওয়া আবশ্যক। অতএব সংবাদ দেওয়া গেল যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে দিনাজপুর জিলার অন্তর্গত সুজাপুর ও চাঁদ পাড়া ও কৃষ্ণপুর ও মোক্তার-পুর ও বাসুদেবপুর ও নন্দলালপুর ও শাহপুর ও রহমৎপুর ও রাধিকাপুর ও মালঞ্চি ও খণ্ডৈখে ও ছত্রপাড়া ও নন্দীগ্রাম ও ভটপুল ও পুখর ও বুরাঙ্গা ও আখি ও নারদ মাধম ও কাশীহাটী ও দেশমা বা রামকৃষ্ণপুর ও মৌগাঁ ও তিশোর ও ভগবানপুর ও বংশীপুর ও নোতুল ও মহেশলাটি ও বাজীপুর ও ইব্রাকপুর ও রামপুর ও তালিপুকুর ও পতিরাম গ্রাম দিয়া ন্যূনাধিক ৪০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩১ মার্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ দিনাজপুরের অন্তর্গত ফুলবাড়ী অবধি রঙ্গপুরের অন্তর্গত বৌচণ্ডী পর্য্যন্ত ১৪ মাইল দীর্ঘ পোষকপথ প্রস্তুত করণার্থে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে দিনাজপুর জিলার অন্তর্গত বাসুদেবপুর ও সুজনপুকর ও যবেরপাড়া ও মহেশপুর ও দলদলী ও শালঘোরিয়া ও মৌজাপাড়া ও গড়পাড়া ও পীরীজপুর ও শাহবাজপুর ও রাঘবপুর ও রসুলপুর ও সুলতানপুর ও নধ্যেপাড়া গ্রাম এবং রঙ্গপুর জিলার অন্তর্গত বাতাশন মোসলমারী ও কুতবপুর ও তিওরপাড়া ও লাটারাম ও বৌচণ্ডীগ্রাম দিয়া ন্যূনাধিক ৪০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

সি বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩০ মার্চ।—চট্টগ্রাম ও ত্রিপুরা পর্ব্বত ও শ্রীহট্ট জিলা দিয়া বন্য জাতীয়দের মধ্যে বেআইনীমতে বন্দুকাদি ও অস্ত্রশস্ত্র চালান করা গিয়া থাকে গবর্ণমেণ্ট এই কথা জানিতে পাওয়াতে, হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের নবেম্বর মাসের ২৮ তারিখের নিম্নলিখিত ৬২—৩১৪৮ নং নির্দ্ধারণপত্র এবং অস্ত্রশস্ত্র ও বারুদাদি আমদানী করণের বিধান করণার্থ ঐ ডিপার্ট-মেণ্টের ঐ মাসের ২৮ তারিখের ৩৫৫৯ ও ৩৫৬০ নং বিজ্ঞাপন স্থানীয় কর্ত্তৃপক্ষের জ্ঞানার্থে পুনর্ব্বার প্রকাশ করা গেল।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কার্য্যবিবরণ হইতে উদ্ধৃত কথা (পবলিক)—
৬২—৩১৪৮ নম্বর, ফোর্ট উলিয়ম ১৮৭৩ সাল ২৮ নবেম্বর।

১৮৬৬ সালের ৬ আইনক্রমে সংশোধিত ১৮৬০ সালের ৩১ আইনে অস্ত্রশস্ত্র বারুদপ্রভৃতি প্রস্তুত ও ও আমদানী ও বিক্রয় করণ ও স্থানান্তরে প্রেরণাদি বিষয়ক যে বিধান আছে তদ্বিষয়ের নিম্নলিখিত পত্রাদি পাঠ করা গেল।

ফরিন ডিপার্টমেণ্টের ১৮৬৯ সালের ২৭ নবেম্বরের ১৭০৭ নম্বরের জ্ঞাপনপত্র, ও সেই পত্রানুসারে বঙ্গদে-শের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত দেশের মধ্যে অস্ত্র বারুদাদি আমদানী করণ কি সেই দেশ দিয়া চালান করণ বিষয়ক যে বিধি প্রকাশ হইয়াছিল সেই বিধি।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ২৯ জুলাইর ৫৫৮২ নং পত্র।

ফিনান্শ্যল ডিপার্টমেণ্টের নিকট ১৮৭০ সালের ২৩ নবেম্বরের ৫১১৩ নং পত্র।

নানা স্থানের গবর্ণমেণ্টের ও কর্ত্তৃত্বকারিদের নিকট ১৮৭১ সালের ২৩ নবেম্বরের ৫১০৪—১২ নং সরকুলার ও সেই সরকুল্যরের নকল উত্তর।

রাজপুতনার বন্দুকপ্রভৃতি আমদানীকরণবিষয়ক কএক পত্রের সহিত ফরিন ডিপার্টমেণ্টে ১৮৭০ সালের ১৯ নবেম্বরের ১৯৫৯ P নম্বরের পৃষ্ঠলিপি।

১৮৭১ সালের ২৮ জুলাইর ১৫৯০ নং ঐ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

Letter from Government of Bengal, No. 4491, dated 30th September 1870.

From Financial Department, No. 4119, dated 28th December 1870.

Circular to all Local Governments and Administrations, Nos. 2923 to 2929, dated 14th June 1871, and replies received.

Letter from Government of Bengal, No. 2192, dated 10th May 1871.

Letter to Government of Bengal, No. 2922, dated 14th June 1871.

Endorsement from the Foreign Department, No. 1274P, dated the 22nd June 1871, forwarding, for disposal, replies to a Circular issued in May 1869, inquiring how far the rules sanctioned for Bengal to regulate the importation and transport of Arms and Ammunition would be suitable for the other provinces.

Circular to Local Governments and Administrations, Nos. 40—2630 to 2633, dated 14th August 1873, and replies received.

RESOLUTION.

IN MAY 1869 the Government of India in the Foreign Department sanctioned certain rules for regulating the importation of fire-arms and ammunition into the Lower Provinces of Bengal, and their transport from place to place within the limits of those provinces, under the provisions of Sections 17 to 22 of Act XXXI of 1860, and at the same time issued a Circular to the other Local Governments and Administrations inquiring how far such rules would meet their respective requirements.

2. From the replies received it appears necessary to frame uniform regulations for placing the importation and inland transport of cannon and arms and ammunition under systematic control throughout British India.

3. And from other portions of the correspondence read, it appears desirable to prohibit the transhipment of cannon and arms and ammunition at certain British Indian ports, and to restrict the granting of passes for the exportation of cannon and arms and ammunition from British India.

4. The Governor-General in Council is therefore pleased to declare as follows:—

Firstly, as regards the importation of cannon and arms and ammunition, that licenses for import under Section 17, Act XXXI of 1860, will henceforward be granted only at places and by the officials named in the list appended to this Resolution. These orders will supersede the Notifications issued from the Home Department in October 1860 and July 1866, which authorized the chief police officer in every town and frontier district to grant licenses, and so much of the Foreign Office Notification of 1869 as relates to the importation of arms, &c., by sea or by land into India; also so much of the Notification (dated 22nd July 1873) which appeared in the *Calcutta Gazette* of 23rd July 1873, as relates to the importation of fire-arms and ammunition into the territories under the Government of Bengal.

Secondly, as regards the transhipment of arms, &c., that a Notification has issued under Section 6 of Act VI of 1873, prohibiting such transhipment at the ports to which that Act extends.

Thirdly, as regards the inland transport of arms, &c., from one part of India to another, that the rules, of which a copy is appended to this Resolution, are approved, and that they be published under Section 22 of Act XXXI of 1860: further that, in order to enable the Local Administrations under the Government of India to make similar rules for interior transport within their respective territories, a Notification has issued delegating to the Chief Commissioners the power conferred upon a local Government by Section 22 of Act XXXI of 1860.

[*Government Gazette, 7th April* 1874.]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ৩০ সেপ্টেম্বরের ৪৪৯১ নং পত্র।

ফিনান্শ্যল ডিপার্টমেণ্টের ১৮৭০ সালের ২৮ ডিসেম্বরের ৪১১৯ নং পত্র।

নানা স্থানের গবর্ণমেণ্টের ও কর্তৃত্বকারিদের নিকট ১৮৭১ সালের ১৪ জুনের ২৯২৩ অবধি ২৯২৯ পর্য্যন্ত নম্বরের সরকুলর ও তাহার যে সকল উত্তর করা গেল তাহা।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭১ সালের ১০ মের ২১৯২ নং পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নিকট ১৮৭১ সালের ১৪ জুনের ২৯২২ নং পত্র।

বঙ্গদেশের মধ্যে অস্ত্রশস্ত্র বারুদাদির আমদানী ও স্থানেং চালান করণবিষয়ে যেং বিধির অনুমতি হইয়াছে তাহা অন্যং প্রদেশে কত দূর খাটিতে পারে এই প্রশ্নসূচক যে সরকুলর ১৮৬৯ সালের মে মাসে প্রচারিত হইয়াছিল ফরিন ডিপার্টমেণ্ট তাহার উত্তরের নিষ্পত্তি করিবার জন্যে ১৮৭১ সালের ২২ জুনের ১২৭৪ P নং যে পৃষ্ঠলিপি পাঠাইলেন তাহা।

নানা স্থানের গবর্ণমেণ্টের ও কর্তৃত্বকারিদের নিকট ১৮৭৩ সালের ১৪ আগষ্টের ৪০—২৬৩০ অবধি ২৬৩৩ পর্য্যন্ত নম্বরের সরকুলর ও তাহার যেং উত্তর পাওয়া গিয়াছে তাহা।

নির্দ্ধারণ।

ফরিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ১৮৬৯ সালের মে মাসে, ১৮৬০ সালের ৩১ আইনের ১৭ ও ২২ ধারার বিধানমতে বঙ্গপ্রভৃতি দেশে বন্দুকপ্রভৃতি ও বারুদাদি আমদানী করিবার ও ঐ দেশের অন্তর্গত এক স্থানহইতে অন্য স্থানে চালান করিবার বিধির অনুমতি দিলেন ও অন্যং স্থানের গবর্ণমেণ্টের ও কর্তৃত্বকারিদের দেশে সেইং বিধি কত দূর খাটিতে পারে এই প্রশ্নসূচক এক পত্রও তৎকালেই সেইং গবর্ণমেণ্টের ও কর্তৃত্বকারিদের নিকট প্রেরণ করিলেন।

২। ঐ প্রশ্নের যেং উত্তর পাওয়া গেল তাহা দেখিয়া, ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত তাবৎ স্থানে কোন স্পষ্ট নিয়মাধীনে কামান ও অস্ত্রশস্ত্র ও বারুদাদি আমদানী করণের ও দেশান্তর্গত নানা স্থানে প্রেরণ করিবার একই প্রকারের বিধান করা আবশ্যক জানা গেল।

৩। পূর্ব্বোক্ত পত্রাদির অন্যং অংশ দ্বারা জানা গেল যে, ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোনং বন্দরের মধ্যে কামান ও অস্ত্রশস্ত্র ও বারুদাদি এক জাহাজহইতে নামাইয়া অন্য জাহাজে তুলিয়া দেওয়ার রীতি নিষেধ করা ও ব্রিটনীয় ভারতবর্ষহইতে কামান ও অস্ত্রশস্ত্র ও বারুদাদি রপ্তানী করিবার পাস দেওয়ার বিধান সঙ্কোচ করা কর্ত্তব্য।

৪। এইং কারণে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব নিম্নলিখিত বিধান করিয়াছেন।

প্রথম, কামান ও অস্ত্রশস্ত্র ও বারুদাদি আমদানী করণবিষয়ক আজ্ঞা এই। এই নির্দ্ধারণপত্রের শেষে যেং স্থানের ও যেং কার্য্যকারকদের নামনির্দ্দিষ্ট লেখা গেল এই অবধি কেবল সেইং স্থানে সেই কার্য্যকারকেরা ১৮৬০ সালের ৩১ আইনের ১৭ ধারামতে আমদানী করিবার লাইসেন্স দিতে পারিবেন। হোম ডিপার্টমেণ্টের ১৮৬০ সালের অক্টোবর মাসের ও ১৮৬৬ সালের জুলাই মাসের জ্ঞাপনপত্রক্রমে প্রত্যেক নগরের ও সীমাঞ্চল প্রত্যেক জিলার পোলীসের প্রধান কর্ম্মকারক ঐ লাইসেন্স দিতে পারিতেন, কিন্তু এই নির্দ্ধারণের বলে সেই জ্ঞাপনপত্র এবং ফরিন আফিসের ১৮৬৯ সালের জ্ঞাপনপত্রের যে অংশে ভারতবর্ষের মধ্যে সমুদ্র কি স্থলপথে অস্ত্রাদি আমদানী করণের কথা আছে সেই অংশ, এবং ১৮৭৩ সালের ২২ জুলাইর যে জ্ঞাপনপত্র ১৮৭৩ সালের ২৯ জুলাইর বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় সেই পত্রের যে অংশে বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের শাসনাধীন দেশে বন্দুক প্রভৃতি ও বারুদাদি আমদানী করিবার কথা আছে, সেই অংশও রহিত করা গেল।

দ্বিতীয়, অস্ত্রাদি এক জাহাজহইতে নামাইয়া অন্য জাহাজে তুলিয়া দিবার আজ্ঞা এই। ১৮৭৩ সালের ৬ আইন যেং বন্দরে প্রচলিত আছে সেইং বন্দরে ঐ আইনের ৬ ধারামতে এক জাহাজহইতে অস্ত্রাদি নামাইয়া অন্য জাহাজে তুলিয়া দেওয়া নিষেধ করিবার জ্ঞাপনপত্র প্রকাশ করা গিয়াছে।

তৃতীয়, ভারতবর্ষের অন্তর্গত এক স্থানহইতে অন্য স্থানে অস্ত্রাদি চালান বিষয়ক আজ্ঞা এই। এই নির্দ্ধারণপত্রের শেষে যেং বিধি প্রকাশ করা গেল তাহা অনুমোদিত হইয়াছে ও ১৮৬০ সালের ৩১ আইনের ২২ ধারামতে প্রকাশ করা যাইবে। আরো ভারতবর্ষের গবর্ণমেণ্টের অধীন নানা স্থানের কর্তৃত্ব কার্য্য নিরূপক সাহেবেরা আপনং শাসনাধীন দেশের অন্তর্গত স্থানেং অস্ত্রাদি চালান করিবার তদ্রূপ বিধি করিতে পারেন এই নিমিত্ত ১৮৬০ সালের ৩১ আইনের ২২ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যেং ক্ষমতা প্রদান করা গেল প্রধান কমিশ্যনর সাহেবদেরও প্রতি সেইং ক্ষমতা প্রদান করণের জ্ঞাপনপত্র প্রচার করা গিয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

Fourthly, as regards the granting of passes for exporting arms and ammunition, that no such passes shall in future be granted for exportation either by land or sea, except by the Secretary to the Government of India in the Foreign Department, and such other officers as the Government of India, or the Governments of Madras and Bombay within their respective Presidencies, may have expressly authorized, or may hereafter expressly authorize, in this behalf. That all such passes shall be granted, subject, as far as may be, to the rules for the transport of arms within British India, and that, whenever there is a Political Agent, Cantonment Magistrate, or other British official at the place of destination, the pass shall be delivered to him within six days of the arrival there of the articles covered by it, with a view to his satisfying himself that there is no deficiency, in the same manner as a Magistrate of a British district is required to do by the inland transport rules.

List of places of import by Sea, and of the Officers authorized to grant Licenses.

NAMES OF PLACES.	Officer authorized to grant licences.
Madras.	
Bimlipatam	Secretary to Government, Madras.
Coconada	
Madras	The Magistrates of the districts in which these ports are included, viz. Tanjore, Tinnevelly, Malabar, and South Canara, and the Commissioner of Police, Madras.
Tuticorin	
Calicut	
Mangalore	
Bombay.	
Bombay	Commissioner of Police, Bombay.
Kurracheo	Commissioner in Sindh.
Aden	The Resident at Aden.
Bengal.	
Calcutta	Commissioner of Police, Calcutta.
British Burmah.	
Rangoon	The Chief Commissioner of British Burmah.
Bassein	
Akyab	
Moulmein	
Tavoy	
Mergui	

Import by Land.

The Officers authorized to grant licenses to import arms and ammunition [more than the reasonable quantity which requires by law no license] by land into any part of the territories under the Government of India, are—the Secretary to the Government of India, Foreign Department, the Secretaries to the Governments of Bengal, North-Western Provinces, and the Punjab, and such officers as the Governments of Madras and Bombay shall appoint for those Presidencies respectively.

[*Government Gazette, 7th April* 1874.]

চতুর্থ, অস্ত্রশস্ত্র ও বারুদাদি রপ্তানী করিবার পাস দেওয়ার বিধি এই। এই অবধি ফরিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেব, এবং ভারতবর্ষের গবর্ণমেণ্ট কিম্বা মান্দ্রাজের ও বোম্বাইয়ের গবর্ণমেণ্ট আপনং শাসিত দেশের মধ্যে যেং কার্য্য-কারকদের প্রতি পাস দিবার স্পষ্ট ক্ষমতা প্রদান করিয়াছেন কিম্বা ইহার পরে করিবেন কেবল সেইং কার্য্যকারকেরা স্থলপথে কি সমুদ্রপথে রপ্তানী করিবার পাস দিতে পারিবেন। ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত স্থানেং অস্ত্রাদি চালান করিবার যে বিধি হইয়াছে উক্ত প্রকারের পাস সাধ্যানুসারে সেই বিধিমতে দেওয়া যাইবে। অস্ত্রাদি যে স্থানে চালান হইবে সেই স্থানে পলিটিকল এজেণ্ট সাহেব কি সেনানিবেশ স্থানের মাজিস্ট্রেট সাহেব কিম্বা ব্রিটনীয় অন্য কর্তৃপক্ষ থাকিলে অস্ত্রাদি তথায় পঁহুছি-বার পর ছয় দিনের মধ্যে তাঁহাকে ঐ পাস দেওয়া যাইবে। তাহাতে দেশান্তর্গত স্থানেং অস্ত্রাদি চালান করিবার বিধিমতে ব্রিটনীয় জিলার মাজিস্ট্রেট সাহেবের যে প্রকারে করা কর্ত্তব্য তিনিও সেই প্রকারে পাসের সঙ্গে ঐ অস্ত্রাদি মিলাইয়া দেখিয়া তাহা কোন অংশে কম না হয় ইহা হবোধমতে জানিয়া লইবেন।

যেং স্থানে সমুদ্রপথে আমদানী হইতে পারে ও যেং কার্য্যকারক লাইসেন্স দিতে পারেন তাহার ফর্দ্দ।

স্থানের নাম।	যেং কার্য্যকারক লাইসেন্স দিতে পারেন।
মান্দ্রাজ	
বিমলীপাটাম ...	মান্দ্রাজের গবর্ণমেণ্টের সেক্রেটরী।
কোকোনাদা ...	
মান্দ্রাজ ...	তানজোর, তিনিবেলী, মালাবার ও দক্ষিণ কানারা এইং বন্দর যেং জিলার অন্তর্গত আছে সেইং জিলার মাজিস্ট্রেট সাহেব ও মান্দ্রাজের পোলীস কমিশ্যনর সাহেব।
তুতিকোরিন ...	
কালিকট ...	
মাঙ্গালোর ...	
বোম্বাই	
বোম্বাই ...	বোম্বাইয়ের পোলীস কমিশ্যনর সাহেব।
করাচী ...	সিন্ধুর কমিশ্যনর সাহেব।
আদেন ...	আদেনের রেসিডেণ্ট সাহেব।
বঙ্গদেশ	
কলিকাতা ...	কলিকাতার পোলীস কমিশ্যনর সাহেব।
ব্রিটনীয় বর্ম্মাদেশ	
রাঙ্গুন ...	ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেব।
বাসেন ...	
আক্যাব ...	
মৌলমেন ...	
টাবয় ...	
মরগুই ...	

স্থলপথে আমদানী করিবার কথা।

যুক্তিমতে সম্পকরিয়া অস্ত্রাদি আমদানী করিতে আইনমতে লাইসেন্স পাইবার প্রয়োজন নাই। তাহার অধিক অস্ত্রশস্ত্র ও বারুদাদি ভারতবর্ষের গবর্ণমেণ্টের শাসনাধীন দেশের কোন স্থানে স্থলপথে আমদানী করিতে হইলে এইং কার্য্যকারক সাহেবেরা লাইসেন্স দিতে পারি-বেন, ফরিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেব, বঙ্গদেশের ও উত্তর পশ্চিম দেশের ও পঞ্জাবের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেব, এবং মান্দ্রাজের ও বোম্বাইয়ের গবর্ণমেণ্ট আপনং দেশের নিমিত্ত যেং কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

No. 3559.

HOME DEPARTMENT.

PUBLIC.

Fort William, the 28th November 1873.

NOTIFICATION.

In exercise of the power conferred by Section 6 of Act VI of 1873, the Governor-General in Council is pleased to prohibit the transhipment of cannon and fire-arms and parts of fire-arms, and of gunpowder and other ammunition, at all ports to which the said Act extends or may hereafter be extended, except under license from the officer charged to grant license of import into British India.

A. C. LYALL,
Secy. to the Govt. of India.

No. 3560.

HOME DEPARTMENT.

PUBLIC.

Fort William, the 28th November 1873.

NOTIFICATION.

UNDER the authority vested in him by Section 22 of Act XXXI of 1860, the Governor-General in Council is pleased, in supersession of all previous orders on the subject, to prohibit the transport of fire-arms and parts of fire-arms, and of gunpowder and other ammunition or military stores as described in Section 22 of the Act above cited, from any place in British India within the jurisdiction of one local Government or Administration to any place in British India within the jurisdiction of another local Government or Administration, except under the following rules and conditions.

2. Any person desirous of transporting any of the above-mentioned articles [except in reasonable quantities for his own private use] from any of the sea-port towns or frontier stations into which arms can be imported under license, into the interior of British India beyond the territorial jurisdiction of the local Government or Administration within the limits of which such sea-port or station is situated, must apply for a pass to the officer empowered by the Government of India to grant licenses under Section 17 of Act XXXI of 1860 for import to the sea-port or station.

3. When a person is desirous of transporting any such articles from any place in British India other than the sea-ports or stations referred to in the last preceding rule, to any place in British India within the territories of another local Government or Administration, he must apply for a pass to the Secretary to the Government of India in the Home Department, or to the Secretary to the Local Government of the territory out of which he desires to convey the articles, or to such other officer as the Government of India may have authorized by Notification to grant such a pass.

4. The application must in either case be in writing; it must specify the town, station, or other place into which the articles are intended to be transported, and must contain full information as to the quantity, quality, and description of the articles and the purpose for which they are respectively designed. Where the articles have been imported from abroad the license under which they have been imported must be appended.

5. It will be within the discretion of the authorized officer to grant the pass if from the information thus given and otherwise obtained he considers that such pass may be safely granted. A register shall be kept of all passes so granted, and a copy of each pass shall be

৩৫৫৯ নম্বর।

হোম ডিপার্টমেণ্ট।

পবলিক।

ফোর্ট উলিয়ম, ১৮৭৩ সাল ২৮ নবেম্বর।

বিজ্ঞাপন।

১৮৭৩ সালের ৬ আইনের ৬ ধারামতে যে ক্ষমতা প্রদান করা গেল তদনুসারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব এই আজ্ঞা করিয়াছেন। উক্ত আইন যে সকল বন্দরে প্রচলিত আছে কি পশ্চাৎ প্রচলিত হইবে সেই২ বন্দরে, ব্রিটনীয় ভারতবর্ষে অস্ত্রাদি আমদানী করিবার লাইসেন্স দিতে যে কার্য্যকারকের ক্ষমতা থাকে তাঁহার লাইসেন্স বিনা, কামান ও বন্দুকপ্রভৃতি ও সেই২ অস্ত্রের কোন ভাগবিভাগ ও বারুদ ও অন্য যুদ্ধ সরঞ্জাম এক জাহাজহইতে নামাইয়া অন্য জাহাজে তুলিয়া দিতে নিষেধ আছে।

এ, সি, লায়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

৩৫৬০ নম্বর।

হোম ডিপার্টমেণ্ট।

পবলিক।

ফোর্ট উলিয়ম, ১৮৭৩ সাস ২৮ নবেম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সালের ৩১ আইনের ২২ ধারাক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদান করা গেল তদনুসারে তিনি এই বিষয়ের পূর্ব্ব প্রচলিত সকল বিধি রহিত করিয়া এই বিধি করিয়াছেন। ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত এক স্থানের গবর্ণমেণ্টের কি কর্তৃত্ব-কারি সাহেবের অধীন দেশের কোন স্থানহইতে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত অন্য স্থানের গবর্ণ-মেণ্টের কি কর্তৃত্বকারি সাহেবের অধীন দেশের কোন স্থানে কেবল নিম্নলিখিত বিধি ও নিয়মমতে বন্দুকপ্রভৃতি ও সেই২ অস্ত্রের ভাগবিভাগ ও বারুদ ও অন্য যুদ্ধসরঞ্জাম ও উক্ত আইনের ২২ ধারার নির্দ্দিষ্ট অন্য সামরিক যন্ত্রাদি চালান হইতে পারিবে। নতুবা তাহা চালান করা নিষিদ্ধ।

২। সমুদ্র ধারের যে বন্দরে কি নগরে ও এই দেশের সীমাঞ্চলস্থিত যে স্থানে লাইসেন্সক্রমে অস্ত্রাদি আমদানী হইতে পারে, ঐ বন্দর কি স্থান যে গবর্ণমেণ্টের কি কর্তৃত্বকারি সাহেবের শাসিত দেশের সীমার মধ্যে থাকে কোন ব্যক্তি সেই বন্দর কি স্থানহইতে ব্রিটনীয় ভারতবর্ষের অভ্যন্তরে ঐ গবর্ণমেণ্ট প্রভৃতির শাসিত দেশের বহিভূত কোন স্থানে নিজকার্য্যের নিমিত্ত যুক্তিমতে অল্প করিয়া যে অস্ত্রাদি আমদানী করিতে পারেন তাহাছাড়া উক্ত প্রকারের অস্ত্রশস্ত্র বারুদাদি চালান করিতে চাহিলে, যে কার্য্যকারক ১৮৬০ সালের ৩১ আইনের ১৭ ধারামতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকটে সমুদ্রধারের ঐ বন্দরে কি স্থানে অস্ত্রাদি আমদানী করিবার লাইসেন্স দিতে ক্ষমতাপন্ন হন তাঁহার নিকট ঐ ব্যক্তির এক খানি পাস প্রার্থনা করিয়া লইতে হইবে।

৩। ইহার পূর্ব্ব ধারায় সমুদ্রাঞ্চলস্থিত যে বন্দরের কি স্থানের উল্লেখ হইয়াছে কোন ব্যক্তি সেই প্রকারের স্থান ছাড়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত অন্য স্থানহইতে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত অন্য স্থানীয় গবর্ণমেণ্টের কি কর্তৃত্বকারি সাহেবের শাসিত দেশে পূর্ব্বোক্ত প্রকারের দ্রব্য চালান করিতে চাহিলে, হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট, কিম্বা যে প্রদেশহইতে ঐ দ্রব্য চালান করিতে চাহেন সেই প্রদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহে-বের নিকট, কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্ট জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া অন্য যে কার্য্যকারকের প্রতি পাস দিবার ক্ষমতা প্রদান করেন তাঁহার নিকট ঐ ব্যক্তির পাস প্রার্থনা করিয়া লইতে হইবে।

৪। উক্ত কোন স্থলে দরখাস্ত লিখিয়া দিতে হইবে। যে নগরে কি মোকামে কি অন্য স্থানে ঐ দ্রব্য চালান করিবার কল্পনা থাকে তাহাও দরখাস্তে লিখিতে হইবে। এবং যে গুণের যে প্রকারের যত দ্রব্য ও তাহা যে২ কার্য্যে প্রয়োগ করিবার কল্পনা আছে ইহার সম্পূর্ণ বেওরাও ঐ দরখাস্তে লিখিতে হইবে। ঐ দ্রব্য ভিন্নদেশহইতে আমদানী করা গেলে, যে লাইসেন্স দ্বারা সেই দেশহইতে আনা যায় দরখাস্তের সঙ্গে ঐ লাইসেন্সও দিতে হইবে।

৫। ক্ষমতাপ্রাপ্ত ঐ কার্য্যকারক উক্ত প্রকারে কি অন্য প্রকারে যে সন্ধান জানিতে পান তদ্দারা ঐ পাস নির্ব্বিঘ্নে দেওয়া যাইতে পারে জানিলে তিনি স্বীয় বিবেচনামতে পাস দিতে পারিবেন। তদ্রূপে যত পাস দেওয়া যায় তাহার রেজিষ্টর রাখিতে হইবে। যে স্থানে ঐ দ্রব্যাদি চালান করা

sent to the Magistrate of the district within which the place to which the articles are to be transported is situated.

6. The articles covered by such pass shall be taken direct to the place of destination mentioned in the pass without being sold or made use of at any intermediate place.

7. On the articles reaching their destination, the person in charge thereof must deliver the pass to the Office of the Magistrate of the district within six days. It will be the duty of that officer to satisfy himself that the articles transported correspond with the entries in the pass, and to see that any deficiency that may exist is satisfactorily accounted for. The pass shall then be endorsed and returned to the holder if he may lawfully keep in his possession the articles of which it covers the transport.

A. C. LYALL,
Secy. to the Govt. of India.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 23rd March 1874.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. for the construction of a road from Mooroolee to Mejea *viâ* Thauka, Saltora, and Bamunsola, Krishnapore, Ranjitpore, Tatool, Tigri, Satdiali, Ghoosra, Tharsa, Tama, and Mejea, it is hereby declared that a strip of land 16 miles in length and 50 feet in breadth, measuring 276 beeghas and 17 cottahs, is required.

This Declaration is made under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 30th March 1874.—The following declaration is published in supersession of that at page 622 of the *Calcutta Gazette* of the 25th March 1874 :—

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. for a road from Pangasi to Chandaekona, in the Pubna district, it is hereby declared that for the above purpose a strip of land running from Pangasi to Chandaekona, about 12 miles in length, more or less, and 60 feet in breadth, is required.

This Declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H. L. DAMPIER,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 31st March 1874.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the expense of the Satkhirah Town Funds for purposes of the township, viz. for brick-kilns and for storing materials for roads in the village of Katia, Pergunnah Buran, Sub-Division Satkhirah, Zillah 24-Pergunnahs, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 3 beeghas 14 cottahs of standard measurement, bounded on the north by the jumma land of Babooram Das and others; on the east by a footpath lying to the east of the sub-divisional compound, and leading to Baishnabpara ; on the south by the sub-divisional compound; and on the west by the public road east of the Satkhirah Khal, is required within the aforesaid village of Katia.

This Declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H. L. DAMPIER,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 7th April* 1874.]

যাইবে সেই স্থানটি যে জিলার অন্তর্গত থাকে ঐ পাসের প্রতিলিপি সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইতে হইবে।

৬। ঐ পাসে যে২ দ্রব্য লেখা থাকে, মধ্যে কোন স্থানে তাহা বিক্রয় কি ব্যবহার না হইয়া একেবারে ঐ পাসের লক্ষিত স্থানে আনিতে হইবে।

৭। ঐ স্থানে পঁহুছিলে উক্ত দ্রব্যাদি যে ব্যক্তির জিম্মায় থাকে ছয় দিনের মধ্যে তাঁহার সেই পাস জিলার মাজিষ্ট্রেট সাহেবের আফিসে দিতে হইবে। যে২ দ্রব্য আনা গেল পাসের লিখিত দ্রব্যের সঙ্গে তাহা ঠিক মিলিল কিনা ঐ কার্য্যকারকের ইচ্ছা হুদ্বোধমতে জানিয়া লইতে হইবে। কোন দ্রব্য কম পড়িলে তাহার কারণও তাঁহার হৃদ্বোধমতে জানিয়া লইতে হইবে। পরে ঐ পাসে যে২ দ্রব্য লেখা থাকে তাহা যাঁহার নিকট আছে আইনমতে তাঁহার ঐ দ্রব্য নিকটে রাখিবার অধিকার থাকিলে মাজিষ্ট্রেট সাহেব ঐ পাসের পৃষ্ঠে স্বাক্ষর করিয়া তাঁহাকে ফিরিয়া দিবেন।

এ সি লায়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৩ মার্চ —রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মুরলী অবধি থাউকা ও শালতোগা ও বামুনসোলা ও কৃষ্ণপুর ও রণজিৎপুর ও তেতুল ও তিত্রি ও সাতদিয়ালী ও খুষরা ও খারসর্গা ও তামাও মেজিয়া দিয়া মেজিয়া পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ১৬ মাইল দীর্ঘ ও ৫০ ফুট প্রস্থ অর্থাৎ ২৭৬৫২ কাঠা ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩০ মার্চ।—১৮৭৪ সালের মার্চ মাসের ৩১ তারিখের বাঙ্গালা গেজেটের ৪৬৯ পৃষ্ঠায় যে বিজ্ঞাপন প্রকাশ করা যায় তাহা রহিত করিয়া নিম্নলিখিত বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাবনা জিলার অন্তর্গত পাঙ্গাসি অবধি চাঁদাইকোণা পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত পাঙ্গাসি অবধি চাদাইকোণাপর্য্যন্ত ন্যূনাধিক ১২ মাইল দীর্ঘ ও ৬০ ফুট প্রস্থ একখণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩১ মার্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ সাতক্ষীরা নগরের কার্য্যার্থে ২৪ পরগনা জিলার অন্তর্গত সাতক্ষীরা মহকুমার বুরান পরগনার কাতিয়া গ্রামে, ইটের পাঁজা ও রাস্তার নিমিত্ত দ্রব্যাদি রাখিবার জন্যে ঐ নগরীয় ফণ্ডের ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল, পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কাতিয়া গ্রামে কল্পিতমত পরিমাণের, ন্যূনাধিক ৩।।৪ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা বাবুরাম দাস প্রভৃতির জমুয়া ভূমি, পূর্ব্বসীমা মহকুমা বাটীর পূর্ব্বদিগের সীমার লাগাও বৈষ্ণবপাড়ায় যাইবার গোপথ, দক্ষিণসীমা মহকুমার বাটীর সীমা, ও পশ্চিম সীমা সাতক্ষীরা খালের পূর্ব্বদিগের পথ।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

JUDICIAL DEPARTMENT.

No. 989.

JUDICIAL.—*The 23rd March* 1874.—The following Deputy Magistrates are vested with the powers of a Magistrate of the First Class :—

Mr. Edward Stanford Andrew, in charge of Atia, in Mymensingh.
Moulvi Obedoollah, in charge of Perozepore, in Backergunge.
„ Ahmed, in charge of Dukhin Shabazpore, in Backergunge.
Baboo Kristo Chunder Roy, in charge of Patooakhally, in Backergunge.

Mr. Robert Vesey Stoney is appointed to be an Honorary Magistrate in the districts of Cuttack and Balasore, and is vested with the powers of a Magistrate of the Third Class.

The 24th March 1874.—Khajeh Mahomed Asgur is appointed to be an Honorary Magistrate in the district of Dacca, and is vested with the powers of a Magistrate of the Third Class.

The 25th March 1874.—The following officers are vested with the powers of a Magistrate of the First Class, viz.—

Mr. William Brown Martin, Deputy Magistrate, Muddehpoora, Bhagulpore.
Moulvie Mahomed Ishaq, Deputy Magistrate, Banka, Bhagulpore.

Baboo Srinath Bhudder, Deputy Magistrate, Purneah, is vested with the powers of a Magistrate of the Second Class.

Mr. Frederick Grant, Extra Assistant Commissioner, Godda, Sonthal Pergunnahs, is vested with powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

The 26th March 1874.—Baboo Goorooprosad Sen, Second Subordinate Judge of Backergunge, is promoted to the Third Grade of Subordinate Judges, *vice* Mr. S. DaCosta, about to retire on pension.

Baboo Nobin Chunder Gangooly, First Grade Moonsif of Sealdah, is appointed to be a Subordinate Judge of the Fourth Grade, and to be Second Subordinate Judge of Burdwan, but to act as Second Subordinate Judge of Rajshahye and Rungpore, doing duty in one of these districts or the other, according to instructions which will from time to time be issued by the High Court.

Baboo Banimadhub Mitter, B.L., Moonsif of Goalundo, in the district of Fureedpore, is vested, under Section 29 of Act VI of 1871 (Bengal Civil Courts Act), with the jurisdiction of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such Courts up to the amount of fifty rupees.

The 28th March 1874.—Baboo Russiklal Bose, Subordinate Judge of Chittagong, is allowed subsidiary leave for fourteen days, under Section 18 (*b*), Clause 2 of the Civil Leave Code, preparatory to retiring from the service.

Moulvi Khadim Hossein, First Grade Moonsif of Kandi, is appointed to act as a Subordinate Judge in the districts of the Chota Nagpore Division.

The 30th March 1874.—Baboo Gooroo Prosad Sen, Second Subordinate Judge of Backergunge, is allowed three months' leave on medical certificate under Section 3, Supplement F of the Civil Leave Code.

[*Government Gazette, 7th April* 1874.]

জুডিশ্যাল ডিপার্টমেন্ট।

---

৯৮৯ নম্বর।

জুডিশ্যাল।—১৮৭৪ সাল ২৩ মার্চ।- নিম্নলিখিত ডেপুটী মাজিষ্ট্রেটেরা প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ময়মনসিংহের অন্তর্গত আতিয়ার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত শ্রীযুত এডওয়ার্ড ষ্টানফর্ড আন্দ্ সাহেব।

বাকরগঞ্জের অন্তর্গত পিরোজপুরের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত শ্রীযুত মৌলবী ওবেদুল্লা।

বাকরগঞ্জের অন্তর্গত দক্ষিণ সাবাজপুরের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত শ্রীযুত মৌলবী আহম্মদ।

বাকরগঞ্জের অন্তর্গত পটুয়াখালীর অধ্যক্ষতা ভারপ্রাপ্ত শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র রায়।

শ্রীযুত রবর্ট বীসি ষ্টোনি সাহেব কটক ও বালেশ্বর জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৪ মার্চ।—শ্রীযুত খাজে মহম্মদ আসগর ঢাকা জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৫ মার্চ।—নিম্নলিখিত কার্য্যকারকেরা প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন,—

ভাগলপুরের অন্তর্গত মদ্ধেপুরার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত উলিয়ম ব্রৌন মার্টিন সাহেব,

ভাগলপুরের অন্তর্গত বাঁকার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী মহম্মদ ইসহাক।

পুরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু শ্রীনাথ ভদ্র দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

সাঁওতাল পরগনার অন্তর্গত গদ্দার অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত ফ্রেড্রিক গ্রাণ্ট সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৬ মার্চ।—শ্রীযুত এস ডাকষ্টা সাহেব পেনশ্যন লইয়া কর্ম্মহইতে অবসর গ্রহণ করিবেন বলিয়া বাকরগঞ্জের দ্বিতীয় সবরডিনেট জজ শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন সবরডিনেট জজদের তৃতীয় শ্রেণী ভুক্ত হইয়াছেন।

শিয়ালদহের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র গঙ্গোপাধ্যায় চতুর্থ শ্রেণীর সবরডিনেট জজের পদে নিযুক্ত হইয়া বর্দ্ধমানের দ্বিতীয় সবরডিনেট জজ হইবেন, কিন্তু রাজশাহীর ও রঙ্গপুরের দ্বিতীয় সবরডিনেট জজের কর্ম্ম করত হাই কোর্ট সময়ে২ যে আজ্ঞা করেন তদনুসারে তিনি উক্ত একতর জিলায় কর্ম্ম করিবেন

ফরীদপুর জিলার অন্তর্গত গোয়ালন্দের মুনসেফ শ্রীযুত বাবু বেণীমাধব মিত্র, বি, এল, ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য ৫০ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে বঙ্গদেশীয় দেওয়ানী আদালত বিষয়ক ৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে উক্ত আদালতের জজের বিচারাধিপত্য প্রাপ্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ২৮ মার্চ—চট্টগ্রামের সবরডিনেট জজ শ্রীযুত বাবু রসিকলাল বসু কর্ম্মহইতে অবসরগ্রহণ করিবার অগ্রে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ (b) ধারার ২ প্রকরণমতে চৌদ্দ দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

কাঁন্দির প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মৌলবী খাদিম হুসেন ছোট নাগপুরখণ্ডের অন্তর্গত জিলাসমূহে সবরডিনিট জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ৩০ মার্চ—বাকরগঞ্জের দ্বিতীয় সবরডিনেট জজ শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন চিকিৎসকের সর্টিফিকিটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

Baboo Rudro Kant Biswas is appointed to act as Second Subordinate Judge of Backergunge during Baboo Gooroo Prosad Sen's absence, or until further orders. Baboo Rudro Kant Biswas is also appointed to act as Small Cause Court Judge of Backergunge.

The 31st March 1874.—Baboo Nobo Kumar Banerjee, Second Subordinate Judge of Moorshedabad, was on leave from 3rd November 1873 to 2nd February 1874, under Section 3, Supplement F of the Civil Leave Code.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18th March 1874.—With a view to afford greater facilities than at present exist for the registration of deeds in the district of Dacca, the Lieutenant-Governor has been pleased, under the authority vested in him by Section 5 of the Indian Registration Act VIII of 1871, to sanction the readjustment of the limits of the existing sub-districts and the formation of the undermentioned new sub-districts :—

1. The sub-district of Dacca will henceforth comprise Thanas Dacca, Lal-Bagh, and Naraingunge.

2. The present sub-district of Naraingunge is hereby abolished.

3. A new sub-district, with head-quarters at Kaligunge, will comprise the thanas of Kapasiya, Raipura, and Rupgunge.

4. A new sub-district, with head-quarters at Sabhar, will be conterminous with the thana of that name.

5. The present sub-district of Nawabgunge will consist of Thana Nawabgunge only.

6. The sub-district of Manikgunge will comprise Thanas Manikgunge, Harirampore, and Jafargunge.

7. The sub-district of Moonsheegunge will be restricted to Thana Moonsheegunge.

8. A new sub-district, with head-quarters at Srinagar, will be conterminous with the Thana of that name.

The following persons are appointed to be Sub-Registrars of the sub-districts entered against their names:—

Baboo Mohan Chandra Gupta ... ... Kaligunge.
,, Prankrishna Dutta ... ... Sabhar.
,, Kali Kant Muzoomdar ... ... Srinagar.

This Notification will take effect on and from 1st April 1874.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 7th April* 1874.]

শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেনের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু কদ্রকান্ত বিশ্বাস বাকরগঞ্জের দ্বিতীয় সবরডিনেট জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন। শ্রীযুত বাবু কদ্রকান্ত বিশ্বাস বাকরগঞ্জের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করণার্থেও নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ৩১ মার্চ।—মুরশিদাবাদের দ্বিতীয় সবরডিনেট জজ শ্রীযুত বাবু নবকুমার বন্দ্যোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৩ সালের নবেম্বর মাসের ৩ তারিখ অবধি ১৮৭৪ সালের ফেব্রুয়ারি মাসের ২ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছিলেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ১৮ মার্চ।—ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে, তদনুসারে তিনি ঢাকা জিলায় দলীল দস্তাবেজ রেজিষ্টরী করণের এইক্ষণকার নিয়মাপেক্ষা আরো সহজ নিয়ম করিবার অভিপ্রায়ে বর্ত্তমান সব-ডিষ্ট্রিকটের সীমার নূতন বিধান করিবার ও নিম্নলিখিত নূতন সব-ডিষ্ট্রিকট স্থাপন করিবার অনুমতি দিয়াছেন।

১। ঢাকা সব-ডিষ্ট্রিকটের মধ্যে এই অবধি ঢাকা ও লাল বাগ ও নারায়ণগঞ্জ থানা ধরা যাইবে।

২। এইক্ষণকার নারায়ণগঞ্জ সব-ডিষ্ট্রিকট এতৎক্রমে উঠাইয়া দেওয়া গেল।

৩। কাপাসিয়া ও রাইপুরা ও রূপগঞ্জ থানা লইয়া এক নূতন সবডিষ্ট্রিকট করা যাইবে কালীগঞ্জ তাহার সদর স্থান হইবে।

৪। সাভার নামক থানার এলাকার সমান সীমা বিশিষ্ট এক নূতন সব-ডিষ্ট্রিকট করা যাইবে তাহার সদর স্থান সাভার।

৫। বর্ত্তমান নবাবগঞ্জ সব-ডিষ্ট্রিকটের মধ্যে কেবল নবাবগঞ্জ থানা থাকিবে।

৬। মাণিকগঞ্জ সব-ডিষ্ট্রিকটে মাণিকগঞ্জ ও হরিরামপুর ও জাফরগঞ্জ থানা ধরা যাইবে।

৭। মুনশীগঞ্জ সব-ডিষ্ট্রিকটের মধ্যে কেবল মুনশীগঞ্জ থানা থাকিবে।

৮। শ্রীনগর নামক থানার এলাকার সমান সীমা বিশিষ্ট এক নূতন সব-ডিষ্ট্রিকট করা যাইবে, তাহার সদর স্থান শ্রীনগর।

নিম্নলিখিত ব্যক্তিরা আপন২ নামের পার্শ্বের লিখিত সব ডিষ্ট্রিকটের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু মোহনচন্দ্র গুপ্ত ... ... কালীগঞ্জ।
" " প্রাণকৃষ্ণ দত্ত ... ... সাভার।
" " কালীকান্ত মজুমদার ... ... শ্রীনগর।

এই বিজ্ঞাপন ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

NOTIFICATION.

The 19*th March* 1874.—The thanas of Magoora, Deegunga, Muthoorapore, Sonapore, and Pertabnuggur, at present existing in Zillah 24-Pergunnahs, were created in 1870; without any notification of their boundaries and of the alterations then involved in the limits of the adjacent thanas. A revised description of the following thanas is now therefore published for general information :—

Zillah.	Sub-Division.	Thana.	Boundaries.
24-PERGUNNAHS.	Satkhira	Satkhira	On the north, by Thana Kullara, from the village of Roypore to the Sonaie River and the Kamarduleo Khall. On the west, by the sub-divisional boundary. On the south, the following villages, viz. Radhanuggur, Panitur Chuk, Pudmshakra, Nugurshakra, Boignecchuna, Serampore, Mamoodpore, Allipore, Madartula, Ramdebpore, Duhukoola, Bruhmurajpore, Dhoolihur and Komarpore, and then the Hajce and Sonabadal Khalls. On the east, the following villages, viz. Kaseenathpore, Dowlutpore, Dhoolihur, Bruhmurajpore, Machkhala, Katceah, Magoora Gopeenathpore, Mamoodrajpore or Binerpota, Rajnuggur, Dilalpore or Amtulla Sinergatai and Roypore.
		Magoora	On the north, by Thana Kullara, from the village of Dhandeah Kishenuggur to that of Manikpore. On the west, by Thana Satkhira. On the east, by the zillah boundary. On the south, the Pakhoria and Darar Guralea Buloour Khalls, to the village of Shonabunda and then the said village.
	Baraset	Baraset	On the north, by Thanas Nyehautee and Habrah. On the east, the Noonah Khall and Biddadhuree Nuddee. On the south and west, the sub-divisional boundaries.
		Deegunga	On the north, by Thana Habrah (formerly Tabariah). On the east and south, the sub-divisional boundaries. On the west, by Thana Baraset.
	Baroeepore	Pertabnuggur	On the north, the sub-divisional boundaries from the village of Gokoolpore, to that of Saumookpotha-Thence On the west, the villages of Saumookpotha, Nathgatchee, Jhardoh and Loknathpore. On the south, the following villages, viz. Loknathpore, Jhardoh, Ooroh Murdun &c., Saibpore, Bishenpore, Roypore, Shrikishenpore, Jaunpore, Pooran, Muakhaltullah, Srinuggur; and then the Biddiadhurree River. On the east, the following villages: Hoomra Pulta, Kurreempore, Dhanghurrah, Mullickpore, Bankree, Singarpore, Hurreehurpore Panparrah, Sooroopbare, Badee, Hurishpore, Bodrah, &c., Katcheedeah and Gokoolpore. *Note.*—The above western boundary of this Thana shall also form a part of the boundary between Sub-Divisions Alipore and Baroeepore.

[*Government Gazette*, 7*th April* 1874.]

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ১৯ মার্চ।— ২৪ পরগনা জিলার অন্তর্গত মাগুড়া ও দীগঙ্গা ও মথুরাপুর ও সোণাপুর ও প্রতাপনগর থানা ১৮৭০ সালে স্থাপিত হইয়াছিল, কিন্তু তাহার সীমার কোন জ্ঞাপনপত্র কিম্বা তাহার নাগাও নাম। থানার সীমা যদ্রূপে পরিবর্ত্তন হইয়াছিল তাহার কোন জ্ঞাপনপত্রও প্রকাশ করা যায় নাই অতএব নিম্নলিখিত কএক থানার সংশোধিত বিবরণ সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

জিলা	মহকুমা	থানা	সীমা।
২৪ পরগনা।	সাতক্ষীরা ...	সাতক্ষীরা ...	উত্তর সীমা, রায়পুর গ্রাম অবধি সোণাই নদী ও কমর নদেও খাল পর্য্যন্ত কলারা থানা। পশ্চিম সীমা, মহকুমার সীমা। দক্ষিণ সীমা, এই২ গ্রাম অর্থাৎ রাধানগর ও পনিত্তুর চক ও পদ্মশাকরা ও নগর শাকরা ও টৈগ্নিচুনা ও শ্রীরামপুর ও মামুদপুর ও আলীপুর ও মাদারতলা ও রামদেবপুর ও দহকুলা ও ব্রহ্মরাজপুর ও ধুলিহর ও কুমারপুর ও পরে হাজি ও সোণাবাদল খাল। পুর্ব্ব সীমা, এই২ গ্রাম অর্থাৎ কাশীনাথপুর ও দৌলতপুর ও ধুলিহর ও ব্রহ্মরাজপুর ও মাচখালা ও কাটিয়া ও মাগুড়া ও গোপীনাথপুর ও মামুদরাজপুর বা বিনের পোতা ও রাজনগর ও দিলালপুর বা আমতলা সিনের গড়াই ও রায়পুর।
		মাগুড়া ..	উত্তর সীমা, ধানদিয়া কৃষ্ণনগর গ্রাম অবধি মাণিকপুর পর্য্যন্ত কলারা থানা। পশ্চিম সীমা, সাতক্ষীরা থানা। পুর্ব্ব সীমা, জিলার সীমা। দক্ষিণ সীমা, সোণাবাঁধা গ্রাম পর্য্যন্ত পোথরীয়া ও দারার গুড়ালিয়া বলুয়ার খাল, পরে উক্ত গ্রাম।
	বারাসত ...	বারাসত ...	উত্তর সীমা, নৈহাটী ও হাবড়া থানা। পুর্ব্ব সীমা, সুনা খাল ও বিদ্যাধরী নদী। দক্ষিণ ও পশ্চিম সীমা, মহকুমার সীমা।
		দীগঙ্গা ...	উত্তর সীমা, হাবড়া থানা (পুর্ব্বে তাবাবাড়িয়া)। পুর্ব্ব ও দক্ষিণ সীমা, মহকুমার সীমা। পশ্চিম সীমা, বারাসত থানা।
	বারুইপুর ...	প্রতাপনগর ...	উত্তর সীমা, গোকুলপুর গ্রাম অবধি শামুকপোতা গ্রাম পর্য্যন্ত মহকুমার সীমা, তথাহইতে পশ্চিম সীমা, শামুকপোতা ও নাথগাছি ও ঝারদহ ও লোকনাথপুর গ্রাম। দক্ষিণ সীমা, এই২ গ্রাম অর্থাৎ লোকনাথপুর ও ঝারদহ ও উড় মর্দ্দনপ্রভৃতি ও সাহেবপুর ও বিষ্ণুপুর ও রায়পুর ও শ্রীকৃষ্ণপুর ও আনপুর ও পুরাণ ও মুরাখালতলা ও শ্রীনগর, পরে বিদ্যাধরী নদী। পুর্ব্ব সীমা, এই২ গ্রাম, হুমরা পলতা ও করীমপুর ও ধানঘরা ও মল্লিকপুর ও বাঁকরি ও নিজারপুর ও হরিহরপুর পানপাড়া ও সুরূপবাড়ী ও বাদা ও হরিশপুর ও বদরা প্রভৃতি ও কাচি দিয়া ও গোকুলপুর। মন্তব্য।—এই থানার উপরোক্ত পশ্চিম সীমা আলিপুর ও বারুইপুর মহকুমার মধ্যগত সীমারও একাংশ হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ এপ্রিল।]

Zillah.	Sub-Division.	Thana.	Boundaries.
24-PERGUNNAHS.—(*Continued.*)	Baroceepore.—(*Continued.*)	Baroceepore...	On the north, by Thana Pertabnuggur. On the west, the following villages, viz. Durree-kalkapore, Mohunpore, Patooah, Paunchgurrah, Mullickpore, Jote Ramnath, Hurreehurpore, Srikishenpore, Sonadangah, Bykuntpore, Dham-nuggur, Dhobagatchee, Alalpore, Jugdispore, Tongtollah, Chundeepore, Mullyahpore, &c., Chuck Siddhee, Moheshpore, Sonargatcha, Bagdoho, Indropullah, Dhunberiah, Chundun-pore, Indropullah, Katalberiah, Dadpore, Narain-pore, Keshobpore, Kismut Gungadoorah and Kismut Pookooreah. *Note.*—The above western boundary of this Thana shall also form a part of the boundary between Sub-Division Baroceepore to the east, and Sub-Divisions Alipore and Diamond Harbour to the west. On the south, by Thana Joynuggur. On the east, by Thana Mutla.
	Alipore ...	Tollygunge...	On the north, by the River Hooghly and Suburbs of Calcutta. On the west, by the Hooghly River and the Thana of Atcheepore. On the south, the following villages : Ramessurpore, Sibhooghly, Chuttah, Sautpookoreah, Kismut Chundghurree, Kanbreah, Newaband, Sakaree Potha, Kolagatchee Hauspookoreah, Kullowah, Gopalnuggur, Sugnaberiah, Magoorkhallee or Mullickpore, Ramjewanpore, Chuck Booriyah, Booral, Nischinderpore, Booral, Rajarampore, Burmopore, Kamdohore, &c., Bahurhuns. On the east, the following villages, viz. Tetool-beriah, Mirzapore, Nowabad, Gunniagachee Chuk, Borakolah, Kalkapore, Mouzoordoh Hossainpore, Nonadanga, Chowbhanga, Shamba-dul and Dhapa Maunpore, and then the new canal.
		Sonapore ...	On the north, by Thanas Tollygunge and Bangor (formerly called Alipore and Ooreahparah, respec-tively). On the east, by Thanas Pertabnuggur and Barocee-pore. On the south and south-west, the following villages, viz Bamungatchee, Sreekishenpore, Kooch-pookoreah, Burgucheah, Chuck Achurnz, Baroonee Chuck, &c., Rughoonathpore, Hoogulkoreah, Bunhooghly, Dongah Bullorampore, Roangah. *Note.*—The above southern and south-western boundary of Thana Sonapore shall also form a part of the eastern boundary of Thana Bishtopore. On the west, by Thana Tollygunge.
	Diamond Harbour.	Sooltanpore..	On the north, by Thanas Diamond Harbour and Bankeepore. On the east, the following villages, viz. Bade Doorgapore, Gopaulnuggur, Doolubpore or Singer-berreah, Dadpore, Sunkurpore, Rughoonathpore, Madhubpore, Chandpore, Kismut Madhubnuggur, Kismut Madhubnuggur Ghattessurrah Chuck, Ghattessurrah, Singessur, Ramlochunpore, Bul-hubpore, Bunnomalleepore Mouzahs Chuk Alias, Dowlutpore, Chuck Golamee, Pathurbar, Pathur-bereah, Aukhraberiah, Hurreespore, Jugodispore,

জিলা।	মহকুমা	থানা	সীমা।
২৪ পরগণা	বারুইপুর ...	বারুইপুর ...	উত্তর সীমা প্রতাপনগর থানা। পশ্চিম সীমা, এই২ গ্রাম, দরীকালকাপুর ও মোহন-পুর ও পটুয়া ও পাঁচঘরা ও মল্লিকপুর ও মোক্ত রামনাথ ও হরিহরপুর ও শ্রীকৃষ্ণপুর ও সোণাডাঙ্গা ও বৈকুণ্ঠপুর ও ধামনগর ও মোবাগাছি ও আ-লালপুর ও জগদীশপুর ও টোংতোলা ও চণ্ডী-পুর ও মল্যাপুর প্রভৃতি ও চকসিদ্ধি ও মহেশপুর ও সোণারগাছা ও বাগদহ ও ইন্দ্রপল্লা ও ধনবেড়িয়া ও চন্দনপুর ও ইন্দ্রপল্লা ও কাঠালবেড়িয়া ও দাদ-পুর ও নারায়ণপুর ও কেশবপুর ও কিসমৎ গঙ্গাদুরা ও কিসমৎ পুকুরিয়া। মন্তব্য।—এই থানার উপরোক্ত পশ্চিম সীমা পূর্ব্ব-দিগে বারুইপুর ও পশ্চিমদিগে আলিপুর ও কলা-গাছি মহকুমার মধ্যগত সীমারও একাংশ হইবে। দক্ষিণ সীমা, জয়নগর থানা। পূর্ব্ব সীমা, মাতলা থানা।
	আলিপুর ...	টালিগঞ্জ ...	উত্তর সীমা, হুগলী নদী ও কলিকাতার শাখানগর। পশ্চিম সীমা, হুগলী নদী ও আচিপুর থানা। দক্ষিণ সীমা এই২ গ্রাম, রামেশ্বরপুর ও শিব-হুগলী ও চন্ত্রা ও সাতপুকুরিয়া ও কিসমৎ চন্দঘড়ী ও কানত্রিয়া ও মেওয়াবাঁধ ও সাকারীপোতা ও কলাগাছি ও হাসপুকুরিয়া ও কল্লওয়া ও গোপাল-নগর ও সুগন্দা বেড়িয়া ও মাগুড়খালি বা মল্লিকপুর ও রামজীবনপুর ও চকবুড়িয়া ও বুড়াল ও নি-শ্চিন্তপুর ও বুড়াল ও রাজারামপুর ও বরমপুর ও কামদহরী প্রভৃতি ও বাহরুহংস। পূর্ব্ব সীমা, এই২ গ্রাম, তেতুলবেড়িয়া ও মৃজা-পুর ও নওয়াবাদ ও গুনিয়াগাছি চক ও বড়কোলা ও কালকাপুর ও মৌজুরদহ হুসেনপুর ও সোনা-ডাঙ্গা ও চৌডাঙ্গা ও শ্যামবাদল ও ধাপাধানপুর, পরে নুতন খাল।
	আলিপুর ...	সোণাপুর ...	উত্তর সীমা টালিগঞ্জ ও বানগড় থানা (পূর্ব্বে আলিপুর ও উড়িয়াপাড়া নামে খ্যাত ছিল।) পূর্ব্ব সীমা, প্রতাপনগর ও বারুইপুর থানা দক্ষিণ ও দক্ষিণ পশ্চিম সীমা এই২ গ্রাম, বামন-গাছি ও শ্রীকৃষ্ণপুর ও কুচপুকুরিয়া ও বড়গাছিয়া ও চক আচরজ ও বাকণীচক প্রভৃতি ও রঘুনাথপুর হুগলকুড়িয়া ও বনহুগলী ও ডোঙ্গা বলরামপুর ও রোয়াঙ্গা। মন্তব্য।—সোণাপুর থানার উপরোক্ত দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিম সীমা বিষ্ণুপুর থানার পূর্ব্ব সীমারও একাংশ হইবে। পশ্চিম সীমা টালিগঞ্জ থানা।
	কলাগাছিয়া ...	সুলতানপুর ...	উত্তর সীমা কলাগাছিয়া ও বাঁকীপুর থানা। পূর্ব্ব সীমা এই২ গ্রাম, বেদ দুর্গাপুর ও গোপা-লনগর ও দুর্লভপুর বা সিজেরবেড়িয়া ও দাদপুর ও শঙ্করপুর ও রঘুনাথপুর ও মাধবপুর ও চাঁদপুর ও কিসমৎ মাধবনগর ও কিসমৎ মাধবনগর ঘটেশ্বরা

Zillah.	Sub-Division.	Thana.	Boundaries.
24-PERGUNNAHS.—(*Concluded.*)	Diamond Harbour.—(*Continued.*)	Sooltanpore.—(*Continued.*)	Kistonuggur or Dolah, Bennoonee or Kalichurnpore, Nundkissurpore, Kissorepore, Khoord Hasunpore, Sabek-Kowtullah, Duree Kowtullah, Ramchunderpore and Ramchundernuggur; and then by Googoodanga and Subtermooktey Rivers down to the zillah boundary. On the south and west, the zillah boundaries.
		Muthoorapore	On the north, by Thana Bankeepore and sub-divisional boundary. On the east, by the sub-divisional boundary. On the south, by the zillah boundary. On the west, by Thana Sooltanpore.

Note.—In the above description all villages named as situated on the boundaries of thanas are included in the limits of the thanas to which reference is being made.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 27th February 1874.—The following description of the boundaries of Thanas Burkaleea and Morrellgunge, of District Jessore, is published for general information :—

Thanas.	Boundaries.
Burkaleea ...	On the north, the following villages, viz. Maoleea, &c., Mateeardanga, Kolagachee, Mahajan, Chorkhalee, Choreegatee, Tola, then the River Mudoomutee or Ellankhallee to the village of Bunsar, &c. *Note.*—The above northern boundary shall also form the southern boundary of Thana Lohagara. On the east, the zillah boundary. On the south, the sub-divisional boundary. On the west, by thana Naral.
Morrellgunge ...	On the north, by Thana Bagirhat. On the west, the Gujalee Khall, Poylahura Nuddee, Manik Khola River, Bhola River, Kuntakota River, Pancassea River, and Sworlee River down to the Bay of Bengal. *Note.*—The above western boundary shall also form the eastern boundary of Thana Rampal. On the south, the zillah boundary. On the east, the zillah boundary.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 27th March 1874.—It is hereby notified that, under the provisions of Section 5 of the Indian Registration Act VIII of 1871, the Lieutenant-Governor has been pleased to sanction the formation of a new sub-district in the district of Tirhoot, conterminous with Thana Madhepore, and having its head-quarters at Madhepore.

Sheikh Muhammad Manir is appointed to be Sub-Registrar of Madhepore.

This Notification will take effect on and from 1st April 1874.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, *7th April* 1874.]

জিলা	মহকুমা	থানা	সীমা।
২৪ পরগণা	কলারোয়া ...	সুলতানপুর ...	চক ও ঘটেশ্বরা ও সিদ্ধেশ্বর ও রামলোচনপুর ও বল্লভপুর ও বনমালীপুর মৌজা চক অথবা দৌলৎপুর ও চক গোলামী ও পাথরবর ও পাত্তরবেড়িয়া ও আখরা বেড়িয়া ও হরিশপুর ও জগদীশপুর ও কৃষ্ণনগর বা ডোলা ও রেমুনী বা কালীচরণপুর ও নন্দকিশোরপুর ও কিশোরিপুর ও খুর্দ্দ হাসনপুর ও সাবেক কৌতলা ও দরি কৌতলা ও রামচন্দ্রপুর ও রামচন্দ্রনগর, ও পরে মুমুডাঙ্গা ও সবত্তরমুক্তি নদী দিয়া জিলার সীমা পর্য্যন্ত।
			দক্ষিণ ও পশ্চিম সীমা জিলার সীমা।
		মথুরাপুর ..	উত্তর সীমা, বাঁকীপুর থানার ও মহকুমার সীমা।
			পূর্ব্ব সীমা, মহকুমার সীমা।
			দক্ষিণ সীমা, জিলার সীমা।
			পশ্চিম সীমা, সুলতানপুর থানা।

মন্তব্য।—উপরোক্ত বিবরণে থানার সীমানা খাদে আছে বলিয়া যেং গ্রামের নাম প্রকাশ করা গেল তাহা সেইং থানার সীমার মধ্যে ধরা যাইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৭ ফেব্রুয়ারি।—যশোহর জিলার অন্তর্গত বড় কালিয়া ও মরেলগঞ্জ থানার সীমার নিম্নলিখিত বিবরণ সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

থানা।	সীমা।
বড় কালিয়া	উত্তর সীমা এইং গ্রাম, মাওলিয়া প্রভৃতি ও মাটিয়ার ডাঙ্গা ও কলাগাছি ও মহাজন ও চোরখালি ও চোরিগাতি ও টোলা, পরে বংশার প্রভৃতি গ্রাম পর্য্যন্ত মধুমতী নদী বা এলানখালী।
	মন্তব্য—উপরোক্ত উত্তর সীমা লোহাগড়া থানার দক্ষিণসীমাও হইবে।
	পূর্ব্ব সীমা, জিলার সীমা।
	দক্ষিণ সীমা, মহকুমার সীমা।
	পশ্চিম সীমা, নড়াইল থানা।
মরেলগঞ্জ	উত্তর সীমা, বাগিরহাট থানা।
	পশ্চিম সীমা, গজালী খাল ও পয়লাহরা নদী ও মানিক খোলা নদী ও ডোলা নদী ও কন্টাকোটা নদী ও পাঁকাশিয়া নদী ও বঙ্গোপসাগর পর্য্যন্ত স্বরলী নদী।
	মন্তব্য—উপরোক্ত পশ্চিম সীমা রামপাল থানারও পূর্ব্ব সীমা হইবে।
	দক্ষিণ সীমা, জিলার সীমা।
	পূর্ব্ব সীমা, জিলার সীমা।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৭ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারার বিধানমতে ত্রিহুত জিলায় এক নূতন সব-ডিষ্ট্রিক্ট স্থাপন করিবার অনুমতি দিয়াছেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের সীমা মধোপুর থানার সীমার সহিত মিলিবে। সদর স্থান-মধোপুর।

শ্রীযুত সেখ মহম্মদ মনির মধোপুরের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন।

এই বিজ্ঞাপন ১৮৭৪ সালের অপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

NOTIFICATION.

The 28th March 1874.—It is hereby notified that, under the provisions of Section 5 of the Indian Registration Act VIII of 1871, the Lieutenant-Governor has been pleased to sanction the formation of a new sub-district in the district of Midnapore, conterminous with Thana Panchkura, and having its head-quarters at Panchkura.

Moulvi Bahauddin is appointed to be Sub-Registrar of Panchkura.

This Notification will take effect on and from 1st April 1874.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATIONS.

The 31st March 1874.—It is hereby notified that the Lieutenant-Governor of Bengal has been pleased, under Section 7 of the Indian Registration Act, 1871, to constitute the following offices (which have hitherto exercised concurrent jurisdiction with other offices) to be the Sub-Registry Offices of the sub-districts noted below, and to exercise exclusive jurisdiction within the thannahs opposite their names :—

DISTRICT.	Sub-district.	Head-quarters.	Thannahs.
Midnapore	Sabang	Sabang	Sabang.
Nuddea	Santipore...	Santipore...	Santipore.
Ditto	Maheshpore	Maheshpore	Maheshpore.
Ditto	Kumarkhali	Kumarkhali	Kumarkhali. Bhaluka.
Pubna	Shahzadpore	Shahzadpore	Shahzadpore.
Chittagong	Raojan	Raojan	Raojan. Ranganiya.
Ditto	Patiya	Patiya	Patiya.

The office at Gobardanga, in the district of the 24-Pergunnahs, is hereby abolished.

These changes will take effect from the 1st April 1874.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 31st March 1874.—Under Section 5 of the Indian Registration Act VIII of 1871 the Lieutenant-Governor of Bengal is pleased to create the following Registration Sub-Districts, having the head-quarters and local jurisdiction shown opposite their names. The Lieutenant-Governor is also pleased, under Section 7 of the Act, to appoint the persons named below to be Sub-Registrars of the said sub-districts :—

DISTRICT.	Name of new sub-district.	Head-quarters.	Thanas included in jurisdiction.	Sub-Registrars appointed.
Jessore ...	Gudkhali ...	Jhingurgacha ...	Gudkhali ...	Syed Maulah Bukhsh.
	Manirampore ...	Manirampore ...	Manirampore ...	Durgabar Mitter.
	Kaliaganj ...	Kaliaganj ...	Kaliaganj ...	Baradakanta Bhaduri.
	Keshabpore ...	Keshabpore ...	Keshabpore ...	Musharraful Hakk.
	Bagherpara ...	Bagherpara ...	Bagherpara ...	Syed Ahmad Husen.
	Muhammadpore ...	Muhammadpore ...	Muhammadpore ...	Moulvi Abdul Latif.
	Kaliya ...	Kaliya ...	Kaliya ...	Tarini Charu Banerjee.
	Lohagara ...	Lakhipasa ...	Lohagara ...	Allaul Hakk.
	Dumriah ...	Dumriah ...	Dumriah ...	Ananda Chandra Ghosh.
	Diluti .	Diluti ...	Diluti ...	Bholanath Ghosh.

These changes will take effect on and from the 1st of April 1874.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 7th April* 1874.]

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৮ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারার বিধানমতে মেদিনীপুর জিলায় এক নূতন সব-ডিষ্ট্রিক্ট স্থাপন করিবার অনুমতি দিয়াছেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের সীমা পাঁচকুরা থানার সীমার সহিত মিলিবে। সদর স্থান পাঁচকুরা।

শ্রীযুত মৌলবী ব হাউদ্দীন পাঁচকুরার সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন।

এই বিজ্ঞাপন ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

নিম্নলিখিত কএক আফিসের এলাকা এত দিন অন্যান্য আফিসের সঙ্গে মিলিয়া যাইত। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭১ সালের আইনের ৭ ধারামতে এই অবধি সেই২ আফিস নিম্নলিখিত সব-ডিষ্ট্রিক্টের সব-রেজিষ্টরী আফিস বলিয়া নিরূপণ করিয়াছেন। ও সেই২ আফিসের নামের পার্শ্বে যেং থানার নাম লেখা আছে সেই২ থানায় সেই২ আফিসের এলাকা থাকিবে, ইহার সম্বাদ দেওয়া গেল।

ডিষ্ট্রিক্ট।	সব-ডিষ্ট্রিক্ট।	সদর স্থান।	থানা।
মেদনীপুর	সাবাঙ্গ	সাবাঙ্গ	সাবাঙ্গ।
নদীয়া	শান্তিপুর	শান্তিপুর	শান্তিপুর।
ঐ	মহেশপুর	মহেশপুর	মহেশপুর।
ঐ	কুমারখালি ...	কুমারখালি	কুমারখালি। ভালুকা।
পাবনা	শাহাজাদপুর ..	শাহাজাদপুর ..	শাহাজাদপুর।
চট্টগ্রাম	রাওজান	রাওজান	রাওজান। রাঙ্গামিয়া।
ঐ	পাতিয়া	পাতিয়া	পাতিয়া।

২৪ পরগনা জিলার অন্তর্গত গোবরডাঙ্গার কার্য্যালয় এতৎক্রমে উঠাইয়া দেওয়া গেল।

এই নূতন নিয়ম ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩১ মার্চ।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারামতে রেজিষ্টরীকরণ কার্য্যের নিম্নলিখিত সব-ডিষ্ট্রিক্ট স্থাপন করিবার অনুমতি দিয়াছেন। ঐ২ সবডিষ্ট্রিক্টের নামের পার্শ্বে তাহার সদর স্থানের নাম ও এলাকা নির্দ্দিষ্ট হইয়াছে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব উক্ত আইনের ৭ ধারামতে নিম্নলিখিত ব্যক্তিদিগকে উক্ত সকল সব-ডিষ্ট্রিক্টের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

জিলা।	নূতন সব-ডিষ্ট্রিক্টের নাম।	সদর স্থান।	এলাকার মধ্যে যেং থানা ধরা গেল	যাঁহারা সব-রেজিষ্ট্রার বলিয়া নিযুক্ত হইলেন।
যশোহর ..	গদখালি ..	ঝিকরগাছা ..	গদখালি ..	সৈয়দ মওলাবক্স।
	মনিরামপুর	মনিরামপুর ...	মনিরামপুর ...	দুর্গাবর মিত্র।
	কালিয়াগঞ্জ ...	কালিয়াগঞ্জ ..	কালিয়াগঞ্জ ..	বরদাকান্ত ভাদুড়ি।
	কেশবপুর ...	কেশবপুর ...	কেশবপুর ..	মুন্সরুল হক
	বাঘের পাড়া ..	বাঘের পাড়া ..	বাঘের পাড়া ..	সৈয়দ আহম্মদ হুসেন
	মহম্মদপুর ..	মহম্মদপুর ...	মহম্মদপুর ..	মৌলবী আবদুল লতিফ
	কালিয়া ..	কালিয়া ...	কালিয়া ..	তারিণীচরণ বন্দ্যোপাধ্যায়।
	লোহাগড়া ..	লক্ষ্মীপাশা ..	লোহাগড়া ..	আলাউল হক।
	দুমরিয়া ..	দুমরিয়া ..	দুমরিয়া ...	আনন্দচন্দ্র ঘোষ।
	ঝিনুতি ..	ঝিনুতি .	ঝিনুতি ~	ভোলানাথ ঘোষ।

এই নূতন নিয়ম ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

NOTIFICATION.

The 27th March 1874.—Under Section 5 of the Indian Registration Act VIII of 1871, the Lieutenant-Governor of Bengal is pleased to create the following Registration Sub-Districts, having the head-quarters and local jurisdiction shown opposite their names. The Lieutenant-Governor is also pleased, under Section 7 of the Act, to appoint the persons named below to be Sub-Registrars of the said sub-districts :—

DISTRICT.	Name of new sub-district.	Head-quarters.	Thanas included in jurisdiction.	Sub-Registrars appointed.
Tipperah ...	Barkampta ...	Barkampta ..	Barkampta ... ... Daud Kandi.	Moulvi Ahmad Ali.
	Laksham	Laksham	Laksham	„ Tamozuddeen Ahmad.
	Chagalniya	Chagalniya	Chagalniya	Moonshee Raizuddeen Ahmad.
	Kasbah	Kasbah	Kasbah	Moulvi Hasan Ali.

These changes will take effect on and from the 1st April 1874.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 28th March 1874.—Under Section 5 of the Indian Registration Act VIII of 1871, the Lieutenant-Governor of Bengal is pleased to create the following Registration Sub-District, having the head-quarters and local jurisdiction shown opposite its name. The Lieutenant-Governor is also pleased, under Section 7 of the Act, to appoint the person named below to be Sub-Registrar of the said sub-district :—

DISTRICT.	Name of new sub-district.	Head-quarters.	Thanas included in jurisdiction	Sub-Registrar appointed.
Maldah	Nawabgunge ...	Nawabgunge ...	Nawabgunge.. ... ... Shibgunge ... ... Gomashtapore	Munshi Mahammud Bashir.

These changes will take effect on and from the 1st of April 1874.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 31st March 1874.—It is hereby notified for general information that the entire thana of Hureenakoonda, in district Jessore, the boundaries of which were described in the Notification of the 29th April 1863, has been amalgamated with Thana Sulkopa, and that the site of Thana Seetkhalee, mentioned in the said Notification, has been removed to Saleekha.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 31st March 1874.—The Lieutenant-Governor of Bengal is pleased to direct that Sikadah be the head-quarters of the Registration sub-district of Maureshwar, in Beerbhoom.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 7th April* 1874.]

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৭ মার্চ।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারামতে রেজিষ্টরী করণকার্য্যের নিম্নলিখিত সব-ডিষ্ট্রিকট স্থাপন করিবার অনুমতি দিয়াছেন। ঐ২ সব-ডিষ্ট্রিকটের নামের পার্শ্বে তাহার সদর স্থানের নাম ও এলাকা নির্দ্দিষ্ট হইয়াছে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব উক্ত আইনের ৭ ধারামতে নিম্নলিখিত ব্যক্তিদিগকে উক্ত সকল সব-ডিষ্ট্রিকটের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

জিলা।	নূতন সব-ডিষ্ট্রিকটের নাম	সদরস্থান	এলাকার মধ্যে যেং থানা ধরা গেল	সব-রেজিষ্ট্রার বলিয়া নিযুক্ত হইলেন।
ত্রিপুরা ...	বড়কম্পতা ...	বড়কম্পতা ..	বড়কম্পতা ... দাউদ কান্দি ...	মৌলবী আহমদ আলী।
	লক্ষম ...	লক্ষম ...	লক্ষম ..	,, তাহরুদ্দীন আহমদ।
	চাগালনিয়া ...	চাগালনিয়া ...	চাগালনিয়া ...	মুনশী রায়জুদ্দীন আহমদ।
	কসবা ...	কসবা ...	কসবা ...	মৌলবী হসন আলি।

এই নূতন নিয়ম ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৮ মার্চ।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারামতে রেজিষ্টরী করণকার্য্যের নিম্নলিখিত সব-ডিষ্ট্রিকট স্থাপন করিবার অনুমতি দিয়াছেন। ঐ২ সব-ডিষ্ট্রিকটের নামের পার্শ্বে তাহার সদর স্থানের নাম ও এলাকা নির্দ্দিষ্ট হইয়াছে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব উক্ত আইনের ৭ ধারামতে নিম্নলিখিত ব্যক্তিদিগকে উক্ত সকল সব-ডিষ্ট্রিকটের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

জিলা।	নূতন সব-ডিষ্ট্রিকটের নাম	সদরস্থান	এলাকার মধ্যে যেং থানা ধরা গেল	যাঁহারা সব-রেজিষ্ট্রার বলিয়া নিযুক্ত হইলেন।
মালদহ ..	নবাবগঞ্জ ...	নবাবগঞ্জ ...	নবাবগঞ্জ ... শিবগঞ্জ ... গোমাস্তাপুর ...	মুনশী মহম্মদ বসির।

এই নূতন নিয়ম ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩১ মার্চ।—যশোহর জিলার অন্তর্গত হরিণাকুণ্ড নামক যে থানার সীমা ১৮৬৩ সালের আপ্রিল মাসের ২৯ তারিখের জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট করিয়া লেখা গিয়াছে তাহা সমুদয় সলকোপা থানার সহিত সংযোগ করা গেল, ও উক্ত বিজ্ঞাপনের লিখিত সীতাখালী থানা সালিখায় লইয়া যাওয়া গেল, সাধারণের জানিবার জন্যে এতদ্দ্বারা এই কথা প্রকাশ করা যাইতেছে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩১ মার্চ।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব আজ্ঞা করিলেন যে সিকাদহ বীরভূমের অন্তর্গত ময়ুরেশ্বর রেজিষ্টরী সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

ESTABLISHMENT.

The 28th March 1874.

No. 80.—*Appointment.*—Baboo Grischunder Roodur is appointed to the Upper Subordinate Establishment as a Probationary Overseer, Second Grade, and posted to the Maldah District.

No. 81.—Baboo Womesh Chunder Ghose is appointed to the Upper Subordinate Establishment, as a Temporary Overseer, First Grade, and posted to the Burdwan District, which he joined on the 4th March 1874, before noon.

No. 82.—*Notification.*—Mr. N. Andrews, Accountant, Fourth Grade, attached to the Third Calcutta Division, having forfeited his appointment by being absent without leave from the 13th February 1874, is struck off the list of Accountants in Bengal.

No. 84.—*Promotions.*—The Lieutenant-Governor is pleased to make the following promotions in the Engineer Establishment in Bengal, with effect from the 1st March 1874 :—

PROVINCIAL.

ENGINEER ESTABLISHMENT.

To be Executive Engineer, First Grade.

Roberts, Mr. L. R., Executive Engineer, Second Grade, Second Calcutta Division.

To be Executive Engineer, Second Grade.

Joll, Mr H., Executive Engineer, Third Grade, First Calcutta Division.

To be Executive Engineers, Third Grade.

May, Captain J., Executive Engineer, Fourth Grade, Sarun District.

Neill, Captain G. F. E. S., Executive Engineer, Fourth Grade, Officiating Assistant Secretary in this Department.

J. E. T. NICOLLS, *Col., R. E.,*
Secy. to the Govt. of Bengal, P. W. D.

IRRIGATION.

NOTIFICATIONS.—ESTABLISHMENT.

The 24th March 1874.

No. 121.—*Appointment.*—Mr. W. E. Brooks is appointed to the Department as a Temporary Overseer of the Third Grade with effect from 17th March 1874, and posted to the Mahanuddy Division.

The 25th March 1874.

No. 122 —*Leave.*—Mr. R. J. Beckwith, Overseer, First Grade, Dehree Division, having submitted a medical certificate, is granted privilege leave for two months under Section 12 of Supplement F of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of the same.

The 26th March 1874.

No. 123.—*Promotions.*—The Lieutenant-Governor is pleased to make the following promotions in the Irrigation Branch of the Public Works Department, Bengal, with effect from the 1st March 1874 :—

ENGINEER ESTABLISHMENT.

To be Executive Engineer, Second Grade.

Mr. H. Unwin, Executive Engineer, Third Grade, Brahminee Division.

UPPER SUBORDINATE ESTABLISHMENT.

To be Sub-Engineers First Grade.

Mr. T. Fouracres, Sub-Engineer, Second Grade, Byturnee Division.

Mr. J. Morrow, Sub-Engineer, Second Grade, Cossye Division.

To be Sub-Engineer, Second Grade.

Baboo Bama Churn Paramanic, Sub-Engineer, Third Grade; Hidgellee Division.

[*Government Gazette, 7th April* 1874.]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৪ সাল ২৮ মার্চ।

৮০ নম্বর।—নিয়োগ।—শ্রীযুত বাবু গিরীশচন্দ্র কর উচ্চতর সবরডিনেট সিরিশতার দ্বিতীয় শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়রের পদে নিযুক্ত হইয়া মালদহ জিলায় অবস্থিত হইয়াছেন।

৮১ নম্বর।—শ্রীযুত বাবু উমেশচন্দ্র ঘোষ উচ্চতর সবরডিনেট সিরিশতায় প্রথম শ্রেণীর কিয়ৎ-কালীন ওবরসিয়রের পদে নিযুক্ত হইয়া বর্দ্ধমান জিলায় অবস্থিত হওয়াতে ১৮৭৪ সালের মার্চ মাসের ৪ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

৮২ নম্বর।—বিজ্ঞাপন।—কলিকাতার তৃতীয় খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত এম আনুক্রস সাহেব ১৮৭৪ সালের ফেব্রুআরি মাসের ১৩ তারিখঅবধি ছুটীবিনা কর্ম্মে না আসাপ্রযুক্ত তাঁহার কর্ম্ম রহিত হওয়াতে বঙ্গদেশের আকৌণ্টাণ্টদের নামের নির্ঘণ্টপত্রহইতে তাঁহার নাম কাটিয়া দেওয়া গেল।

৮৪ নম্বর।—পদবৃদ্ধির কথা।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৪ সালের মার্চ মাসের ১ তারিখঅবধি বঙ্গদেশের ইঞ্জিনিয়র সিরিশতার নিম্নলিখিত পদবৃদ্ধি করিলেন।

প্রবিন্‌শ্যাল,

ইঞ্জিনিয়র সিরিশতা।

কলিকাতার দ্বিতীয় খণ্ডের দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এল আর রবর্টস সাহেব প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র হইবেন।

কলিকাতার প্রথম খণ্ডের তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এচ জল্ সাহেব দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র হইবেন।

সারণ জিলার চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিযর কাপ্তান শ্রীযুত জে, মে সাহেব,

চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র ও এই কর্ম্মবিভাগের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী কাপ্তান শ্রীযুত জি, এফ, ই, এস, নীল সাহেব,

তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র হইবেন।

জে, ই, টি, নিকল্‌স, কর্ণেল, আর, ই,

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৭ মার্চ।

১২১ নম্বর।—নিয়োগ।—শ্রীযুত ডবলিউ ই ক্রুকস সাহেব এই কার্য্যবিভাগে ১৮৭৪ সালের মার্চ মাসের ১৭ তারিখ অবধি তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীক ওবরসিয়রের পদে নিযুক্ত হইয়া মহানদী খণ্ডে অবস্থিত হইয়াছেন।

১৮৭৪ সাল ২৫ মার্চ।

১২২ নম্বর।—ছুটী।—দেহড়ী খণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত আর, জে, বেকুইথ সাহেব চিকিৎসকের সর্টিফিকট দেওয়াতে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্য-কারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৬ মার্চ।

১২৩ নম্বর।—পদবৃদ্ধির কথা।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৪ সালের মার্চ মাসের ১ তারিখ অবধি বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার নিম্নলিখিত কার্য্যকারকদের পদ বৃদ্ধি করিয়াছেন।

ইঞ্জিনিয়র সিরিশ্‌তা।

ব্রাহ্মণীখণ্ডের তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এচ অমউইন সাহেব,

দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র হইবেন।

উচ্চতর সবরডিনেট সিরিশ্‌তায়।

বৈতরণী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত টি ফোরেকর্স সাহেব,

কসুইখণ্ডের দ্বিতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত জে মরো সাহেব,

প্রথম শ্রেণীর সব-ইঞ্জিনিয়র হইবেন।

হিজিলী খণ্ডের তৃতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু রামাচরণ পরামাণিক দ্বিতীয় শ্রেণীর সব-ইঞ্জিনির হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

To be Overseers, First Grade.

Mr. A. Davis, Overseer, Second Grade, Mahanuddy Division.
Baboo Grish Chunder Doss, Overseer, Second Grade, Dehree Division.
„ Gopal Chunder Ghose, Overseer, Second Grade, Arrah Division.
„ Chundra Bhoosun Dutt, Overseer, Second Grade, Eastern Soane Division.
„ Sreedhone Chunder Sen, Overseer, Second Grade, Eastern Soane Division.

To be Overseers, Second Grade.

Mr. B. Marshall, Overseer, Third Grade, Arrah Division.
Baboo Charoo Churn Bose, Overseer, Third Grade, Arrah Division.
„ Kedar Nauth Banerjee, Overseer, Third Grade, Byturnee Division.

To be Overseers, Third Grade.

Mr. J. Tyndall, Sub-Overseer, First Grade, Arrah Division.
Baboo Chintamoney Mahanty, Sub-Overseer, First Grade, Mahanuddy Division.

LOWER SUBORDINATE ESTABLISHMENT.

To be Sub-Overseers, First Grade.

Baboo Mohendronath Sircar, Sub-Overseer, Second Grade, Dehree Division.
„ Saroda Kinkur Paulit, Sub-Overseer, Second Grade, Dehree Division.
„ Bama Churn Roy, Sub-Overseer, Second Grade, Dehree Division.

No. 124.—*Appointment.*—Baboo Thakur Das Ghosh, Temporary Overseer, First Grade, Upper Gunduk Embankment Division, is confirmed in that grade with effect from 21st March 1874.

No. 125.—*Leave.*—Mr. F. M. Weedon, Executive Engineer, Third Grade, is placed on leave without pay from the 10th January to the 28th February 1874.

The 27th March 1874.

No. 126.—*Leave.*—Mr. G. T. St. A. Nixon, Assistant Engineer, Third Grade, Personal Assistant to the Superintending Engineer, Orissa Circle, is granted sick leave for 3 months under Section 3, Supplement F. of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of the same.

No. 127.—*Notifications.*—Mr. C. Low, Temporary Sub-Engineer, Third Grade, Pooree Survey Division, has been allowed to resign his appointment from 14th March 1874 on account of ill-health.

No. 128.—Mr. G. W. Faulkner, Assistant Engineer, Second Grade, Brahminee Division" passed in the Departmental Standard on the 16th March 1874.

No. 129.—With reference to Notification No. 2, of 2nd January 1874, Mr. J. C. Vertannes, Executive Engineer, First Grade, made over charge of the Upper Gunduk Embankment Division to Mr. E. deGrousilliers, Executive Engineer, Third Grade, on the forenoon of the 16th March 1874.

No. 130.—The undermentioned officers joined the Gunduk Circle on the dates specified against their names :—

Mr. C. Kamil Cuny, Probationary Assistant Engineer, Third Grade, afternoon of 25th February 1874.

Mr. G. T. Moore, Probationary Assistant Engineer, Third Grade, afternoon of 28th February 1874.

Mr. J. R. Weston, Assistant Engineer, Third Grade, forenoon of 19th March 1874.

H. W. GULLIVER, *Lieut.-Col., R.E,*
Offg. Joint-Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept., Irrigation Branch.

[*Government Gazette, 7th April* 1874.]

মহানদী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত এ. ডেবিস সাহেব,
দেহড়ী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু গিরীশচন্দ্র দাস,
আরা খণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ,
পূর্ব্ব সোণ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু চন্দ্রভূষণ দত্ত,
পূর্ব সোণ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু শ্রীশচন্দ্র সেন,

প্রথম শ্রেণীর ওবরসিয়র হইবেন।

আরা খণ্ডের তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বি মার্শল সাহেব,
আরা খণ্ডের তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু চারুচরণ বসু,
বৈতরণী খণ্ডের তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু কেদারনাথ বন্দ্যোপাধ্যায়,

দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র হইবেন।

আরা খণ্ডের প্রথম শ্রেণীর সব ওবরসিয়র শ্রীযুত জে টিণ্ডল সাহেব,
মহানদী খণ্ডের প্রথম শ্রেণীর সব ওবরসিয়র শ্রীযুত বাবু চিন্তামণি মহন্তী,

তৃতীয় শ্রেণীর ওবরসিয়র হইবেন।

নিম্নতর সবরডিনেট সিরিশতা।

দেহড়ী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর সব-ওবরসিয়র শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ সরকার,
দেহড়ী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু শারদাকিঙ্কর পাণ্ডিত,
দেহড়ী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর সব-ওবরসিয়র শ্রীযুত বাবু বামাচরণ রায়।

প্রথম শ্রেণীর সব ওবরসিয়র হইবেন।

১২৪ নম্বর।—নিয়োগ।—উত্তর গণ্ডক বাঁধ খণ্ডের প্রথম শ্রেণীর কিয়ৎকালীন ওবরসিয়র শ্রীযুত বাবু ঠাকুরদাস ঘোষ ১৮৭৪ সালের মার্চ মাসের ২১ তারিখঅবধি সেই শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইয়াছেন।

১২৫ নম্বর।—তৃতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ এম উইডন সাহেব, ১৮৭৪ সালের জানুআরি মাসের ১০ তারিখঅবধি ফেব্রুআরি মাসের ২৮ তারিখ পর্য্যন্ত বিনাবেতনে ছুটী পাইলেন।

১৮৭৪ সাল ২৭ মার্চ।

১২৬ নম্বর।—ছুটী।—উড়িষ্যাচক্রের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের স্বকীয় আসিষ্টাণ্ট তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, টি, সেণ্ট এ, নিক্সন সাহেব পীড়াপ্রযুক্ত যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১২৭ নম্বর।—বিজ্ঞাপন।—পুরীর জরীপী খণ্ডের তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব-ইঞ্জিনিয়র শ্রীযুত সি, লো সাহেব অস্বাস্থ্যপ্রযুক্ত ১৮৭৪ সালের মার্চ মাসের ১৪ তারিখঅবধি আপন কর্ম্ম ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

১২৮ নম্বর।—ব্রাহ্মণী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি ডবলিউ ফকনর সাহেব ১৮৭৪ সালের মার্চ মাসের ১৬ তারিখে কার্য্যবিভাগ সম্পর্কীয় কথিমত পরীক্ষায় উত্তীর্ণ হইলেন।

১২৯ নম্বর।—১৮৭৪ সালের জানুআরি মাসের ২ তারিখের ২ নং বিজ্ঞাপনোপলক্ষে, প্রথম শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, সি, বটানেস সাহেব ১৮৭৪ সালের মার্চ মাসের ১৬ তারিখের পূর্ব্বাহ্নে তৃতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ই ডিগ্রেসিলিয়র্স সাহেবের প্রতি উত্তর গণ্ডক বাঁধ খণ্ডের কর্ম্মের ভারার্পণ করিলেন।

১৩০ নম্বর।—নিম্নলিখিত কার্য্যকারকেরা আপন২ নামের পার্শ্বের লিখিত তারিখে গণ্ডকচক্রে কর্ম্ম গ্রহণ করিলেন।

তৃতীয় শ্রেণীর প্রবেশনরি আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি কামিন কুনি ১৮৭৪ সালের ২৫ ফেব্রুআরির অপরাহ্নে।

তৃতীয় শ্রেণীর প্রবেশনরি আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, টি, মুর সাহেব ১৮৭৪ সালের ২৮ ফেব্রুআরির অপরাহ্নে।

তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে আর ওয়েষ্টন সাহেব ১৮৭৪ সালের ১৯ মার্চের অপরাহ্নে।

এচ, ডবলিউ, গলিবর, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ আপ্রিল।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 7, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ৭ আপ্রিল।

PART III.

Acts of the Legislative Council of India.

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষের মন্ত্রিসভার আইন।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

The following Act of the Governor-General of India in Council received the assent of His Excellency the Governor-General on the 24th March 1874, and is hereby promulgated for general information:—

ACT No. VI OF 1874.

THE PRIVY COUNCIL APPEALS ACT, 1874.

CONTENTS.

Preamble.

I.—PRELIMINARY.

SECTIONS.

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের এই আইন বিষয়ে শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭৪ সালের মার্চ মাসের ২৪ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। তাহা সাধারণের জানিবার নিমিত্ত এইক্ষণে প্রকাশ গেল।

প্রিবি কৌনসেলে আপীল বিষয়ক ১৮৭৪ সালের ৬ আইন।

সূচীপত্র।

হেতুবাদ।

১ অধ্যায়।—পরিভাষা।

ধারা।

[*Government Gazette*, 7th April 1874.]

An Act to consolidate and amend the law relating to appeals to the Privy Council from decrees of the Civil Courts.

Preamble.

WHEREAS it is expedient to consolidate and amend the law regulating the admission of appeals to Her Majesty in Council from certain judgments, decrees and orders of the Civil Courts; It is hereby enacted as follows:—

I.—PRELIMINARY.

Short title.

1. This Act may be called "The Privy Council Appeals Act, 1874:"

Extent.

It extends to the whole of British India; but it does not apply to any matter of criminal, or admiralty, or vice-admiralty, jurisdiction; nor to appeals from orders and decrees of Prize-courts;

Commencement.

And it shall come into force on the passing thereof.

Repeal of enactments.

2. The enactments specified in the schedule hereto annexed are repealed to the extent mentioned in the third column thereof.

'Decree' defined.

3. In this Act, unless there be something repugnant in the subject or context, the expression "decree" includes also judgment and order.

II.—ADMISSION OF APPEALS.

When appeals lie to Queen in Council.

4. Subject to such rules as may, from time to time, be made by Her Majesty in Council regarding appeals from the Courts of British India, and to the provisions hereinafter contained—

an appeal shall lie to Her Majesty in Council,

(*a*) from any final decree passed on appeal by a High Court or other Court of final appellate jurisdiction,

প্রিবি কৌন্সেলে দেওয়ানী আদালতের ডিক্রীর উপর আপীল করণ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

হেতুবাদ।

দেওয়ানী আদালতের কোনং নিষ্পত্তির ও ডিক্রীর ও আজ্ঞার উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল গ্রাহ্য হওয়ার বিধান বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

১ অধ্যায়।—পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "প্রিবি কৌনসেলে আপীল বিষয়ক ১৮৭৪ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত সমস্ত দেশে ব্যাপ্ত হইবে, কিন্তু ফৌজদারী আদালতের কিম্বা আডমিরালটীর কি বৈসআডমিরালটীর অর্থাৎ সমুদ্রে কি মহাসাগরে কৃত অপরাধের বিচার করিতে সক্ষম আদালতের বিচার্য্য কোন বিষয়ের প্রতি, ও পুরস্কার প্রদানার্থ আদালতের আজ্ঞার ও ডিক্রীর উপর আপীলের প্রতি বর্ত্তিবে না।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

ও বিধিবদ্ধ হইলেই প্রচলিত হইবে ইতি।

যেং আইন রহিত করা গেল তাহার কথা।

২ ধারা। এই আইনের তফসীলে যে সকল বিধানের উল্লেখ হইল, তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট থাকে তাহা তত দূর রহিত করা গেল ইতি।

"ডিক্রী" শব্দের অর্থ।

৩ ধারা। এই আইনে যদি বিষয়বিবেচনায় কিম্বা পূর্ব্বাপর কথার দ্বারা ভিন্নভব প্রকাশ না হয় তবে "ডিক্রী" শব্দের মধ্যে নিষ্পত্তি ও আজ্ঞাও ধরা যাইবে ইতি।

২ অধ্যায়।—আপীল গ্রাহ্যকরণ বিষয়ক বিধি।

যে স্থলে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইতে পারিবে তাহার কথা।

৪ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণী সময়েং ব্রিটনীয় ভারতবর্ষের আদালতের ডিক্রীর উপর আপীলের যেং বিধি করেন তাহা, ও নিম্নলিখিত বিধান মানিয়া, এইং প্রকারের ডিক্রীর উপর

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইতে পারিবে। বিশেষতঃ

(ক) হাই কোর্ট, কিম্বা আপীলী মোকদ্দমার চূড়ান্ত ডিক্রী করিতে অন্য যে আদালতের ক্ষমতা থাকে সেই আদালতে আপীল হইয়া যে শেষ ডিক্রী করা যায় তাহার উপর,

(*b*) from any final decree passed by a High Court in the exercise of original civil jurisdiction, and

(*c*) from any decree, when the case, as hereinafter provided, is certified to be a fit one for appeal to Her Majesty in Council.

Value of subject-matter.

5. In each of the cases mentioned in clauses (*a*) and (*b*) of section four,

the amount or value of the subject-matter of the suit in the Court of first instance must be ten thousand rupees or upwards, and the amount or value of the matter in dispute on appeal to Her Majesty in Council must be the same sum or upwards,

or the decree must involve, directly or indirectly, some claim or question to, or respecting, property of like amount or value,

and where the decree appealed from affirms the decision of the Court immediately below the Court passing such decree, the appeal must involve some substantial question of law.

Bar of certain appeals.

6. Notwithstanding anything contained in section four,—

no appeal shall lie to Her Majesty in Council from the judgment of one Judge of a High Court established under the twenty-fourth and twenty-fifth of Victoria, chapter one hundred and four, or of one Judge of a Division Court, or of two or more Judges of such High Court, or of a Division Court constituted by two or more Judges of such High Court, wherever such Judges are equally divided in opinion, and do not amount in number to a majority of the whole of the Judges of the High Court at the time being;

and no appeal shall lie to Her Majesty in Council from any decree which, under Act No. XXIII of 1861, section twenty-seven, is final.

Application to Court whose decree is complained of.

7. Whoever desires to appeal under this Act to Her Majesty in Council must apply by petition to the Court whose decree is complained of.

Time within which application must be made.

8. Such application must ordinarily be made within six months from the date of such decree.

[*Government Gazette, 7th April* 1874.]

(খ) হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতানুসারে কার্য্য করিয়া শেষ যে ডিক্রী করেন তাহার উপর,

(গ) নিম্নলিখিত বিধানমতে কোন মোকদ্দমা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবার যোগ্য বলিয়া সর্টিফিকট দেওয়া গেলে, তাহার কোন ডিক্রীর উপর ইতি।

বিবাদীয় বিষয়ের মূল্যের কথা।

৫ ধারা। ৪ ধারার (ক) ও (খ) প্রকরণের লিখিত প্রত্যেক স্থলে,

মোকদ্দমা প্রথম যে আদালতে উপস্থিত করা গেল সেই আদালতে যে টাকা কি যে বিষয় লইয়া বিবাদ হয় তাহা কি তাহার মূল্য দশ হাজার টাকা কি তাহার অধিক না হইলে, এবং শ্রীশ্রীমতী মহারাণীর নিকট যে মোকদ্দমার আপীল করিতে হইবে তাহারও মূল্য তত টাকা কি তাহার অধিক না হইলে,

কিম্বা ঐ ডিক্রীর মধ্যে স্পষ্টতঃ কি ভাবতঃ তত টাকার কি তত্তুল্য মূল্যের সম্পত্তির উপর কোন দাওয়া কি তদ্বিষয়ের কোন বিবাদ না উঠিলে,

এবং যে আদালতের যে ডিক্রীর উপর আপীল হয় সেই আদালত ঐ ডিক্রীতে আপনার অব্যবহিত নিম্ন আদালতের নিষ্পত্তি বহাল রাখিলে, সেই আপীলের মধ্যে আইনঘটিত কোন গুরুতর প্রশ্ন না উঠিলে, আপীল হইতে পারিবে না ইতি।

কোনং নিষ্পত্তির উপর আপীল হইতে না পারিবার কথা।

৬ ধারা। ৪ ধারার বিধান প্রবল থাকিতেও,

মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ১০৪ অধ্যায়ের আইনমতে স্থাপিত হাই কোর্টের এক জন জজের, কিম্বা ডিবিজন কোর্টের এক জন জজের নিষ্পত্তির উপর, কিম্বা উক্ত হাই কোর্টের দুই কি তদধিক জন জজের কিম্বা ঐ হাই কোর্টের দুই কি তদধিক জন জজকে লইয়া যে ডিবিজন কোর্ট করা যায় সেই কোর্টের সমান সংখ্যক জজের পরস্পর বিভিন্ন মত থাকিলে, ও যাঁহারা সেই কোর্টে বসেন তাঁহারা হাই কোর্টের তাৎকালিক সমুদয় জজের অধিকাংশ না হইলে, তাঁহারদের নিষ্পত্তির উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবে না।

এবং ১৮৬১ সালের ২৩ আইনের ২৭ ধারামতে যে ডিক্রী চূড়ান্ত হয় তাহার উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবে না ইতি।

যে আদালতের ডিক্রীর বিষয়ে আপত্তি হয় তাঁহার নিকট দরখাস্তের কথা।

৭ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর নিকট আপীল করিতে চাহিলে, যে আদালতের ডিক্রীর বিষয়ে আপত্তি করেন সেই আদালতে তাঁহার দরখাস্ত দিয়া প্রার্থনা করিতে হইবে ইতি।

যে সময়ের মধ্যে দরখাস্ত দিতে হইবে তাহার কথা।

৮ ধারা। ঐ দরখাস্ত সচরাচর উক্ত ডিক্রীর তারিখ অবধি ছয় মাসের মধ্যে দিতে হইবে।

But if that period expires when the Court is closed, the application may be made on the day that the Court re-opens.

9. Every petition under section seven must state the grounds of appeal, and pray for a certificate, either that as regards amount or value and nature, the case fulfils the requirements of section five, or that it is otherwise a fit one for appeal to Her Majesty in Council.

Certificate as to value or fitness.

Upon receipt of such petition, the Court may direct notice to be served on the opposite party to show cause why the said certificate should not be granted.

10. If such certificate be refused, the petition shall be dismissed :

Refusal of certificate.

Provided that, if the decree complained of be a final decree passed by a Court other than a High Court, the order refusing the certificate shall be appealable within thirty days from the date of the order, to the High Court to which the former Court is subordinate.

11. If the certificate be granted, the applicant shall, within six months from the date of the decree complained of, or within six weeks from the grant of the certificate, whichever is the later date,

Security and deposit required on grant of certificate.

(*a*) give security for the costs of the respondent, and

(*b*) deposit the amount required to defray the expense of translating, transcribing, indexing, and transmitting to Her Majesty in Council a correct copy of the whole record of the suit, except

(1) formal documents directed to be excluded by any order of Her Majesty in Council in force for the time being ;

(2) papers which the parties agree to exclude ;

(3) accounts, or portions of accounts, which the officer empowered by the Court for that purpose considers unnecessary, and which the parties have not specifically asked to be included ; and

(4) such other documents as the High Court may direct to be excluded ;

কিন্তু আদালত বন্দ থাকন সময়ে সেই মিয়াদ ফুরাইলে, যে দিনে আদালত পুনশ্চ খোলা যায় সেই দিনে ঐ দরখাস্ত দেওয়া যাইতে পারিবে ইতি ।

৯ ধারা । ৭ ধারামতে যে দরখাস্ত দেওয়া যায় তন্মধ্যে অপীলের সকল হেতু লেখা থাকিবে, এবং ৫ ধারার বিধানমতে যত টাকার কি যত মূল্যের সম্পত্তির কি যে ভাবের বিবাদ হইলে আপীল হইতে পারে, এই মোকদ্দমায় তত টাকার কি তত মূল্যের কি সেই ভাবের বিবাদ আছে এই কথার সর্টিফিকট, কিম্বা অন্য কারণে ঐ মোকদ্দমা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবার উপযুক্ত এই মর্ম্মের সর্টিফিকট পাইবার প্রার্থনা করিতে হইবে ।

মূল্যের কি উপযুক্ততার সর্টিফিকটের কথা ।

আদালত তদ্রূপ দরখাস্ত পাইলে উক্ত সর্টিফিকট না দিবার কারণ দেখাইবার জন্যে বিপক্ষ পক্ষের নামে নোটিস দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি ।

১০ ধারা । তদ্রূপ সর্টিফিকট দিতে অস্বীকার হইলে, দরখাস্ত ডিসমিস হইবে ।

সর্টিফিকট দিতে অস্বীকার হইলে তদ্বিষয়ের কথা ।

পরন্তু যে ডিক্রীর বিষয়ে আপত্তি হয় তাহা হাইকোর্টভিন্ন কোন আদালতের চূড়ান্ত ডিক্রী হইলে, ঐ আদালত যে হাইকোর্টের অধীন থাকে, সর্টিফিকট না দিবার আজ্ঞার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে সেই হাইকোর্টে ঐ আজ্ঞার উপর আপীল হইতে পারিবে ইতি ।

১১ ধারা । সর্টিফিকট দেওয়া গেলে পর, যে ডিক্রীর বিষয়ে আপত্তি হয় তাহার তারিখ, কিম্বা সর্টিফিকট দিবার তারিখ, ইহার মধ্যে যেটি শেষ হয় দরখাস্তকারী ডিক্রীর সেই তারিখ অবধি ছয় মাসের মধ্যে কিম্বা সর্টিফিকট দিবার তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে

সর্টিফিকট দেওয়া গেলে জামিন দিবার ও টাকা আমানৎ করিবার কথা ।

(ক) রিস্পাণ্ডেন্টের খরচের জামিন দিবেন এবং

(খ) নিম্নলিখিত পত্রাদিভিন্ন মোকদ্দমার সমস্ত কাগজপত্র শুদ্ধরূপে তর্জ্জমা ও নকল করিবার ও সূচীপত্র করিবার ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট এক কেতা পাঠাইবার খরচের উপযুক্ত টাকা আমানৎ করিবেন । বর্জ্জিতপত্র এই২ ।

(১) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর যৎকালে যে আজ্ঞা প্রবল থাকে তদনুসারে কেবল দাঁড়ামতে লিখিত যে দলীল ত্যাগ করা যাইবে সেই দলীল ।

(২) উভয় পক্ষ একবাক্য হইয়া যে কাগজপত্র ত্যাগ করেন তাহা ।

(৩) এই কার্য্যপক্ষে আদালতের যে কর্ম্মকারকের ক্ষমতা থাকে তিনি যে২ হিসাব কি হিসাবের যে অংশ অনাবশ্যক জ্ঞান করেন, উভয় পক্ষের সেই২ হিসাব ধরিবার বিশেষ প্রার্থনা না থাকিলে তাহা এবং

(৪) অন্য যে২ দলীল হাইকোর্ট ত্যাগ করিতে আদেশ করেন তাহা ।

and when the applicant prefers to print in India the copy of the record, except as aforesaid, he shall also, within the time mentioned in the first clause of this section, deposit the amount required to defray the expense of printing such copy.

Admission of appeal and procedure thereon.

12. When such security has been completed and deposit made to the satisfaction of the Court, the Court may

(*a*) declare the appeal admitted, and

(*b*) give notice thereof to the respondent, and shall then

(*c*) transmit to Her Majesty in Council, under the seal of the Court, a correct copy of the said record, except as aforesaid, and

(*d*) give to either party one or more authenticated copies of any of the papers in the suit on his applying therefor and paying the reasonable expenses incurred in preparing them.

Revocation of acceptance of security.

13. At any time before the admission of the appeal, the Court may, upon cause shown, revoke the acceptance of any such security, and make further directions thereon.

Power to order further security or payment.

14. If at any time after the admission of the appeal, but before the transmission of the copy of the record, except as aforesaid, to Her Majesty in Council, such security appears inadequate,

or further payment is required for the purpose of translating, transcribing, printing, indexing, or transmitting the copy of the record, except as aforesaid,

the Court may order the appellant to furnish, within a time to be fixed by the Court, other and sufficient security, or to make, within like time, the required payment.

Failure to comply with order.

15. If the appellant fail to comply with such order, the proceedings shall be stayed,

and the appeal shall not proceed without an order in this behalf of Her Majesty in Council,

and in the meantime execution of the decree appealed against shall not be stayed.

[*Government Gazette, 7th April* 1874.]

এবং দরখাস্তকারি উক্ত বর্জ্জিত কাগজপত্রছাড়া অন্য সকল কাগজপত্র ভারতবর্ষে ছাপাইতে শ্রেয় জ্ঞান করিলে, ঐ গ্রন্থ ছাপাইবার খরচ বলিয়া যত টাকা প্রয়োজন হয় তাহাও এই ধারার প্রথম প্রকরণের লিখিত সময়ের মধ্যে তাঁহার আমানৎ করিতে হইবে ইতি।

আপীল গ্রাহ্য হওনের ও তৎসম্পর্কীয় কার্য্যপ্রণালীর কথা।

১২ ধারা। কোর্টের হৃদ্বোধমতে জামিন দেওয়া গেলে ও টাকা আমানৎ করা গেলে পর, কোর্ট

(ক) আপীল গ্রাহ্য হইল বলিয়া প্রকাশ করিতে পারিবেন, এবং

(খ) রেস্পাণ্ডেণ্টকে তদ্বিষয়ের নোটিস দিবেন পরে

(গ) পূর্ব্বোক্ত বর্জ্জিতপত্রভিন্ন উক্ত কাগজপত্রের পরিশুদ্ধ এক কেতায় আদালতের মোহর বসাইয়া মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট পাঠাইতে পারিবেন। এবং

(ঘ) কোন পক্ষ মোকদ্দমার কাগজপত্রের মধ্যে কোন কাগজপত্রের নকল প্রার্থনা করিলে, ও তাহা প্রস্তুত করিবার যুক্তিসিদ্ধ খরচ দিলে, সেই কাগজপত্রের প্রামাণিক নকল দিতে পারিবেন ইতি।

জামিন অন্যথা করিবার কথা।

১৩ ধারা। উক্ত যে জামিন দেওয়া গেল, আপীল গ্রাহ্য হইবার পূর্ব্ব কোন সময়ে কারণ দেখান গেলে কোর্ট তাহা অন্যথা করিয়া তদ্বিষয়ের অন্য আজ্ঞা দিতে পারিবেন ইতি।

অধিক জামিন ও টাকা দিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

১৪ ধারা। আপীল গ্রাহ্য হইলে পর ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট পূর্ব্ব বর্জ্জিত পত্রাদিভিন্ন অন্য কাগজপত্র পাঠাইবার পূর্ব্বে, সেই জামিন অকুলন জ্ঞান হইলে,

কিম্বা পূর্ব্ববর্জ্জিত কাগজপত্রভিন্ন অন্য পত্রাদি তর্জ্জমা ও নকল করিবার ও ছাপাইবার ও তাহার সূচীপত্র করিবার ও তাহা পাঠাইবার জন্যে আর টাকার প্রয়োজন হইলে,

কোর্ট সময় নিরূপণ করিয়া আপেলাণ্টকে সেই সময়ের মধ্যে অন্য ও বিশিষ্ট জামিন দিবার কিম্বা সেই সময়ের মধ্যে ঐ আবশ্যক টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

আজ্ঞামতে কর্ম্ম না করিলে তাহার কথা।

১৫ ধারা। আপেলাণ্ট সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে আনুষ্ঠানিক কার্য্য স্থগিত থাকিবে।

ও তৎপক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা না হইলে সেই আপীলী মোকদ্দমা চলিবে না।

ও যে ডিক্রীর উপর আপীল হয় তাহার জারী করা কার্য্য ইতিমধ্যে স্থগিত থাকিবে না ইতি।

16. When the copy of the record, except as aforesaid, has been transmitted to Her Majesty in Council, the appellant may obtain a refund of the balance, if any, of the amount which he has deposited under section eleven.

Refund of balance of deposit.

III.—PROCEEDINGS PENDING APPEALS.

17. Notwithstanding the admission of any appeal under this Act, the decree appealed against shall be unconditionally enforced unless the Court admitting the appeal otherwise directs.

Powers of Court pending appeal.

But the Court may, if it think fit, on any special cause shown by any party interested in the suit, or otherwise appearing to the Court—

(*a*) impound any movable property in dispute, or any part thereof, or

(*b*) allow the decree appealed against to be enforced, taking such security from the respondent as the Court thinks fit for the due performance of any order which Her Majesty in Council may make on the appeal, or

(*c*) stay the execution of the decree appealed against, taking such security from the appellant as the Court thinks fit for the due performance of the decree appealed against, or of any order which Her Majesty in Council may make on the appeal, or

(*d*) place any party seeking the assistance of the Court under such conditions, or give such other direction respecting the subject-matter of the appeal, as it thinks fit.

18. If at any time during the pendency of the appeal the security so furnished by either party appears inadequate, the Court may, on the application of the other party, require further security.

Increase of security found inadequate.

In default of such further security being furnished as required by the Court, if the original security was furnished by the appellant, the Court may, on the application of the respondent, issue execution of the decree appealed against as if the appellant had furnished no such security,

১৬ ধারা। আপেলাণ্ট ১১ ধারামতে যে টাকা আমানৎ করেন, পূর্ব্ববর্জ্জিত পত্রাদিভিন্ন উক্ত কাগজপত্র মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট পাঠান গেলে পর তাহার কিছু টাকা বাঁচিলে, তিনি তাহা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

আমানতী টাকার উদ্বর্ত্ত ফিরিয়া দিবার কথা।

---

৩ অধ্যায়।—আপীল উপস্থিত থাকিতেও কার্য্যপ্রণালীর কথা।

১৭ ধারা। এই আইনমতে আপীল গ্রাহ্য হইলেও, যে আদালত আপীল গ্রাহ্য করেন, সেই আদালত অন্য প্রকারের আজ্ঞা না করিলে, যে ডিক্রীর উপর আপীল হয় সেই ডিক্রী নিয়ম ব্যতিরেকে জারী করা যাইবে।

আপীল উপস্থিত থাকিতে আদালতের ক্ষমতার কথা।

কিন্তু মোকদ্দমায় যে কোন ব্যক্তির সম্পর্ক থাকে তিনি কোন বিশেষ কারণ জানাইলে, কিম্বা আদালত অন্য প্রকারে কোন বিশেষ কারণ জানিতে পাইয়া, বিহিত বোধ করিলে,

(ক) বিবাদীয় অস্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ ক্রোক করিতে পারিবেন। কিম্বা

(খ) আপীলক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণী যে ডিক্রী করিবেন, সেই ডিক্রীমতে উপযুক্তরূপে কার্য্য সাধন হইবার বিষয়ে কোর্ট যে জামিন লওয়া উচিত বোধ করেন রিস্পাণ্ডেণ্টের স্থানে সেই জামীন লইয়া, যে ডিক্রীর উপর আপীল হয় তাহা জারি করিবার অনুমতি দিতে পারিবেন। কিম্বা

(গ) যে ডিক্রীর উপর আপীল হয় সেই ডিক্রীমতে, কিম্বা আপীলক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী যে ডিক্রী করিবেন সেই ডিক্রীমতে উপযুক্তরূপে কার্য্য সাধন হইবার বিষয়ে কোর্ট যে জামিন লওয়া উচিত বোধ করেন, আপেলাণ্টের স্থানে সেই জামিন লইয়া, যে ডিক্রীর উপর আপীল হয় তাহা স্থগিত রাখিবেন। কিম্বা,

(ঘ) যে পক্ষ কোর্টের সাহায্য প্রার্থনা করেন, ঐ কোর্টের বিবেচনায় যে নিয়ম করা উচিত বোধ হয় তাঁহাকে সেই নিয়মের অধীন রাখিবেন, কিম্বা যে বিষয় ধরিয়া আপীল হয় সেই বিষয়ের জন্য যে আজ্ঞা উচিত বোধ করেন তাহা করিবেন ইতি।

১৮ ধারা। কোন পক্ষ উক্ত প্রকারে যে জামিন দেন, আপীল উপস্থিত থাকার কোন সময়ে সেই জামিন অকুলন জ্ঞান হইলে, কোর্ট বিপক্ষ পক্ষের প্রার্থনামতে আর জামিন দিবার আজ্ঞা করিতে পারিবেন।

জামিন অকুলন জ্ঞান হইলে তাহা বৃদ্ধি করিবার কথা।

কোর্টের আজ্ঞামতে আর জামিন না দেওয়া গেলে, যদি আপেলাণ্ট প্রথম জামিন দিয়া থাকেন তবে যে ডিক্রীর উপর আপীল হয় আপেলাণ্টের জামিন না দেওয়ারই মত আদালত রিস্পাণ্ডেণ্টের প্রার্থনামতে ডিক্রী জারী হইবার আজ্ঞা দিতে পারিবেন।

And if the original security was furnished by the respondent, the Court shall, so far as may be practicable, stay all further execution of the decree, and restore the parties to the position in which they respectively were when the security which appears inadequate was furnished, or give such direction respecting the subject-matter of the appeal as it thinks fit.

IV.—EXECUTION OF ORDERS OF HER MAJESTY IN COUNCIL.

Procedure to enforce orders of Queen in Council.

19. Whoever desires to enforce or to obtain execution of any order of Her Majesty in Council shall apply by petition, accompanied by a certified copy of the decree or order made in appeal and sought to be enforced or executed, to the Court from which the appeal to Her Majesty was preferred.

Such Court shall transmit the order of Her Majesty to the Court which made the first decree appealed from, or to such other Court as Her Majesty by her said order may direct, and shall (upon the application of either party) give such directions as may be required for the enforcement or execution of the same; and the Court to which the said order is so transmitted shall enforce or execute it accordingly, in the manner and according to the rules applicable to the execution of its original decrees.

Appeal against order relating to execution.

20. The orders made by the Court which enforces or executes the order of Her Majesty in Council relating to such enforcement or execution, shall be appealable in the same manner and subject to the same rules as the orders of such Court relating to the enforcement or execution of its own decrees.

Amendment of Act IX of 1871, schedule II. No. 169.

21. To the first column of No. 169 of the second schedule annexed to the Indian Limitation Act, 1871, the following words shall be added (that is to say), "or any order of Her Majesty in Council."

V.—MISCELLANEOUS.

Power to make rules.

22. The High Court may, from time to time, make general rules consistent with this Act to regulate—

(*a*) the service of notices under section nine,

[*Government Gazette, 7th April* 1874.]

যদি রিস্পাণ্ডেণ্ট প্রথম জামিন দিয়া থাকেন, তবে আদালত যত দূর পারেন তত দূর ডিক্রী জারীর আর২ কার্য্য স্থগিত রাখিয়া, যে জামিন অকুলন বলিয়া বোধ হইল সেই জামিন দিবার সময়ে উভয় পক্ষের পরস্পর যে অবস্থা ছিল, তাহাদিগের পুনরায় সেই অবস্থা করাইয়া দিবেন, কিম্বা যে বিষয় ধরিয়া আপীল হয় সেই বিষয়ের যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন ইতি।

---

৪ অধ্যায়।—মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর হুকুম জারী করিবার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা প্রবল করিবার কার্য্যপ্রণালীর কথা।

১৯ ধারা। কোন ব্যক্তি মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর কোন আজ্ঞা প্রবল করিতে কি তাঁহার হুকুম জারী করাইতে চাহিলে, যে কোর্টহইতে শ্রীশ্রীমতীর নিকট আপীল উপস্থিত করা যায়, সেই কোর্টে দরখাস্ত করিয়া, আপীলক্রমে যে ডিক্রী কি আজ্ঞা প্রবল কি জারী করাইতে প্রার্থনা হয়, দরখাস্তের সঙ্গে তাহার ঐ ডিক্রীর কি আজ্ঞার সর্টিফিকটযুক্ত নকল দিতে হইবে।

যে ডিক্রীর উপর আপীল হইল তাহা যে আদালত করিলেন, ঐ কোর্ট সেই আদালতে, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণী আপনার ঐ আজ্ঞাদ্বারা অন্য যে আদালতের আদেশ করেন সেই আদালতে শ্রীশ্রীমতীর ঐ আজ্ঞা পাঠাইবেন। ও কোন পক্ষের দরখাস্ত হইলে, ঐ আজ্ঞা প্রবল কি জারী করিবার যে উপদেশ দেওয়া প্রয়োজন তাহা দিবেন। ও তদ্রূপে যে আদালতের নিকট ঐ আজ্ঞা পাঠান যায় সেই আদালত যে প্রকারে ও যে বিধিমতে আপনার আসল ডিক্রী জারী করিয়া থাকেন উক্ত উপদেশ মানিয়া সেই প্রকারে ও সেই বিধিমতে ঐ আজ্ঞা প্রবল কি জারী করাইবেন ইতি।

ডিক্রীজারীকরণ সম্বন্ধীয় যে আজ্ঞা করা যায় তাহার উপর আপীলের কথা।

২০ ধারা। যে আদালত মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা প্রবল কি জারী করেন, সেই আদালত আপনার ডিক্রী প্রবল কি জারীকরণ বিষয়ে যে আজ্ঞা করেন তাহার উপর যে প্রকারে ও যে বিধিমতে আপীল হইতে পারে, ঐ আজ্ঞা প্রবল কি জারীকরণ সম্পর্কীয় যে আজ্ঞা করেন তাহার উপরও সেই প্রকারে ও সেই বিধিমতে আপীল হইতে পারিবে ইতি।

১৮৭১ সালের ৯ আইনের ২ তফসীলের ১৬৯ নং প্রকরণ সংশোধন হইবার কথা।

২১ ধারা। ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক ১৮৭১ সালের আইনের দ্বিতীয় তফসীলের ১৬৯ নং প্রকরণের প্রথম ঘরে "কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর" এই কথা সংযোগ করিয়া দিতে হইবে ইতি।

---

৫ অধ্যায়।—বিবিধ বিষয়।

বিধি করিবার ক্ষমতার কথা।

২২ ধারা। হাই কোর্ট সময়ে২ এই আইনসঙ্গত নিম্নলিখিত বিষয়ের সাধারণ বিধি করিতে পারিবেন।

(ক) ৯ ধারামতে নোটিস জারী করিবার বিধি।

(*b*) the grant or refusal of certificates, under sections ten and eleven, by Courts of final appellate jurisdiction subordinate to the High Court,

(খ) হাই কোর্টের অধীন যে আদালতের আপীলী মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিবার ক্ষমতা থাকে, সেই আদালত ১০ ও ১১ ধারামত সার্টিফিকট যে বিধিমতে দিবেন বা না দিবেন তাহা।

(*c*) the amount and nature of the security required under sections eleven, fourteen and ei hteen,

(গ) ১১ ও ১৪ ও ১৮ ধারামতে যত টাকার ও যে প্রকারের জামিন লইতে হইবে তাহার বিধি।

(*d*) the testing of such security,

(ঘ) ঐ জামিন পরীক্ষা করিয়া দেখিবার বিধি।

(*e*) the estimate of the cost of transcribing the record,

(ঙ) কাগজপত্র নকল করিবার খরচ নিরূপণের বিধি।

(*f*) the preparation, examination and certifying of such transcript,

(চ) ঐ নকল প্রস্তুত করিবার ও পরীক্ষা করিয়া দেখিবার ও সর্টিফিকট লিখিবার বিধি।

(*g*) the revision and authentication of translations,

(ছ) তর্জমা পুনর্দৃষ্টি করিবার ও প্রামাণিক করিবার বিধি।

(*h*) the preparation of indices to transcripts of records, and of lists of the papers not included therein,

(জ) যে কাগজপত্রের নকল করা যায় তাহার সূচীপত্র, ও তন্মধ্যে যে কাগজপত্র ধরা যায় নাই তাহার নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবার বিধি।

and all other matters connected with the enforcement of this Act.

এবং এই আইন প্রবল করণসম্পর্কীয় অন্য২ বিষয়ের বিধি।

Publication of rules.

All such rules shall be published in the local official Gazette, and shall thereupon have the force of law in the High Court and the Courts of final appellate jurisdiction subordinate thereto.

বিধি প্রকাশ করিবার কথা।

উক্ত সকল বিধি স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে। প্রকাশ হইলেই হাই কোর্টে এবং তাহার অধীন যে আদালতের আপীলী মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিবার ক্ষমতা থাকে সেই২ আদালতে, তাহা আইনের তুল্য বলবৎ হইবে।

Rules heretofore made.

All rules heretofore made and published by any High Court relating to appeals to Her Majesty in Council and in force immediately before the passing of this Act, shall, so far as they are consistent with this Act, be deemed to have been made and published hereunder.

ইতিপূর্ব্বে যে বিধি করা গিয়াছে তাহার কথা।

ইতিপূর্ব্বে কোন হাই কোর্ট মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রী শ্রীমতী মহারাণীর নিকট আপীল বিষয়ক যে সকল বিধি প্রণয়ন করিয়া প্রকাশ করিলেন, তাহা এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পূর্ব্বে প্রবল থাকিলে, এই আইনের সহিত যত দূর সঙ্গত হয় তত দূর এই আইনমতে প্রণীত ও প্রকাশিত বলিয়া জ্ঞান হইবে ইতি।

Recorder of Rangoon.

23. In sections four and twenty-two, the expression 'High Court' shall be deemed to include also the Recorder of Rangoon, but not so as to empower him to make rules binding on Courts other than his own Court.

রাঙ্গুনের রিকার্ডর সাহেবের কথা।

২৩ ধারা। ৪ ও ২২ ধারার 'হাই কোর্ট' শব্দে রাঙ্গুনের রিকার্ডর সাহেবও গণ্য আছেন এমত জ্ঞান হইবে। হইলেও তাঁহার নিজ আদালত ভিন্ন অন্য আদালতে যাহা প্রবল হইবে তাঁহার এমত বিধি করিবার ক্ষমতা নাই ইতি।

Construction of Bengal Regulation III of 1828, section 4, clause 5.

24. The rules and restrictions referred to in Bengal Regulation III of 1828, section four, clause five, shall be deemed to be the rules and restrictions applicable to appeals under this Act from the decisions of the High Court of Judicature at Fort William in Bengal.

বঙ্গীয় ১৮২৮ সালের ৩ আইনের ৪ ধারার ৫ প্রকরণের অর্থের কথা।

২৪ ধারা। ১৮২৮ সালের বঙ্গীয় ৩ আইনের ৪ ধারার ৫ প্রকরণে যেই বিধির ও নিষেধের উল্লেখ হইয়াছে, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের নিষ্পত্তির উপর এই আইনমতে যে আপীল হয় সেই আপীলের প্রতি সেই২ বিধি ও নিষেধ খাটে এমত জ্ঞান করিতে হইবে।

Saving of Her Majesty's pleasure,

25. Nothing herein contained shall be understood—

(*a*) to bar the full and unqualified exercise of Her Majesty's pleasure in receiving or rejecting appeals to Her Majesty in Council, or otherwise howsoever, or

and of the rules for the conduct of business before the Judicial Committee.

(*b*) to interfere with any rules made by the Judicial Committee of the Privy Council and for the time being in force for the presentation of appeals to Her Majesty in Council, or their conduct before the said Judicial Committee.

২৫ ধারা। (ক) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট যে আপীল করা যায় শ্রীশ্রীমতী সম্পূর্ণ ও অবাধিতরূপে তাহা স্বেচ্ছামতেই গ্রাহ্য কি অগ্রাহ্য করিতে পারেন কিম্বা প্রকারান্তরে তাহা লইয়া করিতে পারিবেন এই আইনের কোন কথায় তাঁহার সেই ক্ষমতার নিবৃত্তি হইল এমত জ্ঞান করিতে হইবে না।

শ্রীশ্রীমতীর ইচ্ছা প্রবল রাখিবার কথা।

(খ) ঐ মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল উপস্থিত করণ কিম্বা প্রিবি কৌনসেলের জুডিশ্যাল কমিটীর সম্মুখে আপীল সম্পর্কীয় কার্য্য চালানবিষয়ে ঐ জুডিশ্যাল কমিটীর প্রণীত যে বিধি যৎকালে প্রবল থাকে, এই আইনের কোন কথায় তাহার ব্যতিক্রম হইল এমত জ্ঞান করিতে হইবে না।

ও জুডিশ্যাল কমিটীর সম্মুখে কার্য্য নিষ্পাদন করিবার বিধিরক্ষার কথা।

SCHEDULE.

(*See Section* 2.)

ENACTMENTS REPEALED.

No. and year of enactment.	Title or abbreviated Title.	Extent of repeal.
	A.—REGULATIONS.	
Bengal Regulation XVI of 1797.	A Regulation respecting Appeals from the Court of Sudder Dewanny Adawlut to His Most Excellent Majesty and His Most Honourable Privy Council.	The whole.
Bengal Regulation V of 1803.	A Regulation for empowering the Sudder Dewanny Adawlut to try Appeals from the Decisions of the Provincial Court of Appeal established in the Provinces ceded by the Nawaub Vizier, &c	So much as has not been repealed.
Madras Regulation VIII of 1818.	A Regulation prescribing the Rules under which Appeals may be preferred to the King's Most Excellent Majesty in his Privy Council, from the Decisions of the Court of Sudder Adawlut at Fort Saint George.	Ditto.
Bombay Regulation IV of 1827.	A Regulation prescribing the Forms of Proceeding of the Courts of Law in Civil Suits and Appeals, and Rules for the Trial of the same	Section one hundred.

তফসীল।

(২ ধারা দেখ।)

যেং আইন রহিত হইল।

নম্বর ও সাল	নাম কি সংক্ষেপ নাম	যত দূর রহিত হইল।
	ক।—আইন	
১৭৯৭ সা, ১৬ আ.	প্রচণ্ড প্রতাপ শ্রীযুত ইংরাজের বাদসাহের এবং তাঁহার খাস কৌন্সেলী সাহেবদিগের হজুরে সদর-দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া মোকদ্দমা সকলের আপীল করিবার আইন	সম্পূর্ণ।
১৮০৩ সা. ৫ আ.	মান্যবর ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির প্রতি শ্রীযুত নবাব উজীরের দত্ত প্রদেশে স্থাপিত প্রবিন্সল আপিল আদালতের নিষ্পত্তির উপর আপীল বিচার করণার্থে সদর দেওয়ানী আদালতের প্রতি ক্ষমতা দান করণ প্রভৃতি বিষয়ক আইন	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই।
১৮১৮ সা. মান্দ্রাজের ৮ আ.	ফোর্ট সেণ্ট জর্জের সদর আদালতের নিষ্পত্তির উপর যে বিধিমতে মহামহিম শ্রীল শ্রীযুত রাজার প্রিবিকৌন্সেলে আপীল হইতে পারিবে তাহা নির্দ্দিষ্ট করণার্থ আইন	ঐ
১৮২৭ সা, বোম্বাইয়ের ৪ আইন	দেওয়ানী ও আপীলী মোকদ্দমায় আদালতের কার্য্য-প্রণালী নির্দ্দিষ্ট করিবার ও সেইং মোকদ্দমার বিচার করিবার বিধান করণার্থ আইন	১০০ ধারা।

No. and year of enactment.	Title or abbreviated Title.	Extent of repeal.
	B.—ACTS.	
Act II of 1844.	An Act respecting the Expenses of preparing Copies of Proceedings in Appeals.	The whole.
Act XXV of 1852.	An Act for the execution of decrees made in appeal by Her Majesty in Council, &c.	So much as has not been repealed.
Act II of 1863.	An Act to regulate the admission of Appeals to Her Majesty in Council from certain Judgments and Orders in Provinces not subject to the General Regulations.	The whole.
	C.—STATUTES.	
13 George III, cap. 63.	An Act for establishing certain Regulations for the better Management of the Affairs of the East India Company, as well in India as in Europe.	Section eighteen.
37 George III, cap. 142.	An Act for the better Administration of Justice at Calcutta, Madras and Bombay, &c.	Section sixteen.

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

নম্বর ও সাল	নাম কি সংক্ষেপ নাম	যত দূর রহিত হইল।
	খ।—আক্ট	
১৮৪৭ সা. ২ অ.	আপীলের কাগজপত্রের নকল প্রস্তুত করণের খরচ বিষয়ি আইন	সম্পূর্ণ
১৮৫২ সা. ২৫ আ.	আপীলক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে যে ডিক্রী হয় তাহা জারী করণ প্রভৃতি বিষয়ক আইন	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই সেই অংশ।
১৮৬৩ সা. ২ আ.	সাধারণ আইনের বহির্ভূত প্রদেশের কোন২ নিষ্পত্তির ও আজ্ঞার উপর হজুর কোন্‌সেলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল গ্রাহ্য হইবার বিধান করণার্থ আইন	সম্পূর্ণ।
	গ।—রাজ ব্যবস্থা	
তৃতীয় জর্জের ১৩ বৎসরের ৬৩ অধ্যায়	ইউরোপ দেশে যেমন, ভারতবর্ষেও তেমনি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির কার্য্য ব্যাপারের আর ও উত্তমরূপে অধ্যক্ষতা করিবার কএক বিধান করণার্থ আইন	১৮ ধারা।
তৃতীয় জর্জের ৩৭ বৎসরের ১৪২ অধ্যায়	কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইয়ে ন্যায় বিচার হইবার সুবিধান প্রভৃত করণার্থ আইন।	১৬ ধারা।

উইটলি ষ্টোকস,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ণ.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 7, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ৭ আপ্রিল।

PART IV.

Bills of the Legislative Council of India.

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষের আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF INDIA.

Legislative Department.

The following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 24th March 1874, and was referred to a Select Committee with instructions to make their report thereon in two months:—

No. 5 of 1874.

A Bill to diminish the multitude and improve the quality of Law Reports, and to extend the area of their authority.

Preamble.

Whereas it is expedient to diminish the multitude and expense of the law reports published in British India, and to improve their quality, and to extend the local limits of the authority of properly reported decisions of the High Courts of Judicature established under the twenty-fourth and twenty-fifth of Victoria, cap. 104:

And whereas with a view to furthering these objects, the Governor-General in Council proposes

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৪ সালের মার্চ মাসের ২৪ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল, ও দুই মাসের মধ্যে তাঁহাদের রিপোর্ট করিতে আদেশ হইল।

১৮৭৪ সালের ৫ নম্বর।

লা রিপোর্টের সংখ্যা ন্যূন, ও শ্রেষ্ঠতা বৃদ্ধি, ও প্রামাণ্যের ব্যাপকতা বিস্তৃত করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে যে লা রিপোর্ট প্রকাশ হইয়া থাকে তাহার সংখ্যা ও খরচ ন্যূন ও তাহার শ্রেষ্ঠতা বৃদ্ধি করিয়া দেওয়া বিহিত, এবং মহারাণী বিকটরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়মতে যেং হাই কোর্ট স্থাপিত হইয়াছে তাহার নিষ্পত্তির যথাবিহিত রিপোর্ট হইলে সেই রিপোর্ট প্রামাণ্য বলিয়া গ্রাহ্য হইবার স্থান বিস্তৃত করা বিহিত,

আরো উক্ত হাই কোর্টে যেং মোকদ্দমার নিষ্পত্তি হয় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব

to authorize the publication of reports of cases decided by the said High Courts, to be called the Indian Authorized Law Reports; It is hereby enacted as follows :—

Short title.

1. This Act may be called "The Indian Law Reports Act, 1874."

Local extent.

It extends to the whole of British India;

Commencement.

And it shall come into force on the first day of January 1875.

Limits of authority of authorized reports extended.

2. Every judgment delivered on or after the said day by any of the said High Courts (whether by a Judge sitting alone, or by a Division Court, or by a Full Bench) and reported in the said Indian Authorized Law Reports, shall have the same authority in all subordinate Courts beyond the limits of the appellate jurisdiction of such High Court as independently of this Act it would have within such limits.

All Courts other than Courts established under the twenty-fourth and twenty-fifth of Victoria, cap. 104, shall be deemed to be "subordinate Courts" within the meaning of this section.

Authority given only to authorized reports after passing of Act.

3. No Court shall be bound to hear cited or shall receive or treat as an authority binding on it the report of any case decided by any of the said High Courts on or after the said day, other than a report published under the authority of the Governor-General in Council.

Authority of judicial decisions.

4. Save as provided by section two, nothing herein contained shall be construed to give to any judicial decision any further or other authority than it would have had if this Act had not been passed.

STATEMENT OF OBJECTS AND REASONS.

This Bill has been framed on the assumption that law-reporting in India should be regarded

উক্ত অভিপ্রায় সিদ্ধ করণার্থে, সেইং মোকদ্দমার রিপোর্ট প্রকাশ করিবার অনুমতি দিয়া "ভারতবর্ষীয় প্রামাণিক লা রিপোর্ট" নামে প্রকাশ হইবার প্রস্তাব করিয়াছেন। এইং কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় লা রিপোর্ট বিষয়ক ১৮৭৪ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত তাবদ্দেশে ব্যাপ্ত হইবে।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

ও ১৮৭৫ সালের জানুআরি মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইবে ইতি।

অনুমতিমতে রিপোর্ট প্রকাশ হইলে যেং সীমার মধ্যে তাহা প্রামাণ্য বলিয়া গ্রাহ্য হইবে সেই সীমা বিস্তৃত করিবার কথা।

২ ধারা। পূর্ব্বোক্ত দিনে কি তৎপরে পূর্ব্বোক্ত কোন হাই কোর্টের এক জন জজ অধিবিষ্ট হইয়া, কিম্বা ডিবিজন কোর্ট অর্থাৎ কএক জন জজ, কিম্বা ফুল বেঞ্চ অর্থাৎ সকল জজ সাহেব একত্র অধিবিষ্ট হইয়া যে নিষ্পত্তি করেন, এই আইন প্রচলিত না হইলে ঐ হাই কোর্টের আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতাধীন স্থানে ঐ নিষ্পত্তি যেমন প্রমাণিক জ্ঞান হয়, ভারতবর্ষীয় প্রামাণিক লা রিপোর্টে তাহার রিপোর্ট প্রকাশ করা গেলে, ঐ ক্ষমতাধীন স্থানের বহির্ভূত স্থানেও নিম্নতর সকল আদালতে ঐ নিষ্পত্তি তেমনি প্রামাণিক হইবে।

বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়মতে যেং কোর্ট স্থাপিত হইয়াছে, তদ্ভিন্ন সকল আদালত এই ধারার তাৎপর্য্যানুসারে "নিম্নতর আদালত" বলিয়া জ্ঞান হইবে ইতি।

এই আইন প্রচলিত হইবার পর কেবল অনুমতিমতে প্রকাশিত রিপোর্ট প্রামাণিক হইবার কথা।

৩ ধারা। উক্ত দিবসাবধি উক্ত অন্যতর হাই কোর্টের কোন নিষ্পত্তির যে রিপোর্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে প্রকাশ করা যায়, কোন আদালত তদ্ভিন্ন কোন মোকদ্দমার নিষ্পত্তির রিপোর্টের উল্লেখ শুনিতে কি ঐ রিপোর্ট গ্রাহ্য করিতে কিম্বা মান্য বলিয়া প্রামাণিকস্বরূপ জ্ঞান করিতে বদ্ধ নহেন ইতি।

আদালতের নিষ্পত্তির প্রামাণ্যের কথা।

৪ ধারা। এই আইন প্রচলিত না হইলে কোন আদালতের নিষ্পত্তি যত দূর ও যদ্রূপে প্রামাণিক বলিয়া জ্ঞান হইত, কেবল দ্বিতীয় ধারার নির্দ্দিষ্ট স্থল ভিন্ন এই আইনের কোন কথার বলে ঐ নিষ্পত্তি তাহার অধিক কি অন্যরূপে প্রামাণিক হইবে না ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ভারতবর্ষের মধ্যে মোকদ্দমার নিষ্পত্তির রিপোর্ট করা ব্যবস্থাপন কার্য্যের শাখাস্বরূপ জ্ঞান করা উচিত

as a branch of legislation, and on the corollary that such work, so far at least as regards the decisions of the four High Courts, should be performed under the superintendence of Government.

এবং অন্ততঃ চারিটি হাই কোর্টের নিষ্পত্তি পক্ষে সেই রিপোর্ট গবর্ণমেণ্টের তত্ত্বাধীনে প্রকাশ করা কর্ত্তব্য ইহা সিদ্ধান্ত জ্ঞান করিয়া এই আইনের পাণ্ডুলিপি প্রণীত হইল।

Improvements in quality and arrangement may reasonably be expected from having the decisions of the High Courts reported only by competent persons and revised by a central editor. And it is desirable, and is one of the objects of the present Bill, to extend the local limits of the authority of decisions so reported and revised.

কেবল সুযোগ্য ব্যক্তিদের দ্বারা হাই কোর্টের নিষ্পত্তির রিপোর্ট হইলে ও একি জন উত্তম সম্পাদক দ্বারা পুনর্দৃষ্ট হইলে, ঐ রিপোর্টের শ্রেষ্ঠতা ও সুনিয়ম রক্ষা হওয়া সম্ভাবনা। ঐ২ নিষ্পত্তি যে স্থানে প্রামাণ্য বলিয়া গ্রাহ্য হয় পূর্ব্বোক্ত প্রকারে রিপোর্ট হইয়া পুনঃদৃষ্ট হইলে, তাহা আরো বিস্তৃত স্থানে গ্রাহ্য হওয়া উচিত জ্ঞান হওয়াতে তদ্বিষয়ের বিধান করা।এই পাণ্ডু- অন্য উদ্দেশ্য।

At present a decision (say) of the High Court at Fort William is binding only in the Lower Provinces. The Bill declares that every judgment delivered by any High Court and reported in the Government Reports shall be binding on all subordinate Courts throughout British India; and the Chief Court of the Panjáb, and the Courts of the Recorder of Rangoon and the Judicial Commissioners, are declared to be 'subordinate Courts' for the purpose only of the Bill.

এইক্ষণে কোন হাই কোর্টের নিষ্পত্তি কেবল ঐ হাই কোর্টের ক্ষমতাধীন দেশে মান্য। যথা কলিকাতার হাই কোর্টের নিষ্পত্তি কেবল বঙ্গপ্রভৃতি দেশে মান্য। এই পাণ্ডুলিপিতে বিধান হইল যে, কোন হাই কোর্টের যে নিষ্পত্তি গবর্ণমেণ্টের রিপোর্টে প্রকাশ করা যায় তাহা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত সমস্ত অধীন আদালতে মান্য হইবে। এবং কেবল এই পাণ্ডুলিপির কার্য্যপক্ষে পঞ্জাবের উচ্চতর আদালত ও রাঙ্গুনের রিকার্ডরের আদালত ও জুডিশ্যাল কমিশ্যনর সাহেবদের আদালত নিম্নতর আদালত বলিয়া প্রকাশ করা গেল।

At present, again, six sets of Reports are published in India, at an annual cost to the purchaser of about Rs. 300. To diminish the number and expense of the Reports which professional men must buy and read, is another object of the Bill. With this view, it declares that no Court shall be bound to hear cited, or shall treat as a binding authority, the report of any case decided by any High Court after the 1st January 1875, other than a report published under the authority of Government. Under the Evidence Act, section 84, the Courts will presume the genuineness of the authorized reports.

আরো এইক্ষণে ভারতবর্ষের মধ্যে ছয় প্রস্থ রিপোর্ট প্রকাশ হইয়া থাকে। তজ্জন্যে ক্রেতাদের বৎসর ৩০০৲ টাকা করিয়া লাগে। যাঁহারা ব্যবহারাজীব তাঁহারদের সেই রিপোর্ট ক্রয় করিয়া পাঠ করা আবশ্যক, অতএব ঐ২ রিপোর্টের সংখ্যা ও খরচ হ্রাস করা এই পাণ্ডুলিপির অন্য উদ্দেশ্য। এই হেতুক এই বিধান হইল যে, ১৮৭৫ সালের জানুআরি মাসের ১ তারিখের পর কোন হাই কোর্টের যে মোকদ্দমার নিষ্পত্তি গবর্ণমেণ্টের অনুমতি- ক্রমে প্রকাশিত হয়, সেই নিষ্পত্তির রিপোর্টছাড়া কোন আদালত অন্য রিপোর্টের উল্লেখ শুনিতে, কিম্বা অন্য রিপোর্ট প্রামাণিক বলিয়া মানিতে বদ্ধ নহেন। অনুমতিক্রমে রিপোর্ট প্রকাশ করা গেলে সাক্ষ্য- বিষয়ক আইনের ৮৪ ধারামতে সকল আদালত সেই রিপোর্ট প্রকৃত বলিয়া জ্ঞান করিবেন।

Cases decided on local Acts and of no general application will, when of sufficient importance to be reported, be published in separate volumes.

স্থানীয় কোন আইন ধরিয়া যে মোকদ্দমার নিষ্পত্তি হয় তাহা সাধারণমতে বর্ত্তিতে না পারিয়াও রিপোর্ট হইবার উপযুক্ত হইলে, স্বতন্ত্র পুস্তকে প্রকাশ করা যাইবে।

A. Hobhouse.

The 17th March 1874.

এ হবহৌস।

১৮৭৪ সাল ১৭ মার্চ্চ।

Whitley Stokes,
Secy. to the Govt. of India.

হুইট্‌লি ষ্টোকস,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

John Robinson, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 7, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ৭ আপ্রিল।

PART VI.

Bills of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 28th of March 1874, and was referred to a Select Committee, who are to report thereon within ten days:—

A Bill to amend Act VIII of 1871 (for the better regulation of Markets in Calcutta, and to empower the Justices to establish Municipal Markets).—

Preamble.

WHEREAS it is expedient to amend the Calcutta Markets Act, 1871, and to give further power to the Justices of the Peace for the Town of Calcutta to acquire land by purchase, lease, or otherwise, for the purpose of providing municipal markets, and to borrow money for the like purpose, and to

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৪ সালের মার্চ মাসের ২৮ তারিখে বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল ও তদ্বিষয়ে তাঁহারদের দশ দিনের মধ্যে রিপোর্ট করিবার আজ্ঞা হইল।

কলিকাতার বাজারের আরো উত্তম বিধান করিবার এবং জষ্টিসদের প্রতি মুনিসিপল বাজার স্থাপন করিবার ক্ষমতা প্রদানার্থ ১৮৭১ সালের ৮ আইন সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতার বাজার বিষয়ক ১৮৭১ সালের আইন সংশোধন করা, ও কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি মুনিসিপল বাজার করিবার জন্যে জমী ক্রয় করিয়া কি পাট্টা করিয়া লইয়া কি অন্য প্রকারে অধিকার করিবার, ও সেই উদ্দেশে ঋণ লইবার, ও সেই২ বাজারের বিধান করিয়া তাহার খরচ পোষাইবার

regulate and maintain such markets, it is enacted as follows:—

Interpretation clause.

1. In this Act, unless there be something repugnant in the subject or context—

The Justices.

"The Justices" mean the Justices of the Peace for the Town of Calcutta.

Market.

"Market" means Municipal Market.

Lieutenant-Governor.

"Lieutenant-Governor" means the Lieutenant-Governor" of Bengal.

Repeal of Acts.

2. The following words and sections in Bengal Act VIII of 1871 are hereby repealed:

In Section 2 the words "and the said Justices shall grant such license whenever it shall be certified to them in writing, under the hand of the Health Officer of the Justices, that such place is fit to be used as a market."

Section 3.

In Section 4, the words "unless such place shall have been used as a market for the sale of similar articles at the time of the passing of this Act."

Sections 6, 7, 8, and 9.

But such repeal shall in no way affect places in respect of which licenses have been granted or which have been registered under the provisions of Bengal Act VIII of 1871, and such places shall still remain subject to the provision of such last-mentioned Act as if this Act had never been passed.

Power to Justices to acquire land for markets.

3. It shall be lawful for the Justices from time to time, if they shall think fit, with the sanction of the Lieutenant-Governor, to acquire land by purchase, lease, or otherwise, in order to provide places within the limits of the Town of Calcutta, for the purpose of being used as markets, and for the like purpose to purchase or take on lease any land, now used within such limits, as a market, or registered as such, upon such terms, or subject to such conditions as they may consider necessary, and to appropriate any lands now vested or belonging to them, and to set out the whole or such parts thereof as they may think necessary, for the purposes of such markets, and thereupon from time to time to build and maintain such markets, and such stalls, sheds, pens, and other buildings or conveniences for the use of the persons frequenting such

অধিক ক্ষমতা দেওয়া বিহিত। এই কারণে এইং বিধান হইল।

অর্থকরণের ধারা।

১ ধারা। বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর প্রকাশ না হইলে, এই আইনে,

"জষ্টিস"

"জষ্টিস" শব্দে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদিগকে বুঝাইবে।

"বাজার"

"বাজার" শব্দে মুনিসিপাল বাজার বুঝাইবে।

লেপ্টেনেণ্ট গবরনর।

"লেপ্টেনেণ্ট গবরনর" শব্দে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবকে বুঝাইবে ইতি।

আইন রহিত হইবার কথা।

২ ধারা। ১৮৭১ সালের বঙ্গীয় ৮ আইনের এইং কথা ও এইং ধারা রহিত করা গেল।

২ ধারার এইং কথা, "জষ্টিসদের স্বাস্থ্যরক্ষক সাহেব আপনার স্বাক্ষরিত লিপিদ্বারা সেই স্থান, বাজারের উপযুক্ত স্থান বলিয়া সর্টিফিকট দিলে, উক্ত জষ্টিসেরা সেই অনুমতিপত্র দিবেন।"

৩ ধারা।

৪ ধারার এইং কথা, "এই আইন প্রচলিত হইবার সময়ে মাংস, মাচ, ফল ও শাকসবজী বিক্রয় করিবার বাজার বলিয়া যে স্থানের ব্যবহার হইয়া থাকে এমত স্থানভিন্ন।"

৬, ৭, ৮ ও ৯ ধারা।

কিন্তু ঐং কথা ও ধারা রহিত হইলেও, ১৮৭১ সালের বঙ্গীয় ৮ আইনের বিধানমতে যেং স্থানের বিষয়ে অনুমতিপত্র দেওয়া গিয়াছে কিম্বা যেং স্থান রেজিষ্টরী করা গিয়াছে তাহার কিছুমাত্র অন্যথা হইবে না। এই আইন প্রচলিত না হওয়ার মত ঐং স্থান উক্ত ৮ আইনের বিধানের বশে থাকিবে ইতি।

বাজার করিবার নিমিত্ত জষ্টিসদের ভূমি লইবার ক্ষমতার কথা।

৩ ধারা। কলিকাতা নগরের সীমার মধ্যে বাজার-স্বরূপ যে স্থানের ব্যবহার হইবে, জষ্টিসেরা সময়েং বিহিত বোধ করিলে এমত স্থান নিরূপণ করিয়া দিবার নিমিত্ত, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া, ক্রয় করিয়া কি পাট্টা করিয়া কি অন্য প্রকারে ঐ ভূমি লইতে পারিবেন, ও সেই সীমার মধ্যে এইক্ষণে বাজার বলিয়া যে ভূমির ব্যবহার হইয়া থাকে কিম্বা যে ভূমির রেজিষ্টর হইয়াছে, তাঁহারা সেই উদ্দেশে যে বিধি ও যে নিয়ম আবশ্যক জ্ঞান করেন তদনুসারে সেই ভূমিও ক্রয় করিতে কি পাট্টা করিয়া লইতে পারিবেন, ও এইক্ষণে তাহারদের প্রতি যে ভূমি বর্ত্তে কি তাঁহারদের যে ভূমি আছে তাহাও ঐ কার্য্যে নিরূপণ করিতে পারিবেন ও সেই সমুদয় ভূমি কি তাহার যে অংশ আবশ্যক বোধ করেন তাহা তদ্রূপ বাজারের উপলক্ষে নিরূপণ করিতে পারিবেন, তাহা করিলে তাঁহারা সময়েং ঐং বাজার নির্ম্মাণ ও রক্ষা করিয়া যেং ব্যক্তিরা সর্ব্বদাই ঐ বাজারে গিয়া

markets, and for weighing and measuring goods sold in such markets and on such lands as aforesaid, or on other land purchased for that purpose to make and maintain all such roads and approaches thereto as they may think necessary, and from time to time to make such bye-laws as they may think fit for all or any of the following purposes:—

and to make bye-laws.

(*a*) For regulating the control and use of such markets, and the buildings, stalls, pens and standings therein, and for preventing nuisances or obstructions therein or in the immediate approaches thereto.

(*b*) For preventing the use therein of false or defective weights, scales, or measures.

(*c*) For preventing the sale or exposure for sale therein of unwholesome meat, fish, or provisions.

No. 158.—*Notification.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is likely to be required to be taken by Government at the public expense for a public purpose, viz. for outfalls for Nos. 1 and 2 Pongah Syphons, High Level Canal, Section 2, it is hereby notified, under Section 4 of Act X of 1870, that, for the above purposes, two strips of land, measuring 17¾ acres and 6¼ acres respectively, are likely to be required. The first strip of land is situated in Mouzah Pongah, Killah Mudpoor, Zillah Cuttack, and the second in Mouzah Sahajea, Killah Mudpoor, Zillah Cuttack. Both strips of land are bounded by the High Level Canal, Section 2, on the north, the river Pattia on the south, and lands of the aforesaid villages of Pongah and Sahajea on the east and west.

J. F. STODDARD, *Col.*, M.S.C.,
For Offg. Joint Secy. to the Govt. of Bengal,
in the P. W. D., Irrigation Branch.

১৫০ নম্বর।—স্থানান্তরে প্রেরণের কথা।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ জে কেহি সাহেব গণ্ডক চক্রের জরীপী কার্য্যের খণ্ডহইতে হাই লেবেল খালের খণ্ডে প্রেরিত হইয়াছেন।

১৫১ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ জে কেহি সাহেব ১৮৭৪ সালের আপ্রিল মাসের ৯ তারিখের পূর্ব্বাহ্নে গণ্ডকচক্রে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৪ সাল ২০ আপ্রিল।

১৫২ নম্বর।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট নিম্নলিখিত যে জ্ঞাপনপত্র প্রকাশ করিলেন, তাহা জানার্থে প্রকাশ করা যাইতেছে।—

১৮৭৪ সালের ১৭ আপ্রিলের ২২৯ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ টি শোন সাহেব আর, ই, পঞ্জাবের জলসেচন শাখাহইতে বঙ্গদেশের জলসেচন শাখায় স্থানান্তরিত হইয়াছেন।

১৫৩ নম্বর।—স্থানান্তরে প্রেরণের কথা।—প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত ডবলিউ জনষ্টন সাহেব গণ্ডক চক্রের জরীপি খণ্ডহইতে নিম্নদেশের গণ্ডকের বাঁধ খণ্ডে প্রেরিত হইয়াছেন।

১৫৪ নম্বর।—স্থানান্তরে প্রেরণের কথা।—নিম্নলিখিত কর্ম্মকারকেরা গণ্ডক চক্রের জরীপী খণ্ড-হইতে হাই লেবেল খালের খণ্ডে নিযুক্ত হইয়াছেন।

তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি ই আবট সাহেব।

তৃতীয় শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়র শ্রীযুত বাবু সর্ব্বেশ্বর সিংহ।

১৫৫ নম্বর।—তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে আর এয়েস্টন সাহেব গণ্ডক চক্রের জরীপী খণ্ডহইতে হাই লেবেল খালের খণ্ডে নিযুক্ত হইয়াছেন।

১৫৬ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ সিমন সাহেব ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১১ তারিখের অপরাহ্নে শ্রীযুত এফ জি ব্রুকস সাহেবের স্থানে গণ্ডক চক্রের জরীপী খণ্ডের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৫৭ নম্বর।—নিয়োগ।—শ্রীযুত বাবু যোগেন্দ্র চন্দ্র মুখোপাধ্যায় পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন ওবরসিয়রের কর্ম্মে পুনরায় নিযুক্ত হইয়া গণ্ডক চক্রে অবস্থিত হইয়াছেন।

১৮৭৪ সাল ২০ আপ্রিল।

১৫৮ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ হাই লেবেল খালের ২ সেকশনের ১ ও ২ নং পোক্তা সাইফনের জল নির্গত হইবার স্থান করিবার নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণ-মেণ্টের ভূমি লওয়ার প্রয়োজন হইতে পারে, এই কথা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট প্রকাশ হওয়াতে ১৮৭০ সালের ১০ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল, উক্ত কার্য্যের নিমিত্ত ১৭৫ একর ও ৬। একর পরিমাণের দুই খণ্ড ভূমির প্রয়োজন হইতে পারিবে। প্রথম খণ্ড কটক জিলার মদপুর কিল্লার পোক্তা মৌজায়, দ্বিতীয় খণ্ড কটকজিলার মদপুর কিল্লার সাহাজিয়া মৌজায় আছে। উভয় খণ্ডের উত্তর সীমা হাই লেবেল খালের ২ সেকশন, দক্ষিণ সীমা পাতিয়া নদী, পূর্ব্ব ও পশ্চিম সীমা উক্ত পোক্তা ও সাহাজিয়া গ্রামের জমী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে
জে এফ ষ্টডার্ড, কর্ণেল, এম, এস, সি।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 28, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ২৮ আপ্রিল ।

PART IV.

Bills of the Legislative Council of India.

চতুর্থ খণ্ড ।

ভারতবর্ষের আইনের পাণ্ডুলিপি ।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

We, the undersigned Members of the Select Committee to which the Bill to regulate the Procedure of the High Courts in the exercise of their Original Criminal Jurisdiction, and for other purposes was referred, have the honour to report that we have considered the Bill and the papers noted in the margin.

From Secretary to Government of Bengal, No. 6629, dated 23rd December 1871.
„ Registrar, High Court, Calcutta, No. 122, dated 10th February 1872.
„ Chief Secretary to Government, Bombay, No. 1016, dated 4th March 1872, and enclosures.
From Chief Secretary to Government, Madras, No. 45, dated 2nd April 1872, and enclosures.
Endorsement, Home Department, No. 69J, dated 10th January 1873, forwarding letter from Government of Bengal, No. 35, dated 3rd January 1873, and enclosures.
Endorsement, Home Department, No. 404J, dated 20th February 1873, forwarding letter from Chief Secretary to Government, Madras, No. 1707, dated 31st December 1872, and enclosures.
Note by Hon'ble A. G. Macpherson, dated 29th March 1873.
„ by R. Belchambers, Esq.
From Under-Secretary to Government of Bombay, No. 3489, dated 26th June 1873, and enclosures.
From Secretary to Government of Bengal, No. 3848, dated 20th August 1873.
Endorsement, Home Department, No. 1657J, dated 2nd October 1873, forwarding letter from Government of Bengal, No. 6131, dated 28th November 1871, and enclosures.
From Registrar, High Court, Calcutta, No. 40, dated 27th January 1874.
From Secretary to Government, North-Western Provinces, No. 27, dated 29th January 1874, and enclosures.
From Honorary Secretary, Bombay Association, dated 28th January 1874, and enclosure.
From Registrar, High Court, Calcutta, No. 55, dated 7th February 1874, and enclosure.
Observations by J. Pitt Kennedy, Esq.
From Secretary to Government, Panjáb, No. 744, dated 21st February 1874, and enclosures.
Office Memorandum, Home Department, No. 379, dated 9th March 1874, and enclosures.
From Chief Secretary to Government, Madras, No. 385, dated 6th March 1874, and enclosures.

2. The Bill as introduced not only dealt with the Criminal Procedure of the four High Courts and the Chief Court of the Panjáb, but also extended certain parts of the Criminal Procedure Code to the Courts of the Police Magistrates and to the Police of the Presidency towns. The course of discussion on the two parts of the Bill has led us to think this combination undesirable, and we have accordingly divided the Bill into two, one dealing with the procedure of the High Courts, the other with that of the Courts of the Police Magistrates. The Presidency Police should, we think, be untouched.

The present report relates only to the criminal procedure of the High Courts.

3. We have altered the definition of 'Clerk of the Crown' (who must always be an officer of the Court) so as to preserve to each Chief Justice the power of appointing such officers which is conferred on him by the Letters Patent of the several High Courts.

4. We have omitted, as useless, in clause 4, the words 'four times at the least in every year.'

5. We have provided (clause 7) that the person charged shall be entitled to a copy of his own examination before the committing Magistrate.

6. With reference to section 24 of the Letters Patent, we have made clause 8 (as to the effect of the charge) apply also to charges preferred by the Advocate General, or by any Magistrate or other officer specially empowered by Government.

7. We have altered clause 9 so as to make it expressly include the case where a portion only of a charge appears unsustainable, and we have extended the clause to cases in which,

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মনোনীত কমিটির নিম্নলিখিত রিপোর্ট ও তাঁহাদের নির্দ্ধারিত আইনের পাণ্ডুলিপি ১৮৭৪ সালের আপ্রিল মাসের ৭ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভায় অর্পণ করা গেল।

ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচার করণার্থে হাই কোর্টের যে ক্ষমতা থাকে তদনুসারে ঐ কোর্টের কার্য্য করিবার প্রণালী ও অন্যান্য কার্য্য বিষয়ক আইনের পাণ্ডুলিপি মনোনীত কমিটী আমাদের প্রতি অর্পিত হইলে, আমরা সম্মানপূর্ব্বক এই রিপোর্ট করিলাম। সেই পাণ্ডুলিপি ও পার্শ্বলিখিত পত্রাদি বিবেচনা করিয়াছি।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭১ সালের ২৩ ডিসেম্বরের ৬৬২৯ নং পত্র।

কলিকাতার হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের ১৮৭২ সালের ১০ ফেব্রুআরির ১২২ নং পত্র।

বোম্বাইয়ের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী সাহেবের ১৮৭২ সালের ৪ মার্চের ১০১৬ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

মান্দ্রাজের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী সাহেবের ১৮৭২ সালের ২ আপ্রিলের ৪৫ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ৩ জানুআরির ৩৫ নং পত্র ও তৎসহিত পত্রাদির সঙ্গে হোম ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ১০ জানুআরির ৬৯J নম্বরের পৃষ্ঠলিপি।

মান্দ্রাজের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী সাহেবের ১৮৭২ সালের ৩১ ডিসেম্বরের ১৭০৭ নং পত্র ও তৎসহিত পত্রাদির সঙ্গে হোম ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ২০ ফেব্রুআরির ৪০৪J নং পৃষ্ঠলিপি।

মাম্যবর এ জি মাকফরসন সাহেবের ১৮৭৩ সালের ২৯ মার্চের মন্তব্য কথা।

আর বেলচেম্বর্স সাহেবের মন্তব্য কথা।

বোম্বাইয়ের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী সাহেবের ১৮৭৩ সালের ২৬ জুনের ৩৪৮৯ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৩ সালের ২০ আগষ্টের ৩৮৪৮ নং পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭১ সালের ২৮ নবেম্বরের ৬১৩১ নং পত্র ও তৎসহিত পত্রাদির সঙ্গে হোম ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ২ অক্টোবরের ১৬৫৭J নং পৃষ্ঠলিপি।

কলিকাতার হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের ১৮৭৪ সালের ২৭ জানুআরির ৪০ নং পত্র।

উত্তর পশ্চিমদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৪ সালের ২৯ জানুআরির ২৭ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

বোম্বাই সমাজের অবৈতনিক সেক্রেটরীর ১৮৭৪ সালের ২৮ জানুআরির পত্র ও তৎসহিত পত্র।

কলিকাতার হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের ১৮৭৪ সালের ৭ ফেব্রুআরির ৫৫ নং পত্র ও তৎসহিত পত্র।

জে পিট কেনেডি সাহেবের মন্তব্য কথা।

পঞ্জাবের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৪ সালের ২১ ফেব্রুআরির ৭৪৪ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

হোম ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের ৯ মার্চের ৩৭৯ নং আফিস মিমো, ও তৎসহিত পত্রাদি।

মান্দ্রাজের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী সাহেবের ১৮৭৪ সালের ৬ মার্চের ৩৮৫ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

২। উক্ত পাণ্ডুলিপিতে ফৌজদারী মোকদ্দমা সম্পর্কে চারি হাই কোর্টের ও পঞ্জাবের উচ্চতম আদালতের কার্য্য প্রণালী লইয়া যেমন বিধান হইয়াছিল, পোলীস মাজিষ্ট্রেট দিগের আদালতের ও রাজধানীর পোলীসের প্রতি ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের কোন২ অংশ তেমনি বর্ত্তান গিয়াছিল। পাণ্ডুলিপির ঐ দুই খণ্ডের বিষয়ে বাদপ্রতিবাদ করণকালে, পূর্ব্বোক্ত উভয় বিধ বিধান সংযোগ করা অনিষ্ট বিবেচনায় পাণ্ডুলিপির দুই ভাগ করিয়া দিলাম। এক ভাগে হাই কোর্টের কার্য্যপ্রণালীর, অন্য ভাগে পোলীস মাজিষ্ট্রেটদিগের আদালতের কার্য্যপ্রণালীর বিধান হইয়াছে। রাজধানীর পোলীসের কার্য্যে হস্তক্ষেপ করা অবিধেয় বোধ হইল।

এই রিপোর্টে ফৌজদারী মোকদ্দমা সম্পর্কে কেবল হাই কোর্টের কার্য্যপ্রণালীর কথা আছে।

৩। কোর্টের কর্ম্মকারক ভিন্ন কেহ "ক্লার্ক অফ দি ক্রোন" হইতে পারেন না, ও নানা হাই কোর্টের পেটেণ্ট পত্রদ্বারা চীফ জষ্টিস সাহেবের প্রতি সেই কর্ম্মকারককে নিযুক্ত করিবার ক্ষমতা প্রদান করা গেল। তদনুসারে ঐ 'ক্লার্ক অফ দি ক্রোন' শব্দের অর্থ পরিবর্ত্তন করিয়া দিলাম।

৪। ৪ ধারার "বৎসরের মধ্যে ন্যূনকল্পে চারিবার" এই কথা অনাবশ্যক বলিয়া ত্যাগ করিলাম।

৫। যে ব্যক্তির নামে অভিযোগ হয় তাহাকে যে মাজিষ্ট্রেট সোপর্দ্দ করেন তাঁহার সম্মুখে ঐ ব্যক্তি পরীক্ষা কালে যে জোবানবন্দী দেয় তাহার নকল পাইবার তাহার অধিকার থাকিবে, ৭ ধারার এই বিধান করিলাম।

৬। আডবোকেট জেনরল সাহেব কিম্বা কোন মাজিষ্ট্রেট কিম্বা গবর্ণমেণ্টের স্থানে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক যে অভিযোগ উপস্থিত করেন, পেটেণ্টপত্রের ২৬ ধারা লক্ষ করিয়া সেই অভিযোগেরও প্রতি অভিযোগপত্রের ফলবিষয়ক ৮ ধারা খাটাইয়া দিয়াছি।

৭। ৯ ধারা এমত পরিবর্ত্তন করিয়াছি যে অভিযোগের এক অংশমাত্রের প্রতিপোষণ হইতে না পারিলে তাহারও প্রতি ঐ ধারা স্পষ্টরূপে খাটিবে, এবং মোকদ্দমার তাবৎ বৃত্তান্ত বিবেচনায় জজ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২৮ আপ্রিল।]

looking at the whole case, the Judge considers it highly improbable that a conviction will be obtained, or that it is for any other reason inexpedient to press the case.

8. We have omitted the provision that the entry mentioned in this clause shall operate as an acquittal on the expiration of three years from the time of making it. The case will be on the same footing as a case in which a Bill was ignored by the grand jury.

9. We have provided that in criminal cases transferred to a High Court under section 64 of the Code of Criminal Procedure or under the Letters Patent, the trial may, if the Court so direct, be by jury.

10. Strong representations have been made to the Committee and to the Executive as to the serious inconvenience resulting from the frequency with which officials and others are taken from their business to serve on juries. This would of course be sensibly lessened by diminishing the number of the jury. We propose to reduce it to nine and thus to render the law in this respect identical in the Presidency towns and in the Mofussil when the maximum number is fixed under section 236 of the Criminal Procedure Code.

11. In accordance with many opinions expressed in the papers referred to, we think it inexpedient to continue the old practice of requiring unanimity for a verdict, and, in lieu thereof, we have made the following provisions :—

"14. A verdict of guilty or not guilty, as the case may be, shall be delivered either when the jury are unanimous in their opinion, or when as many as six are of one opinion and the Judge agrees with them.

"15. When the jury are satisfied that they will not be unanimous, but six of them are of one opinion, the foreman shall so inform the Judge.

"If the Judge disagrees with the majority, he shall then discharge the jury.

"If there are not so many as six who agree in opinion, the Judge shall, after the lapse of such time as he thinks reasonable, discharge the jury."

12. We have also provided in accordance (it is believed) with the present practice, for the discharge of the jury whenever by reason of illness a juryman becomes incapable of attending through the trial, or the prisoner becomes incapable of remaining at the bar.

13. We have provided (clause 17) that, whenever the jury is discharged, the prisoner shall be detained and tried by another jury, unless the Judge considers that he should not be retried, in which case the Judge will make an entry to that effect on the charge, and the prisoner will be set at liberty.

14. We have also provided for successive trials by the same jury.

15. We have made the clauses (20, 21) as to the trials of European British subjects solely or when charged jointly with Natives apply to trials in the Presidency towns as well as to trials in the Mofussil.

16. We have empowered the Governor-General in Council to exempt any salaried officer of Government from serving on juries.

17. A Judge of the High Court of Madras has advised that there should be express power given to the High Court to levy fines on persons summoned as jurors and failing to attend. He says that doubts are entertained whether such power exists. Although we do not share these doubts, we have thought it desirable to provide (clause 30) expressly for the matter. The Code of Criminal Procedure, section 414, has a somewhat similar provision.

18. We have reduced the number of peremptory challenges from twenty in common juries and ten in special juries to eight, in all cases, on behalf of the Crown, and the same number on behalf of the prisoner.

19. Challenges on account of previous convictions should, we think, be confined to cases when the juror has been guilty of a non-bailable offence or a felony. We have altered the Bill accordingly.

20. We have declared (clause 32) that the Judge's decision as to any challenge shall be final.

21. We have exempted (clause 38) the High Courts from the operation of the following parts of the Code :—

SECTIONS.

235 (Conduct of trial) ;

255, the last paragraph (Judge's charge) ;

সাহেব অভিযুক্ত ব্যক্তির অপরাধ নির্ণয় হওয়া অসম্ভব জ্ঞান করিলে, কিম্বা অন্য কোন কারণে মোকদ্দমা চালান অবিহিত বোধ করিলে, সেই২ মোকদ্দমাতেও ঐ ধারা বর্ত্তাইয়াছি।

৮। ঐ ধারায় যে কথার উল্লেখ হইয়াছে সেই কথা লিখিবার সময়াবধি তিন বৎসর গত হইলে ঐ লিখনদ্বারা অভিযুক্ত ব্যক্তিকে নির্দ্দোষ করণরূপ ফল হইবে, এই বিধানটি ত্যাগ করিলাম। গেরানজুরী অভিযোগপত্র অগ্রাহ্য করিলে যে ফল হয় উক্ত মোকদ্দমার পক্ষেও সেই ফল হইবে।

৯। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬৪ ধারামতে কিম্বা পেটেন্টপত্রমতে ফৌজদারী মোকদ্দমা অন্য আদালতহইতে হাই কোর্টে অর্পণ করা গেলে, কোর্টের আজ্ঞা হইলে জুরির দ্বারা মোকদ্দমার বিচার হইতে পারিবে, ইহার বিধান করিলাম।

১০। রাজকীয় কর্ম্মকারকদের ও অন্য ব্যক্তিদের সর্ব্বদাই আপনং কর্ম্ম ছাড়িয়া জুরির কর্ম্ম করিতে হওয়াতে অনেক কষ্ট হয়, কমিটীর নিকট ও একেসেকিটিব কর্ম্মকারকদের নিকট এই কথা অতি প্রবলরূপে প্রকাশ করা গিয়াছে। যত জনকে লইয়া জুরী হইবে তাহাদের সংখ্যা কম করিলে ঐ কষ্ট অনেক অংশে নিবারণ হইবে। নয় জনকে লইয়া জুরী হইবার প্রস্তাব করিলাম। তাহা হইলে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৩৬ ধারামতে অত্যুচ্চ সংখ্যা ধার্য্য হইলে তৎপক্ষে মফঃসলে এবং রাজধানীতে একিপ্রকারের বিধান থাকিবে।

১১। জুরির সমস্ত ব্যক্তির এক বাক্য হওয়া আবশ্যক, এই বিষয়ে উল্লিখিত পত্রাদিতে যে অভিপ্রায় ব্যক্ত হইয়াছে তদনুসারে ঐ পুরাতন রীতি রহিত করা বিহিত বিবেচনায়, আমরা তৎপরিবর্ত্তে এইং বিধান করিলাম।

"১৪ ধারা। জুরির সমস্ত ব্যক্তি এক বাক্য হইলে, কিম্বা তাঁহারদের মধ্যে ছয় জন পর্য্যন্ত এক বাক্য এবং জজ সাহেব তাহারদের মতে সম্মত হইলে, তাঁহারদের মতানুসারে ব্যক্তি অপরাধী কি নিরপরাধী বলিয়া নির্ণয় হইবে ইতি।

"১৫ ধারা। জুরির সমস্ত ব্যক্তি এক বাক্য হইবেন না তাঁহারা ইহা হৃদ্বোধমতে জানিলে, কিন্তু তাঁহারদের মধ্যে ছয় জনের এক মত হইলে, জুরির প্রধান ব্যক্তি জজ সাহেবকে সেই কথা জানাইবেন।

" জজ সাহেব সেই অধিকাংশ ব্যক্তির মতে সম্মত না হইলে ঐ জুরিকে বিদায় করিয়া দিবেন।

"ছয় জন পর্য্যন্তও এক বাক্য না হইলে জজ সাহেব যুক্তিসিদ্ধমতে যত কাল উচিত বোধ করেন তত কাল অপেক্ষা করিয়া ঐ জুরিকে বিদায় করিয়া দিবেন ইতি।"

জুরির কোন ব্যক্তি পীড়াপ্রযুক্ত মোকদ্দমার বিচার হইবার তাবৎকাল থাকিতে না পারিলে কিম্বা আসামী আদালতের সম্মুখে থাকিতে না পারিলে, জুরিকে বিদায় করিয়া দিবার রীতি চলিতেছে এমত বোধ হয়। আমরা তাহার বিধান করিয়া দিলাম।

১৩। জুরিকে বিদায় করিয়া দেওয়া গেলে, ১৭ ধারায় আসামীকে আটক রাখিয়া অন্য জুরির দ্বারা তাহার বিচার হইবার বিধান করিলাম। কিন্তু জজ সাহেব তাহার পুনশ্চ বিচার হওয়া অনুচিত জ্ঞান করিলে, অভিযোগপত্রে সেই মর্ম্মের কথা লিখিয়া আসামীকে ছাড়িয়া দিবেন।

১৪। একি জুরির দ্বারা ক্রমশঃ অনেক মোকদ্দমার বিচার হইবার বিধান করিলাম।

১৫। কেবল ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিচার হইলে কিম্বা তাহাদের সঙ্গে এদেশীয় ব্যক্তিদের নামেও অভিযোগ হইলে, তদ্বিষয়ক ২০ ও ২১ ধারার বিধান যেমন মফঃসল দেশের প্রতি খাটে তেমনি রাজধানীর মধ্যেও খাটাইয়াছি।

১৬। গবর্ণমেন্টের বেতনভোগি কোনং কার্য্যকারককে জুরির কর্ম্মহইতে মুক্ত করা যাইবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি এমত বিধান করিবার ক্ষমতা প্রদান করিলাম।

১৭। কোন ব্যক্তিকে জুরির কর্ম্ম করিবার নিমিত্ত সমন করা গেলেও তিনি না আইলে, হাই কোর্টের প্রতি তাঁহার জরীমানা করিবার স্পষ্ট ক্ষমতা দেওয়া উচিত, মান্দ্রাজের হাই কোর্টের কোন জজ সাহেব এই পরামর্শ দিয়াছেন। তিনি কহেন যে, হাই কোর্টের সেই ক্ষমতা আছে কি না, সন্দেহ। কিন্তু সন্দেহ নাই বোধ করিলেও ৩০ ধারায় ইহার স্পষ্ট বিধান করা বিহিত বোধ করিলাম। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ৪১৪ ধারায় তদ্রূপ বিধান হইয়াছে।

১৮। সাধারণ জুরির মধ্যে কুড়ি পর্য্যন্ত ব্যক্তির বিষয়ে, ও বিশেষ জুরির মধ্যে দশপর্য্যন্ত ব্যক্তির বিষয়ে, কারণ না জানাইয়া, আপত্তি করিবার যে অনুমতি আছে, আমরা সকল স্থলে ঐ সংখ্যা কমাইয়া দিয়া মহারাণীর পক্ষে এবং আসামীর পক্ষেও আটপর্য্যন্ত ব্যক্তির বিষয়ে তদ্রূপ আপত্তি করিবার অনুমতি দিয়াছি।

১৯। পূর্ব্বে অপরাধ নির্ণয় হইয়াছে বলিয়া জুরির কোন ব্যক্তির বিষয়ে যে আপত্তি হইতে পারে, তদ্বিষয়ে আমারদের বিবেচনা এই যে, ঐ ব্যক্তি যে অপরাধের অপরাধী নির্ণয় হইয়াছিল তাহার নিমিত্ত হাজির জামিন লওয়া যাইতে না পারিলে কিম্বা সেই অপরাধ ফেলনী হইলে, ঐ আপত্তি চলিতে পারে। তদনুসারে পাণ্ডুলিপিও পরিবর্ত্তন করিলাম।

২০। কোন আপত্তির বিষয়ে জজ সাহেবের যে নিষ্পত্তি হয় তাহা চূড়ান্ত হইবে, ৩২ ধারার এই বিধান করিলাম।

২১। ৩৮ ধারাক্রমে সকল হাই কোর্টকে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের এইং ধারার বিধানহইতে মুক্ত করিলাম।—

ধারা।

২৩৫ (বিচারের কার্য্যানুষ্ঠান বিষয়ক।)

২৫৫, (জজ সাহেবের আদেশ বিষয়ক) শেষ পদ।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ২৮ আপ্রিল।]

263, the three last paragraphs (Procedure where the Court concurs and where it disagrees with the verdict);

287 (Sentence of death);

307, the last paragraph (Who may issue warrant for levy of fine);

332 (Manner of recording evidence);

341 (Remarks respecting demeanour of witness);

346 (Recording examination of accused);

363 (Right of accused as to examining and summoning witnesses);

405 and 406 (Disqualifications and exemptions of jurors);

435 to 438, both inclusive (Contempts of Court);

461 to 464, both inclusive (Of the judgment, order and sentence);

473 (Offences in contempt of Court).

22. As to the power to reserve a question of law, we have struck out the words requiring that the Judge reserving it shall be a member of the Court deciding the question. We have authorized the Judge to admit the convicted person to bail pending the decision. And we have omitted, as unnecessary, the paragraphs providing for the cases where the Judge reserves no such question and prescribing a procedure where the decision is adverse.

23. We have expressly declared (clause 42) that the provisions as to lunatics contained in chapter thirty-one of the said Code, and the following sections of the said Code (namely)—

308 (payment of fine in compensation);

418 (as to the disposal of property regarding which an offence has been committed);

446 (how Court may deal with charge);

489 (as to requiring, in case of conviction, a personal recognizance for keeping the peace); and

534 (as to restoring possession of immoveable property),

shall apply to the High Court, as if the words "High Court" were substituted for "Court of Session," wherever those words occur in the same chapter and sections. And we have saved the provisions of the Prisoners' Act, 1871, sections seven and eight.

24. We have struck out chapter six (as to offences by European British subjects), partly because we believe its provisions to be obsolete, and partly because they do not, strictly speaking, relate to procedure.

25. We have extended to the Government Advocate, North-Western Provinces, the clause (now numbered 43) empowering the Advocates General, with the sanction of Government, to exhibit informations; and we have enabled those officers, either with the previous sanction of the Government of India or with that of the Local Government, to take action for all purposes for which the Attorney-General may exhibit informations on behalf of the Crown in the Courts of Queen's Bench and Exchequer.

26. We have added a clause (numbered 44) empowering the Presidency High Courts to transfer to itself cases from the Police Magistrates. This we intend as a substitute for the power to issue a writ of *certiorari* conferred by 33 Geo. III, c. 52, ss. 53, 54.

27. We have declared (clause 45) in accordance with 13 Geo. III, c. 63, sec. 38, that the Judges of the High Courts shall *virtute officii* be Justices of the Peace for the whole of British India, and we have added to the schedule of repeals so much of that section as provides that the Judges of the Supreme Court shall be Justices of the Peace.

28. We have also added to the same schedule Act IV of 1849 (as to criminal lunatics): we have omitted therefrom Act XVIII of 1859 (as to offences punishable on conviction before a Magistrate), and we have saved the first twenty-two words of Act IV of 1866, section 20.

29. We recommend that the Bill as amended should be published with this Report in the *Gazette of India* and sent for consideration to the Local Governments and High Courts concerned, and that, in the meanwhile, its further consideration be stayed.

A. HOBHOUSE.
B. H. ELLIS.
E. C. BAYLEY.

CALCUTTA;
The 23rd March 1874.

[*Government Gazette*, 28*th April* 1874.]

ধারা
২৬৩, শেষ তিনটি পদ। (জুরির মীমাংসায় আদালতের সম্মতি হইলে ও অসম্মতি হইলে কার্য্যপ্রণালী বিষয়ক।)
২৮৭, (প্রাণদণ্ডের আজ্ঞা বিষয়ক।)
৩০৭, শেষ প্রকরণ (জরীমানা আদায় করণার্থে ওয়ারেন্ট কে দিতে পারেন তদ্বিষয়ক)
৩১২, (সাক্ষ্য লিখিবার নিয়মবিষয়ক)
৩২১, (সাক্ষির আচরণ বিষয়ক মন্তব্য কথা)
৩৪৬, (অভিযুক্ত ব্যক্তির সাক্ষ্য লিখিবার নিয়ম বিষয়ক)
৩৬১, (সাক্ষিদের পরীক্ষা লইতে ও তাহাদিগকে সমন করিতে অভিযুক্ত ব্যক্তির অধিকার বিষয়ক)
৪০৫ ও ৪০৬, (জুরীর কর্ম্ম করিবার অযোগ্যতা ও নিষ্কৃতি বিষয়ক)
৪৩৫ অবধি ৪৩৮ পর্য্যন্ত সকল ধারা (আদালতের অবজ্ঞা বিষয়ক)
৪৬১ অবধি ৪৬৪ পর্য্যন্ত সকল ধারা (নিষ্পত্তি পত্র ও আজ্ঞা ও দণ্ডাজ্ঞা বিষয়ক)
৪৭৩ (আদালতের অবজ্ঞা করণরূপ অপরাধ বিষয়ক)

২২। আইন ঘটিত প্রশ্ন পশ্চাৎ বিবেচনা করিবার নিমিত্ত রাখিবার ক্ষমতা সম্পর্কে এই বিধান ছিল যে, ঐ প্রশ্ন নিষ্পত্তি করণার্থে যে আদালত বসেন, যে জজ সাহেব ঐ প্রশ্ন বিবেচনার্থে রাখিলেন তিনি সেই আদালতের এক জন হইবেন, এই অংশটি ত্যাগ করিয়াছি। যে ব্যক্তির অপরাধ প্রমাণ হইয়াছে জজ সাহেব ঐ নিষ্পত্তির অপেক্ষায় হাজির জামিন লইয়া তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন। জজ সাহেব বিবেচনার্থে কোন প্রশ্ন না রাখিলে তদ্বিষয়ক যে বিধান, ও নিষ্পত্তি বিপক্ষ হইলে যদ্রূপ কার্য্য করিতে হইবে তদ্বিষয়ক বিধান যেং প্রকরণে হইয়াছে তাহা অনাবশ্যক বলিয়া ত্যাগ করিলাম।

২৩। ৫২ ধারায় এই স্পষ্ট বিধান করিলাম, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ক্ষিপ্ত-মনা ব্যক্তি বিষয়ক ৩১ অধ্যায়ের ও নিম্নলিখিত ধারার অর্থাৎ
৩০৮ ধারা, (অর্থদণ্ডের টাকা ক্ষতিপূরণস্বরূপ দেওন বিষয়ক)
৪১৮ ধারা, (যে দ্রব্য সম্পর্কে অপরাধ করা যায় তাহা লইয়া যাহা করিতে হইবে তদ্বিষয়ক)
৪৫৬ ধারা, (অভিযোগ লইয়া আদালতের যদ্রূপ কার্য্য হইতে পারে তদ্বিষয়ক)
৪৮৯ ধারা, (অপরাধ প্রমাণ হইলে শান্তিভঙ্গ না করিবার মুচলকা লওন বিষয়ক)
৫৩২ ধারা (স্থাবর দ্রব্যের অধিকার ফিরিয়া দেওন বিষয়ক)
এই সকল ধারার মধ্যে "সেশন আদালত" শব্দ যেং স্থানে থাকে সেইং স্থানে ঐ শব্দের পরিবর্ত্তে "হাই কোর্ট" শব্দ থাকিলে ঐ অধ্যায় ও ঐ সকল ধারা যেমন হাই কোর্টের প্রতি খাটিত তেমনি খাটিবে। এবং বন্দিদের বিষয়ক ১৮৭১ সালের আইনের ৭ ও ৮ ধারার বিধান প্রবল রাখিয়াছি।

২৪। ইউরোপীয় ব্রিটনীয় প্রজারা যেং অপরাধ করেন তদ্বিষয়ক ষষ্ঠ অধ্যায় ত্যাগ করিলাম। তাহার এক কারণ এই যে ঐ অধ্যায়ের সকল বিধান চলিত নয় জ্ঞান করিলাম, অন্য কারণ এই, যে ঐ সকল বিধান প্রকৃত প্রস্তাবে কার্য্যপ্রণালীর মধ্যে আইসে না।

২৫। এই পাণ্ডুলিপির ৫৩ ধারার গবর্ণমেণ্টের অনুমতি লইয়া সন্ধান জানাইবার বিষয়ে আডবোকেট জেনরল সাহেবদের প্রতি যেং ক্ষমতা দেওয়া গিয়াছে, উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের আডবোকেটের প্রতি সেইং ক্ষমতা প্রদান করিলাম, এবং ইঙ্গলণ্ডে আটর্নি জেনরল সাহেব যে সকল কার্য্যপক্ষে মহারাণীর তরফে কুইনস বেঞ্চ ও একুসচেকর আদালতে সন্ধান জানাইতে পারেন, উক্ত আডবোকেট জেনরল সাহেবদের প্রতিও সেইং কার্য্যপক্ষে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া কার্য্যানুষ্ঠান করিবার অনুমতি দিলাম।

২৬। পোলীস মাজিষ্ট্রেটদিগের সম্মুখে যেং মোকদ্দমা উপস্থিত থাকে, রাজধানীর হাই কোর্ট তাহা উঠাইয়া আপনার সম্মুখে উপস্থিত করেন, ৫৪ ধারায় এই ক্ষমতা প্রদান করিলাম। তৃতীয় জর্জ্জ রাজার ৩৩ বৎসরের আইনের ৫২ অধ্যায়ের ৫৩ ও ৫৪ ধারামতে সর্টিওরারি নামক পরওয়ানা জারী করিবার যে ক্ষমতা দেওয়া গেল, তৎপরিবর্ত্তে এই ধারা প্রণয়ন করিলাম।

২৭। তৃতীয় জর্জ্জ রাজার ১৩ বৎসরের আইনের ৬৩ অধ্যায়ের ৩৮ ধারামতে আমরা ৫৫ ধারায় এই বিধান করিলাম। হাই কোর্টের জজেরা আপনারদের পদের শক্তিক্রমে ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত স্থানে শান্তিরক্ষার্থ জষ্টিস হইবেন, আর সুপ্রিম কোর্টের জজ সাহেবেরা শান্তিরক্ষার্থ জষ্টিস হইবেন ঐ ধারার যে অংশে এই বিধান আছে সেই অংশটি রহিত করা বিধানের তফসীলের মধ্যে লিখিয়া দিলাম।

২৮। সেই তফসীলের মধ্যে (ক্ষিপ্তমনা অপরাধি বিষয়ক) ১৮৫৯ সালের ৪ আইন ধরিয়াছি মাজিষ্ট্রেটের সম্মুখে নির্ণয় হইয়া যে অপরাধ দণ্ডনীয় হয় তদ্বিষয়ক ১৮৫৯ সালের ৮ আইন ঐ তফসীল হইতে উঠাইয়া দিয়াছি। ১৮৬৬ সালের ৪ আইনের ২০ ধারার প্রথম বাইশটি শব্দ প্রবল রাখিলাম।

২৯। এই রিপোর্টের সহিত সংশোধিত পাণ্ডুলিপি ইণ্ডিয়া গেজেটে প্রকাশিত হইয়া নানাস্থানীয় গবর্ণমেণ্টের ও হাই কোর্টের বিবেচনার নিমিত্ত পাঠান যায় ও ইতিমধ্যে মন্ত্রিসভায় তাহার পুনর্ব্বিবেচনা স্থগিত থাকে, এই পরামর্শ দিলাম।

এ হবহৌস
বি এচ এলিস।
ই সি বেলী।

কলিকাতা,
১৮৭৪ সাল ২৩ মার্চ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২৮ আপ্রিল।]

THE HIGH COURTS' CRIMINAL PROCEDURE BILL, 1874.

CONTENTS.

PREAMBLE.

CHAPTER I.

PRELIMINARY.

SECTIONS.

1. Short title.
   Local extent.
   Commencement.
2. Repeal of enactments.
3. Interpretation-clause.

CHAPTER II.

OF SESSIONS.

4. Time of holding sittings.
5. Place of holding sittings.
   Notice of sittings.

CHAPTER III.

OF PROCEDURE ON COMMITMENTS.

6. Consideration and amendment of charge.
   Charge to be recorded.
   Copy of charge.
7. Copies of depositions.
8. Effect of charge.
9. Entry on unsustainable charge.
   Effect of entry.
10. Custody pending direction as to place of trial.
    Procedure thereafter.
11. Intermediate custody of European British subjects.

CHAPTER IV.

OF JURIES.

(a) Of Juries generally.

12. Trials to be by jury.
13. Number of jurors.
14. Verdict when to be delivered.
15. Discharge of jury in default of unanimity or majority of six with Judge's concurrence.
16. Discharge of jury in case of sickness of juror or prisoner.
17. Retrial of prisoner after discharge of jury.
18. Successive trials by same jury.
19. Majority of jurors for trial of European British subjects.

হাই কোর্টের ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৭৪ সালের আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

প্রথম অধ্যায়।

পরিভাষা।

ধারা।

১। সংক্ষেপ নামের কথা।
যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।
যে অবধি প্রচলন হইবে তাহার কথা।

২। যেং আইন রহিত করা যাইবে তাহার কথা।

৩। অর্থ করণের ধারা।

দ্বিতীয় অধ্যায়।

অধিবেশনের কথা।

৪। অধিবেশনের সময়ের কথা।

৫। অধিবেশনের স্থানের কথা।
অধিবেশনের নোটিস দিবার কথা।

তৃতীয় অধ্যায়।

ব্যক্তিকে সমর্পণ করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

৬। অভিযোগ বিবেচনা করিয়া সংশোধন করিবার কথা।
অভিযোগপত্র রিকার্ড করিবার কথা।
অভিযোগপত্রের নকলের কথা।

৭। জোবানবন্দির নকলের কথা।

৮। অভিযোগপত্রের ফলের কথা।

৯। অভিযোগের প্রতিপোষণ হইতে না পারিলে যে কথা লেখা যাইবে তাহার কথা।
ঐ লিখিত কথার ফলের কথা।

১০। বিচার হইবার স্থানবিষয়ের আদেশ পাইবার অপেক্ষায় হেফাজতে রাখিবার কথা।
তৎপরে যে কার্য্যপ্রণালী হইবে তাহার কথা।

১১। ইউরোপীয় ব্রিটনীয় প্রজার বিচার না হওন পর্য্যন্ত হেফাজতে রাখিবার কথা।

চতুর্থ অধ্যায়।

জুরির কথা।

(ক) জুরির সাধারণ কথা।

১২। জুরির দ্বারা বিচার হইবার কথা।

১৩। যত জনকে লইয়া জুরী হইবে তাহার কথা।

১৪। মীমাংসা যে সময়ে প্রকাশ করা যাইতে পারিবে তাহার কথা।

১৫। সকলেই এক বাক্য না হইলে কিম্বা ৬ জন পর্য্যন্ত তাঁহাদের অধিকাংশ ব্যক্তি একবাক্য না হইলে ও জজ সাহেব সম্মত না হইলে তাহাদের বিদায় করিয়া দিবার কথা।

১৬। জুরির কোন ব্যক্তির কি আসামীর পীড়া হইলে জুরিকে বিদায় করিয়া দিবার কথা।

১৭। জুরিকে বিদায় করিয়া দিবার পর আসামীর পুনশ্চ বিচার হইবার কথা।

১৮। একি জুরির দ্বারা ক্রমশ অনেক ব্যক্তির বিচার হইবার কথা।

১৯। ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিচারার্থে জুরির অধিকাংশ লোক যাহাদিগকে লইয়া হইবে তাঁহাদের কথা।

SECTIONS.

20. Trial of European British subject and Native jointly charged.

21. Provisions for European British subject requiring majority of Europeans in jury.

Native may claim separate trial.

(b) Of Juries in the Presidency Towns.

22. Trials before special jury.

23. Jurors' book.

24. Number of special jurors.

25. Exemption of special jurors.

26. Lists of common and special jurors.

27. Discretion of officer preparing lists.

28. Publication of lists.

29. Number of jurors to be summoned.

30. Failure of jurors to attend.

31. Peremptory challenges.

Challenges on cause.

32. Trial of challenges.

33. Powers of Presidency High Courts as to jurors.

(c) Of Juries in the Mofussil.

34. Summoning jurors.

35. Military jurors.

36. Juries for trial of European British subjects.

CHAPTER V.
GENERAL PROVISIONS.

37. High Courts to try as Courts of Sessions.

38. Exemption of High Courts from certain parts of Criminal Procedure Code.

Power to prescribe mode in which evidence shall be taken down.

39. Power to reserve questions.

Procedure when question reserved.

40. Power to award costs on petitions, &c.

41. False statements in support of petitions, &c.

42. Criminal Procedure Code generally applicable.

CHAPTER VI.
MISCELLANEOUS.

43. Advocate General may exhibit informations.

44. Power of High Court to transfer to itself cases from Police Magistrates.

45. Judges of High Courts to be Justices of the Peace *virtute officii.*

Schedule of repealed enactments.

ধারা।

২০। ইউরোপীয় ব্রিটনীয় প্রজার সহিত এদেশীয় ব্যক্তির নামে অভিযোগ হইলে বিচারের কথা।

২১। জুরির অধিকাংশ লোক ইউরোপীয় হয় ইউরোপীয় ব্রিটনীয় প্রজার এই আদেশ থাকিলে তদ্বিষয়ের বিধান।

এদেশীয় লোকের স্বতন্ত্র বিচার হইবার দাওয়ার কথা।

(খ) রাজধানির জুরীর কথা।

২২। বিশেষ জুরির সহযোগে বিচার হইবার কথা।

২৩। জুরির বহীর কথা।

২৪। বিশেষ জুরির সংখ্যার কথা।

২৫। বিশেষ জুরির মুক্ত থাকার কথা।

২৬। সাধারণ ও বিশেষ জুরির নামের ফর্দ্দের কথা।

২৭। যে কর্ম্মকারক ফর্দ্দ প্রস্তুত করেন তাঁহার স্ববিবেচনামতে কর্ম্ম করিবার কথা।

২৮। ফর্দ্দ প্রকাশ করিবার কথা।

২৯। জুরির কর্ম করিতে যত জনকে সমন করিতে হইবে তাহার কথা।

৩০। জুরির কোন ব্যক্তি উপস্থিত না হইলে তাহার কথা।

৩১। কারণ না জানাইয়া আপত্তি করিবার কথা।

কারণ জানাইয়া আপত্তি করিবার কথা।

৩২। আপত্তির বিচারের কথা।

৩৩। জুরির অন্তর্গত ব্যক্তিদের বিষয়ে রাজধানীর হাইকোর্টের ক্ষমতার কথা।

(গ) মফঃস্বলে জুরির কথা।

৩৪। জুরির ব্যক্তিদিগকে সমন করিবার কথা।

৩৫। সৈনিকদের জুরির কথা।

৩৬। ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিচারার্থ জুরির কথা।

পঞ্চম অধ্যায়।
সাধারণ বিধি।

৩৭। সেশন আদালতের ন্যায় হাইকোর্টের বিচার কার্য্য চলিবার কথা।

৩৮। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের কোনং ধারা হাইকোর্টের প্রতি না বর্ত্তিবার কথা।

সাক্ষ্য যে রূপে লিখিয়া লওয়া যাইবে তাহার বিধান করিবার ক্ষমতার কথা।

৩৯। পশ্চাৎ বিবেচনার নিমিত্ত কোন প্রশ্ন রাখিবার কথা।

বিবেচনার নিমিত্ত রাখা গেলে তাহার কথা।

৪০। দরখাস্ত প্রভৃতির উপর খরচার আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৪১। দরখাস্ত প্রভৃতির পোষকতায় মিথ্যা উক্তির কথা।

৪২। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন সচরাচর খাটিবার কথা।

ষষ্ঠ অধ্যায়।
বিবিধ বিধি।

৪৩। আডবোকেট জেনরল সাহেবের সন্ধান প্রকাশ করিবার কথা।

৪৪। পোলীস মাজিষ্ট্রেটদের স্থানে মোকদ্দমা লইয়া আপনার সম্মুখে উপস্থিত করিবার বিষয়ে হাইকোর্টের ক্ষমতার কথা।

৪৫। হাইকোর্টের জজ সাহেবদের পদোপলক্ষে শান্তিরক্ষার্থ জষ্টিস হওয়ার কথা।

যেং আইনপ্রভৃতি রহিত হইল তাহার তফসীল।

A Bill to regulate the Procedure of the High Courts in the exercise of their original criminal jurisdiction.

[AS AMENDED BY THE SELECT COMMITTEE.]

Preamble.

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to the procedure of the High Courts in the exercise of their original criminal jurisdiction; It is hereby enacted as follows:—

CHAPTER I.

PRELIMINARY.

Short title.

1. This Act may be called "The High Courts' Criminal Procedure Act, 1874:"

Local extent.

It extends to the whole of British India;

Commencement.

And it shall come into force on the *first* day of *July* 1874.

Repeal of enactments.

2. The enactments mentioned in the schedule hereto annexed are repealed to the extent mentioned in the third column of the said schedule, but not so as to revive any practice thereby abolished.

And all rules made under any of the said enactments shall be deemed to have been made under this Act, so far as they are consistent herewith.

Interpretation-clause.

3. In this Act, unless there be something repugnant in the subject or context—

"High Court."

"High Court" includes all High Courts established or to be established under the twenty-fourth and twenty-fifth of Victoria, Chapter 104, the Chief Court of the Panjáb, and such other Courts as the Governor-General in Council may, from time to time, declare to be invested with the powers of a High Court under this Act:

"Chief Justice."

"Chief Justice" includes also the Senior Judge of a Chief Court:

"Clerk of the Crown."

"Clerk of the Crown" includes any officer pecially appointed by the Chief Justice to discharge the

ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচার করণার্থে হাই কোর্টের যে ক্ষমতা থাকে তদনুসারে কার্য্য করিবার প্রণালীর বিধান বিষয়ক আইনের পাণ্ডুলিপি।

[মনোনীত কমিটী কর্ত্তৃক সংশোধিত।]

হেতুবাদ।

ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচার করণার্থে হাই কোর্টের যে ক্ষমতা থাকে, তদনুসারে কার্য্য করিবার প্রণালী বিষয়ক যে২ আইন আছে, তাহা সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

প্রথম অধ্যায়।

পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "ফৌজদারী মোকদ্দমায় হাই কোর্টের কার্য্যবিধানের ১৮৭৪ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত দেশে বর্ত্তিবে।

যে অবধি প্রচলন হইবে তাহার কথা।

এই আইন ১৮৭৪ সালের অমুক মাসের প্রথম দিনাবধি প্রবল করা যাইবে ইতি।

যে২ আইন রহিত করা যাইবে তাহার কথা।

২ ধারা। এই আইনের তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে, ঐ তফসীলের তৃতীয় ঘরে যত দূর উল্লিখিত হইল, সেইং আইন তত দূর রহিত হইবে। কিন্তু তদ্দ্বারা যে২ দাঁড়া রহিত করা গেল তাহা পুনঃপ্রবল হইবে না।

আর উক্ত কোন আইন দ্বারা যে সকল বিধি করা গেল, তাহা এই আইনের সহিত যত দূর সঙ্গত হয়, তত দূর এই আইনমতে করা গিয়াছে জ্ঞান হইবে ইতি।

অর্থ করণের ধারা।

৩ ধারা। বিষয় বিবেচনায় কিম্বা পূর্ব্বাপর কথার দ্বারা ভিন্ন ভাব প্রকাশ না হইলে, এই আইনের মধ্যে,

"হাই কোর্ট"

মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়মতে যে সকল হাই কোর্ট স্থাপন হইয়াছে কি হইবে, "হাই কোর্ট" শব্দে সেই সকল হাই কোর্ট, ও পঞ্জাবের উচ্চতম আদালত, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব সময়েং অন্য যে সকল আদালত এই আইন অনুযায়ি হাই কোর্টের ক্ষমতা বিশিষ্ট বলিয়া প্রকাশ করেন, সেই সকল আদালতও গণ্য।

"চীফ জষ্টিস"

"চীফ জষ্টিস" শব্দে উচ্চতম আদালতের পদজ্যেষ্ঠ জজ সাহেবও গণ্য।

"ক্লার্ক অফ দি ক্রৌন"

এই আইনের দ্বারা ক্লার্ক অফ দি ক্রৌনের কর্ত্তব্য বলিয়া যে কর্ম্ম নির্দ্দিষ্ট হইয়াছে, চীফ জষ্টিস

functions given by this Act to the Clerk of the Crown; and

সাহেব সেই কর্ম্ম নির্ব্বাহ করণার্থে যে কার্য্যকারককে বিশেষমতে নিযুক্ত করেন "ক্লার্ক অফ দি ক্রোন" শব্দে তিনিও গণ্য।

"Magistrate."

"Magistrate" includes also a Police Magistrate in the Presidency Towns.

"মাজিষ্ট্রেট"

"মাজিষ্ট্রেট" শব্দে সকল রাজধানীর পোলিস মাজিষ্ট্রেটও গণ্য ইতি।

CHAPTER II.

OF SESSIONS.

Time of holding sittings.

4. For the exercise of its original criminal jurisdiction, every High Court shall hold sittings on such days and at such convenient intervals as the Chief Justice of such Court from time to time appoints.

দ্বিতীয় অধ্যায়।

অধিবেশনের কথা।

অধিবেশনের সময়ের কথা।

৪ ধারা। প্রত্যেক হাই কোর্টের চীফ জষ্টিস সাহেব সময়ে২ যে২ দিন, ও সুবিধামতে যত কাল ব্যবধানে অধিবেশন করিতে নিরূপণ করেন, সেই২ দিনে ও তত কালান্তরে ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচার করিবার জন্যে ঐ কোর্টের অধিবেশন হইবে ইতি।

Place of holding sittings.

5. The High Court shall ordinarily hold its sittings at the place at which it now holds them; but it may, from time to time.

অধিবেশনের স্থানের কথা।

৫ ধারা। হাই কোর্ট এইক্ষণে যে স্থানে অধিবিষ্ট হইয়া থাকেন, সচরাচর সেই স্থানে অধিবেশন করিবেন। কিন্তু সময়ে২

in the case of the High Court at Fort William, with the consent of the Governor General in Council,

ফোর্ট উলিয়মের হাই কোর্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতি লইয়া,

in all other cases, with the consent of the Local Government,

ও অন্য২ স্থানের হাই কোর্ট স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি লইয়া

hold sittings at such other places within the local limits of its appellate jurisdiction as the Chief Justice appoints.

আপীল মোকদ্দমার পক্ষে ঐ২ কোর্টের বিচারাধিপত্য যে সীমার মধ্যে প্রবল থাকে ঐ২ কোর্টের চীফ জষ্টিস সাহেব সেই সীমার অন্তর্গত অন্য যে২ স্থান নিরূপণ করেন সেই২ স্থানে অধিবেশন হইতে পারিবে।

Notice of sittings.

Such officer as the Chief Justice directs shall give notice beforehand in the local official Gazette of all sittings intended to be held for the exercise of the original criminal jurisdiction of the High Court.

অধিবেশনের নোটিস দিবার কথা।

ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করণার্থে হাই কোর্টের যে ক্ষমতা থাকে, সেই ক্ষমতামতে কার্য্য করিবার জন্যে অধিবেশন করিবার মনস্থ থাকিলে, চীফ জষ্টিস সাহেব যে কার্য্যকারকের প্রতি আদেশ করেন তিনি ঐ অধিবেশন হইবার পূর্ব্বে স্থানবিশেষের রাজকীয় গেজেটে তদ্বিষয়ের নোটিস প্রচার করিবেন ইতি।

CHAPTER III.

OF PROCEDURE ON COMMITMENTS.

Consideration and amendment of charge.

6. When any person is committed for trial before a High Court, the Clerk of the Crown, or if there be not a Clerk of the Crown, a Judge of the High Court, shall, on receipt of the charge, peruse and consider it, and may, if it appear necessary or expedient so to do, alter or redraw the same.

তৃতীয় অধ্যায়।

ব্যক্তিকে সমর্পণ করা গেলে কার্য্য প্রণালীর কথা।

অভিযোগ বিবেচনা করিয়া সংশোধন করিবার কথা।

৬ ধারা। হাই কোর্টে বিচার করিবার নিমিত্ত কোন ব্যক্তিকে সমর্পণ করা গেলে, ক্লার্ক অফ দি ক্রোন, কিম্বা তিনি না থাকিলে হাই কোর্টের অন্যতর জজ, অভিযোগ পত্র পাইলে তাহা পাঠ করিয়া বিবেচনা করিবেন, এবং তাহা পরিবর্ত্তন করা কিম্বা পুনরায় লিখিয়া দেওয়া আবশ্যক কি বিহিত বোধ করিলে তাহা করিতে পারিবেন।

Charge to be recorded.

Copy of charge.

The charge, with such alterations (if any), shall be recorded in the High Court, and the person charged shall be entitled to have a copy of such charge with such alterations (if any) gratis.

7. The person charged shall also be entitled to a copy of his own examination before the committing Magistrate and to copies of the examinations of witnesses upon whose depositions he has been committed, on payment of a reasonable sum for the same, not exceeding one anna for each folio of ninety words.

Copies of depositions.

8. Upon charges recorded as aforesaid, and on charges preferred by the Advocate-General or by any Magistrate or other officer specially empowered by the Government in this behalf, persons committed to custody or held to bail shall be deemed to have been brought before the High Court in due course of law, and (subject to the provisions contained in the Code of Criminal Procedure as to the amendment and alteration of charges, and subject also to the provisions of the next following section) shall be tried upon the charges so recorded.

Effect of charge.

9. When any charge, or portion of a charge recorded as aforesaid appears to a Judge of the High Court, at any time before the commencement of the trial of the person charged, to be clearly unsustainable, or when for any other reason a Judge of such Court considers that the trial should not proceed, he may make on the charge an entry to that effect.

Entry on unsustainable charge.

Such entry shall have the effect of staying proceedings upon the charge or portion of the charge (as the case may be) but shall not operate as an acquittal of the person charged.

Effect of entry.

অভিযোগপত্র রিকার্ড করিবার কথা।

ঐ অভিযোগপত্র, এবং তাহা পরিবর্ত্তন করা গেলে সেই পরিবর্ত্তন করা কথা শুদ্ধ ঐ অভিযোগপত্র হাই কোর্টে রিকার্ড করা যাইবে। ও যাহার নামে অভিযোগ করা গেল বিনামূল্যে তাহার সেই পরিবর্ত্তিত কথা শুদ্ধ ঐ অভিযোগপত্রের নকল পাইবার অধিকার থাকিবে ইতি।

অভিযোগপত্রের নকলের কথা।

৭ ধারা। আরো যে মাজিষ্ট্রেট অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিলেন, তাঁহার সম্মুখে ঐ ব্যক্তি পরীক্ষা কালে নিজে যে জোবানবন্দী দিলেন তাহার নকল, ও যে সাক্ষিদের জোবানবন্দীমতে অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করা যায় তাহারা পরীক্ষা কালে যে জোবানবন্দী দিল, অভিযুক্ত ব্যক্তি তাহারও নকল পাইবার জন্যে, নব্বই শব্দের একং ফোলিও প্রতি /০ এক আনার অনধিক যুক্তিসঙ্গত খরচ দিলে, তাহার সেই জোবানবন্দিরও নকল পাইবার অধিকার থাকিবে ইতি।

জোবানবন্দির নকলের কথা।

৮ ধারা। পূর্ব্বোক্তমতে যে অভিযোগপত্র রিকার্ড করা যায়, এবং আডবোকেট জেনরল সাহেবের কিম্বা কোন মাজিষ্ট্রেটের দ্বারা কিম্বা এতৎপক্ষে গবর্ণমেণ্ট অন্য যে কার্য্যকারককে বিশেষ ক্ষমতা দেন তাঁহার দ্বারা যে অভিযোগ উপস্থিত করা যায় তৎক্রমে কোন ব্যক্তিদিগকে হেফাজতে রাখা গেলে, কিম্বা তাহারদের স্থানে হাজিরজামিন লওয়া গেলে, তাহারদিগকে আইনের নিয়মিত ধারামতে হাই কোর্টের সম্মুখে আনা গেল এমত জ্ঞান হইবে, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে অভিযোগপত্র সংশোধন ও মতান্তর করণ বিষয়ে যেং বিধান আছে তাহা এবং ইহার পশ্চাৎধারার বিধান মানিয়া তদ্রূপে রিকার্ড করা অভিযোগমতে তাহারদের বিচার হইবে ইতি।

অভিযোগপত্রের ফলের কথা।

৯ ধারা। কোন অভিযোগপত্র পূর্ব্বোক্তমতে রিকার্ড করা গেলে পর সেই অভিযোগের কিম্বা তাহার কোন অংশের স্পষ্টই প্রতিপোষণ হইতে পারে না, অভিযুক্ত ব্যক্তির বিচার আরম্ভ হইবার পূর্ব্ব কোন সময়ে হাই কোর্টের কোন জজ এমত জ্ঞান করিলে, কিম্বা ঐ মোকদ্দমার বিচারকার্য্য চলা উচিত নয় ঐ কোর্টের এক জন জজ অন্য কোন কারণে এমত বিবেচনা করিলে, তিনি অভিযোগপত্রের উপর সেই মর্ম্মের কথা লিখিয়া দিতে পারিবেন।

অভিযোগের প্রতিপোষণ হইতে না পারিলে যে কথা লেখা যাইবে তাহার কথা।

ঐ কথা লেখা গেলে ঐ অভিযোগপত্রের কিম্বা স্থলবিশেষে তাহার কোন অংশের উপর কার্য্যানুষ্ঠান স্থগিত হইবে। কিন্তু ঐ লিখনদ্বারা অভিযুক্ত ব্যক্তিকে নির্দ্দোষ করণরূপ ফল হইবে না ইতি।

ঐ লিখিত কথার ফলের কথা।

10. Pending the directions of the High Court as to the place of trial, every person committed for trial before a High Court shall (if not out on bail) be committed by the Magistrate for intermediate custody to the criminal jail in which he can be most conveniently confined.

Custody pending direction as to place of trial.

If the trial be directed to be held at the ordinary place of sitting of the Court, the Magistrate shall bind over the person charged to appear and take his trial at such place of sitting, or shall commit him to the jail at such place.

Procedure thereafter.

If the High Court direct that the person charged be tried elsewhere than at its ordinary place of sitting, the Magistrate shall bind him over to appear and take his trial at the place so directed, or shall, if necessary, cause him to be removed to the criminal jail at or nearest to the place at which he is directed to be tried.

11. The High Court may direct that all European British subjects committed or bailed for trial by it within certain specified districts or during certain specified periods of the year, shall be tried at the ordinary place of sitting of the Court,

Intermediate custody of European British subjects.

or direct that they shall be tried at a particular place named, and may also order that they shall, if not bailed, be committed for intermediate custody to a particular jail, being one of the jails appointed by the Government for the reception of such prisoners.

CHAPTER IV.

Of Juries.

(a) Of Juries generally.

Trials to be by jury.

12. All trials under this Act shall be by jury;

and, notwithstanding anything contained in section sixty-four of the Code of Criminal Procedure, in all criminal cases transferred to a High Court under that section or under the Letters Patent of

১০ ধারা। হাই কোর্টের সম্মুখে বিচার হইবার নিমিত্ত কোন ব্যক্তিকে সমর্পণ করা গেলে, যদি তাহার স্থানে হাজিরজামিন না লওয়া যায়, তবে যে স্থানে বিচার হইবে এই বিষয়ে হাই কোর্টের আদেশ পাইবার অপেক্ষায়, ফৌজদারী যে জেলখানায় তাহাকে সুবিধামতে কয়েদ করা যাইতে পারে, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে সেই জেলখানায় হেফাজতে রাখিবেন।

বিচার হইবার স্থানবিষয়ের আদেশ পাইবার অপেক্ষায় হেফাজতে রাখিবার কথা।

যে স্থানে কোর্টের নিয়ত অধিবেশন হইয়া থাকে সেই স্থানে বিচার হইবার আজ্ঞা হইলে, মাজিষ্ট্রেট সাহেব অভিযুক্ত ব্যক্তির বিচার হইবার নিমিত্ত অধিবেশনের সেই স্থানে উপস্থিত হইবার মুচলকা লেখাইয়া লইবেন, কিম্বা তাহাকে সেই স্থানের জেলখানায় পাঠাইবেন।

তৎপরে যে কার্য্যপ্রণালী হইবে তাহার কথা।

ঐ কোর্টের অধিবেশন নিয়ত যে স্থানে হইয়া থাকে হাই কোর্ট তদ্ভিন্ন কোন স্থানে অভিযুক্ত ব্যক্তির বিচার হইবার আদেশ করিলে মাজিষ্ট্রেট সাহেব সেই নির্দ্দিষ্ট স্থানে বিচার হইবার নিমিত্ত তাহার উপস্থিত হইবার মুচলকা লেখাইয়া লইবেন, কিম্বা যে স্থানে বিচার হইবার আজ্ঞা হইল প্রয়োজনমতে তাহাকে সেই স্থানের কি তাহার অতিনিকট অন্য স্থানের ফৌজদারী জেলখানায় পাঠাইবেন ইতি।

১১ ধারা। ইউরোপীয় বৃটনীয় প্রজারদিগকে নির্দ্দিষ্ট কোন২ জিলায় কিম্বা বৎসরের নির্দ্দিষ্ট কোন২ সময়ে বিচারার্থে সমর্পণ করা গেলে কিম্বা তাহাদের হাজির জামিন লওয়া গেলে, হাই কোর্ট ঐ কোর্টের নিয়ত অধিবেশনের স্থানে তাঁহারদের বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন,

ইউরোপীয় বৃটনীয় প্রজার বিচার না হওন পর্য্যন্ত হেফাজতে রাখিবার কথা।

অথবা নির্দ্দিষ্ট অন্য স্থানে তাহারদের বিচার হইবার আজ্ঞা দিতে পারিবেন, ইতিমধ্যে সেই ইউরোপীয় বৃটনীয় প্রজাদের স্থানে হাজির জামিন লওয়া না গেলে, গবর্ণমেণ্ট সেই প্রকার কয়েদিদের থাকিবার জন্যে যে২ জেল নিরূপণ করেন তাহার অন্যতর জেলে তাহারদের সমর্পণ হইবার আজ্ঞা দিবেন ইতি।

চতুর্থ অধ্যায়।

১ র কথা।

(ক) জুরির সাধারণ কথা।

জুরির দ্বারা বিচার হইবার কথা।

১২ ধারা। এই আইনমতে যত মোকদ্দমার বিচার হয় সকলই জুরির সহযোগে হইবে।

এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬৪ ধারামতে, কিম্বা মহারাণী বিকটরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়ক্রমে যে হাই কোর্ট স্থাপিত হইযাছে কি হইবে তাহার পেটন্ট-

any High Court established or to be established under the 24th and 25th of Victoria, Chapter 104, the trial may, if the High Court so direct, be by jury.

Number of jurors.

13. The jury shall consist of nine persons.

Verdict when to be delivered.

14. A verdict of guilty or not guilty, as the case may be, shall be delivered either when the jury are unanimous in their opinion, or when as many as six are of one opinion and the Judge agrees with them.

Discharge of jury in default of unanimity or majority of six with Judge's concurrence.

15. When the jury are satisfied that they will not be unanimous, but six of them are of one opinion, the foreman shall so inform the Judge.

If the Judge disagrees with the majority, he shall then discharge the jury.

If there are not so many as six who agree in opinion, the Judge shall, after the lapse of such time as he thinks reasonable, discharge the jury.

Discharge of jury in case of sickness of juror or prisoner.

16. The Judge may also discharge the jury whenever by reason of illness a juryman becomes incapable of attending through the trial or the prisoner becomes incapable of remaining at the bar.

Re-trial of prisoner after discharge of jury.

17. Whenever the jury is discharged, the prisoner shall be detained in custody or on bail (as the case may be) and shall be tried by another jury unless the Judge considers that he should not be retried, in which case the Judge shall make an entry to that effect on the charge and the prisoner shall be set at liberty.

Successive trials by same jury.

18. Subject to the right of challenge hereinafter mentioned, the same jury may try as many accused persons successively as the Judge thinks fit.

পত্রমতে যে সকল ফৌজদারী মোকদ্দমা হাই কোর্টের প্রতি অর্পিত হয়, উক্ত আইনের ঐ ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও, ঐ হাই কোর্ট আদেশ করিলে জুরির সংযোগে ঐ মোকদ্দমার বিচার হইবে ইতি।

যত জনকে লইয়া জুরী হইবে তাহার কথা।

১৩ ধারা। নয় জনকে লইয়া জুরী হইবে।

মীমাংসা যে সময়ে প্রকাশ করা যাইতে পারিবে তাহার কথা।

১৪ ধারা। জুরির সকল ব্যক্তি আপনাদের মত সম্পর্কে একবাক্য হইলে, কিম্বা তাঁহারদের ছয় জন-পর্য্যন্ত একবাক্য ও জজ সাহেব তাঁহারদের মতে সম্মত হইলে, ব্যক্তিকে অপরাধী কিম্বা বিষয়বিশেষে নিরপরাধী বলিয়া তাঁহারদের মীমাংসা প্রকাশ করা যাইতে পারিবে ইতি।

সকলেই এক বাক্য না হইলে কিম্বা ৬ জনপর্য্যন্ত তাঁহাদের অধিকাংশ ব্যক্তি একবাক্য না হইলে ও জজ সাহেব সম্মত না হইলে তাঁহাদের বিদায় করিয়া দিবার কথা।

১৫ ধারা। জুরির সকল ব্যক্তি একবাক্য হইবেন না তাঁহারা ইহা হৃদবোধমতে জানিলে, কিন্তু ছয় জন একবাক্য হইলে, তাঁহাদের প্রধান ব্যক্তি জজ সাহেবকে সেই কথা জানাইবেন।

সেই অধিকাংশ ব্যক্তিদের মতে জজ সাহেব সম্মত না হইলে তিনি জুরিকে বিদায় করিয়া দিবেন।

তাঁহাদের ছয়জন পর্য্যন্ত একবাক্য না হইলে, জজ সাহেব যত কাল যুক্তিসিদ্ধ জ্ঞান করেন তত কাল অপেক্ষা করিয়া জুরিকে বিদায় করিয়া দিবেন ইতি।

জুরির কোন ব্যক্তির কি আসামীর পীড়া হইলে জুরিকে বিদায় করিয়া দিবার কথা।

১৬ ধারা। জুরির কোন ব্যক্তি পীড়াপ্রযুক্ত মোকদ্দমার বিচার হইবার তাবৎকাল উপস্থিত থাকিতে না পারিলে, কিম্বা আসামী পীড়াপ্রযুক্ত আদালতের সম্মুখে থাকিতে না পারিলে, জজ সাহেব জুরিকে বিদায় করিয়া দিতে পারিবেন ইতি।

জুরিকে বিদায় করিয়া দিবার পর আসামীর পুনশ্চ বিচার হইবার কথা।

১৭ ধারা। জুরিকে বিদায় করিয়া দেওয়া গেলে, আসামীকে হেফাজতে কিম্বা বিষয় বিশেষে হাজির জামিনিতে রাখা যাইবে, ও অন্য জুরিদ্বারা তাহার বিচার হইবে। কিন্তু তাহার পুনশ্চ বিচার হওয়া উচিত নয় জজ সাহেবের এই বিবেচনা হইলে, তিনি অভিযোগপত্রে সেই মর্ম্মের কথা লিখিবেন, ও আসামীকে ছাড়িয়া দেওয়া যাইবে ইতি।

একি জুরিদ্বারা ক্রমশ অনেক ব্যক্তির বিচার হইবার কথা।

14. If any vessel hook or get foul of any of the buoys or moorings laid down by or by the authority of the Local Government in any such port, river or channel, the Master of such vessel shall not, nor shall any other person, except in the case of emergency, lift such buoy or mooring for the

Notice to Conservator, if vessel fouls Government moorings.

আজ্ঞা করেন সেই প্রকারে তাহা প্রকাশ হইবার পর চৌদ্দ দিনের মধ্যে তাহা না দিলে, এই আইনমতে অর্থদণ্ডের টাকা যে কোন প্রকারে আদায় হইতে পারে ঐ খরচও সেই প্রকারে আদায় করিয়া লওয়া যাইতে পারিবে।

এবং রক্ষক সাহেব সেই বাহাদুরী কাঠ কি ভেলা কি অন্য দ্রব্য, কিম্বা বাধা কি অনিষ্টজনক যে দ্রব্য পূর্ব্বোক্তমতে স্থানান্তর করা গেল তাহা যেই দ্রব্য লইয়া হইল সেইই দ্রব্য কিম্বা তাহার যে অংশ বিক্রয় করা আবশ্যক সেই অংশ নীলামদ্বারা বিক্রয় করাইয়া দিতে পারিবেন।

বাহাদুরী কাঠপ্রভৃতি বিক্রয় করিবার ক্ষমতার কথা।

ও নীলাম করিয়া যে টাকা পাওয়া যায় তাহাহইতে ঐ দ্রব্য সরাইয়া দিবার ও নীলাম করিবার সকল খরচ লইয়া, অবশিষ্ট টাকা, ও বাহাদুরী কাঠ কি অন্য দ্রব্যের যত নীলাম না হইয়া থাকে তাহা, যে লোকের পাইবার স্বত্ব থাকে তাহাকে দিবেন।

তাহাতে যে টাকা পাওয়া যায় তাহা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

ও তদ্রূপ কোন ব্যক্তি উপস্থিত না হইলে স্থানীয় গবর্ণমেণ্ট যদ্রূপে আজ্ঞা করেন তদ্রূপে তাহা গচ্ছিত করিয়া রাখিবেন।

ও সেই বাহাদুরী কাঠের কি অন্য দ্রব্যের যাহা নীলাম না হইয়া থাকে তাহা ও সময়ে২ প্রয়োজনমতে নীলাম করিয়া তাহা রাখিবার খরচ ও নীলাম করিবার খরচ আদায় করিবেন ইতি।

১৩ ধারা। যে বন্দরে কি নদীতে কি জলপথে এই আইনের বিধান চলে, তাহার মধ্যে যে বিষয়দ্বারা জাহাজের যাওয়া আসার বাধা কি আটক হয় তাহা ন্যায্যমতে সেই স্থানে থাকিলে, কিম্বা অনেক দিনাবধি থাকাতে কি অন্য কারণে তাহার থাকা সিদ্ধ হইয়া উঠিলে, রক্ষক সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের জানিবার জন্যে সেই কথার রিপোর্ট করিবেন, ও ঐ গবর্ণমেণ্টের অনুমতি লইয়া তাহা স্থানান্তর কি পরিবর্ত্তন করাইয়া দিবেন, ও স্থানান্তর কি পরিবর্ত্তন করাতে কোন ব্যক্তির হানি হইলে তাঁহার হানিপূরণের উপযুক্ত টাকা দিবেন।

ন্যায্যমতে যে বাধাজনক দ্রব্য থাকে তাহা সরাইয়া দিবার কথা।

সেই হানিপূরণের টাকার বিষয়ে কোন বিবাদ হইলে রাজকীয় কার্য্যের নিমিত্তে ভূমি লওনসময়ে তদ্রূপ বিবাদ মিটাইবার যে আইন আছে সেই আইনমতে ঐ বিবাদ নিষ্পত্তি করিয়া দেওয়া যাইবে ইতি।

হানিপূরণের টাকা নিরূপণ করিবার কথা।

১৪ ধারা। উক্ত কোন বন্দরে কি নদীতে কি জলপথে স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা কি ঐ গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে যে বয়া কিম্বা জাহাজ বাঁধিবার যে বিষয় রাখা যায়, তাহাতে কোন জাহাজের হুক লাগিয়া গেলে কি জড়িয়া গেলে, ঐ জাহাজের কাপ্তান কিম্বা অন্য কোন ব্যক্তি কেবল অত্যন্ত প্রয়োজনের স্থলছাড়া ঐ হুক

জাহাজ গবর্ণমেণ্টের বয়াতে জড়িয়া গেলে রক্ষককে নোটিস দিবার কথা।

purpose of unhooking or getting clear from the same, without the assistance of the Conservator,

and the Conservator, immediately on receiving notice of such accident, shall assist and superintend the clearing of such vessel;

Expense of clearing vessel.

and the Master of such vessel shall, upon demand, pay such reasonable expense as may be incurred in clearing the same.

Penalty.

Any Master offending against the provisions of this section shall for every such offence be punished with fine which may extend to one hundred rupees.

Power to raise wreck, &c., impeding navigation within the port.

15. If any vessel be wrecked, stranded or sunk, in any such port, river or channel, so as to impede or be likely to impede the navigation thereof, the Conservator may cause the same to be raised, removed, or destroyed; and,

Expense how recoverable.

unless the expense of such work be re-paid within one month after the completion thereof, may recover the same on behalf of the Local Government in the manner provided by section forty-four.

Power to board vessels.

16. The Conservator or any of his Assistants may, whenever he suspects that any offence has been, or is about to be, committed in any vessel contrary to this Act, or whenever it is necessary for him so to do in the discharge of any duty hereby imposed upon him;

and the Collector of Customs, or other officer appointed to collect any Port-dues or other charges payable in respect of any vessel under this Act, may, whenever it is necessary so to do, for the performance of any duty hereby imposed upon such Collector or other officer,

either alone or with any other person, go on board any vessel within the limits of any port, river or channel subject to this Act.

If the Master of such vessel without lawful excuse refuse to allow any officer or other person to enter such vessel for the performance of any duty imposed upon him by this Act, he shall for every such offence be punished with fine which may extend to two hundred rupees.

ছাড়াইয়া দিবার কিম্বা বাহাইতে জাহাজ ছাড়াইয়া দিবার জন্যে রক্ষক সাহেবের সাহায্যবিনা ঐ দ্রব্য তুলিয়া লইবেন না।

রক্ষক সাহেব সেই বিপত্তির সম্বাদ পাইলেই ঐ জাহাজ ছাড়াইয়া দিতে সাহায্য করিবেন ও ছাড়াইয়া দিবার কার্য্যের তত্ত্বাবধারণ করিবেন।

জাহাজ ছাড়াইয়া দিবার খরচের কথা।

জাহাজ ছাড়াইয়া দিবার উপযুক্ত যে খরচ হয় কাপ্তানের কাছে তাহার দাওয়া হইলেই তিনি দিবেন।

দণ্ডের কথা।

কোন কাপ্তান এই ধারার বিধানের বিপক্ষে অপরাধ করিলে, তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

বন্দরের মধ্যে জাহাজ মারা পড়াতে অন্য জাহাজের যাইবার বাধা হইলে তাহা তুলিয়া দিবার ক্ষমতার কথা।

১৫ ধারা। উক্ত কোন বন্দরে কি নদীতে কি জলপথে কোন জাহাজ মারা পড়িলে কি ডাঙ্গায় ঠেকিয়া ভাঙ্গিয়া গেলে কি ডুবিলে ও তাহাতে অন্য জাহাজের যাওয়া আসার বাধা হইল কি হইবার সম্ভাবনা থাকিলে, রক্ষক সাহেব তাহা তোলাইয়া ফেলিতে কি স্থানান্তর করাইতে কি নষ্ট করাইতে পারিবেন। ও সেই কার্য্য সমাপ্ত হইলে পর এক মাসের মধ্যে তাহার খরচ না দেওয়া গেলে, উক্ত সাহেব ৪৪ ধারার বিধানমতে স্থানীয় গবর্নমেণ্টের পক্ষে তাহা আদায় করিতে পারিবেন ইতি।

খরচ যেরূপে আদায় হইবে তাহার কথা।

জাহাজে উঠিবার ক্ষমতার কথা।

১৬ ধারা। কোন জাহাজে এই আইনের বিপক্ষ কোন অপরাধ করা গিয়াছে কি করা যাইবে, রক্ষক সাহেবের কি তাহার সহকারি কর্ম্মকারকদের এমত অনুভব থাকিলে, কিম্বা এই আইনমতে তাঁহার প্রতি যে২ কর্ম্ম অর্পিত হইল তদ্রূপ কোন কর্ম্ম করিবার নিমিত্ত আবশ্যক হইলে, তিনি কি তাঁহারা,

এবং কষ্টমের কালেকটর সাহেবের প্রতি কিম্বা এই আইনমতে কোন জাহাজের যে বন্দরীয় মাসুল প্রভৃতি দিতে হয় তাহা আদায় করিবার জন্যে নিযুক্ত অন্য কর্ম্মকারকের প্রতি এই আইনমতে যে২ কর্ম্মের ভার অর্পিত থাকে তাহার মধ্যে কোন কর্ম্ম করিবার নিমিত্ত আবশ্যক হইলে, ঐ কালেকটর কি অন্য কার্য্যকারক,

একলা কিম্বা অন্য ব্যক্তিকে লইয়া এই আইনের অধীন কোন বন্দরের কি নদীর কি জলপথের সীমার অন্তর্গত কোন জাহাজে যাইতে পারিবেন।

এই আইনমতে উক্ত কার্য্যকারকের কি অন্য ব্যক্তির প্রতি যে২ কর্ম্মের ভার অর্পিত হইল, তিনি সেই কর্ম্ম করিবার জন্যে ঐ জাহাজে উঠিতে চাহিলেও যদি কাপ্তান সাহেব উপযুক্ত কারণ না থাকিতেও তাঁহাকে উঠিতে না দেন, তবে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

Power to require crews to prevent or extinguish fire.

17. For the purpose of preventing or extinguishing fire in any port to which this Act extends, the Conservator may require the Master of any ship of more than five hundred tons burden to place at his disposal such number as he requires not exceeding three-fourths of the crew then under the orders of such Master.

Any Master refusing or neglecting to comply with such requisition shall be punished with a fine which may extend to five hundred rupees, and any seamen then under his orders who after being directed by the Master to obey the Conservator's orders for the purpose aforesaid refuse to obey such orders shall be punished with fine which may extend to twenty-five rupees.

Powers of Conservator may be exercised by Harbour Master.

18. All acts, orders or directions by this Act authorised to be done or given by any Conservator may, subject to his control, be done or given by any Harbour Master or any Assistant of such Conservator or Harbour Master,

and any person hereby authorized to do any act may call to his aid such assistance as may be necessary.

Indemnity to Government against default of Harbour Master, &c.

19. The Government shall not be answerable for any act or default of any Master Attendant, Harbour Master, or other Conservator of any port, river or channel subject to this Act; or of any Pilot; or of any Deputy, or Assistant of any of the offices above-mentioned; or of any person acting under the authority or directions of any such Officer or Assistant, done within the limits of such port, river or channel; nor for any damage sustained by any vessel in consequence of any defect in any of the moorings, hawsers, or other things belonging to Government, within the said limits, which may be used by such vessel.

Proviso.

Provided that nothing in this section shall protect the Secretary of State for India in Council from a suit in respect of any act done by or under the express order or sanction of Government.

আগুন লাগা নিবারণের জন্যে কিম্বা লাগিলে নিবাইয়া ফেলিবার জন্যে খালাসিদিগকে লইবার ক্ষমতার কথা।

১৭ ধারা। এই আইন যে বন্দরে চলে সেই বন্দরের মধ্যে আগুন লাগা নিবারণ করিবার জন্যে, কিম্বা লাগিলে তাহা নিবাইয়া ফেলিবার জন্যে, যে জাহাজে পাঁচশত টনের অধিক ধরে তাহার কাপ্তান সাহেবের অধীন তৎকালে যত জন নাবিক থাকে, রক্ষক সাহেব ঐ কাপ্তান সাহেবকে ঐ নাবিকদের চারি অংশের তিন অংশের লোক আপনার আজ্ঞার অধীন করিয়া দিতে আদেশ করিতে পারিবেন।

কোন কাপ্তান সেই আদেশমতে কর্ম্ম করিতে না চাহিলে কিম্বা না করিলে, তাঁহার পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে, ও কাপ্তানের অধীন কোন নাবিককে উক্ত কার্য্যের নিমিত্ত রক্ষক সাহেবের আজ্ঞা মানিয়া কর্ম্ম করিতে আদেশ করা গেলে, সে ঐ আজ্ঞামতে কর্ম্ম করিতে না চাহিলে তাহার ২৫ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

রক্ষকের ক্ষমতাক্রমে হারবর মাষ্টর সাহেবের কার্য্য করিবার ক্ষমতার কথা।

১৮ ধারা। এই আইনমতে কোন রক্ষক সাহেবের প্রতি যে সকল কর্ম্ম করিবার, ও যে সকল আজ্ঞা কি আদেশ দিবার ক্ষমতা দেওয়া গেল, কোন হারবর মাষ্টর সাহেব, কিম্বা ঐ রক্ষক কি হারবর মাষ্টর সাহেবের সহকারী কোন কর্ম্মকারক, ঐ রক্ষক সাহেবের কর্ত্তৃত্বাধীনে, সেই২ কর্ম্ম করিতে ও সেই২ আজ্ঞা কি আদেশ দিতে পারিবেন।

এতৎক্রমে যে ব্যক্তির প্রতি যে কর্ম্ম করিবার ক্ষমতা দেওয়া গেলে সেই কার্য্যের নিমিত্ত যে২ ব্যক্তির স্থানে তাঁহার সাহায্য পাইবার প্রয়োজন তিনি সেই২ ব্যক্তিকে ডাকিয়া লইতে পারিবেন ইতি।

হারবর মাষ্টর প্রভৃতির দোষ হইলে গবর্ণমেণ্টের নিষ্কৃতির কথা।

১৯ ধারা। কোন মাষ্টর আটেণ্ডেণ্টের কি হারবর মাষ্টরের কিম্বা এই আইনের অধীন কোন বন্দরের কি নদীর কি জলপথের অন্য রক্ষকের, কিম্বা কোন আড়কাটীর, কিম্বা উক্ত কোন কার্য্যকারকের ডেপুটী কি আসিষ্টাণ্ট কার্য্যকারকের কোন কর্ম্মের কি দোষের নিমিত্ত, কিম্বা উক্ত কোন কর্ম্মকারকের কি আসিষ্টাণ্টের আজ্ঞাক্রমে কি আদেশ মতে কোন ব্যক্তি উক্ত বন্দরের কি নদীর কি জলপথের সীমার মধ্যে যে কার্য্য কি দোষ করেন তাহার নিমিত্ত, কিম্বা উক্ত সীমার মধ্যে কোন জাহাজে গবর্ণমেণ্টের কোন বয়ার কি হাঁসিলের কি অন্য দ্রব্যের ব্যবহার হইলে সেই বয়া প্রভৃতির কোন দোষপ্রযুক্ত ঐ জাহাজের হানি হইলে তাহার নিমিত্ত গবর্ণমেণ্ট দায়ী হইবেন না।

উপবিধি।

কিন্তু গবর্ণমেণ্টের দ্বারা কিম্বা গবর্ণমেণ্টের স্পষ্ট আজ্ঞা কি ক্ষমতা ক্রমে যে কোন কার্য্য করা যায় সেই কার্য্যের নিমিত্ত এই ধারার কোন কথাক্রমে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নামে মোকদ্দমা করিবার কোন বাধা নাই ইতি।

CHAPTER IV.

RULES FOR THE SAFETY OF SHIPPING AND THE PRESERVATION OF PORTS.

20. No person shall without lawful excuse lift, injure, loosen, or set adrift any buoy, beacon, or mooring, fixed or laid down by or by the authority of the Local Government in any port, river or channel subject to this Act.

Injuring buoys, &c.

Whoever offends against the provisions of this section shall, for every such offence, be liable, in addition to the payment of the amount of damages done, to fine which may extend to two hundred rupees, or to imprisonment for a term which may extend to six months.

21. Whoever wilfully and without lawful excuse loosens or removes from her moorings any vessel within any such port, river or channel, without leave or authority from the owner or Master of such vessel, shall, for every such offence, be punished with fine which may extend to two hundred rupees, or with imprisonment for a term which may extend to six months.

Wilfully loosening vessel from moorings.

22. No ballast or rubbish, or any other thing likely to form a bank or shoal, or to be detrimental to navigation, shall, without lawful excuse, be cast or thrown into any such port, river or channel, or into or upon any place on shore, from which the same is liable to be washed into any such port, river or channel, either by ordinary or high tides, or by storms or land-floods.

Improperly discharging ballast, &c.

Whoever by himself or another so casts or throws the same, and the Master of any vessel from which the same is cast or thrown, shall be punished with fine which may extend to two hundred rupees over and above any expenses which may be incurred in removing the same.

Nothing in this section applies to any case in which such ballast or other thing is cast or thrown into any such port, river or channel with the consent in writing of the Conservator, or within any limits within which such act may be authorized by the Local Government.

[*Government Gazette*, 12*th May* 1874.]

চতুর্থ অধ্যায়।

জাহাজের নিরাপদে থাকার ও বন্দর রক্ষা করণের বিধি।

২০ ধারা। এই আইনের বিধান যে বন্দরে কি নদীতে কি জলপথে চলন থাকে, তন্মধ্যে স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা কি ঐ গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে যে বয়া কি নিশানী কি জাহাজ বাঁধিবার জন্য যে দ্রব্য স্থাপিত হয় কি বসান যায়, কোন ব্যক্তি ন্যায্য কারণ না থাকিতেও তাহা তুলিবে না ও তাহার হানি করিবে না ও তাহা আলগা করিবেন না ও ভাসাইয়া দিবেন না।

বয়া প্রভৃতির হানি করিবার কথা।

কোন ব্যক্তি এই ধারার বিধানের বিপরীত অপরাধ করিলে, তাহার দ্বারা যত হানি হয় তাঁহার সেই হানিপূরণ করিতে হইবে, তাহা ছাড়া উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড, কিম্বা ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

২১ ধারা। উক্ত কোন বন্দরের কি নদীর কি জলপথের মধ্যে কোন জাহাজ বয়াতে বাঁধা থাকিলে, যদি কোন ব্যক্তি ঐ জাহাজের স্বামির কি কাপ্তানের অনুমতি কি আজ্ঞা না পাইয়া, জানিয়া শুনিয়া ও উপযুক্ত কারণ না থাকিতেও ঐ জাহাজ খুলিয়া দেন কি স্থানান্তরে লইয়া যান, তবে উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড হইবে ইতি।

জানিয়া শুনিয়া বয়া হইতে জাহাজ ছাড়াইয়া দিবার কথা।

২২ ধারা। গিলম কি রাবিশ কি অন্য যে দ্রব্য পড়িলে চড়া কি পুলিন হইতে পারে কিম্বা নৌকাদির যাওয়া আসার বাধাজনক হইতে পারে, উপযুক্ত কারণ না থাকিলে তাহা উক্ত কোন বন্দরে কি নদীতে কি জলপথে ফেলিতে হইবে না, কিম্বা কিনারার যে স্থানে পড়িলে তাহা সামান্য জোয়ারের কি কটালের জোয়ারের বলে কি ঝড়ের জোরে, কিম্বা তীরহইতে যে জল পড়ে তাহার বেগে উক্ত বন্দরের কি নদীর কি জল পথের মধ্যে গড়িয়া পড়িতে পারে, এমন স্থানে তাহা ফেলিতে হইবে না।

গিলম প্রভৃতি অনুপযুক্তমতে নামাইয়া দিবার কথা।

কোন ব্যক্তি আপনি কি অন্যের দ্বারা উক্ত দ্রব্য তদ্রূপে ফেলিলে তিনি, ও যে জাহাজহইতে তাহা ফেলা যায় সেই জাহাজের কাপ্তান ঐ দ্রব্য স্থানান্তর করিয়া দিবার খরচ দিবেন, তাহাছাড়া তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ডও হইবে।

রক্ষক সাহেব লিখিয়া উক্ত কোন বন্দরে কি নদীতে কি জলপথে ঐ গিলম কি অন্য দ্রব্য ফেলিতে অনুমতি দিলে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট যে সীমার মধ্যে ঐ দ্রব্য ফেলিবার অনুমতি দেন সেই সীমার মধ্যে ফেলিলে, তাহার প্রতি এই ধারার কোন কথা খাটিবে না ইতি।

23. If any person grave, bream, or smoke any vessel in any port, contrary to the directions of the Conservator, or at any time or within any limits at or within which such act is prohibited by any order of the Local Government, such person, and also the Master of such vessel, shall for every such offence be punished with fine which may extend to five hundred rupees.

Graving, &c., vessel within prohibited limits.

২৩ ধারা। কোন বন্দরের রক্ষক সাহেব কোন জাহাজের তলায় বুণ ঘুষিবার কি লোণা পোড়াইবার কি ধুঁয়া দিবার বিষয়ে যে আদেশ করেন, কোন ব্যক্তি সেই আদেশ না মানিয়া ঐ কর্ম্ম করিলে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে যে সময়ে ও যে সীমার মধ্যে ঐ কর্ম্ম করিতে নিষেধ হইয়াছে কোন ব্যক্তি সেই সময়ে ও সেই সীমার মধ্যে ঐ কর্ম্ম করিলে, সেই ব্যক্তির ও সেই জাহাজের কাপ্তানের উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

নিষিদ্ধ সীমার মধ্যে নৌকাদির তলায় বুণঘষণপ্রভৃতির কথা।

24. If any person boil or heat any pitch, tar, resin, dammer, turpentine, oil, or other such combustible matter on board any vessel within any such port, at any place where such act is prohibited by the Local Government or contrary to the order or directions of the Conservator, such person, and also the Master of any vessel on board which such offence is committed, shall for every such offence be punished with fine which may extend to two hundred rupees.

Boiling pitch, &c., on board vessel within prohibited limits.

২৪ ধারা। ধুনা কি আলকাতরা কি রজন কি ডামর কি তার্পিন তৈল কিম্বা অন্য যে দ্রব্য হঠাৎ জ্বলিয়া উঠিতে পারে স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত বন্দরের অন্তর্গত যে স্থানে কোন জাহাজে সেই২ দ্রব্য জ্বাল দিতে নিষেধ করেন, কোন ব্যক্তি সেই স্থানে ও রক্ষক সাহেবের আজ্ঞার কি আদেশের বিপরীত ঐ দ্রব্য জ্বাল দিলে, সেই ব্যক্তির ও যে জাহাজে ঐ অপরাধ করা গেল সেই জাহাজের কাপ্তান সাহেবের উক্ত প্রত্যেক অপরাধের জন্যে দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

যে স্থানে নিষেধ হইল সেই স্থানে নৌকাদিতে ধুনা প্রভৃতি জ্বাল দিবার কথা।

25. If any person, by candle-light, or other artificial light, draws off spirits on board any vessel within any port, such person, and also the Master of every such vessel, shall for every such offence be punished with fine which may extend to two hundred rupees.

Drawing spirits by candle-light, &c.

২৫ ধারা। কোন ব্যক্তি কোন বন্দরের মধ্যে কোন জাহাজে মোমবাতি কি অন্য কৃত্রিম প্রদীপ জ্বালাইয়া পিপা হইতে শরাব বাহির করিয়া লইলে, সেই ব্যক্তির ও সেই জাহাজের কাপ্তানের উক্ত প্রত্যেক অপরাধের জন্যে দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

বাতী জ্বালাইয়া পিপা হইতে শরাব বাহির করিয়া লইবার কথা।

26. Every Master of a vessel in any port shall, when required so to do by the Conservator, permit warps to be made fast to such vessel for the purpose of warping any other vessel in the port and shall not allow any such warp to be let go until required so to do.

Warping.

Any Master offending against the provisions of this section shall be punished for every such offence with a fine which may extend to two hundred rupees.

২৬ ধারা। কোন বন্দরে যে জাহাজ থাকে রক্ষক সাহেব সেই জাহাজের কাপ্তানকে আজ্ঞা করিলে তিনি ঐ বন্দরের মধ্যে অন্য কোন জাহাজ টানিবার নিমিত্ত আপনার জাহাজে হাঁসিল বাঁধিতে অনুমতি দিবেন, ও আজ্ঞা না পাইলে উক্ত কোন হাঁসিল ছাড়িয়া দিতে অনুমতি দিবেন না।

হাঁসিল বাঁধিবার কথা।

কোন কাপ্তান এই ধারার বিধানের বিপরীত অপরাধ করিলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

27. No Master of any vessel shall cause or suffer any warp or hawser attached to his vessel, to be left out in any such port, after sun-set, in such a manner as to endanger the safety of any boat or other vessel navigating in the said port.

Leaving out hawser, &c., after sun-set.

২৭ ধারা। কোন জাহাজের কাপ্তান উক্ত কোন বন্দরে সূর্য্য অস্ত হইবার পর আপনার জাহাজের কোন পাগর কি হাঁসিল জাহাজের বাহিরে এমন পড়িয়া থাকিতে দিবেন না যে তদ্দ্বারা উক্ত বন্দরগামি কোন নৌকার কি অন্য জাহাজের শঙ্কট জন্মিতে পারে।

সূর্য্য অস্ত হইলে পর হাঁসিল প্রভৃতি জলে ফেলা রাখিবার কথা।

Any Master offending against the provisions of this section shall be punished for every such offence with fine which may extend to two hundred rupees.

Gunpowder.

Vessels not to have powder, &c., exceeding 50 lbs on board within certain limits.

28. The Local Government may, by order, fix the limits within which vessels shall be prohibited from having on board, in any port, river or channel subject to this Act, any quantity of gunpowder, exceeding altogether fifty pounds in weight, whether manifested for delivery or not.

Government to appoint place of deposit for powder.

In such case the Local Government shall appoint a proper place of deposit for such gunpowder, in excess of the quantity above allowed, and an officer to receive the same.

Government to fix time and manner of landing and shipping powder, &c.

29. The Local Government may, in such case, by order, fix the times at or within which, and the manner in which, such gunpowder, shall be landed and deposited by any vessel inward-bound, and also the times at or within which, and the manner in which, the same shall be taken on board any vessel from such place of deposit.

Master to make declaration.

Penalty for failure.

30. The Master of such vessel shall, upon such gunpowder, being deposited, make and sign a declaration in writing that there is not then, to his knowledge or belief, on board such vessel any gunpowder, exceeding the weight of fifty pounds.

Officer to give receipt and to account for powder deposited.

31. The officer, with whom such gunpowder is deposited, shall give a receipt for the same to the Master or other person making the deposit, and he shall be accountable to such Master or other person for the re-delivery of the same.

If by stress of weather powder is not landed, notice to be given.

32. If any vessel be prevented by stress of weather from landing or depositing such gunpowder, in excess of the quantity allowed as aforesaid, the master or owner of such vessel shall, so soon as the

কোন কাপ্তান এই ধারার বিধানের বিপরীত অপরাধ করিলে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

বারুদের কথা।

বিশেষ সীমার মধ্যে কোন জাহাজে ৫০ পৌণ্ডের অধিক বারুদ না থাকার কথা।

২৮ ধারা। এই আইন যে বন্দরে কি নদীতে কি জলপথে চলন থাকে, তাহার যে সীমার মধ্যে কোন জাহাজ ৫০ পৌণ্ড ওজনের অধিক বারুদ লইয়া আসিতে না পারিবে, মানিফেষ্টে বারুদের কথা লেখা থাকিলেও নয়, স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়া এমত সীমা নিরূপণ করিতে পারিবেন।

বারুদ রাখিয়া আসিবার স্থান গবর্ণমেণ্টের নিরূপণ করিবার কথা।

এমত স্থলে উপরোক্ত ওজনের অধিক যত বারুদ থাকে তাহা যে স্থানে রাখিয়া আসিতে হইবে স্থানীয় গবর্ণমেণ্ট এমত উপযুক্ত স্থান নিরূপণ করিবেন ও সেই বারুদ লইয়া রাখিবার কর্ম্মকারককে নিযুক্ত করিবেন ইতি।

বারুদাদি নামাইয়া দিবার ও জাহাজে তুলিয়া দিবার সময় ও নিয়ম গবর্ণমেণ্টের নিরূপণ করিবার কথা।

২৯ ধারা। উক্ত স্থলে কোন জাহাজ বন্দরের মধ্যে আসিতে লাগিলে, যে সময়ে কি যে সময়ের মধ্যে ও যে প্রকারে ঐ বারুদ জাহাজহইতে নামাইয়া রাখা যাইবে, ও যে সময়ে কি যেং সময়ের মধ্যে ও যে প্রকারে ঐ বারুদ রাখিবার স্থানহইতে তাহা আবার জাহাজে তুলিয়া দেওয়া যাইবে, স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞাক্রমে এই সকল বিষয় নিরূপণ করিবেন ইতি।

কাপ্তানের প্রতিজ্ঞা করিবার কথা।

৩০ ধারা। ঐ বারুদ নামাইয়া রাখা গেলে পর ঐ জাহাজের কাপ্তান সাহেব এই মর্ম্মের প্রতিজ্ঞা করিবেন যে, আমার জ্ঞান ও বিশ্বাসমতে এক্ষণে পঞ্চাশ পৌণ্ডের অধিক বারুদ ঐ জাহাজে নাই ও সেই প্রতিজ্ঞাপত্রে দস্তখৎ করিবেন ইতি।

কর্ম্মকারকের রসীদ দিবার ও তাহার নিকট যে বারুদ রাখা গেল তাহার দায়ী হইবার কথা।

৩১ ধারা। যে কর্ম্মকারকের নিকট ঐ বারুদ রাখিয়া দেওয়া যায়, তিনি কাপ্তান সাহেবকে কিম্বা অন্য যে ব্যক্তি বারুদ রাখিয়া যান তাঁহাকে ঐ বারুদের রসীদ দিবেন, ও সেই বারুদ ফিরিয়া দিবার বিষয়ে তিনি সেই কাপ্তানের কি উক্ত অন্য ব্যক্তির নিকট দায়ী হইবেন ইতি।

ঝড়ের বেগপ্রযুক্ত বারুদ নামাইয়া দিতে না পারিলে নোটিস দিবার কথা।

৩২ ধারা। কোন জাহাজে যত বারুদ রাখিবার অনুমতি আছে ঝড়ের বেগপ্রযুক্ত তাহার অধিক পরিমাণের বারুদ নামাইয়া রাখিতে না পারা গেলে, ঝড় নরম পড়িলেই ঐ জাহাজের কাপ্তান কি স্বামী

weather permits, land and deposit the same at the place so appointed as aforesaid, or shall forthwith give notice to the Conservator, or other officer named for that purpose by any order of the Local Government, of his having such gunpowder on board, and shall obey his directions relating to the same.

33. The Local Government may also, in respect to such port, by order, fix the times and places at which, and the manner in which, vessels outward bound, requiring to take in any gunpowder, exceeding the quantity abovementioned, shall take in the same, whether such gunpowder has been previously landed from such vessel or not.

Time, &c., for vessels outward bound to take in powder.

34. The Master of any vessel having on board any gunpowder, contrary to the provisions of this Act, shall for every such offence be punished with fine which may extend to two hundred rupees;

Penalties for having prohibited powder on board.

and all gunpowder on board any vessel, contrary to the provisions of this Act, shall be forfeited to Government, and may be seized by the Conservator, or by any Collector of Customs, or by any Custom House officer, or other officer authorized in that behalf by the Local Government, within the limits of their respective jurisdictions.

35. Whoever, without lawful excuse, discharges any gun, musket, or other fire-arm in any port subject to this Act, or on or from the landing-places, piers, wharfs, or quays thereof, except a gun loaded only with gunpowder for the purpose of making a signal of distress, or for such other purpose as may be allowed by the Local Government, shall, for every such offence, be punished with fine which may extend to fifty rupees.

Guns not to be discharged in port.

Exception.

Penalty.

Extinguishment of Fires.

36. The Master of any vessel in which fire takes place while lying or being in any port, who wilfully omits to take order to extinguish such fire, shall be punished with imprisonment which may extend to six months, or with fine which may extend to one thousand rupees, or with both.

Penalty on Master omitting to take order to extinguish fire.

পূর্ব্বোক্ত নিরূপিত স্থানে ঐ বারুদ নামাইয়া রাখিবেন। কিম্বা জাহাজে তাঁহার সেই বারুদ আছে এই কথা রক্ষক সাহেবকে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সেই কার্য্যপক্ষে অন্য যে কার্য্যকারকের নাম দেওয়া যায় তাঁহাকে অযৌণে জানাইবেন, ও তদ্বিষয়ে তিনি যে আজ্ঞা করেন তদনুসারে কর্ম্ম করিবেন ইতি।

৩৩ ধারা। বন্দর হইতে চলিয়া যাইবার সময়ে জাহাজে পূর্ব্বোক্ত পরিমাণের অধিক বারুদ লইবার প্রয়োজন হইলে, সেই বারুদ পূর্ব্বে ঐ জাহাজহইতে নামাইয়া দেওয়া গেলে কি নাই দেওয়া গেলেও, যেং সময়ে ও স্থানে ও যে প্রকারে ঐ জাহাজে বারুদ তুলিয়া লইতে হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়া উক্ত বন্দরের পক্ষে সেইং সময়াদি নিরূপণ করিবেন ইতি।

বন্দরহইতে চলিয়া যাইবার যে সময়াদিতে বারুদ তুলিয়া লইবে তার কথা।

৩৪ ধারা। কোন জাহাজের কাপ্তান এই আইনের বিধানের বিরুদ্ধে জাহাজে বারুদ রাখিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

জাহাজে নিষিদ্ধ বারুদ রাখিবার দণ্ডের কথা।

এবং কোন জাহাজে এই আইনের বিধানের বিরুদ্ধে যত বারুদ থাকে তাহা গবর্ণমেণ্টে জব্দ হইবে। রক্ষক সাহেব কিম্বা কষ্টমের কোন কালেক্টর সাহেব কিম্বা কষ্টম হৌসের কোন কর্ম্মকারক, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট এতৎপক্ষে অন্য যে কার্য্যকারকের প্রতি ক্ষমতা দেন তিনি, আপনং এলাকার সীমার মধ্যে তাহা ক্রোক করিয়া লইতে পারিবেন ইতি।

৩৫ ধারা। কোন ব্যক্তি এই আইনের বিধানের অধীন কোন বন্দরে কিম্বা ঐ বন্দরের কোন ঘাটে কি পিয়রে কি ওয়ার্ফে কি মাল তুলিবার ঘাটে, উপযুক্ত কারণ না থাকিলে, ও বিপত্তির চিহ্ন স্বরূপ, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে কার্য্যের নিমিত্ত অনুমতি দেন সেই কার্য্যের নিমিত্ত কেবল বারুদপূর্ণ কামান ছাড়া, কোন কামান কি বন্দুক কি আগ্নেয় অন্য অস্ত্র ছুড়িলে, তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

বন্দরে কামান না ছুড়িবার কথা।

বর্জ্জিত কথা।

দণ্ডের কথা।

আগুন নিবাইয়া ফেলিবার কথা।

৩৬ ধারা। কোন বন্দরে থাকিয়া জাহাজে আগুন লাগিলে জাহাজের কাপ্তান ইচ্ছাপূর্ব্বক সেই আগুন নির্ব্বাণ করিবার উদ্যোগ করিতে শৈথিল্য করিলে তাহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা এক সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কি ঐ উভয় দণ্ড হইবে ইতি।

কাপ্তান অগ্নিনির্ব্বাণ করিবার উদ্যোগ না করিলে তাহার দণ্ডের কথা।

Inflammable Oil.

Power to make rules for prevention of fire from inflammable oil.

37. The Local Government may from time to time make rules for regulating

(*a*) the prevention of injury from fire in ports and places at which vessels entering port with inflammable oil on board are to be moored,

(*b*) the mode in which such oil shall be landed from such vessels.

Explanation.—"Inflammable oil" includes petroleum, benzole, kerosine and any oil or product of oil that gives off an inflammable vapour at a temperature of less than one hundred degrees of Fahrenheit's thermometer.

Special Rules.

Vessels in certain cases not to be moved without having a pilot, &c., or permission of Harbour Master.

38. No vessel of the burden of two hundred tons or upwards, shall be moved without having a Pilot, Harbour Master, or Assistant of the Master Attendant or Harbour Master on board; and no vessel of any burden less than two hundred tons and exceeding one hundred tons shall be moved without having on board a Pilot, Harbour Master, or Assistant of the Master Attendant or Harbour Master, unless authority in writing so to do has been obtained from the Conservator or some officer empowered by him to give such authority.

If any vessel, except in case of urgent necessity, be moved contrary to the provisions of this section, the master of such vessel shall for every such offence be punished with fine which may extend to two hundred rupees, unless upon application to the proper officer the master be unable to procure a pilot, Harbour Master or Assistant of the Master Attendant or Harbour Master to go on board the said vessel.

Vessels above 200 tons to be provided with force-pump, &c.

39. Every vessel exceeding the burden of two hundred tons shall be provided with a proper force-pump, hose and appurtenances for the purpose of extinguishing any fire that may occur on board.

যে তৈল হঠাৎ জ্বলিয়া উঠে তাহার কথা।

যে তৈল হঠাৎ জ্বলিয়া উঠে তদ্দ্বারা আগুন না লাগে এই নিমিত্ত বিধি করিবার ক্ষমতার কথা।

৩৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট পশ্চাৎ লিখিত বিষয়ের নিয়ম করণার্থে সময়েং বিধি করিতে পারিবেন, অর্থাৎ

(ক) যে প্রকারের তৈল হঠাৎ জ্বলিয়া উঠে তাহা যে জাহাজে থাকে সেই জাহাজ বন্দরে আইলে, আগুন লাগিয়া হানি না হয় এমত যে স্থানে ঐ জাহাজ লঙ্গর করিয়া থাকিবে ইহার বিধি।

(খ) উক্ত জাহাজহইতে উক্ত তৈল যে প্রকারে নামাইয়া দেওয়া যাইবে তাহার বিধি।

ব্যাখ্যা।—"হঠাৎ জ্বলিয়া উঠে যে তৈল" এই কথাতে পেট্রোলিয়ম কি বেনজোল কি কেরোসীন্ প্রভৃতি যে তৈল কিম্বা তৈলোৎপন্ন যে দ্রব্য হইতে ফরনহিটের তাপমান যন্ত্রের এক শত অংশ অপেক্ষা ন্যূন তাপেও জ্বলনশীল বাষ্প উদগত হয় সেই তৈল ও সেই দ্রব্য বুঝাইবে।

বিশেষ বিধি।

স্থলবিশেষে আড়কাটী প্রভৃতি না থাকিলে কি হারবর মাষ্টরের অনুমতি না হইলে জাহাজ সরাইয়া দিতে না হইবার কথা।

৩৮ ধারা। যে জাহাজে দুই শত কি তাহার অধিক টন ধরে এমত কোন জাহাজে আড়কাটী সাহেব কি হারবর মাষ্টর কি মাষ্টর আটেণ্ডেণ্টের কি হারবর মাষ্টরের আসিষ্টাণ্ট না থাকিলে ঐ জাহাজ এক স্থানহইতে অন্য স্থানে সরাইয়া লইতে হইবে না। এবং যে জাহাজে ২০০ টনের কম ও ১০০ টনের অধিক ধরে আড়কাটী সাহেব কি হারবর মাষ্টর কিম্বা মাষ্টর আটেণ্ডেণ্টের কি হারবর মাষ্টরের আসিষ্টাণ্ট না থাকিলে, রক্ষক সাহেবের স্থানে, কিম্বা তিনি অন্য যে ব্যক্তির প্রতি এই কর্ম্ম করিবার ক্ষমতা প্রদান করেন তাঁহার স্থানে, অনুমতি লিখিয়া না পাওয়া গেলে, ঐ জাহাজ এক স্থানহইতে অন্য স্থানে সরাইয়া লইতে হইবে না।

কেবল অত্যন্ত প্রয়োজনের স্থলছাড়া, কোন জাহাজ এই ধারার বিধানের অন্যথায় স্থানান্তর করা গেলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ঐ জাহাজের কাপ্তান সাহেবের দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে। কিন্তু উপযুক্ত কর্ম্মকারকের নিকট প্রার্থনা করিলেও কাপ্তান সাহেব জাহাজে আনাইবার নিমিত্ত আড়কাটী কি হারবর মাষ্টর সাহেবকে কিম্বা মাষ্টর আটেণ্ডেণ্টের কি হারবর মাষ্টরের আসিষ্টাণ্টকে পাইতে না পারিলে, তাঁহার ঐ দণ্ড হইবে না ইতি।

২০০ টনের অধিক বোঝাইয়ের জাহাজে বোম্বা থাকিবার কথা।

৩৯ ধারা। ২০০ টনের অধিক যে জাহাজে ধরে সেই জাহাজে আগুন লাগিলে তাহা নিবাইয়া ফেলিবার জন্যে উপযুক্ত বোম্বা (অর্থাৎ দমকল) ও কেনী (অর্থাৎ নল) ও অন্যং সরঞ্জাম থাকিবে। রক্ষক সাহেব

The master of every such vessel who, having been required by the Conservator to comply with the provisions of this section, without lawful excuse neglects or refuses so to do for the space of seven days after such requisition, shall be punished with fine which may extend to five hundred rupees.

40. No person, unless duly authorized by the Conservator, shall creep or sweep in any port, river or channel for anchors, cables or other stores lost or supposed to be lost therein.

Unauthorized person not to search for lost stores.

Whoever offends against the provisions of this section shall be punished with fine which may extend to one hundred rupees.

41. No person, without the permission of the Conservator, shall remove or carry away any rock, stones, shingle, gravel, or soil, or any artificial protection from any part of the bank or shore of any port, river or channel;

Removing stones, &c., or injuring shores of port prohibited.

and no person shall sink or bury in any part of such bank or shore, whether the same be public or private property, any mooring-post, anchor, or other thing which is likely to injure, or to be used so as to injure such bank or shore, except with the permission of the said Conservator, and with the aid or under the inspection of such person (if any) as he may appoint to take part in or overlook the performance of such work.

Whoever offends against the provisions of this section shall for every such offence be punished with fine which may extend to one hundred rupees, and shall pay the expenses of repairing the injury (if any) done by him to such bank or shore.

Publication of Orders.

42. Every declaration, order and rule of a Local Government, made in pursuance of this Act, shall be published in the official Gazette; and a copy thereof shall be fixed up in some conspicuous place in the office of the Conservator of every port to which such order relates and in the Custom House, if any, of every such port.

ঐরূপ জাহাজের কাপ্তানকে এই ধারার বিধানমতে কর্ম্ম করিতে আজ্ঞা দিলে, তিনি ঐ আজ্ঞা পাইলে পর উপযুক্ত কারণ না থাকিলেও সাত দিন পর্য্যন্ত সেই আজ্ঞা মতে কর্ম্ম করিতে শৈথিল্য করিলে কি ঐ কর্ম্ম না করিলে তাঁহার পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

৪০ ধারা। কোন বন্দরে কি নদীতে কি জলপথে লঙ্গর কি কাছি কি অন্য সরঞ্জাম হারাইলে, কিম্বা হারাইল বোধ হইলে, রক্ষক সাহেবের স্থানে উপযুক্ত মতে ক্ষমতা না পাইলে কোন ব্যক্তি তাহা খুঁজিয়া তুলিবার নিমিত্ত হামাগুড়ি দিয়া যাইবে না ও জালাদি টানিবে না।

অনুমতি বিনা হারাণ লঙ্গরপ্রভৃতি খুঁজিয়া না লইবার কথা।

কোন ব্যক্তি এই বিধানের বিপরীত অপরাধ করিলে তাহার একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

৪১ ধারা। রক্ষক সাহেবের অনুমতি না পাইলে, কোন ব্যক্তি কোন বন্দরের কি নদীর কি জলপথের তীরের কোন স্থানহইতে কোন শিলা কি পাতর কি নুড়ী কি কাঁকর কি মাটি, কিম্বা তীর রক্ষা করিবার জন্য দ্রব্য তুলিয়া লইবে না।

বন্দরহইতে পাতরাদি তুলিতে কিম্বা কিনারার হানি করিতে নিষেধের কথা।

আরো সেই তীরের কি কিনারার কোন স্থান সরকারের কিম্বা ব্যক্তি বিশেষের সম্পত্তি হইলেও, কোন ব্যক্তি উক্ত রক্ষক সাহেবের অনুমতি না লইয়া সেই স্থানে নৌকাদি বাঁধিবার থাম কি লঙ্গর, কিম্বা অন্য যে দ্রব্য-দ্বারা ঐ তীর কি কিনারার হানি হইতে পারে কিম্বা যে দ্রব্যের ব্যবহার হইলে তীর কি কিনারার হানিহওয়া সম্ভব এমত দ্রব্য বসাইবে না ও পুতিয়া দিবে না। রক্ষকের অনুমতি হইলেও তিনি ঐ কর্ম্মে সাহায্য করিবার কি তাহার তত্ত্বলইবার নিমিত্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিলে, তাঁহার সাহায্যে কি তত্ত্বাবধারণক্রমে ঐ কার্য্য করা যাইবে।

কোন ব্যক্তি এই ধারার বিধান না মানিয়া অপরাধ করিলে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে, ও তাঁহার দ্বারা উক্ত তীরের কি কিনারার হানি হইলে তাঁহার সেই হানি পূরণও করিতে হইবে ইতি।

আজ্ঞা প্রকাশ করিবার কথা।

৪২ ধারা। এই আইনঅনুসারে স্থানীয় গবর্ণমেণ্টের যে জ্ঞাপনপত্র ও আজ্ঞা ও বিধি করা যায়, তাহা রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে। ও সেই বিধি যে বন্দর সম্পর্কীয় হয়, সেই বন্দরের রক্ষক সাহেবের আফিসের কোন প্রকাশ স্থানে, ও ঐ বন্দরে কষ্টম হৌস থাকিলে সেই কষ্টম হৌসের কোন প্রকাশ স্থানে, ঐ বিধির নকল লাগাইয়া দেওয়া যাইবে।

স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা প্রকাশ করিবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১২ মে।]

Whoever disobeys any such order or rule shall be liable to a fine not exceeding one hundred rupees for every such offence.

Penalty for disobedience to rules.

And in the case of disobedience to any rule made under section thirty-seven the owner or master of the vessel concerned shall also be punished with a fine not exceeding two hundred rupees for each day during which such rule is disobeyed.

CHAPTER V.

Of Salvage in Ports.

43. If any anchors, wreck, stores, or other property be recovered by any officer employed by the Local Government for that purpose, from the bed of any port, river or channel subject to this Act, the Local Government shall be entitled to receive a reasonable sum for salvage, having regard to the place of recovery.

Salvage payable for wreck, &c.

A registry shall be kept of all anchors, wreck, or other property so recovered, in such manner and at such place as the Local Government may direct;

Register to be kept.

it shall contain a description of such property, and of the times and places where the same have been recovered,

and it shall be open to public inspection at reasonable office hours, except on Sundays and such holidays as the Local Government may direct.

44. If the property recovered under the last preceding section, or by a Conservator acting under section fifteen, is unclaimed, or if the person claiming the same refuses to pay the amount due to the Local Government in respect thereof, such property may be sold by public auction, if of a perishable nature, forthwith; and if not of a perishable nature, at any period not less than six months after the recovery thereof;

Property recovered may, in certain cases, be sold.

and on the realization of the proceeds, the amount due to the Local Government for salvage, or for the expenses incurred under section fifteen, shall be deducted therefrom, and credited to the Local Government, and the balance shall be paid to the person entitled to the property recovered, or, if no

Proceeds how applied.

কোন ব্যক্তি উক্ত কোন আজ্ঞা কি বিধি না মানিলে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

বিধি না মানিবার দণ্ডের কথা।

এবং ৩৭ ধারামতে যে বিধি করা যায়, তাহা না মানিলে, সেই বিষয়ে যে জাহাজের সম্পর্ক থাকে, যত দিন ঐ বিধি লঙ্ঘন হইয়া থাকে তাহার দিনপ্রতি ঐ জাহাজের স্বামির কি কাপ্তানের দুইশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

পঞ্চম অধ্যায়।

বন্দরে দ্রব্যাদি রক্ষা করিবার পুরস্কারের কথা।

৪৩ ধারা। যে বন্দরে কি নদীতে কি জলপথে এই আইনের বিধান প্রচলিত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট তাহার গাভা হইতে কোন লঙ্গর কি ভাঙ্গা জাহাজের কোন অংশ কি সরঞ্জাম কি অন্য বিষয় তুলিয়া আনিবার নিমিত্ত যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তিনি উক্ত কোন দ্রব্য তুলিয়া আনিলে, স্থানীয় গবর্ণমেণ্ট তাহা তুলিবার স্থান বিবেচনায় তাহা রক্ষা করিবার উপযুক্ত পুরস্কার পাইবার অধিকারী হন।

ভাঙ্গা নৌকাদি রক্ষা করিবার পুরস্কারের কথা।

তদ্রূপে যে লঙ্গর কি ভাঙ্গা জাহাজের যে অংশ কি অন্য যে দ্রব্য ফিরিয়া পাওয়া যায় তাহা রেজিষ্টরী বহীতে লেখা যাইবে। স্থানীয় গবর্ণমেণ্ট ঐ বহী যেরূপে লিখিবার ও যে স্থানে রাখিবার আজ্ঞা করেন তাহা সেইরূপে লেখা যাইবে ও সেই স্থানে রাখা যাইবে।

রেজিষ্টর রাখিবার কথা।

যে প্রকারের দ্রব্য যে সময়ে ও যে স্থানে তুলিয়া আনা যায় ঐ বহীতে ইহার বিবরণ লেখা থাকিবে।

এবং রবিবার, ও স্থানীয় গবর্ণমেণ্ট বন্ধের অন্য যে২ দিন আজ্ঞা করেন সেই২ দিন ছাড়া, আফিস খোলা থাকিবার উপযুক্ত সকল, সময়ে ঐ বহী সাধারণেরা দেখিবার জন্যে খোলা থাকিবে ইতি।

৪৪ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে দ্রব্য তোলা যায়, কিম্বা রক্ষক ১৫ ধারামতে কর্ম্ম করিয়া যে দ্রব্য পান, তাহার উপর কোন ব্যক্তির দাওয়া ন থাকিলে, কিম্বা কোন ব্যক্তি দাওয়া করিলেও স্থানীয় গবর্ণমেণ্টের যত টাকা পাওনা থাক তত টাকা দিতে না চাহিলে, সেই দ্রব্য অল্পে নষ্ট হইতে পারিলে তৎকালেই নীলাম করা যাইতে পারিবে, অল্পে নষ্ট হইবার সম্ভাবনা না হইলে, তাহা তুলিবার পর ছয় মাসের ঊর্দ্ধ্যূন কোন সময়ে নীলাম করা যাইতে পারিবে।

কোন২ স্থলে সেই ফিরিয়া পাওয়া দ্রব্য বিক্রয় করিবার কথা।

নীলামের টাকা পাওয়া গেলে পর, ঐ দ্রব্য তুলিবার জন্যে, কি ১৫ ধারামতে যে টাকা খরচ হয় তাহার জন্যে, স্থানীয় গবর্ণমেণ্টের যাহা পাওনা থাকে, তাহা ঐ টাকা হইতে লইয়া স্থানীয় গবর্ণমেণ্টের নামে জমা করিয়া লওয়া যাইবে। ঐ

নীলাম করিয়া যে টাকা পাওয়া যায় তাহা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

such person appear and claim the same, shall be held in deposit for payment, without interest, to any person thereafter establishing his right to the same.

তোলা দ্রব্যে যাঁহার অধিকার থাকে বাকী টাকা তাঁহাকে দেওয়া যাইবে। কোন ব্যক্তি উপস্থিত হইয়া দাওয়া না করিলে ঐ টাকা গচ্ছিত করিয়া রাখা যাইবে। তাহার উপর সুদ চলিবে না। পশ্চাৎ কোন ব্যক্তি ঐ দ্রব্যের উপর আপনার স্বত্ব স্থাপন করিলে তাহাকে দেওয়া যাইবে ইতি।

CHAPTER VI.

Of Port-dues.

ষষ্ঠ অধ্যায়।

বন্দরের মাসুলের কথা।

45. In each of the ports mentioned in the first schedule hereto annexed, such port-due not exceeding the amount specified for such port in the third column of the same schedule as the Local Government from time to time directs shall be levied on vessels entering the same port and described in the second column of the same schedule, but not oftener than the time fixed for such port in the fourth column of the same schedule.

Levy of Port-dues.

৪৫ ধারা। এই আইনের প্রথম তফসীলে যেং বন্দরের নাম লেখা আছে, সেইং বন্দরে ঐ তফসীলের দ্বিতীয় ঘরের নির্দ্দিষ্ট প্রকারের জাহাজ আইলে, স্থানীয় গবর্ণমেণ্ট ঐ তফসীলের তৃতীয় ঘরে ঐ জাহাজহইতে বন্দরীয় মাসুল বলিয়া যত টাকা লইবার আজ্ঞা করেন তাহার অধিক মাসুল লওয়া যাইবে না। কিন্তু সেই তফসীলের চতুর্থ ঘরে ঐ বন্দরে যতবার মাসুল লওয়া স্থির হইল তাহার অধিকবার লওয়া যাইবে না।

বন্দরীয় মাসুল আদায় করিবার কথা।

Whenever the Local Government with the previous sanction of the Governor General in Council has declared or hereafter declares any port to be subject to this Act, it may, with the like sanction by the same or any subsequent declaration, further declare—

(*a*) The maximum amount of dues to be levied in such port;

(*b*) The conditions and modifications under which such dues shall be levied;

and may also, from time to time with the like sanction, vary such maximum amount, condition, and modifications.

স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে এই আইনের বিধানের অধীন বলিয়া কোন বন্দর প্রকাশ করিলে, তদ্রূপ অনুমতি লইয়া সেই জ্ঞাপনপত্রে, কিম্বা পশ্চাৎ অন্য জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া,

(ক) ঐ বন্দরে অত্যুচ্চ যত টাকার মাসুল আদায় হইবে ও

(খ) যেং নিয়ম ও মতান্তরিত যে বিধিমতে ঐ মাসুল আদায় করিতে হইবে,

ইহা স্থির করিতে পারিবেন। এবং সময়েং সেই প্রকারের অনুমতি লইয়া ঐ টাকা ও নিয়ম ও মতান্তরিত বিধি পরিবর্ত্তনও করিতে পারিবেন।

No Port-dues or fees shall hereafter be levied in any port except under the authority of this Act.

এই অবধি এই আইনের ক্ষমতাক্রমে বন্দরীয় মাসুল আদায় হইবে অন্য কোন আইনক্রমে কোন বন্দরে কোন বন্দরীয় মাসুল কি ফী আদায় হইবে না ইতি।

46. The Local Government may, from time to time, vary the rate at which Port-dues and fees shall be levied in any port, river or channel in such manner as, having regard to the receipts and charges on account of that port, it may deem expedient, by reducing or raising the dues and fees, or any of them;

Local Government may vary Port-dues.

৪৬ ধারা। কোন বন্দরের নিমিত্ত যত টাকা আয় ও ব্যয় হয়, স্থানীয় গবর্ণমেণ্ট তাহা বিবেচনা করিয়া যেমন বিহিত বোধ করেন তেমনি মাসুল ও রসুম কিম্বা ইহার মধ্যে কোন মাসুল কি রসুম কমাইয়া কি বাড়াইয়া, ঐ বন্দরে কি নদীতে কি জলপথে বন্দরীয় মাসুল ও ফী যে হারে লইতে হইবে তাহা সময়েং পরিবর্ত্তন করিতে পারিবেন।

বন্দরীয় মাসুল পরিবর্ত্তন করিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

Provided that the rates shall not in any case exceed the amount authorized to be taken by this Act.

Proviso.

কিন্তু এই আইনে যত টাকা লইবার অনুমতি হইল তাহার অধিক হার কোনক্রমে ধরা যাইবে না ইতি।

উপবিধি।

47. For every port at which Port-dues are levied under this Act, a distinct account, to be called the Account of the Port Fund of the port to which it relates, shall be kept by such officer as the Local Government may appoint for that purpose.

Accounts of Port-dues.

৪৭ ধারা। এই আইনমতে যেং বন্দরে বন্দরীয় মাসুল আদায় হয়, সেইং বন্দরের "পোর্ট ফণ্ডের খাতা" বলিয়া পৃথক হিসাব রাখা যাইবে। স্থানীয় গবর্ণমেণ্ট ঐ হিসাব রাখিবার যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনিই তাহা রাখিবেন।

বন্দরীয় মাসুলের হিসাবের কথা।

This account shall show in complete detail the receipts and charges of the port; and an abstract statement of every such account shall be published annually, as soon after the first of May of each year as may be practicable, in which statement the balance at the close of the year at the credit or debit of the port shall be shown.

ঐ খাতায় বন্দরের জমা ও খরচ বিস্তারিত করিয়া লেখা যাইবে। প্রতি বৎসর মে মাসের প্রথম তারিখের পর যত শীঘ্র হইতে পারে ঐ হিসাবের খোলাসা ছাপা হইবে। আর বৎসরের শেষে ঐ বন্দরের হিসাবে যত টাকা বাকী কি উদ্বর্ত্ত থাকে তাহা দেখান যাইবে।

If, for any of the purposes of this Act, an advance of money has been or shall be made by Government on account of any port subject to this Act, simple interest upon that advance, or upon so much of it as remains or shall remain unrepaid, at such rate as the Governor General in Council may determine, shall be charged in the Port Fund Account thereof.

এই আইনের কোন কার্য্যপক্ষে গবর্ণমেণ্ট এই আইনের অধীন কোন বন্দরে টাকা আগাম দিয়া থাকিলে বা দিলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যে হার নিরূপণ করেন ঐ পোর্ট ফণ্ড খাতায় সেই হারানুসারে ঐ আগাম টাকার উপর কিম্বা তাহার যে অংশ দেনা থাকে তাহার উপর সামান্য সুদ খরচ বলিয়া লেখা যাইবে।

All expenses, including the pay and allowances of all persons upon the establishment of the port, the cost of buoys, beacons, lights, and all other works maintained chiefly for the benefit of vessels being in, or entering, or leaving the port, or passing through the rivers or channels leading thereto, but excluding receipts and expenses on account of Pilotage, incurred for the sake of every such port, shall be charged in the Port Fund Account of that port.

আড়কাটীর কর্ম্মের জন্যে যত টাকা জমা ও খরচ হয় তাহাছাড়া, বন্দরের সিরিশতার সকল কর্ম্মকারকদের বেতন ও উপরি টাকা ও যে সকল জাহাজ বন্দরে আইসে কি থাকে কি বন্দর হইতে যায় কি বন্দরে পঁহুছিবার নদীতে কি জলপথে যাওয়া আসা করে, ঐ জাহাজেরই উপকারের জন্যে যে বয়া ও নিশানী ও আলো রাখা গিয়া থাকে তাহা লইয়া উক্ত প্রত্যেক বন্দরের নিমিত্ত যত টাকা খরচ হয় তাহা, ঐ বন্দরের পোর্ট ফণ্ড খাতায় লিখিতে হইবে।

And all money, including salvage money, proceeds of waifs, and fines, received under this Act, at or on account of every such port, shall be credited in the Port Fund Account of that port.

আরো ভগ্ন নৌকাদির দ্রব্যাদি তুলিবার পুরস্কার বলিয়া ও পড়িয়া পাওয়া কোন দ্রব্যের নিমিত্ত যে টাকা পাওয়া যায় ও জরীমানার টাকা লইয়া এই আইনমতে উক্ত প্রত্যেক বন্দরে কি তাহার জন্য যত টাকা আদায় হয় তাহা ঐ বন্দরের পোর্ট ফণ্ড খাতায় জমা করিয়া লেখা যাইবে।

The Local Government may direct that for the purposes of this section any number of ports shall be regarded as constituting a single port; and thereupon all sums received on account of port-dues at any of the same ports shall form a common fund which shall be available for the payment of all charges incurred on account of any of the same ports, and such balance as may remain after payment of such expenses may be temporarily invested in such manner as the Local Government may from time to time direct.

এই ধারার কার্য্যপক্ষে, স্থানীয় গবর্ণমেণ্ট কএক বন্দরের সমাহার করিয়া একি বন্দরস্বরূপ জ্ঞান হইবার আদেশ করিতে পারিবেন। তাহা হইলে উক্ত সকল বন্দরে বন্দরীয় মাসুল বলিয়া যত টাকা আদায় হয় তাহা সমুদয় লইয়া একি সাধারণ ফণ্ড করা যাইবে। উক্ত বন্দরের মধ্যে কোন বন্দরের জন্যে খরচ লাগিলে তাহা ঐ সাধারণ তহবিল হইতে দেওয়া যাইবে। খরচখরচা দিলে পর যাহা উদ্বর্ত্ত থাকে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যেরূপে আজ্ঞা করেন তাহা সেইরূপে কিয়ৎকালের নিমিত্ত গাচ্ছিত করিয়া রাখা যাইবে ইতি।

48. The Collector of Customs at every such port, or such other officer as the Local Government appoints in this behalf, shall collect the Port-dues above-mentioned.

Collection of Port-dues.

৪৮ ধারা। উক্ত প্রত্যেক বন্দরে যিনি কষ্টমের কালেকটর হন তিনি, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট ঐ কর্ম্মে অন্য যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি, পূর্ব্বোক্ত বন্দরীয় মাসুল আদায় করিবেন।

বন্দরীয় মাসুল আদায় করিবার কথা।

The officer to whom any such Port-dues are paid, shall grant to the person paying the same a proper voucher in writing under his hand, describing the name of his office, the port or place at which the same are paid, and the name, tonnage and other proper description of the vessel in respect of which such payment is made.

Voucher to be given.

সেই বন্দরের মাসুল যে কার্য্যকারককে দেওয়া যায় তিনি যাঁহার স্থানে টাকা পান তাঁহাকে উপযুক্তমতে লেখা আপনার দস্তখৎকরা বৌচর দিবেন, তন্মধ্যে আপনার পদের নাম, ও যে বন্দরে কি স্থানে ঐ টাকা দেওয়া গেল, ও যে জাহাজের নিমিত্ত দেওয়া যায় তাহার নাম, ও তাহাতে যত টন ধরে, ও তাহার অন্য উপযুক্ত বর্ণনা থাকিবে ইতি।

বৌচর দিবার কথা।

[*Government Gazette*, 12*th May* 1874.]

49. Within twenty-four hours after the arrival within the limits of any such port of any vessel liable to the payment of port dues under this or any subsequent Act, the master of such vessel shall report such arrival to the Conservator of such port.

Master to report arrival.

Any master without lawful excuse failing to make such report within the time aforesaid shall for every such offence be punished with fine which may extend to one hundred rupees.

Nothing in this section applies to tug-steamers and river-steamers belonging to the port of Calcutta, Port Canning, or the port of Karáchi.

৪৯ ধারা। এই আইনমতে কিম্বা ইহার পশ্চাৎ অন্য আইন প্রণীত হইলে তদনুসারে যে জাহাজ বন্দরীয় মাসুল দিবার যোগ্য, এমত জাহাজ উক্ত কোন বন্দরের সীমার মধ্যে পঁহুছিলে পর চবিবশ ঘণ্টার মধ্যে ঐ জাহাজের কাপ্তান সাহেব ঐ বন্দরের রক্ষক সাহেবের নিকট ঐ জাহাজ পঁহুছিবার কথা রিপোর্ট করিবেন।

জাহাজ পঁহুছিলে কাপ্তানের রিপোর্ট করিবার কথা।

কোন কাপ্তান সাহেব ন্যায্য কারণ না থাকিলেও উক্ত সময়ের মধ্যে সেই রিপোর্ট না করিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

কলিকাতা বন্দরের ও পোর্ট ক্যানিঙ্গের ও কারাচী বন্দরের টগষ্টীমর ও নদীর ষ্টীমরের প্রতি এই ধারার কোন কথা খাটে না ইতি।

50. If any vessel liable to the payment of Port-dues is in any such port without proper marks on the stem and stern posts thereof for denoting her draught, the Conservator may cause the same to be ascertained by means of the operation of hooking, and the Master of such vessel shall be liable to pay the expenses of such operation.

Conservator may in certain cases ascertain draught, and charge expense to Master.

৫০ ধারা। যে জাহাজের বন্দরীয় মাসুল লাগিতে পারে এমত জাহাজ বন্দরে থাকিলে, কিন্তু যত জল ভাঙ্গে জাহাজের সম্মুখের কি পিছনভাগের তক্তায় তাহার অঙ্ক না থাকিলে, রক্ষক সাহেব হুক লাগান দ্বারা তাহা নিশ্চয়রূপে জানিয়া লইবেন। ঐ জাহাজের কাপ্তান সাহেব সেই কার্য্যের খরচ দিবেন ইতি।

জাহাজ যত জল ভাঙ্গে রক্ষক সাহেবের তাহা নিশ্চয় জানিয়া কাপ্তান সাহেবের স্থানে খরচ লইবার কথা।

51. In order to ascertain the tonnage of any vessel liable to pay Port-dues the following rules shall be observed :—

Tonnage of vessel liable to Port-dues how ascertained.

৫১ ধারা। যে জাহাজ বন্দরের মাসুল দিবার যোগ্য সেই জাহাজে কত টন ধরিতে পারে ইহা জানিবার বিধি এই,—

বন্দরীয় মাসুল দিবার যোগ্য জাহাজে যত টন ধরে ইহা নিশ্চয় মতে জানিবার কথা।

৫০৪১ নং তৌজীর মহাল পরগনে রাজপুর ডিহি কড়রা ১ হিস্যা তালুক আনন্দলাল চৌধুরী ও রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায় ও মধুসূদন ও নবকৃষ্ণ ও যদুনাথ চৌধুরী পূরা সদর জমা ৯৩৪৻৶৬ টাকা ও ২ হিস্যা রামনারায়ণ চৌধুরীদিগরের নামীয় ১৯৪৸৶১০ টাকা ও ৩ হিস্যা মথুরানাথ আচার্য্যদিগরের নামীয় ১৬৮৶ টাকা ও ৪ হিস্যা ঐ মথুরানাথ আচার্য্যদিগরের নামীয় ৫৭৸৴১০। টাকা ও ৫ হিস্যা মথুরানাথ আচার্য্যর নামীয় ৯১৻৴৭ টাকা ও ৬ হিস্যা ব্রহ্মরূপ গোস্বামির নামীয় ১৭৬৸৶৮ টাকা সদর জমার মহালে বাকী না থাকায় ছাড়িয়া দেওয়া গেল। ১ হিস্যার সদর জমা ৩৩৮।৶৬।। টাকা ৫।৴৬।। টাকা বাকী খাজানা আদায় কারণ নীলাম হইবেক।

[*Government Gazette, 12th May* 1874.]

দ্বিতীয় শ্রেণীর জমা ধার্য্য হওয়া মহাল।

৫৮ নং তৌজীর মহাল পং চাঁদখালী মোতালকে সুন্দরবন বন্দবস্তগৃহীতা উমানাথ চৌধুরী ইং ১২৭৫ লাং ১২৯৪ সাল ২০ বৎসর মেয়াদ আবাদকারি স্বত্ব সমেত রোডফণ্ড ১৪০৳৫/ টাকা সদর জমা ১৪০৳৫/ টাকা ৯৪৫/ টাকা বাকী খাজানা আদায় কারণ নীলাম হইবেক।

যশোহর কালেক্টরি সন ১৮৭৪। ১ মে।

A. Smith, *Collector.*

Bengali Edition of the Acts of Government.

The Acts of the Government of India, and those of the Government of Bengal will after publication in the *Bengalee Government Gazette,* be printed in pamphlet form for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act, now *ready,* the price of which is Rs. 1-4 per copy.—Postage 5 annas.

বিজ্ঞাপন।

গবর্ণমেণ্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের আইন বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে, তম্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে মূল্য ১।০ মাত্র—ডাকে পাঠাইতে হইলে ডাকমাসুল ।/০ আনা লাগিবে।

Rates of Subscription to the Bengali Government Gazette.

FROM 1st JANUARY 1872.

Payable in advance.

For one year, without postage ...	...	...	...	Rs.	10	0	0
Ditto, with postage ...	...	...	...	"	12	8	0

When postage stamps are remitted in payment of subscription, half an anna in the Rupee should be added for discount.

১৮৭২ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের	...	...	...	...	১০৲
ডাকমাসুল সুদ্ধ ঐ	...	...	...	...	১২।০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের একং খান ডাকে টিকিট ডিস্কোণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১২ মে।]

Rules for the removal of Night-soil from Privies or Private Premises.

WHENEVER it shall appear to the Municipal Commissioners to be desirable that they should, through servants to be appointed by them, undertake the scavengering of any portion or portions of the Suburbs of Calcutta, they shall give public notice by advertisement or otherwise that they will, from and after a certain date, undertake the scavengering thereof. *Provided that not less than two-thirds of the house-holders, within such stated portion or portions, shall apply in writing to the office of the Municipal Commissioners for such services.*

2. The Municipal Commissioners shall on the receipt of such requistion in writing, make arrangements for the removal of night-soil from private premises and privies, the owners or occupiers of which shall desire their services, *provided* that no soil will be removed from any premises or privy unless the owner or occupier thereof shall make payment at the office of the Municipal Commissioners of the cost of such removal, at the following rates :—

Two annas per inmate if paid in advance for three months.

Two annas and sixpie per inmate if paid in advance for one month.

Coolie depôt Rs. 65 per cart per mensem.

3. On receipt of such payment in advance, the Commissioners shall appoint a sweeper to remove the soil from the said privy or premises in such manner and at such hours as may be hereafter determined.

4. Every person whose scavengering the Municipal Commissioners thus undertake to perform, shall permit free access to his privy or house depôt within such hours as the Commissioners hereafter determine for the removal of night-soil.

5. Every house-holder whose soil the Commissioners undertake to remove shall furnish his privy or house depôt with a proper receptacle of tin, iron, or earthenware.

6. No house-holder, who has made payment to the Commissioners for the removal of night-soil from his privy or house depôt, shall, during the term for which such payment has been made, be liable to any prosecution under section 66 of Act III (B. C.) of 1864.

1*st.*—Unless he refuses or neglects to allow free access to his privy or house depôt within the stated hours.

2*nd.*—Neglects to provide and maintain proper receptacle for night-soil therein.

3*rd.*—Increases his family or permanent establishment or other permanent inmates of his house more than twenty-five per cent. without notice to the Commissioners and payment to them of the rateable extra cost thereby incurred.

7. No house-holder having made payment as aforesaid, shall during the continuance of the period for which such payment has been made (unless under the exception stated in the last preceding by-law) be subject to any domiciliary visit of inspection on the part of any Overseer, Inspector, and other officer of the Municipality; *provided* always that any Overseer, Inspector, or other officer of the Municipality shall be at liberty to inspect any privy or house depôt during the hours fixed for removal of night-soil, *but provided also* that no such Inspector, Overseer or officer shall enter any private apartment to the said privy in order to gain access, unless he shall have given 12 hours' notice in writing to the owner or occupier of his desire to do so, and not then if the said owner or occupier makes any objection thereto.

8. The Municipal Commissioners will not be bound to continue the services of their scavengering establishment to any house beyond the expiry of the term so paid for in advance, unless renewed payment for the ensuing month or quarter be tendered at their office before the commencement thereof.

9. The Municipal Commissioners shall be at liberty to discontinue the services of the department to any house or any specified block of houses after giving by notice in writing, or by public advertisement, beat of tom-tom, or otherwise, one month's clear notice of their intention to do so, and they shall in the event of their so discontinuing their services refund to the owner or occupier such portion of the sum so paid by him in advance as is equal to the period for which the said services are discontinued.

[*Government Gazette, 12th May* 1874.]

পাইখানা কিম্বা কোন ব্যক্তির বাড়ীহইতে বিষ্ঠাদি লইয়া যাইবার বিধি।

মুনিসিপল কমিশানরদের চাকর নিযুক্ত করিয়া কলিকাতা শহরতলীর কোন এক কি কএক অংশ পরিষ্কার রাখা বিহিত. ঐ কমিশনরদের এমত জ্ঞান থাকিলে, তাঁহারা অমুক তারিখঅবধি ঐ স্থানের সকল বিষ্ঠাদি স্থানান্তর করিবার বিধান করিবেন, ইশতিহারদ্বারা কি অন্য প্রকারে এই মর্ম্মের নোটিস প্রচার করিবেন। কিন্তু সেই স্থানের কি সেই২ স্থানের মধ্যে যে গৃহস্থদের বাড়ী আছে তাহাদের তিন অংশের দুই অংশের ন্যূন ব্যক্তি মুনিসিপল কমিশানরদের আফিসে লিখিয়া ঐ প্রকারের কার্য্য প্রার্থনা না করিলে তাহা করা যাইবে না।

২। মুনিসিপল কমিশানরেরা সেই প্রকারের প্রার্থনাপত্র পাইলে, যে বাটীর স্বামিরা কি দখিলকারিরা তাঁহাদের ঐ কার্য্য প্রার্থনা করেন, তাহাদের বাটী ও পাইখানাহইতে বিষ্ঠাদি লইয়া যাইবার নিয়ম করিবেন কিন্তু কোন বাটীর কি পাইখানার স্বামী কি দখিলকার মুনিসিপল কমিশানরদের আফিসে নিম্নলিখিত হারে ঐ বিষ্ঠাদি স্থানান্তর করিবার খরচ না দিলে, তাহাদের বাটীহইতে তাহা স্থানান্তর করা যাইবে না।

তিন মাসের আগাম দিলে ঘরে যত জন থাকে তাহার জনপ্রতি ৵০ দুই আনা।
এক মাসের আগাম দিলে ঘরে যত জন থাকে তাহার জনপ্রতি ৵১০ দশ পয়সা।
মজুরদের আড্ডার মাসে গাড়ীপ্রতি ৫৲ টাকা।

৩। উক্ত পয়সা আগাম দেওয়া গেলে কমিশানরেরা পশ্চাৎ যে সময়ে ও যে প্রকারে নির্দ্ধার্য্য করেন তাঁহারা সেই সময়ে ও সেই প্রকারে ঐ বাটী কি পাইখানাহইতে বিষ্ঠাদি লইয়া যাইবার জন্যে মেহতর রাখিবেন।

৪। মুনিসিপল কমিশানরেরা যে২ ব্যক্তির বাড়ীহইতে মলাদি লইয়া যাইবার কার্য্যে প্রবর্ত্ত হন, ঐ বিষ্ঠাদি লইয়া যাইবার যে২ সময় স্থির করেন, ঐ ব্যক্তিরা সেই২ সময়ে আপনাদের পাই-খানায় কি মলকুণ্ডে স্বচ্ছন্দে যাইবার অনুমতি দিবেন।

৫। কমিশানরেরা যে গৃহস্থের বাটীর বিষ্ঠাদি স্থানান্তর করিতে স্থির করেন, তাঁহারা আপন২ পাইখানায় কি মলকুণ্ডে টিনের কি লৌহের কি মাটির উপযুক্ত পাত্র রাখিবেন।

৬। কোন গৃহস্থ পাইখানা কি মলকুণ্ডহইতে বিষ্ঠাদি স্থানান্তর করিবার জন্যে কমিশানর-দিগকে টাকা দিলে, যত দিনের নিমিত্ত সেই টাকা দেওয়া যায় ততদিন ১৮৬৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৬১ ধারামতে তাঁহার নামে নালিশ হইতে পারিবে না।

(১) কিন্তু নির্দ্ধারিত সময়ে আপনার পাইখানায় কি মলকুণ্ডে স্বচ্ছন্দে যাইতে না দিলে কি যাইবার উপায় করিতে শৈথিল্য করিলে,

(২) ও পাইখানায় বিষ্ঠাদি রাখিবার উপযুক্ত পাত্র না রাখিলে,

(৩) তাঁহার ঘরের লোক কি চাকর প্রভৃতি যাঁহারা স্থায়িরূপে ঘরে থাকে, তাহারদের শত-করা ২৫ জনপর্য্যন্ত সংখ্যা বৃদ্ধি হইলেও কমিশানরদিগকে সেই কথা না জানাইলে, ও উক্ত হারানুসারে তাহাদের অধিক যত টাকা দেওয়া উচিত তাহা না দিলে তাহাদের নামে নালিশ হইতে পারিবে —

৭। কোন গৃহস্থ পূর্ব্বোক্তমতে টাকা দিলে, যত দিনের নিমিত্ত ঐ টাকা দেওয়া যায় তত দিন কেবল ইহার পূর্ব্ব বিধির লিখিত স্থলছাড়া, কোন ওবরসিয়র কি ইনস্পেকটর কিম্বা মুনিসিপালিটীর অন্য কর্ম্মকারক তাঁহার ঘরে প্রবেশ করিয়া দেখিতে পাইবে না। কিন্তু বিষ্ঠাদি লইয়া যাইবার যে২ সময় নিরূপণ হয়, কোন ওবরসিয়র কি ইনস্পেকটর কিম্বা মুনিসিপালিটীর অন্য কর্ম্ম-কারক সেই২ সময়ে গিয়া ঐ পাইখানা কি মলকুণ্ড দেখিতে পাইবে, পরন্তু অন্দরমহাল দিয়া উক্ত কোন পাইখানায় যাইতে হইলে, ঐ ইনস্পেকটর কি ওবরসিয়র কি অন্য কার্য্যকারক বারো ঘন্টা থাকিতে স্বামিকে কি দখিলকারকে আপনার সেই স্থানে যাইবার মানসের সম্বাদ না দিলে, এবং দিলেও স্বামি কি দখিলকার তাহার যাইবার কোন আপত্তি করিলে সে ঐ স্থানে যাইতে পাইবে না।

৮। যত দিনের নিমিত্ত যে গৃহস্থের টাকা দেওয়া গেল, সেই মিয়াদ গত হইলে আগামি মাসের কি আগামি তিন মাসের আরম্ভের পূর্ব্বে ঐ মাসের কি তিন মাসের পয়সা, কমিশানরদের আফিসে আনিয়া না দেওয়া গেলে, কমিশানরেরা সেই ঘরে বিষ্ঠাদি স্থানান্তর করিতে আর বদ্ধ হইবেন না।

৯। মুনিসিপল কমিশানরেরা কোন ঘরের কিম্বা নির্দ্দিষ্ট কোন গৃহশ্রেণীর পক্ষে ঐ চাকরদের কর্ম্ম বন্ধ করিতে চাহিলে, তাঁহারা পুরা এক মাস থাকিতে নোটিস লিখিয়া কি ইশতিহার জারী করিয়া কি ঢোল পীটাইয়া কি অন্য প্রকারে আপনাদের ঐ কর্ম্ম করিবার মনস্থ জানাইবেন। আরো যে কালের মধ্যে তাঁহারা সেই কর্ম্ম বন্ধ করিতে চাহেন সেই কালের নিমিত্ত স্বামি কি গৃহস্থ আগাম টাকা দিলে, তাঁহারা সেই আগাম টাকার উপযুক্ত অংশ ফিরিয়া দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১২ মে।]

10. Any house-holder, the scavengering of whose premises the Commissioners have undertaken to perform, may at any time discontinue such services by giving notice in writing to the Commissioners, but shall not be entitled to any refund on account of services unperformed, or of the sum or any portion thereof paid by him in advance.

11. Every mehter or night-man shall be supplied with a bucket of such pattern as shall from time to time be determined, a broom, and a hand-lantern.

12. Every house privy or depôt shall be cleaned once daily.

13. The Municipal Commissioners' servants will not undertake the cleaning of any house privy, or depôt, the soil of which has not been previously removed for a period exceeding 48 hours unless payment for such extra removal be tendered in addition to the rates fixed for daily service.

14. The Municipal Commissioners' servants will not undertake the cleansing or removal of soil from well-privies or excavations or receptacles exceeding two feet in depth, except at special rates under special agreement.

15. The removal of night-soil from Hospitals, Coolie Depôts, and other Public Institutions will be undertaken at special rates.

16. Any person having the charge of any Public Latrine, or of any Hospital, Coolie Depôt, School, or other Institution where large accumulations of night-soil result, and the removal of which has been undertaken by the Commissioners, shall permit the removal of the soil from their premises at such hours during the day or night as the Commissioners may from time to time determine, and shall make use of such deodorants or disinfectants, as they may require.

17. The Municipal Commissioners may direct the use by their servants in any private privy or house depôt, the scavengering of which has been undertaken by them, of lime, coal-tar, tar-water, carbolic acid, or any other deodorants or disinfectants, if at any time it seem to them necessary for the preservation of public health or the prevention of infection or spread of disease. Any expense so incurred to be defrayed by the Commissioners.

18. It shall be lawful for the Commissioners to charge a fee at the following rate for the receipt of night-soil to be deposited at their depôts, by any mehter or other person other than their own servants, and such shall be paid in advance for a period not less than one month. Unless such charge be paid the soil will not be received.

Rs. 2-8 per bucket of 30 seers per mensem for free tolah mehter and Public Latrines.

19. Every Municipal mehter shall be numbered and registered, and shall be furnished with a badge bearing his number and depôt number.

20. Any person whose scavengering the Commissioners have thus undertaken to perform, and whose privy or house depôt has remained uncleansed after the hour fixed for the purpose, may give notice either at the office of the Commissioners or to the Nuisance Inspector or Conservancy Overseer of the Division, or to any Jemadar or Peon, and it shall be the duty of every such officer to report through his immediate superiors immediately on receipt of such complaint.

21. No place shall be used for the collection of night-soil or as a Tollah Depôt without a license from the Municipal Commissioners. Penalty for infringement Rs. 20.

22. No person shall carry night-soil through the streets, except between the hours of 8 P.M. and 8 A.M., or otherwise than in a closely covered receptacle of such description and pattern as shall be required from time to time by the Municipal Commissioners. Penalty for infringement Rs. 20.

23. Every house-holder shall permit the mehter to enter his privy from 5 to 8 A.M. and from 8 to 10 P.M. from 1st March to 31st October, and from 6 to 8 A.M. and from 7 to 9 P.M. from 1st November to 30th April.

24. Every holder of a license for a Public Necessary or tollah mehter shall convey his night-soil daily to such places and at such hours as the Municipal Commissioners shall decide, and shall there dispose of it in such manner as shall from time to time be directed. Penalty for infringement Rs. 20.

[*Government Gazette*, 12*th May* 1874.]

১০। কমিশ্যনরেরা যে গৃহস্থের বাড়ী পরিষ্কার রাখিতে করার করেন সেই গৃহস্থ চাহিলে কোন সময়ে কমিশ্যনরদিগকে নোটিস লিখিয়া দিয়া তাঁহারদের দ্বারা সেই কার্য্য বন্ধ করাইয়া দিতে পারিবেন। কিন্তু যে কর্ম্মের নিমিত্ত টাকা আগাম দিলেন সেই কর্ম সমাপ্ত করা যায় নাই বলিয়া ঐ আগাম টাকা কি তাহার কোন অংশ ফিরিয়া পাইতে পারিবে না।

১১। প্রত্যেক জন মেহতরকে এক২ খানি বালতি ও ঝাড়ু ও হাত লাঠন দিতে হইবে। বালতী যে প্রকারের হইবে তাহা সময়ে২ নিরূপণ করা যাইবে।

১২। প্রত্যেক ঘরের পাইখানা কি মলকুণ্ড প্রতিদিন এক বার পরিষ্কার করা যাইবে।

১৩। কোন ঘরের কি পাইখানার কি কুণ্ডের মলাদি ৪৮ ঘণ্টাঅবধি পরিষ্কার করা না গেলে মুনিসিপল কমিশ্যনরদের চাকরেরা তাহা পরিষ্কার করিতে গেলে, দিন যত মজুরী পাইয়া থাকে তাহাছাড়া ঐ অতিরিক্ত মলাদি ফেলিয়া দিবার উপরি পয়সা না পাইলে তাহারা পরিষ্কার করিবে না।

১৪। কূপের মত যে পাইখানা কিম্বা দুই ফুটের অধিক গভীর যে গর্ত্ত কি খাত থাকে মুনিসিপল কমিশ্যনরদের চাকরেরা বিশেষ করার করিয়া স্বতন্ত্র হিসাবে পয়সা না পাইলে তাহাহইতে মল ফেলিয়া তাহা পরিষ্কার করিবে না।

১৫। হাস্পাতাল কি মজুরদের থাকিবার আড্ডা কিম্বা সাধারণের কোন থাকিবার স্থান প্রভৃতির বিষ্ঠাদি ফেলিবার স্বতন্ত্র করার করা যাইবে।

১৬। সাধারণ লোকেরা যে পাইখানায় গিয়া থাকে তাহা কি হাস্পাতালের কি মজুরদের আড্ডার কি স্কুলপ্রভৃতির যে পাইখানায় অধিক বিষ্ঠাদি জমিয়া থাকে, কমিশ্যনরেরা সেই স্থানের বিষ্ঠাদি স্থানান্তর করিতে করার করিলে, তাঁহারা দিবা কি রাত্রি যে সময় স্থির করেন ঐ হাস্পাতাল প্রভৃতির কর্ত্তারা সেই সময়ে ঐ মল সরাইয়া লইবার অনুমতি দিবেন ও গন্ধ নিবারক কিম্বা দুর্গন্ধ দোষ নাশক যে ঔষধাদির প্রয়োজন তাহার ব্যবহার করিবেন।

১৭। মুনিসিপল কমিশ্যনরেরা কোন ব্যক্তির ঘরের পাইখানা কি মলকুণ্ড পরিষ্কার রাখিতে করার করিলে, কোন সময়ে সাধারণ লোকদের স্বাস্থ্যের জন্যে কিম্বা রোগ সঞ্চার কি রোগ বৃদ্ধি না হইবার জন্যে আবশ্যক বোধ হইলে, তাঁহারা আপনাদের চাকরদিগকে চুণ কি কয়লার তার কি তারের জল কি কারবলিক আসিড কিম্বা গন্ধনিবারক কি দুর্গন্ধ দোষ নাশক কোন দ্রব্যের ব্যবহার করিতে বলিবেন। ইহাতে যে খরচ লাগে কমিশ্যনরেরা তাহা দিবেন।

১৮। কমিশ্যনরদের চাকর ছাড়া কোন মেহতর কি অন্য ব্যক্তি কমিশ্যনরদের নিরূপিত স্থানে বিষ্ঠাদি ফেলিতে চাহিলে, কমিশ্যনরেরা নিম্নলিখিত হিসাবমতে ফী লইয়া ঐ বিষ্ঠাদি ফেলিতে দিবেন। এক মাসের ঐ টাকা আগাম দিতে হইবে, তাহার কম নয়। ও সেই টাকা আগাম না দেওয়া গেলে ঐ বিষ্ঠাদি আনিতে পারিবে না।

টোলার মেহতরদের ও সাধারণের পাইখানার ৩০ সেরী বালতীর উপর মাসে ২৷৷ টাকা লওয়া যাইবে

১৯। মুনিসিপল মেহতরদিগকে নম্বর দেওয়া যাইবে ও রেজিষ্টরী করা যাইবে ও প্রত্যেক জন তসমা পরিবে, তাহাতে তাহার নম্বর ও টোলার নম্বর থাকিবে।

২০। কমিশ্যনরেরা যে ব্যক্তির বাড়ী পরিষ্কার করিয়া রাখিতে করার করিয়াছেন, তাঁহার পাইখানা কি বাড়ীর কুণ্ড পরিষ্কার করিয়া দিবার যে সময় স্থির করা যায় সেই সময় গেলেও তাহা অপরিষ্কার থাকিলে তিনি কমিশ্যনরদের আফিসে কি অনিষ্ট নিবারণের ইনস্পেকটরকে কিম্বা পল্লির কানসারবন্সী ওবরসিয়রকে কিম্বা কোন জমাদারকে কি পেয়াদাকে সেই কথা জানাইবেন। উক্ত কোন কর্ম্মকারককে ঐ কথা জানাইলে তিনি জানিতে পাইলেই আপনার উপরিস্থ কার্য্যকারকদের দ্বারা তাহার রিপোর্ট করিবেন।

২১। মুনিসিপল কমিশ্যনরদের অনুমতিপত্র না পাইলে, বিষ্ঠাদি জমা করিয়া রাখিবার নিমিত্ত, কি টোলা বলিয়া, কোন স্থানের ব্যবহার করিতে হইবে না। এই বিধি লঙ্ঘনের ২০ টাকা দণ্ড।

২২। রাস্তাদিয়া বিষ্ঠাদি লইয়া যাইতে হইলে কেবল রাত্রি আট ঘণ্টা অবধি সকাল আট ঘণ্টা পর্য্যন্ত ইহার মধ্য কোন সময়ে লইয়া যাইতে পারিবে তাহাও ভালমতে আঁটিয়া বন্ধ এক আধারে করিয়া লইতে হইবে। সেই পাত্র যে ডৌলের ও যে প্রকারের হইবে কমিশ্যনরেরা তাহা সময়ে২ স্থির করিবেন। এই বিধি লঙ্ঘনের ২০ টাকা দণ্ড।

২৩। মার্চ মাসের ১ তারিখ অবধি অকটোবর মাসের ৩১ তারিখপর্য্যন্ত গৃহস্থেরা মেহতরকে সকালে ৫ টা অবধি ৮ টা পর্য্যন্ত ও রাত্রি ৮ টা অবধি ১০ টা পর্য্যন্ত এবং নবেম্বর মাসের ১ তারিখ অবধি আপ্রিল মাসের ৩০ পর্য্যন্ত সকালে ৬ টা অবধি ৮ টা পর্য্যন্ত ও রাত্রি ৭ টা অবধি ৯ টা পর্য্যন্ত পাইখানায় যাইতে দিবেন।

২৪। যাহারা সাধারণের পাইখানার লাইসেন্স পায় তাহারা কি টোলার মেহতরেরা প্রতি দিন মুনিসিপল কমিশ্যনরদের নিরূপিত সময়ে ও স্থানে বিষ্ঠাদি লইয়া, সময়ে২ তাহা যে প্রকারে ফেলিতে আজ্ঞা পায় সেই প্রকারে ফেলিবে। এই বিধি লঙ্ঘনের ২০ টাকা দণ্ড।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১২ মে।]

NOTICE.

A Special General Meeting of the Justices of the Peace for the Town of Calcutta will be held at the Town Hall, on Thursday, the 21st May 1874, at 11 o'clock, A.M.

BUSINESS TO BE BROUGHT FORWARD.

1. Resolution of Finance Committee proposing that the Analytical Works of the Justices, hitherto performed by the Chemical Examiner to Government, be undertaken by the Health Officer.

2. Resolution of Finance Committee, recommending the Justices to serve the Collector with a notice, agreeably to clause 13, paragraph 2nd of his contract with the Justices, that after the expiration of three months from the date of notice, the present arrangements with him will terminate, or will be revised as may appear to the Justices expedient.

3. The Chairman to lay on the table report of the Administration of the Municipality and Auditors' Report on the accounts for the year ending 31st December 1873.

R. TURNBULL,
Secy. to the Justices.

বিজ্ঞাপন।

১৮৭৪ সালের মে মাসের ২১ তারিখ বৃহস্পতিবার বেলা ১১ ঘণ্টা সময়ে টৌনহালে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিস সভার বিশেষঅধিবেশন হইবে।

তৎকালে এই২ কার্য্য উপস্থিত করা যাইবে।

১। জষ্টিসদের পক্ষে দ্রব্যের তত্ত্বনিরূপণের যে কার্য্য গবর্ণমেণ্টের রাসায়নিক দ্রব্য পরীক্ষকের দ্বারা করা যাইত, স্বাস্থ্যরক্ষক সাহেবের দ্বারা সেই কার্য্য হইবার বিষয়ে ফিনান্স কমিটীর নির্দ্ধারণ বিবেচনা করা যাইবে।

২। জষ্টিসদের সঙ্গে কালেক্টর সাহেব যে চুক্তি করিলেন সেই চুক্তিপত্রের ১৩ ধারার ২ প্রকরণের মর্ম্ম এই যে, তাঁহার সঙ্গে এইক্ষণে যে নিয়ম প্রচলিত আছে নোটিস পাইবার তারিখ অবধি তিন মাস গত হইলেই সেই নিয়মটি রহিত হইবে কিম্বা জষ্টিসদের বিবেচনায় বিহিত হইলে তাহা সংশোধন করা যাইতে পারিবে। তদনুসারে জষ্টিসেরা যেন কালেক্টর সাহেবকে নোটিস দেন, ফিনান্স কমিটীর এই পরামর্শ বিবেচনা করা যাইবে।

৩। ১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত মিউনিসিপালিটীর দ্বারা এক বৎসর যে কার্য্য নির্ব্বাহ হইয়াছে তাহার রিপোর্ট এবং আডিটরেরা হিসাব দেখিয়া যে রিপোর্ট করিলেন সভাপতি সাহেব সেই রিপোর্ট মেজে অর্পণ করিবেন।

১৮৭৪ সাল ১১ মে। রাবর্ট টর্ণবুল,
(18—1) জষ্টিসদের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

২৪ পরগনা জিলার অন্তর্গত আনরপুর পরগনা ভুক্ত হইয়া মৃত প্রাণকৃষ্ণ বিশ্বাসের যে অর্দ্ধাংশ আছে তাহা পত্তনি দেওয়া যাইবে। ঐ অংশের মধ্যে এই২ ডিহী আছে, —

ডিহী আজীমুল্লাপুর	ডিহী বিষ্ণুপুর।
,, সুহাই।	,, রঙ্গপুর।
,, বোরা।	,, নয়াপাড়া।
,, কট্রা।	,, ফলতী।
,, রোহন্দ।	,, বামুনডাঙ্গা।
,, চন্দ্রপুর।	,, চণ্ডীগড়ী।
,, দিয়ারা।	,, কদম্বগাছি।
,, বেড়াবাড়ী।	

উক্ত অংশে বৎসর মোটে ৮৯,৩৯২।৵১৪৸ কড়া টাকা আদায় হইয়া থাকে। তন্মধ্যে পোলীস খরচ সুদ্ধ ২৬,৫২৮৷৴৬৷৷ কড়া টাকা গবর্ণমেণ্টের রাজস্ব দিতে হয়। কেহ উক্ত সমুদয় অংশ কিম্বা এক২ ডিহী করিয়া পত্তনী লইতে চাহিলে প্রার্থনা করিতে পারিবেন।

কলিকাতার ওলড পোষ্ট আফিস ষ্ট্রীটে উকীল শ্রী দীননাথ বসুর কিম্বা কলিকাতার নীলমণি মিত্রের ষ্ট্রীটে ২০ নং বাটীতে ঐ বিষয়ে স্বার্থযুক্ত ব্যক্তিদের পক্ষ মোক্তার শ্রীযুত বাবু কালীধন বিশ্বাসের কার্য্যালয়ে অনুসন্ধান করিলে সবিশেষ বিবরণ জানা যাইবে। (17—1)

[*Government Gazette, 12th May* 1874.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1816. ১৮১৬ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 19, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ১৯ মে।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.—PUBLIC.

Fort William, the 6th May 1874.

No. 262.—The services of Mr. A. C. Lyall, Secretary to the Government of India, in the Home Department, are placed at the disposal of the Foreign Department.

No. 265.—Mr. A. P. Howell, M.A., Deputy Secretary to the Government of India, in the Department of Revenue, Agriculture, and Commerce, is appointed to officiate as Secretary in the Home Department during the absence on deputation of Mr. Lyall, or until further orders.

Mr. Howell received charge, this day forenoon, from Mr. Lyall.

A. P. HOWELL,
Offg. Secy. to the Govt. of India.

FOREIGN DEPARTMENT.

NOTIFICATIONS.—GENERAL.

Fort William, the 6th May 1874.

No. 959AG.—APPOINTMENT.—Mr. A. C. Lyall, Secretary to the Government of India, in the Home Department, is appointed to officiate as Secretary to the Government of India, in the Foreign Department.

No. 959BG.—With reference to the above, Mr. A. C. Lyall assumed charge of the Foreign Department on the forenoon of the 6th instant.

P. D. HENDERSON,
Under-Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATION.—ACCOUNTS.

MINT AND CURRENCY.

Fort William, the 7th May 1874.

No. 2869.—Captain R. S. Robinson, R. A., received charge of the Office of Assay Master of the Calcutta Mint from Surgeon-Major H. E. Busteed on the afternoon of the 1st, and made over charge of that office to Surgeon-Major P. F. Bellow on the forenoon of the 2nd instant.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS.—ESTABLISHMENT.

Fort William, the 2nd May 1874.

No. 287.—Baboo Chunder Nath Simlai, Accountant, 3rd Grade, Punjab, is transferred to Bengal.

No. 288.—Mr. P. Heyward, Accountant, 1st Grade, attached to the office of the Accountant-General, Public Works Department, is granted fourteen days' subsidiary leave of absence

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পবলিক।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ৬ মে।

২৬২ নম্বর।—হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী শ্রীযুত এ, সি, লায়ল সাহেব ফরিন্ ডিপার্টমেণ্টে নিযুক্ত হইয়াছেন।

২৬৫ নম্বর।—শ্রীযুত লায়ল সাহেবের কর্ম্মান্তরে নিয়োগহেতু তাঁহার অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত রাজস্ব, কৃষি ও বাণিজ্যসম্পর্কীয় কর্ম্মবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটরী শ্রীযুত এ, পি হোয়েল সাহেব, এম, এ, হোম ডিপার্টমেণ্টে সেক্রেটরীর কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত হোয়েল সাহেব অদ্য পূর্ব্বাহ্ণে শ্রীযুত লায়েল সাহেবের স্থানে কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

এ, সি, লায়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ফরিন ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—সাধারণ।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ৬ মে।

৯৫৯AG নম্বর।—নিয়োগ।—হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী শ্রীযুত এ সি লায়ল সাহেব ফরিন্ ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরীর কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

৯৫৯BG নম্বর।—উপরোক্ত বিজ্ঞাপনোপলক্ষে শ্রীযুত এ সি লায়ল সাহেব এই মাসের ৬ তারিখের পূর্ব্বাহ্ণে ফরিন্ ডিপার্টমেণ্টের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

পি, ডি, হেণ্ডরসন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্ট।

টাঁকশাল ও নোটপ্রচলন বিষয়ক।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ৭ মে।

২৮৬৯ নম্বর।—কাপ্তান শ্রীযুত আর এস রাবিন্সন সাহেব, আর, এ, এই মাসের ১ তারিখের অপরাহ্ণে সর্জন মেজর শ্রীযুত এচ ই বর্চ্চউড সাহেবের স্থানে কলিকাতার টাকশালের ধাতুপরীক্ষকের কর্ম্মের ভার গ্রহণ করিয়া এই মাসের ২ তারিখের পূর্ব্বাহ্ণে সর্জন মেজর শ্রীযুত পি এক বেলু সাহেবের প্রতি সেই কর্ম্মের ভারার্পণ করিলেন।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ২ মে।

২৮৭ নম্বর।—পঞ্জাবের তৃতীয় শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু চন্দ্রনাথ সিমলাই বঙ্গদেশে প্রেরিত হইয়াছেন।

২৮৮ নম্বর।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের কার্য্যালয়ে নিযুক্ত প্রথম শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত পি হেওয়ার্ড সাহেব ১৮৭৪ সালের মে মাসের ৫ তারিখঅবধি অথবা

under Section 10, and one year's furlough to Europe under Section 7, Supplement F, of the Civil Leave Code, with effect from the 5th May 1874, or such date as he may be permitted to avail himself of the same.

The 4th May 1874.

No. 290.—Mr. C. S. Bickers, Assistant Engineer, 2nd North-Western Provinces, is transferred to Bengal, Provincial Establishment.

The 7th May 1874.

No. 295.—His Excellency the Governor-General in Council is pleased to make the following promotions in the Engineer Establishment of the Public Works Department, with effect from 1st March 1874 :—

To be Superintending Engineer, 3rd Grade.

Colonel J. F. Stoddard, M. S. C., Officiating Superintending Engineer, 3rd Grade, Bengal.

The 8th May 1874.

No. 310.—With reference to Public Works Department Notification No. 152 of 17th March 1874, Colonel Crofton assumed charge of the duties of Inspector-General of Irrigation and Deputy Secretary to the Government of India on the forenoon of the 13th April 1874.

No. 311.—With reference to Public Works Department Notification No. 263 of the 29th ultimo, Mr. E. E. Oliver assumed charge of his duties as Officiating Assistant Secretary to the Government of India, in the Public Works Department, on the forenoon of the 5th instant.

No. 313.—Colonel F. J. Davies, Executive Engineer, 1st Grade, Barrackpore Division, is appointed to take charge of the Office of Superintending Engineer, 1st Circle, Military Works, in addition to his own duties, during the absence on privilege leave of Major W. R. Tucker, R. E., or until further orders.

C. H. DICKENS, *Colonel, R. A.*,
Secy. to the Govt. of India.

যে তারিখে ছুটী লন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ ধারামতে চৌদ্দ দিন উপকরণার্থ ছুটী ও উক্ত কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৭ ধারামতে ইউরোপে গমনার্থে এক বৎসর নিয়মিত ছুটী পাইয়াছেন।

১৮৭৪ সাল ৪ মে।

২৯০ নম্বর —উত্তর পশ্চিম দেশের দ্বিতীয় আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, এস বিকর্স সাহেব বঙ্গদেশের প্রবিন্স্যল সিরিশতায় প্রেরিত হইয়াছেন।

১৮৭৪ সাল ৭ মে।

২৯৫ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭৪ সালের মার্চ মাসের ১ তারিখ অবধি পবলিক ওর্কস ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়র সিরিশতায় নিম্নলিখিত সাহেবের পদবৃদ্ধি করিয়াছেন।

বঙ্গদেশের তৃতীয় শ্রেণীর একটিং সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র কর্ণেল শ্রীযুত জে, এফ, ষ্টডার্ড সাহেব, তৃতীয় শ্রেণীর সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র হইবেন।

১৮৭৪ সাল ৮ মে।

৩১০ নম্বর।—পবলিক ওর্কস ডিপার্টমেন্টের ১৮৭৪ সালের মার্চ মাসের ১৭ তারিখের ১৫২ নং জ্ঞাপনপত্রোপলক্ষে কর্ণেল শ্রীযুত ক্রফটন সাহেব ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১১ তারিখের পূর্ব্বাহ্নে জলসেচনের ইনস্পেকটর জেনরলের ও ভারতবর্ষের গবর্ণমেন্টের ডেপুটী সেক্রেটরীর কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

৩১১ নম্বর।—পবলিক ওর্কস ডিপার্টমেন্টের গত মাসের ২৯ তারিখের ২৬৩ নং জ্ঞাপনপত্রোপলক্ষে শ্রীযুত ই, ই অলিবর সাহেব এই মাসের ৫ তারিখের পূর্ব্বাহ্নে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং আসিস্টাণ্ট সেক্রেটরীর কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

৩১৩ নম্বর।—মেজর শ্রীযুত ডবলিউ আর টকর, সাহেব আর, ই, অনুগ্রহের ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত, বারাকপুর খণ্ডের প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র কর্ণেল শ্রীযুত এফ জে ডেবিস সাহেব আপন কর্ম্মাতিরিক্ত মিলিটরী কার্য্যের প্রথম চক্রের সুপারিন্টেণ্ডিং ইঞ্জিনিয়রের কার্য্যের অধ্যক্ষতা কর্ম্মের ভার গ্রহণার্থে নিযুক্ত হইয়াছেন।

সি, এচ, ডিকিন্স, কর্ণেল, আর, এ,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 19, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ১৯ মে।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 1524C.S.

General.—*The 5th May* 1874.—Baboo Ram Chunder Mookerjee is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade in the Patna Division.

Baboo Ramdoyal Chuckerbutty is appointed to act as a Sub-Deputy Collector in the district of Manbhoom for employment on relief work.

Under Section 3 of Act XXVI of 1871 (Land Improvement Act), the Lieutenant-Governor is pleased to authorize Mr. Charles Walter Bolton, Assistant Magistrate and Collector, to exercise the powers of a Collector within the district of Moorshedabad, under the above Act.

The 6th May 1874.—Mr. Frederick Wyer, B. A., is appointed to act, until further orders, as Magistrate and Collector of Maldah.

Mr. Ebenezer Johnstone Barton, M. A., C. S., on special duty in Bhagulpore, is transferred to Bogra for employment on relief work.

The 8th May 1874.—The leave which was granted to Mr. H. B. Simson, Additional Judge of Jessore and Backergunge, under orders of the 22nd December 1873, commenced on the 5th January 1874, under Section 6-1 of the Civil Leave Code.

Baboo Indur Behary Sing, Sub-Deputy Collector, acting at Barh, will revert to his substantive appointment at Buxar, in Shahabad.

Baboo Shama Churn Das, Acting Sub-Deputy Collector at Buxar, is transferred to Sasseram, *vice* Baboo Gunga Nath Roy, appointed as temporary Deputy Magistrate and Deputy Collector.

Mr. Romesh Chunder Dutt, Assistant Magistrate and Collector, Bongong, is appointed to have charge of the Meherpore sub-division.

Baboo Gooroo Churn Das, Deputy Magistrate and Deputy Collector, is appointed to have charge of the sub-division of Bongong, in Nuddea.

Baboo Doorga Das Chowdhry, Deputy Magistrate and Deputy Collector, is appointed to have charge of the sub-division of Chooadangah, in Nuddea.

Baboo Poorna Chunder Roy, B. A., Sub-Deputy Collector at Diamond Harbour, is appointed to act as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the sudder station of Nuddea.

Baboo Poresh Nath Sookool is appointed to act as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the sudder station of Nuddea.

The 9th May 1874.—Mr. Edward Vesey Westmacott, B. A., Joint-Magistrate and Deputy Collector, on special duty, Dinagepore, is vested with the powers of a Collector under Act X of 1870.

The 11th May 1874.—Mr. Behari Lall Gupta, Assistant Magistrate and Collector, in charge of the Diamond Harbour Division, is transferred to Manbhoom, for employment on relief work.

Mr. E. R. Middleton, Deputy Magistrate and Deputy Collector, is appointed to have charge of the Diamond Harbour Division, in the 24-Pergunnahs.

Baboo Kedar Nath Ghose is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade, in the sub-division of Raneegunge, in Burdwan, and is vested with the powers of a Collector under Act X of 1870.

Mr. Ross Lowis Mangles, V.C., Officiating Commissioner of the Chittagong Division, is appointed, under Section 17 of the Criminal Procedure Code, to be a Joint Sessions Judge of the Sessions Division of Tipperah.

Mr. Alexander Mackenzie, B.A., Junior Secretary to the Government of Bengal, is allowed furlough for one year under Section 11 (*a*), Chapter III of the Civil Leave Code, together with subsidiary leave for seven days, from the date on which he may be relieved by Mr. Hewitt.

Mr. James Francis Katherinus Hewitt is appointed to act as Junior Secretary to the Government of Bengal, during the absence on furlough of Mr. A. Mackenzie, or until further orders.

[*Government Gazette*, 19*th May* 1874.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৫২৪ C.S. নম্বর।

সাধারণ।—১৮৭৪ সাল ৫ মে।—শ্রীযুত বাবু রামচন্দ্র মুখোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে পাটনা খণ্ডে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু রামদয়াল চক্রবর্ত্তী উপকারার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে মানভূম জিলায় সব-ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ভূমির উৎকর্ষ সাধন বিষয়ক ১৮৭১ সালের ২৬ আইনের ৩ ধারামতে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত চারলস ওয়ালটর বোলটন সাহেবকে উক্ত আইনমতে মুরশিদাবাদ জিলায় কালেক্টরের কর্ম্ম করণার্থে ক্ষমতা দান করিয়াছেন।

১৮৭৪ সাল ৬ মে।—শ্রীযুত ফ্রেড্রিক ওয়াইয়র সাহেব, বি, এ, অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

ভাগলপুরে বিশেষ কার্য্যার্থে নিযুক্ত শ্রীযুত এবিনিজর জনষ্টন বাটন সাহেব, এম, এ, ও সি, এস, উপকারার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে বগুড়ায় প্রেরিত হইলেন।

১৮৭৪ সাল ৮ মে।—যশোহর ও বাকরগঞ্জের আডিশ্যনল জজ শ্রীযুত এচ, বি, সিমসন সাহেব ১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ২২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান সিবিল কার্য্যকারকদের ছুটীর ৬-১ ধারামতে সেই ছুটী ১৮৭৪ সালের জানুআরি মাসের ৫ তারিখ অবধি আরম্ভ হইল।

বাঢ়ে একটিং সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু ইন্দ্রবিহারী সিংহ শাহাবাদের অন্তর্গত বক্সারে স্বীয় স্থায়ী কর্ম্মে প্রত্যাগমন করিবেন।

শ্রীযুত বাবু গঙ্গানাথ রায় কিয়ৎকালের নিমিত্তে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে বক্সারের একটিং ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু শ্যামাচরণ দাস শাসীরামে প্রেরিত হইলেন।

বনগাঁয়ের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত বাবু রমেশচন্দ্র দত্ত মেহেরপুর মহকুমার অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গুরুচরণ দাস নদীয়ার অন্তর্গত বনগাঁ মহকুমার অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু দুর্গাদাস চৌধুরী নদীয়ার অন্তর্গত চুয়াডাঙ্গা মহকুমার অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

কলাগাছির সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায়, বি, এ, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া নদীয়ার সদর মোকামে অবস্থিত হইয়াছেন।

শ্রীযুত বাবু পরেশনাথ শুকুল ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইয়া নদীয়ার সদর মোকামে অবস্থিত হইয়াছেন।

১৮৭৪ সাল ৯ মে।—দিনাজপুরে বিশেষ কার্য্যে নিযুক্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এডওয়ার্ড বীসি ওয়েষ্টমাকট সাহেব, বি, এ, ১৮৭০ সালের ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সাল ১১ মে।—কলাগাছি মহকুমার অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত বিহারীলাল গুপ্ত উপকারার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে মানভূমে প্রেরিত হইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ই, আর মিডলটন সাহেব ২৪ পরগনার অন্তর্গত কলাগাছি মহকুমার অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু কেদারনাথ ঘোষ কিয়ৎকালের নিমিত্তে বর্দ্ধমানের অন্তর্গত রানীগঞ্জ মহকুমায় প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইয়া ১৮৭০ সালের ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

চট্টগ্রাম খণ্ডের একটিং কমিশ্যনর শ্রীযুত রাস লৌইস মাঙ্গেলস সাহেব, বি' সি, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৭ ধারামতে ত্রিপুরার সেশন এলাকায় জাইণ্ট সেশন জজ হইবেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের জুনিয়র সেক্রেটরী শ্রীযুত আলেকজাণ্ডর মাকেঞ্জি সাহেব, বি, এ, যে তারিখে শ্রীযুত হিউইট সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩ অধ্যায়ের ১১ (a) ধারামতে এক বৎসর নিয়মিত ছুটী পাইয়াছেন। তদ্ভিন্ন সাত দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এ মাকেঞ্জি সাহেবের নিয়মিতছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জেমস ফ্রান্সিস কাথিরাইনস হিউইট সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের জুনিয়র সেক্রেটরীর কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৯ মে।]

The 12*th May* 1874.—Mr. John James Livesay is appointed to act as Magistrate and Collector of Maldah from the date on which he took charge to that of his being relieved by Mr. F. Wyer.

Moulvie Azharul Huq, Deputy Magistrate and Deputy Collector, Gya, is allowed leave for fourteen days under Section 21, Chapter VI of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 30th April 1874.

Mr. Edward Richard Henry, Assistant Magistrate and Collector, Tirhoot, having passed a special examination held by the Additional Commissioner of Patna, is declared to have passed completely by the First or Lower Standard.

Baboo Soorjoo Coomar Sen was a temporary Sub-Deputy Collector of the First Grade from the date of Mr. E McL. Smith's appointment to act as a Deputy Magistrate and Deputy Collector to that of his own appointment as an Acting Deputy Magistrate and Deputy Collector in Nuddea.

Baboo Radha Kant Banerjee, Sub-Deputy Collector, Second Grade, Jessore, is promoted temporarily to the First Grade with effect from the date of Baboo Shoshee Bhoshun Dutt's appointment to act as a Deputy Magistrate and Deputy Collector.

Baboo Heera Lal Biswas, Sub-Deputy Collector, Second Grade, Nuddea, is promoted temporarily to the First Grade with effect from the date of Baboo Soorjoo Coomar Sen's appointment to act as a Deputy Magistrate and Deputy Collector.

Mr. Nathaniel Stuart Alexander is appointed to be a Magistrate and Collector of the Second Grade with effect from the 4th instant, the date following that of Mr. F. J. Alexander's death.

Mr. Trevor John Chichely Grant is appointed to be a Magistrate and Collector of the Third Grade with effect from the 4th instant, and to be Magistrate and Deputy Collector of Howrah. Mr. Grant will, however, continue to act as a Secretary to the Board of Revenue.

Mr. Daniel J. McNeile, on furlough, is appointed to be Magistrate and Collector of Pooree.

Mr. John Ward is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the First Grade with effect from the date of Mr. N. S. Alexander's appointment to the Third Grade of Magistrates and Collectors.

Mr. Thomas Norman is appointed to a Joint-Magistrate and Deputy Collector of the First Grade with effect from the date of Mr. W. Wavell's appointment to be a Magistrate and Collector. Mr. Norman will continue to act as Magistrate and Collector of Balasore.

Mr. Reginald Porch is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the First Grade with effect from the date of Mr. T. J. C. Grant's appointment to be a Magistrate and Collector.

Mr. Arthur Weekes, B. A., is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade with effect from the date of Mr. J. Ward's promotion to the First Grade.

Mr. George Edward Porter is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade with effect from the date of Mr. T. Norman's promotion to the First Grado. Mr. Porter will continue to act in the First Grade of Joint-Magistrates and Deputy Collectors.

Mr. Edwyn Samuel Moseley is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade with effect from the date of Mr. Porch's promotion to the First Grade. Mr. Moseley will continue to act in the First Grade of Joint-Magistrates and Deputy Collectors.

POLICE.—*The* 9*th May* 1874.—Mr. Henry Dawson, Astant Supessirintendent of Police, reported his departure from India on furlough on the 27th March 1874.

EDUCATION.—*The* 11*th May* 1874.—Mr. Godfrey John Bective Tuite Dalton is appointed to be Secretary to the District School Committee of Tirhoot, *vice* Mr. Hamilton Winkup Gordon, who has left the district.

The 12*th May* 1874.—Mr. J. H. Dábruc, Head Master of the Gya Zillah School, is appointed temporarily to act as Secretary to the District School Committee of Gya.

Mr. G. Bellett, M. A., Professor, Presidency College, is allowed subsidiary leave for a period not exceeding thirty days with effect from the 8th November 1873, the day following the date of his arrival at Bombay on his return from furlough.

[*Government Gazette,* 19*th May* 1874.]

১৮৭৪ সাল ১২ মে।—শ্রীযুত জান জেমস লাইবসে সাহেব যে তারিখে কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখ অবধি শ্রীযুত এফ ওয়াইয়র সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ করণ পর্য্যন্ত মালদহের মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী আবদুল হক্ ১৮৭৪ সালে আপ্রিল মাসের ৩০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে চৌদ্দ দিন ছুটী পাইয়াছেন।

পাটনার আডিশনল কমিশনর সাহেব বিশেষ যে পরীক্ষা করেন ত্রিহুতের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এডওয়ার্ড রিচার্ড হেনরি সাহেব সেই পরীক্ষাতে উত্তীর্ণ হওয়াতে প্রথম অর্থাৎ নিম্নতর কষ্টির পরীক্ষাতে সর্ব্বতোভাবে উত্তীর্ণ হইয়াছেন বলিয়া প্রকাশ করা গেল।

শ্রীযুত ই মাকেল স্মিথ সাহেব যে তারিখে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্মকরণার্থে নিযুক্ত হন সেই তারিখঅবধি শ্রীযুত বাবু সূর্য্যকুমার সেনের নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হওনের তারিখ পর্য্যন্ত উক্ত বাবু প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে ছিলেন।

শ্রীযুত বাবু শশীভূষণ দত্ত যে তারিখে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্মকরণার্থে নিযুক্ত হন সেই তারিখঅবধি যশোহরের দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রাধাকান্ত বন্দ্যোপাধ্যায় কিয়ৎ কালের নিমিত্তে প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু সূর্য্যকুমার সেন যে তারিখে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হন সেই তারিখঅবধি নদীয়ার দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু হিরালাল বিশ্বাস কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

এফ, জে, আলেকজাণ্ডর সাহেবের মৃত্যুর পর দিন অর্থাৎ এই মাসের ৪ তারিখ অবধি শ্রীযুত নাথানিয়ল ষ্টুয়ার্ট আলেকজাণ্ডর সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ট্রেবর জান চিচিলী গ্রাণ্ট সাহেব এই মাসের ৪ তারিখ অবধি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হইয়া হাবড়ার মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর হইবেন কিন্তু রেবিনিউ বোর্ডের সেক্রেটরীর কর্ম্ম করিতে থাকিবেন

শ্রীযুত ডানিয়েল জে মাকনীল সাহেব পুরীর মাজিষ্ট্রেট ও কালেকটর হইবেন। তিনি নিয়মিত ছুটী লইয়াছেন।

শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেবের তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হওনের তারিখ অবধি শ্রীযুত জান ওয়ার্ড সাহেব প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ ওয়েবেল সাহেবের মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হওনের তারিখ অবধি শ্রীযুত তামস নর্ম্মান সাহেব প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন। তিনি বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেবের মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হওনের তারিখ অবধি শ্রীযুত রেজিনল্ড পোর্চ সাহেব প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে ওয়ার্ড সাহেবের প্রথম শ্রেণীভুক্ত হওনের তারিখ অবধি শ্রীযুত আর্থর উইকস্ সাহেব, বি, এ, দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত টি নর্ম্মান সাহেবের প্রথম শ্রেণীভুক্ত হওনের তারিখ অবধি শ্রীযুত জর্জ এডওয়ার্ড পোর্টর সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন। তিনি প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত পোর্চ সাহেবের প্রথম শ্রেণীভুক্ত হওনের তারিখ অবধি শ্রীযুত এডউইন্ সামুয়েল মোসলী সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন। তিনি প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে থাকিবেন।

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৯ মে।—পোলীসের আসিষ্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত হেনরি ডাসন সাহেব নিয়মিত ছুটী লইয়া ১৮৭৪ সালের মার্চ মাসের ২৭ তারিখে ভারতবর্ষ হইতে যাত্রা করিয়াছেন এমত রিপোর্ট করেন।

শিক্ষাসম্পর্কীয় বিজ্ঞাপন —১৮৭৪ সাল ১১ মে।—শ্রীযুত হামিলটন উইনকপ গর্ডন সাহেব ত্রিহুত জিলাহইতে গমন করায় তৎপরিবর্ত্তে শ্রীযুত গডফ্রি জান বেকটিব ট্রাট ডালটন সাহেব ঐ জিলার স্কুলকমিটির সেক্রেটরীর পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ১২ মে।—গয়া জিলার স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত জে এচ ডাক্র সাহেব কিয়ৎকালের নিমিত্তে গয়া জিলার স্কুলকমিটির সেক্রেটরীর কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত জি বেলেট সাহেব, এম, এ, নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৩ সালের নবেম্বর মাসের ৭ তারিখে বোম্বাইয়ে পঁহুছিবাতে তৎপরদিন অবধি ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ১৯ মে।]

Baboo Uma Prosad Dey, Acting Head Master of the Balasore School, is appointed to be Deputy Inspector of Schools, Pooree.

Medical.—*The 5th May* 1874.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Balasore, viz.—

The Magistrate of Balasore, } *Ex-officio.*
,, Civil Surgeon of Balasore,
,, District Superintendent of Police,

Baboo Radha Nath Roy, Deputy-Inspector of Schools.
,, Prosunna Coomar Ghosal, Land Agent.
,, Modun Mohan Dass, Merchant.
,, Hiralaul Bose, Native Doctor.
,, Boikant Nath Dey to be Secretary.

The 7th May 1874.—Third Grade Assistant Surgeon Umesh Chunder Sen, a Resident Assistant Surgeon, Campbell Medical School, Sealdah, is allowed two months' leave under Section 3, Supplement F of the Civil Leave Code.

The 9th May 1874.—Surgeon Griffith Griffith, Officiating Civil Surgeon of Sylhet, is allowed one month's leave under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Surgeon Mathew Denis Moriarty, M. B., in charge of the 3rd Native Infantry, is appointed to have charge of the civil medical duties of Sylhet during Surgeon Griffith's absence on leave in addition to his own duties.

Marine.—*The 12th May* 1874.—Mr. J. C. Hunton, who has been acting as Second Deputy Shipping Master of Calcutta since 4th December last, also acted in that appointment from 15th September to the 30th November 1873.

Municipal.—*The 11th May* 1874.—Mr. A. S. Tweedie is appointed to be a Municipal Commissioner for the town of Mozufferpore, *vice* Baboo Kally Prosono Ghuttack, resigned.

Erratum.—*The 9th May* 1874.—In the orders of the 24th April 1874, regarding the appointment of a Sub-Deputy Collector in the district of Manbhoom for employment on relief work—

For "Moonshee Kyamutoollah" *read* "Moonshee Neamutoollah."

Rivers Thompson,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 5th May 1874.—The Notification of the 15th November 1873, published in the *Calcutta Gazette* of the 19th idem, sanctioning, from the 1st January 1874, the formation of a new sub-division in the district of Rungpore, to be called the Kooreegram sub-division, is hereby cancelled.

Rivers Thompson,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

Irrigation.

The 5th May 1874.—The Lieutenant-Governor is pleased specially to appoint the Executive Engineer of the Upper Gunduk Embankment Division to perform the functions of an Engineer under Act VI (B.L.C.) of 1873, with respect to the following embankment:—

Embankment maintained as Tuccavee at the cost of Zemindars and others.

District.	Description.
Chumparun	This is a continuous line of embankment on the left bank of the River Gunduk, 76 miles, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground near the village of Narrayapore, Pergunnah Mujhowa, and joins the Lower Gunduk Division Embankment at a masonry pillar near the village of Doomurrea, in the said pergunnah.

H. W. Gulliver, *Lieut.-Col., R.E.,*
Offg. Joint-Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept., Irrigation Branch.

বালেশ্বর বিদ্যালয়ের একটিং প্রধান শিক্ষক শ্রীযুত বাবু উমাপ্রসাদ দে, পুরীর স্কুল সমূহের ডেপুটী ইনস্পেকটরের পদে নিযুক্ত হইয়াছেন।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৫ মে।—নিম্নলিখিত মহাশয়েরা বালেশ্বরের দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

বালেশ্বরের মাজিষ্ট্রেট সাহেব।
বালেশ্বরের সিবিল চিকিৎসক সাহেব } স্বং পদোপলক্ষে।
পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব

স্কুলসমূহের ডেপুটী ইনস্পেকটর শ্রীযুত বাবু রাধানাথ রায়।
জমীদারীর নায়েব শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঘোষাল।
সওদাগর শ্রীযুত বাবু মদন মোহন দাস।
দেশীয় ডাক্তর শ্রীযুত বাবু হিরালাল বসু।
শ্রীযুত বাবু বৈকুণ্ঠনাথ বসু সেক্রেটরী হইবেন।

১৮৭৪ সাল ৭ মে।—শিয়ালদহের কাম্বেল মেডিকাল স্কুলের রেসিডেণ্ট আসিষ্টান্ট সর্জন তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত উমেশচন্দ্র সেন, সিবিল কার্য্য কারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৪ সাল ৯ মে।—শ্রীহট্টের একটিং সিবিল চিকিৎসক সর্জন শ্রীযুত গ্রিফিত গ্রিফিত সাহেব, সিবিল কার্য্য কারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

সর্জন শ্রীযুত গ্রিফিত সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে দেশীয় তৃতীয় পদাতিক পলটনের অধ্যক্ষতা ভার প্রাপ্ত সর্জন শ্রীযুত মাথিউ ডেনিস মরিয়ার্টি সাহেব, এম, বি, আপন কর্ম্মাতিরিক্ত শ্রীহট্টের সিবিল চিকিৎসক কার্য্যের অধ্যক্ষতা ভার পাইবেন।

সমুদ্র সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ১২ মে।—গত ডিসেম্বর মাসের ৪ তারিখ অবধি কলিকাতার দ্বিতীয় ডেপুটী শিপিং মাষ্টরের কর্ম্মকারি শ্রীযুত জে, সি, হুন্টন সাহেব ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১৫ তারিখ অবধি নবেম্বর মাসের ৩০ তারিখ পর্য্যন্ত ঐ পদের কর্ম্ম ও করিয়াছেন।

মুনিসিপল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ১১ মে।—শ্রীযুত বাবু কালীপ্রসন্ন ঘটক কর্ম্মত্যাগ করাতে তৎপরিবর্ত্তে শ্রীযুত এ, এস, টুইডী সাহেব মজফরপুর নগরের মুনিসিপল কমিশানরের পদে নিযুক্ত হইয়াছেন।

অশুদ্ধ শোধন।—মানভূম জিলায় উপকারার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে সব-ডেপুটী কালেকটরের পদে নিয়োগ বিষয়ক ১৮৭৪ সালের ২৪ আপ্রিলের আজ্ঞার মধ্যে

"শ্রীযুত মুনশী কেয়ামতুল্লা" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত মুনশী নিয়ামতুল্লা" পাঠ করিতে হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৫ মে।—রঙ্গপুর জিলায় ১৮৭৪ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি কুড়িগ্রাম মহকুমা নামে এক নূতন মহকুমা স্থাপন হইবার অনুমতিসূচক ১৮৭৩ সালের নবেম্বর মাসের ১৫ তারিখের যে জ্ঞাপনপত্র ঐ মাসের ২৫ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত করা গেল।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন বিষয়ক।
বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৫ মে।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নলিখিত বাঁধ সম্পর্কে উত্তর গণ্ডক বাঁধ খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়র সাহেবকে ১৮৭৩ সালের বঙ্গীয় ৬ আইনমতে ইঞ্জিনিয়রের ক্ষমতাক্রমে কর্ম্ম করণার্থে বিশেষমতে নিযুক্ত করিলেন।

জমীদার প্রভৃতির ব্যয়ে তাগাবীস্বরূপ রক্ষিত বাঁধ।

জিলা।	বিবরণ।
চাম্পারণ ...	গণ্ডকনদের বাম তটস্থ ন্যূনাধিক ৭৬ মাইল দীর্ঘ একটানা এই বাঁধ, মঝৌয়া পরগনার নারায়ণপুর গ্রামের নিকট মাটিতে সংলগ্ন পাকা থামে আরম্ভ হইয়া উক্ত পরগনার ডুমুরিয়া গ্রামের নিকট দক্ষিণ গণ্ডক বাঁধখণ্ডের পাকা থামে গিয়া মিলে।

The Acts of the Government of India, and those of the Government of Bengal will after publication in the *Bengalee Government Gazette,* be printed in pamphlet form for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act, now *ready,* the price of which is Rs. 1-4 per copy.—Postage 5 annas.

বিজ্ঞাপন।

গবর্ণমেন্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেন্টের আইন বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে, তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে মূল্য ১।০ মাত্র —ডাকে পাঠাইতে হইলে ডাকমাস্থল।/০ আনা লাগিবে।

Rates of Subscription to the Bengali Government Gazette,

FROM 1st JANUARY 1872.

Payable in advance.

For one year, without postage ...	...	...	...	Rs. 10	0	0
Ditto, with postage ...	...	...	...	„ 12	8	0

When postage stamps are remitted in payment of subscription, half an anna in the Rupee should be added for discount.

১৮৭২ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাস্থল বিনা এক বৎসরের	...	...	...	...	১০৲
ডাকমাস্থল সুদ্ধ ঐ	...	...	...	...	১২॥০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের একং খান ডাকে টিকিট ডিস্কোণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ২৬ মে।]

Rules for the removal of Night-soil from Privies or Private Premises.

WHENEVER it shall appear to the Municipal Commissioners to be desirable that they should, through servants to be appointed by them, undertake the scavengering of any portion or portions of the Suburbs of Calcutta, they shall give public notice by advertisement or otherwise that they will, from and after a certain date, undertake the scavengering thereof *Provided that not less than two-thirds of the house-holders, within such stated portion or portions, shall apply in writing to the office of the Municipal Commissioners for such services.*

2. The Municipal Commissioners shall on the receipt of such requistion in writing, make arrangements for the removal of night-soil from private premises and privies, the owners or occupiers of which shall desire their services, *provided* that no soil will be removed from any premises or privy unless the owner or occupier thereof shall make payment at the office of the Municipal Commissioners of the cost of such removal, at the following rates:—

Two annas per inmate if paid in advance for three months.

Two annas and six pie per inmate if paid in advance for one month.

Coolie depôt Rs. 65 per cart per mensem.

3. On receipt of such payment in advance, the Commissioners shall appoint a sweeper to remove the soil from the said privy or premises in such manner and at such hours as may be hereafter determined.

4. Every person whose scavengering the Municipal Commissioners thus undertake to perform, shall permit free access to his privy or house depôt within such hours as the Commissioners hereafter determine for the removal of night-soil.

5. Every horse-holder whose soil the Commissioners undertake to remove shall furnish his privy or house depôt with a proper receptacle of tin, iron, or earthenware.

6. No house-holder, who has made payment to the Commissioners for the removal of night-soil from his privy or house depôt, shall, during the term for which such payment has been made, be liable to any prosecution under section 66 of Act III (B.C.) of 1864.

1st.—Unless he refuses or neglects to allow free access to his privy or house depôt within the stated hours.

2nd.—Neglects to provide and maintain proper receptacle for night-soil therein.

3rd.—Increases his family or permanent establishment or other permanent inmates of his house more than twenty-five per cent. without notice to the Commissioners and payment to them of the rateable extra cost thereby incurred.

7. No house-holder having made payment as aforesaid, shall during the continuance of the period for which such payment has been made (unless under the exception stated in the last preceding by-law) be subject to any domiciliary visit of inspection on the part of any Overseer, Inspector, and other officer of the Municipality; *provided* always that any Overseer, Inspector, or other officer of the Municipality shall be at liberty to inspect any privy or house depôt during the hours fixed for removal of night-soil, *but provided also* that no such Inspector, Overseer or officer shall enter any private apartment to the said privy in order to gain access, unless he shall have given 12 hours' notice in writing to the owner or occupier of his desire to do so, and not then if the said owner or occupier makes any objection thereto.

8. The Municipal Commissioners will not be bound to continue the services of their scavengering establishment to any house beyond the expiry of the term so paid for in advance, unless renewed payment for the ensuing month or quarter be tendered at their office before the commencement thereof.

9. The Municipal Commissioners shall be at liberty to discontinue the services of the department to any house or any specified block of houses after giving by notice in writing or by public advertisement, beat of tom-tom, or otherwise, one month's clear notice of their intention to do so, and they shall in the event of their so discontinuing their services refund to the owner or occupier such portion of the sum so paid by him in advance as is equal to the period for which the said services are discontinued.

[*Government Gazette*, 26*th May* 1874.]

পাইখানা কিম্বা কোন ব্যক্তির বাড়ীহইতে বিষ্ঠাদি লইয়া যাইবার বিধি।

মুনিসিপল কমিশানরদের চাকর নিযুক্ত করিয়া কলিকাতা শহরতলীর কোন এক কি কএক অংশ পরিষ্কার রাখা বিহিত. ঐ কমিশানরদের এমত জ্ঞান থাকিলে, তাঁহারা অমুক তারিখঅবধি ঐ স্থানের সকল বিষ্ঠাদি স্থানান্তর করিবার বিধান করিবেন, ইশতিহারদ্বারা কি অন্য প্রকারে এই মর্ম্মের নোটিস প্রচার করিবেন। কিন্তু সেই স্থানের কি সেই২ স্থানের মধ্যে যে গৃহস্থদের বাড়ী আছে তাহাদের তিন অংশের দুই অংশের অন্যূন ব্যক্তি মুনিসিপল কমিশানরদের আফিসে লিখিয়া ঐ প্রকারের কার্য্য প্রার্থনা না করিলে তাহা করা যাইবে না।

২। মুনিসিপল কমিশানরেরা সেই প্রকারের প্রার্থনাপত্র পাইলে, যে বাটীর স্বামিরা কি দখিলকারিরা তাঁহাদের ঐ কার্য্য প্রার্থনা করেন, তাহাদের বাটী ও পাইখানাহইতে বিষ্ঠাদি লইয়া যাইবার নিয়ম করিবেন। কিন্তু কোন বাটীর কি পাইখানার স্বামী কি দখিলকার মুনিসিপল কমিশানরদের আফিসে নিম্নলিখিত হারে ঐ বিষ্ঠাদি স্থানান্তর করিবার খরচ না দিলে, তাহাদের বাটীহইতে তাহা স্থানান্তর করা যাইবে না।

তিন মাসের আগাম দিলে ঘরে যত জন থাকে তাহার জনপ্রতি ৵০ দুই আনা।
এক মাসেরআগাম দিলে ঘরে যত জন থাকে তাহার জনপ্রতি ৵১০ দশ পয়সা।
মজুরদের আড্ডার মাসে গাড়ীপ্রতি ৩৫৲ টাকা।

৩। উক্ত পয়সা আগাম দেওয়া গেলে কমিশানরেরা পশ্চাৎ যে সময়ে ও যে প্রকারে নির্দ্ধার্য্য করেন তাঁহারা সেই সময়ে ও সেই প্রকারে ঐ বাটী কি পাইখানাহইতে বিষ্ঠাদি লইয়া যাইবার জন্যে মেহতর রাখিবেন।

৪। মুনিসিপল কমিশানরেরা যেই ব্যক্তির বাড়ীহইতে মলাদি লইয়া যাইবার কার্য্যে প্রবর্ত্ত হন, ঐ বিষ্ঠাদি লইয়া যাইবার যেই২ সময় স্থির করেন, ঐ ব্যক্তিরা সেই২ সময়ে আপনারদের পাইখানায় কি মলকুণ্ডে স্বচ্ছন্দে যাইবার অনুমতি দিবেন।

৫। কমিশানরেরা যে গৃহস্থের বাড়ীর বিষ্ঠাদি স্থানান্তর করিতে স্থির করেন, তাঁহারা আপন২ পাইখানায় কি মলকুণ্ডে টিনের কি লৌহের কি মাটির উপযুক্ত পাত্র রাখিবেন।

৬। কোন গৃহস্থ পাইখানা কি মলকুণ্ডহইতে বিষ্ঠাদি স্থানান্তর করিবার জন্যে কমিশানরদিগকে টাকা দিলে, যত দিনের নিমিত্ত সেই টাকা দেওয়া যায় ততদিন ১৮৬৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৬৬ ধারামতে তাঁহার নামে নালিশ হইতে পারিবে না।

(১) কিন্তু নির্দ্ধারিত সময়ে আপনার পাইখানায় কি মলকুণ্ডে স্বচ্ছন্দে যাইতে না দিলে কি যাইবার উপায় করিতে শৈথিল্য করিলে,

(২) ও পাইখানায় বিষ্ঠাদি রাখিবার উপযুক্ত পাত্র না রাখিলে,

(৩) তাঁহার ঘরের লোক কি চাকর প্রভৃতি যাঁহারা স্থায়িরূপে ঘরে থাকে, তাহাদের শতকরা ২৫ জনপর্য্যন্ত সংখ্যা বৃদ্ধি হইলেও কমিশানরদিগকে সেই কথা না জানাইলে, ও উক্ত হারানুসারে তাহাদের অধিক যত টাকা দেওয়া উচিত তাহা না দিলে তাহাদের নামে নালিশ হইতে পারিবে।—

৭। কোন গৃহস্থ পূর্ব্বোক্তমতে টাকা দিলে, যত দিনের নিমিত্ত ঐ টাকা দেওয়া যায় তত দিন কেবল ইহার পূর্ব্ব বিধির লিখিত স্থলছাড়া, কোন ওবরসিয়র কি ইনস্পেকটর কিম্বা মুনিসিপালিটীর অন্য কর্ম্মকারক তাঁহার ঘরে প্রবেশ করিয়া দেখিতে পাইবে না। কিন্তু বিষ্ঠাদি লইয়া যাইবার যেই সময় নিরূপণ হয়, কোন ওবরসিয়র কি ইনস্পেকটর কিম্বা মুনিসিপালিটীর অন্য কর্ম্মকারক সেই২ সময়ে গিয়া ঐ পাইখানা কি মলকুণ্ড দেখিতে পাইবে, পরন্তু অন্দরমহাল দিয়া উক্ত কোন পাইখানায় যাইতে হইলে, ঐ ইনস্পেকটর কি ওবরসিয়র কি অন্য কার্য্যকারক বারো ঘণ্টা থাকিতে স্বামিকে কি দখিলকারকে আপনার সেই স্থানে যাইবার মানসের সম্বাদ না দিলে, এবং দিলেও স্বামি কি দখিলকার তাহার যাইবার কোন আপত্তি করিলে সে ঐ স্থানে যাইতে পাইবে না।

৮। যত দিনের নিমিত্ত যে গৃহস্থের টাকা দেওয়া গেল, সেই মিয়াদ গত হইলেই আগামি মাসের কি আগামি তিন মাসের আরম্ভের পূর্ব্বে ঐ মাসের কি তিন মাসের পয়সা, কমিশানরদের আফিসে আনিয়া না দেওয়া গেলে, কমিশানরেরা সেই ঘরে বিষ্ঠাদি স্থানান্তর করিতে আর বদ্ধ হইবেন না।

৯। মুনিসিপল কমিশানরেরা কোন ঘরের কিম্বা নির্দ্দিষ্ট কোন গৃহশ্রেণীর পক্ষে ঐ চাকরদের কর্ম্ম বন্দ করিতে চাহিলে, তাঁহারা পুরা এক মাস থাকিতে নোটিস লিখিয়া কি ইশতিহার জারী করিয়া কি ঢোল পীটাইয়া কি অন্য প্রকারে আপনাদের ঐ কর্ম্ম করিবার মনস্থ জানাইবেন। আরো যে কালের মধ্যে তাঁহারা সেই কর্ম্ম বন্দ করিতে চাহেন সেই কালের নিমিত্ত স্বামি কি গৃহস্থ আগাম টাকা দিলে, তাঁহারা সেই আগাম টাকার উপযুক্ত অংশ ফিরিয়া দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২৬ মে।]

10. Any house-holder, the scavengering of whose premises the Commissioners have undertaken to perform, may at any time discontinue such services by giving notice in writing to the Commissioners, but shall not be entitled to any refund on account of services unperformed, or of the sum or any portion thereof paid by him in advance.

11. Every mehter or night-man shall be supplied with a bucket of such pattern as shall from time to time be determined, a broom, and a hand-lantern.

12. Every house privy or depôt shall be cleaned once daily.

13. The Municipal Commissioners' servants will not undertake the cleaning of any house privy, or depôt, the soil of which has not been previously removed for a period exceeding 48 hours unless payment for such extra removal be tendered in addition to the rates fixed for daily service.

14. The Municipal Commissioners' servants will not undertake the cleansing or removal of soil from well-privies or excavations or receptacles exceeding two feet in depth, except at special rates under special agreement.

15. The removal of night-soil from Hospitals, Coolie Depôts, and other Public Institutions will be undertaken at special rates.

16. Any person having the charge of any Public Latrine, or of any Hospital, Coolie Depôt, School, or other Institution where large accumulations of night-soil result, and the removal of which has been undertaken by the Commissioners, shall permit the removal of the soil from their premises at such hours during the day or night as the Commissioners may from time to time determine, and shall make use of such deodorants or disinfectants, as they may require.

17. The Municipal Commissioners may direct the use by their servants in any private privy or house depôt, the scavengering of which has been undertaken by them, of lime, coal-tar, tar-water, carbolic acid, or any other deodorants or disinfectants, if at any time it seem to them necessary for the preservation of public health or the prevention of infection or spread of disease. Any expense so incurred to be defrayed by the Commissioners.

18. It shall be lawful for the Commissioners to charge a fee at the following rate for the receipt of night-soil to be deposited at their depôts, by any mehter or other person other than their own servants, and such shall be paid in advance for a period not less than one month. Unless such charge be paid the soil will not be received.

Rs. 2-8 per bucket of 30 seers per mensem for free tolah mehter and Public Latrines.

19. Every Municipal mehter shall be numbered and registered, and shall be furnished with a badge bearing his number and depôt number.

20. Any person whose scavengering the Commissioners have thus undertaken to perform, and whose privy or house depôt has remained uncleansed after the hour fixed for the purpose, may give notice either at the office of the Commissioners or to the Nuisance Inspector or Conservancy Overseer of the Division, or to any Jemadar or Peon, and it shall be the duty of every such officer to report through his immediate superiors immediately on receipt of such complaint.

21. No place shall be used for the collection of night-soil or as a Tollah Depôt without a license from the Municipal Commissioners. Penalty for infringement Rs. 20.

22. No person shall carry night-soil through the streets, except between the hours of 8 P.M. and 8 A.M., or otherwise than in a closely covered receptacle of such description and pattern as shall be required from time to time by the Municipal Commissioners. Penalty for infringement Rs. 20.

23. Every house-holder shall permit the mehter to enter his privy from 5 to 8 A.M. and from 8 to 10 P.M. from 1st March to 31st October, and from 6 to 8 A.M. and from 7 to 9 P.M. from 1st November to 30th April.

24. Every holder of a license for a Public Necessary or tollah mehter shall convey his night-soil daily to such places and at such hours as the Municipal Commissioners shall decide, and shall there dispose of it in such manner as shall from time to time be directed. Penalty for infringement Rs. 20.

[*Government Gazette*, 26*th May* 1874.]

১০। কমিশ্যনরেরা যে গৃহস্থের বাড়ী পরিষ্কার রাখিতে করার করেন সেই গৃহস্থ চাহিলে কোন সময়ে কমিশ্যনরদিগকে নোটিস লিখিয়া দিয়া তাঁহারদের দ্বারা সেই কার্য্য বন্দ করাইয়া দিতে পারিবেন। কিন্তু যে কর্ম্মের নিমিত্ত টাকা আগাম দিলেন সেই কর্ম্ম সমাপ্ত করা যায় নাই বলিয়া ঐ আগাম টাকা কি তাহার কোন অংশ ফিরিয়া পাইতে পারিবে না।

১১। প্রত্যেক জন মেহতরকে এক২ খানি বালতি ও ঝাড়ু ও হাত লাণ্ঠন দিতে হইবে। বালতী যে প্রকারের হইবে তাহা সময়ে২ নিরূপণ করা যাইবে।

১২। প্রত্যেক ঘরের পাইখানা কি মলকুণ্ড প্রতিদিন এক বার পরিষ্কার করা যাইবে।

১৩। কোন ঘরের কি পাইখানার কি কুণ্ডের মলাদি ৪৮ ঘণ্টা অবধি পরিষ্কার করা না গেলে মুনিসিপল কমিশ্যনরদের চাকরেরা তাহা পরিষ্কার করিতে গেলে, দিন যত মজুরী পাইয়া থাকে তাহাছাড়া ঐ অতিরিক্ত মলাদি ফেলিয়া দিবার উপরি পয়সা না পাইলে তাহারা পরিষ্কার করিবে না।

১৪। কূপের মত যে পাইখানা কিম্বা দুই ফুটের অধিক গভীর যে গর্ত্ত কি খাত থাকে মুনিসিপল কমিশ্যনরদের চাকরেরা বিশেষ করার করিয়া স্বতন্ত্র হিসাবে পয়সা না পাইলে তাহাহইতে মল ফেলিয়া তাহা পরিষ্কার করিবে না।

১৫। হাস্পাতাল কি মজুরদের থাকিবার আড্ডা কিম্বা সাধারণের কোন থাকিবার স্থান প্রভৃতির বিষ্ঠাদি ফেলিবার স্বতন্ত্র করার করা যাইবে।

১৬। সাধারণ লোকেরা যে পাইখানায় গিয়া থাকে তাহা কি হাস্পাতালের কি মজুরদের আড্ডার কি স্কুলপ্রভৃতির যে পায়খানায় অধিক বিষ্ঠাদি জমিয়া থাকে, কমিশ্যনরেরা সেই স্থানের বিষ্ঠাদি স্থানান্তর করিতে করার করিলে, তাঁহারা দিবা কি রাত্রি যে সময় স্থির করেন ঐ হাস্পাতাল প্রভৃতির কর্ত্তারা সেই সময়ে ঐ মল সরাইয়া লইবার অনুমতি দিবেন ও গন্ধ নিবারক কিম্বা দুর্গন্ধ দোষ নাশক যে ঔষধাদির প্রয়োজন তাহার ব্যবহার করিবেন।

১৭। মুনিসিপল কমিশ্যনরেরা কোন ব্যক্তির ঘরের পাইখানা কি মলকুণ্ড পরিষ্কার রাখিতে করার করিলে, কোন সময়ে সাধারণ লোকদের স্বাস্থ্যের জন্যে কিম্বা রোগ সঞ্চার কি রোগ বৃদ্ধি না হইবার জন্যে আবশ্যক বোধ হইলে, তাঁহারা আপনাদের চাকরদিগকে চুণ কি কয়লার তার কি তারের জল কি কারবলিক আসিড কিম্বা গন্ধনিবারক কি দুর্গন্ধ দোষ নাশক কোন দ্রব্যের ব্যবহার করিতে বলিবেন। ইহাতে যে খরচ লাগে কমিশ্যনরেরা তাহা দিবেন।

১৮। কমিশ্যনরদের চাকর ছাড়া কোন মেহতর কি অন্য ব্যক্তি কমিশ্যনরদের নিরূপিত স্থানে বিষ্ঠাদি ফেলিতে চাহিলে, কমিশ্যনরেরা নিম্নলিখিত হিসাবমতে ফী লইয়া ঐ বিষ্ঠাদি ফেলিতে দিবেন। এক মাসের ঐ টাকা আগাম দিতে হইবে, তাহার কম নয়। ও সেই টাকা আগাম না দেওয়া গেলে ঐ বিষ্ঠাদি আনিতে পাইবে না।

টোলার মেহতরদের ও সাধারণের পাইখানার ৩০ সেরী বালতীর উপর মাসে ২। টাকা লইয়া যাইবে।

১৯। মুনিসিপল মেহতরদিগকে নম্বর দেওয়া যাইবে ও রেজিস্টরী করা যাইবে ও প্রত্যেক জন তসমা পরিবে, তাহাতে তাহার নম্বর ও টোলার নম্বর থাকিবে।

২০। কমিশ্যনরেরা যে ব্যক্তির বাড়ী পরিষ্কার করিয়া রাখিতে করার করিয়াছেন, তাঁহার পাইখানা কি বাড়ীর কুণ্ড পরিষ্কার করিয়া দিবার যে সময় স্থির করা যায় সেই সময় গেলেও তাহা অপরিষ্কার থাকিলে তিনি কমিশ্যনরদের আফিসে কি অনিষ্ট নিবারণের ইনস্পেকটরকে কিম্বা পল্লির কানসারবন্সী ওবরসিয়রকে কিম্বা কোন জমাদারকে কি পেয়াদাকে সেই কথা জানাইবেন। উক্ত কোন কর্ম্মকারককে ঐ কথা জানাইলে তিনি জানিতে পাইলেই আপনার উপরিস্থ কার্য্যকারকদের দ্বারা তাহার রিপোর্ট করিবেন।

২১। মুনিসিপল কমিশ্যনরদের অনুমতিপত্র না পাইলে, বিষ্ঠাদি জমা করিয়া রাখিবার নিমিত্ত, কি টোলা বলিয়া, কোন স্থানের ব্যবহার করিতে হইবে না। এই বিধি লঙ্ঘনের ২০ টাকা দণ্ড।

২২। রাস্তাদিয়া বিষ্ঠাদি লইয়া যাইতে হইলে কেবল রাত্রি আট ঘণ্টা অবধি সকাল আট ঘণ্টা পর্য্যন্ত ইহার মধ্য কোন সময়ে লইয়া যাইতে পারিবে তাহাও ভালমতে আঁটিয়া বন্ধ এক আধারে করিয়া লইতে হইবে। সেই পাত্র যে ডৌলের ও যে প্রকারের হইবে কমিশ্যনরেরা তাহা সময়ে২ স্থির করিবেন। এই বিধি লঙ্ঘনের ২০ টাকা দণ্ড।

২৩। মার্চ মাসের ১ তারিখ অবধি অকটোবর মাসের ৩১ তারিখপর্য্যন্ত গৃহস্থেরা মেহতরকে সকালে ৫ টা অবধি ৮ টা পর্য্যন্ত ও রাত্রি ৮ টা অবধি ১০ টা পর্য্যন্ত এবং নবেম্বর মাসের ১ তারিখ অবধি আপ্রিল মাসের ৩০ পর্য্যন্ত সকালে ৬ টা অবধি ৮ টা পর্য্যন্ত ও রাত্রি ৭ টা অবধি ৯ টা পর্য্যন্ত পাইখানায় যাইতে দিবেন।

২৪। যাহারা সাধারণের পাইখানার লাইসেন্স পায় তাহারা কি টোলার মেহতরেরা প্রতি দিন মুনিসিপল কমিশ্যনরদের নিরূপিত সময়ে ও স্থানে বিষ্ঠাদি লইয়া, সময়ে২ তাহা যে প্রকারে ফেলিতে আজ্ঞা পায় সেই প্রকারে ফেলিবে। এই বিধি লঙ্ঘনের ২০ টাকা দণ্ড।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২৬ মে।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডওয়ার্ড ষারস লুইস্ সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1818. ১৮১৮.

[REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 2, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ২ জুন।

CONTENTS.

নির্ঘণ্ট

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নিদ্ধারণপ্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATION.—PUBLIC.

Fort William, the 22nd May 1874.

No. 339.—Mr. H. G. Cooke, of the Bengal Civil Service, has been granted by Her Majesty's Secretary of State for India an extension of six months' leave on medical certificate.

A. P. HOWELL,
Offg. Secy. to the Govt. of India.

FOREIGN DEPARTMENT.

NOTIFICATIONS.—POLITICAL.

The 22nd May 1874.

No. 1122*P.*—Subject to the confirmation of Her Majesty's Government, His Excellency the Viceroy and Governor-General in Council is pleased to recognize the appointment of M. Louis de St. Hilaire as Acting French Consular Agent at Chittagong.

No. 1127*P.*—Subject to the confirmation of Her Majesty's Government, His Excellency the Viceroy and Governor-General in Council is pleased to recognize the appointment of M. Edouard Audisio as Acting Consul-General for France at Calcutta during the absence of M. Soutis.

A. C. LYALL,
Secy. to the Govt. of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS.—ESTABLISHMENT.

Fort William, the 16th May 1874.

No. 329.—Gunnesh Junardon Gokle, Probationary Overseer, 3rd Grade, Central India (temporarily employed in Bengal), is confirmed in that grade, with effect from the 14th ultimo.

The 19th May 1874.

No. 332.—Messrs. W. B. Carter and T. M. Vigors, Executive Engineers, 2nd Grade, Northern Bengal (State) Railway, are invested temporarily with the powers of a Superintendent of works, with effect from the date of their taking charge.

No. 333.—With reference to Public Works Department Notification No. 237, dated the 18th April 1874, Baboo Nobin Chunder Roy, Officiating Deputy Controller, joined the Office of the Accountant-General, Public Works Department, on the forenoon of the 9th May 1874.

No. 337.—Mr. J. Collins, B.A., is appointed to the Public Works Department as a temporary Executive Engineer, 3rd Grade, and posted to the Tirhoot (State) Railway Survey.

The 22nd May 1874.

No. 343.—Mr. A. Clerke is appointed to the Public Works Department as an Assistant Engineer, 3rd Grade, on probation, and posted to Bengal Irrigation Branch.

No. 344.—The under-mentioned Officers attached to the Northern Bengal (State) Railway having passed the prescribed examination, are promoted from the 3rd to the 2nd Grade of Assistant Engineers, with effect from the dates specified :—

Mr. F. E. Braham and Mr. T. J. Dumayne,—from the 16th April 1874.
Mr. H. B. Molesworth,—from the 3rd June 1874.

C. H. DICKENS, *Colonel, R. A.,*
Secy. to the Govt. of India.

[*Government Gazette, 2nd June* 1874.]

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পবলিক।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ১১ মে।

৩৩৯ নম্বর।—ভারতবর্ষের পক্ষ শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টেট সেক্রেটরী সাহেব বঙ্গদেশের সিবিল সর্বিসের শ্রীযুত এচ, জি, কুক সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে আর ছয় মাস ছুটী দিয়াছেন।

এ. সি. লোবেল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ফরিন ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পোলিটিকাল।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ২২ মে।

১১২২ P নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবরনর জেনরল সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষায় চট্টগ্রামে একটিং ফ্রেঞ্চ কনসলর এজেণ্টের পদে শ্রীযুত লুই ডি সেণ্ট হিলের সাহেবের নিযুক্ত হওয়ার প্রস্তাবে সম্মত হইয়াছেন।

১১২৭ P নম্বর।—শ্রীযুত এম হ্যুটিস সাহেবের অনুপস্থান কালে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবরনর জেনরল সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষায় কলিকাতায় ফ্রান্সের পক্ষে শ্রীযুত এডওয়ার্ড অডিসিও সাহেবের একটিং কনসল জেনরলের পদে নিযুক্ত হওয়ার অনুমোদন করিলেন।

এ, সি, লায়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

শিরিশতা বিষয়ক।—বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ১৬ মে।

৩২৯ নম্বর।—বঙ্গদেশে কিয়ৎকালের নিমিত্তে নিযুক্ত মধ্য ভারতবর্ষের তৃতীয় শ্রেণীর প্রবেশনরী ওবরসিয়র শ্রীযুত গণেশ জনার্দন গোকুল গত মাসের ১৪ তারিখ অবধি সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

১৮৭৪ সাল ১৯ মে।

৩৩২ নম্বর।—বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়ের দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, বি, কার্টর সাহেব ও টি, এন, বিগস সাহেব যে তারিখে স্ব২ কর্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি কিয়ৎকালের নিমিত্তে কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টের ক্ষমতা পাইয়াছেন

৩৩৩ নম্বর।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের ১৮ আপ্রিলের ২৩৭ নং জ্ঞাপনপত্রোপলক্ষে একটিং ডেপুটী কনট্রোলর শ্রীযুত বাবু নবীনচন্দ্র রায় ১৮৭৪ সালের মে মাসের ৯ তারিখের পূর্ব্বাহ্ণে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে আকৌণ্টাণ্ট জেনরলের আফিসে কর্ম্ম গ্রহণ করিলেন।

৩৩৭ নম্বর।—শ্রীযুত জে কলিন্স সাহেব, বি, এ. কিয়ৎকালের নিমিত্তে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়রের পদে নিযুক্ত হইয়া ত্রিহুত ষ্টেট রেলওয়ে সরবেতে অবস্থিত হইয়াছেন।

১৮৭৪ সাল ২২ মে।

৩৩ নম্বর।—শ্রীযুত এ ক্লার্ক সাহেব পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে পরীক্ষার্থ তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়রের পদে নিযুক্ত হইয়া বঙ্গদেশের জলসেচন শাখায় অবস্থিত হইয়াছেন।

৩৪৪ নম্বর।—বঙ্গদেশের উত্তরাংশের ষ্টেট রেলওয়ের কর্ম্মে নিযুক্ত নিম্নলিখিত কার্য্যকারকেরা নির্দ্দিষ্ট পরীক্ষায় উত্তীর্ণ হওয়াতে নিম্নলিখিত তারিখ অবধি আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়রদের তৃতীয় শ্রেণী-হইতে দ্বিতীয় শ্রেণীতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এফ ইবেংহাম সাহেব ও শ্রীযুত টি জে ডুমেইল সাহেব ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১৬ তারিখ অবধি।

শ্রীযুত এচ বি মোলসওয়ার্থ সাহেব ১৮৭২ সালের জুন মাসের ৩ তারিখ অবধি।

সি, এচ, ডিকিন্স, কর্ণেল. আর, এ,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২ জুন।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 2, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ২ জুন ।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড ।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 1642C.S.

GENERAL.—*The 20th May* 1874.—Mr. James Douglas White, Extra Assistant Commissioner, Sonthal Pergunnahs, reported his departure from India on leave on the 6th May 1874.

Mr. William Henry Grimley, B.A., acted from the 24th to the 29th April 1874 as Secretary to the Board of Revenue on the Land Revenue side in addition to his own duties as Acting Secretary in the Department of Miscellaneous Revenue.

The 22nd May 1874.—Mr. George Edward Porter, on special duty, is appointed to act as Deputy Commissioner of Patna during the absence on duty of Mr. J. F. K. Hewitt, or until further orders.

Mr Thomas James Murray, on special duty, is appointed to act as a Joint-Magistrate and Deputy Collector of the First Grade, and is posted to the Sudder Station of Patna

Mr. David Bird Allen, Assistant Magistrate and Collector, Patna, is transferred to the Sudder Station of Tirhoot for employment on relief work.

Mr. Edward Stanford Andrew, Deputy Magistrate and Deputy Collector, on special duty, is posted to the Mudhoobunnee sub-division, in Tirhoot.

Baboo Hurree Krishna Mitter, Tehsildar of the Kunika Ward's Estate, is vested with the powers of a Deputy Collector.

The 25th May 1874.—Mr. William Henry Verner, Joint-Magistrate, 24-Pergunnahs, is vested with the powers of a Collector under the Land Acquisition Act (Act X of 1870) to acquire the estate known as the Dhurrumtollah Market.

Mr. Charles Arthur Kelly is appointed to act until further orders as District and Sessions Judge of Rungpore in the Second Grade, from the date on which he may relieve Mr Arthur Leven.

Mr. Ebenezer Johnstone Barton, M.A., Joint-Magistrate and Deputy Collector, on special duty at Bogra, is appointed to act until further orders as Magistrate and Collector of that district.

Baboo Rakhal Doss Haldar, Special Commissioner under the Chota Nagpore Tenures' Act, is allowed leave for one month, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Baboo Goloke Chunder Roy, Deputy Magistrate and Deputy Collector, Noakholly, is allowed leave for two months, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Baboo Juggobundhoo Sen, Deputy Magistrate and Deputy Collector, Chittagong, is transferred to Noakhally.

Moulvie Abdul Hye, Deputy Magistrate and Deputy Collector, Dacca, is allowed leave for two months, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

The Lieutenant-Governor is pleased to vest Mr. J. E. A. Eyre, Deputy Magistrate and Deputy Collector, with powers of a Collector under Act X of 1870 for the purpose of taking up lands required for relief works in the Sasseram and Bhubooah sub-divisions of the Shahabad district.

Mr. W. G Willson, M.A., Professor, Presidency College, is also appointed to act as Meteorological Reporter to Government during the absence on furlough of Mr. Henry Francis Blanford, or until further orders.

The 26th May 1874.—Baboo Pran Kishen Roy, Sub-Deputy Collector, Raneegunge, in Burdwan, is allowed leave for two months, under Section 3, Supplement F of the Civil Leave Code.

Mr. Edward Dowdeswell Lockwood, Acting Magistrate and Collector, Monghyr, is allowed leave for two months under Section 21, Chapter VI of the Civil Leave Code, from the afternoon of the 19th instant.

Mr. Henry James Newbery, B.A., is appointed to act as Magistrate and Collector of Monghyr during Mr. Lockwood's absence on leave, or until further orders.

[*Government Gazette, 2nd June* 1874.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৭৪১ C.S. নম্বর।

সাধারণ।—১৮৭৪ সাল ২০ মে।—সাঁওতাল পরগনার অতিরিক্ত আসিস্টাণ্ট কমিশনর শ্রীযুত জেমস ডগলাস ওরাইট সাহেব ছুটী লইয়া ১৮৭৪ সালের মে মাসের ৬ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

শ্রীযুত উলিয়ম হেনরি গ্রিমলি সাহেব, বি, এ, বিবিধ রাজস্ব কার্য্যবিভাগে একটিং সেক্রেটরীস্বরূপ আপন কর্ম্মাতিরিক্ত ১৮৭৪ সালের আপ্রিল মাসের ২৫ তারিখঅবধি ২৯ তারিখপর্য্যন্ত ভূমির রাজস্বেরভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরীর কর্ম্ম করিলেন।

১৮৭৪ সাল ২২ মে —রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত জে. এফ. কে. হিউইট সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত বিশেষ কর্ম্মে নিযুক্ত শ্রীযুত জর্জ এডওয়ার্ড পোটর সাহেব পাটনার ডেপুটী কমিশনরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

বিশেষ কার্য্যে নিযুক্ত শ্রীযুত তামস জেমস মরে সাহেব প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া পাটনার সদর মোকামে অবস্থিত হইয়াছেন।

পাটনার আসিস্টাণ্ট মাজিস্ট্রেট ও কালেকটর শ্রীযুত ডেবিট বড আলেন সাহেব উপকারার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে ত্রিহুতের সদর মোকামে প্রেরিত হইয়াছেন।

বিশেষ কার্য্যে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এডওয়ার্ড ষ্টানফর্ড আনজ সাহেব ত্রিহুতের অন্তর্গত মধুবনি মহকুমায় অবস্থিত হইয়াছেন।

কনিকার রাজারপালিত ব্যক্তির মহালের তহসীলদার শ্রীযুত বাবু হরিকৃষ্ণ মিত্র ডেপুটী কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৫ মে।—২৪-পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত উলিয়ম হেনরি বর্বর সাহেব ধর্ম্মতলা বাজার নামে খ্যাত সম্পত্তি গ্রহণার্থে ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন

শ্রীযুত চালস আর্থর কেলি সাহেব যে তারিখে শ্রীযুত আর্থর লেবিয়েন সাহেবের স্থানে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীমতে রঙ্গপুরের ডিষ্ট্রিকট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়াছেন।

বগুড়ায় বিশেষ কার্য্যে নিযুক্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এবিনিজর জনস্টন বার্টন সাহেব এম, এ, অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করণার্থ নিযুক্ত হইয়াছেন।

ছোট নাগপুরের ভূসম্পর্কের আইনমতে বিশেষ কমিশনর শ্রীযুত বাবু রাখালদাস হালদার সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

নওয়াখালির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গোলোকচন্দ্র রায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু জগদ্বন্ধু সেন নওয়াখালিতে প্রেরিত হইয়াছেন।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী আবদুল হাই সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জে ই এ আমর সাহেবকে শাহাবাদ জিলার অন্তর্গত সাশিরাম ও ভবুয়া মহকুমায় উপকারার্থ কার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা দিয়াছেন।

শ্রীযুত হেনরি ফ্রান্সিস ব্লানফর্ড সাহেবের নিয়মিত ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত ডবলিউ জি উইলসন সাহেব এম, এ, গবর্ণমেণ্টের ব্যোমতত্ত্ববিষয়ক রিপোর্টরের কর্ম্ম করণার্থেও নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ২৬ মে —বর্দ্ধমানের অন্তর্গত রাণীগঞ্জের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এডওয়ার্ড ডৌডেসওয়েল লকউড সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এই মাসের ১৯ তারিখের অপরাহ্ন অবধি দুই মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত লকউড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত হেনরি জেমস নিউবেরি সাহেব, বি, এ, মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২ জুন।]

Mr. Ernest Montagu Moucy, Assistant Magistrate and Collector, is transferred from the relief circle of Sheikpoorah to the Sudder Station of Monghyr.

Mr. Christopher Henry Vowell, Acting Joint-Magistrate and Deputy Collector, Shahabad, is allowed leave for one month under Section 21, Chapter VI of the Civil Leave Code, from the date on which he availed himself of it in anticipation of sanction.

POLICE.—Mr. Bertram Rattray, Acting District Superintendent of Police, Chittagong, is allowed leave for one month under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Court Inspector Seo Lall Tewary is placed in charge of the District Police of Chittagong during the absence on leave of Mr. Bertram Rattray, or until further orders.

REGISTRATION.—*The 18th May* 1874.—Baboo Pran Krishna Chatterjea is appointed to be Sub-Registrar of Pandoosh.

EDUCATION.—*The 22nd May* 1874.—Mr. Robert Hamilton Grant Irvine, District Superintendent of Police, is appointed to be a member of the District School Committee of Bankoora.

MEDICAL.—*The 22nd May* 1874.—Surgeon James Frederick Parry McConnell, M.B., Professor of Pathology and Resident Physician, Medical College Hospital, is allowed two days' leave under Section 21, Chapter VI of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 7th March 1874.

The following Officers held the medical charge of the Civil Station of Cuttack in addition to the medical charge of their Regiment (41st Madras Native Infantry) for the period specified against their names:—

Surgeon J. Fitzpatrick, from the afternoon of the 18th March to that of the 5th May 1874.

Dr. Ridings, from the 6th to the 8th May 1874.

The 25th May 1874.—Mr. Robert Hamilton Grant Irvine, District Superintendent of Police, Bankoora, is appointed to be a member of the Committees for the management of the Charitable Dispensaries at Bankoora and Bishenpore.

The 26th May 1874.—Surgeon-Major Frederick John Earle, on leave, is appointed to be Civil Surgeon of the Chittagong Hill Tracts.

OPIUM.—*The 20th May* 1874.—Mr. Walter Cracroft, Assistant Sub-Deputy Opium Agent of Banda, is allowed leave for two months under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

MUNICIPAL.—*The 22nd May* 1874.—Under Section 2, Act II (B.C.) of 1873, Mr. Andrew William Cochran is appointed to be a Municipal Commissioner for the town of Midnapore, with effect from the 10th March 1874, *vice* Mr. W. B. Oldham, resigned.

The following gentlemen are also appointed Municipal Commissioners for the town of Midnapore, viz.—

Mr. Herbert Hope Risley, Assistant Magistrate and Collector.
,, R. Anderson, Resident Agent of Messrs. Watson and Co.
Dr. O. R. Bachelor, of the Baptist Mission.
Baboo Bepin Behary Dutt, Government Pleader.
,, Gooroodas Payne, respectable resident.
,, Nobeen Chunder Nag, Zemindar.
,, Kristo Lall Mozoomdar, Pleader, Judge's Court.

ROAD CESS.—*The 25th May* 1874.—Baboo Mohim Chunder Ghose, Sub-Deputy Collector, is appointed to be Vice-Chairman of the Branch Road Cess Committee of the Satkhira sub-division, under Section 76 of Act X (B.C.) of 1871, *vice* Baboo Kali Doss Deb, who has left the sub-division.

Baboo Koylash Chunder Doss, Gantidar of Mahomedpore and Naib of pergunnah Dhobapore, is appointed to be a member of the Branch Road Cess Committee in the Satkhira sub-division, under Section 76 of Act X (B.C.) of 1871.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 2nd June* 1874.]

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুক্ত অরনেষ্ট মণ্টেগু মনি সাহেব সেকপুরার উপকারার্থ চক্রহইতে মুঙ্গেরের সদর মোকামে প্রেরিত হইয়াছেন।

শাহাবাদের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ক্রিষ্টফর হেনরি বৌয়েল সাহেব ছুটী পাইবার অনুমোদনের অপেক্ষায় যে তারিখে ছুটী লন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে একমাস ছুটী পাইয়াছেন।

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—চট্টগ্রামের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বরট্রাম রাট্রে সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বরট্রাম রাট্রে সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কোর্ট ইনস্পেক্টর শ্রীযুত শিবলাল তেওয়ারী চট্টগ্রামের ডিষ্ট্রিক্ট পোলীসের অধ্যক্ষতা ভার পাইয়াছেন।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ১৮ মে।—শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ চট্টোপাধ্যায় পাণ্ডুয়ার সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন।

শিক্ষাসংক্রান্ত বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২২ মে।—পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত রবর্ট হ্যামিণ্টন গ্রাণ্ট অরবিন সাহেব বাঁকুড়া জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২২ মে।—মেডিকাল কালেজ হাস্পাতালে রোগতত্ত্ব বিদ্যার অধ্যাপক ও রেসিডেণ্ট ফিজিসন সর্জন শ্রীযুত জেমস ফ্রেড্রিক পার্রি মাককনেল সাহেব, এম, বি, ১৮৭৪ সালের মার্চ মাসের ৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই দিন ছুটী পাইয়াছেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা মান্দ্রাজের ৪১ সংখ্যক দেশীয় পদাতিক পল্টনের চিকিৎসা কার্য্যের অতিরিক্ত আপনং নামের পার্শ্বের লিখিত কালপর্য্যন্ত কটকের সিবিল ষ্টেসনের চিকিৎসাকার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ছিলেন।

সর্জন শ্রীযুত জে ফিটসপাট্রিক সাহেব ১৮৭৪ সালের মার্চ মাসের ১৮ তারিখের অপরাহ্ণ অবধি মে মাসের ৫ তারিখ পর্য্যন্ত।

ডাক্তর শ্রীযুত রাইডিংস সাহেব ১৮৭৪ সালের মে মাসের ৬ তারিখ অবধি ৮ তারিখ পর্য্যন্ত।

১৮৭৪ সাল ২৫ মে।—বাঁকুড়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত রবর্ট হ্যামিলটন গ্রাণ্ট অরবিন সাহেব বাঁকুড়ার ও বিষ্ণুপুরের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ২৬ মে।—সরজন মেজর শ্রীযুত ফেড্রিক জান অরল সাহেব চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের সিবিল চিকিৎসকেরর পদে নিযুক্ত হইয়াছেন। ইনি ছুটী লইয়াছেন।

আফীন সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২০ মে।—বান্দার আফীনের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত ওয়ালটর ক্রেক্রপ্ট সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

মুনিসিপাল সম্পর্কীয় বিজ্ঞাপন —১৮৭৪ সাল ২২ মে।—শ্রীযুত ডবলিউ বি ওলডহ্যাম সাহেব কর্ম্ম ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে শ্রীযুত আনক্র উলিয়ম কক্রান সাহেব ১৮৭৩ সালের বঙ্গীয় দুই আইনের ২ ধারামতে মেদনীপুর নগরের মুনিসিপাল কমিশ্যনরের পদে নিযুক্ত হইয়াছেন।

নিম্নলিখিত মহাশয়েরাও মেদনীপুর নগরের মুনিসিপাল কমিশ্যনরের পদে নিযুক্ত হইয়াছেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত হর্বার্ট হোপ রিসলী সাহেব।
ওয়াটসন কোম্পানির রেসিডেণ্ট এজেণ্ট শ্রীযুত আর আণ্ডরসন সাহেব।
বাপ্টিষ্ট মিশনের ডাক্তর শ্রীযুত ও আর বাচিলর সাহেব।
গবর্ণমেণ্টের উকীল শ্রীযুত বাবু বিপিন বিহারী দত্ত।
সম্ভ্রান্ত বাসেন্দা শ্রীযুত বাবু গুরুদাস পাইন।
জমীদার শ্রীযুত বাবু নবীনচন্দ্র নাগ।
জজ আদালতের উকীল শ্রীযুত বাবু কৃষ্ণলাল মজুমদার।

পথকর সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৫ মে।—শ্রীযুত বাবু কালিদাস দেব সাতক্ষীরা মহকুমাহইতে গমন করাতে তৎপরিবর্ত্তে সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহিমচন্দ্র ঘোষ ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৬ ধারামতে উক্ত মহকুমার শাখা পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইয়াছেন।

মহম্মদপুরের গাঁতিদার ও ধোবাপুর পরগনার নায়েব শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দাস ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৬ ধারামতে সাতক্ষীরা মহকুমার শাখাপথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২ জুন।]

NOTIFICATION.

The 21st May 1874.—The following rule for the Port of Calcutta having received the assent of the Governor-General in Council, under Section 7 of Act XXII of 1855, is published for general information:—

Additional Port Rule under Section 7 of Act XXII of 1855.

"Without the permission of the Commissioners, no vessel of, or exceeding 200 tons of burthen, shall move up or down the port through the opening of the Hooghly Bridge, unless such vessel is propelled or towed by steam; and then only at such a rate of speed, not exceeding four miles an hour over the ground, as is absolutely necessary to keep good steerage way."

H. L. DAMPIER,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 26th May 1874.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a line of road from Baroipara to Hurihurpara, pergunnah Koolberiah, zillah Moorshedabad, it is hereby declared that for the above purpose three plots of land, measuring in the aggregate 33 beeghas, 9 cottahs, 11 chittacks, more or less, as per boundaries set forth below, is required.

The *first plot* is bounded, north by the holdings of Shapool Sheikh, Golam Ashgur, Deenu Ghose, Hosmut Sheikh, Adher Molee, Enait, Jeeku and Ashmut, Jusha Molee, Sheraz Mondle, Fakeer Meraz Nedhat, Kangol, Sham Biswas, Kudrut, Woozir Azim, Johuri Sheikh, Shobaz, Monaz; on the south by ditto: on the east by the old track which runs southward through the village of Mahamud Alipore; and on the west by the eastern end of the second plot.

The *second plot* is bounded on the north by the western boundary of the first plot; on the east by the holdings of Kristo Hari Biswas, Kristo Hari and Ramtonoo, Azim, Godadhar, Poresh Roy, Roop Mundol, Kali Manick Shaha, Baool, Jadub Biswas, Mazun Meah, Sreeram Mondle, Doulut, Mukund, Sreeram and Golam, Kristo Lall, Kedar Shah, and Nobeen Ghose; on the west by ditto; and on the south by the village Baran.

The *third plot* is bounded on the north by part of the old track and the holdings of Boyakulee Dafadar, widow of Danish Sheikh, Chunder Shah, Ameer Holshahova, Jadu Shaha Shukhi Bewa, Jadu Shah No. 2, Gopal Mohoto, Nobeen Dass, Azim Shah, Shefaruj, Holshahova; on the east by part of the old track: on the south by the dwelling-houses of Ameer Mullick, Dolegobind Rojock, Godhon Shaha, and Begoo Bewa, and of Honse Sheikh; and on the west by the holdings of Dolegobind Rojock and the old track.

This Declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H. L. DAMPIER,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 26th May 1874.—Whereas it appears to the Government of Bengal that land, particulars of which are subjoined, is required for a public purpose, viz. for the Post Office of Kumarkhali, it is hereby declared that for the above purpose a plot of land measuring 10 katas is required.

The land is situated in the district of Nuddea, pergunnah Mohamedshahi, thana Kumarkhali, village Sherkandi, and is bounded on the north, east, and west by the land of Baboo Debendra Nath Tagore, and on the south by the land belonging to the Eastern Bengal Railway Company.

This Declaration is made under Section 6 of Act X of 1870 to all whom it may concern

H. L. DAMPIER,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, *2nd June* 1874.]

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২১ মে।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৫৫ সালের ২২ আইনের ৭ ধারামতে কলিকাতা বন্দরের নিম্নলিখিত বিধি অনুমোদন করাতে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৫৫ সালের ২২ আইনের ৭ ধারামতে অতিরিক্ত বন্দরীয় বিধি।

" কমিশনরদের অনুমতি না পাইলে ২০০ টন কি তাহার অধিক বোঝাইধারি জাহাজাদি বাষ্পদ্বারা চালিত কি টানা না গেলে হুগলী নদীর পোলের ফাক দিয়া বন্দরের উজান কি ভাটো-দিগে যাইবে না, ও যাইবার সময়ে যাহাতে উপযুক্তরূপে হাল মানিতে পারে এমন বেগে যাইতে পাইবে কিন্তু তদ্দার পরিমাণ ধরিয়া ঘন্টায় চারি মাইলের অধিক বেগে যাইবে না।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৬ মে।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মুরশিদাবাদ জিলার অন্তর্গত কুলবেড়িয়া পরগনার বাকইপাড়া অবধি হরিহরপাড়াপর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয় গবর্ন-মেন্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ত গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মোটে ন্যূনাধিক ৩৩।৫।৮ ছটাক পরিমিত তিনখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা নিম্নভাগে লেখা গেল।

প্রথম খণ্ডের উত্তর সীমা শাপুল সেখ ও গোলাস আসগর ও দীনু ঘোষ ও হসমৎ সেখ ও অধর মলি ও এনায়ৎ ও জিকু ও আসমৎ ও যশামিল ও সেরাজ মণ্ডল ও ফকির মিরাজ নিহাত ও কাঙ্গল ও শ্যাম বিশ্বাস ও কুদ্রৎ ও উজীর আজিম ও জব্বর সেখ ও শোবাজ ও মেনাজের যোত, দক্ষিণ সীমা ঐ, পূর্ব্ব সীমা পুরাতন যে পথ মাহম্মদ আলিপুর গ্রাম দিয়া দক্ষিণাভিমুখে যায় তাহা পশ্চিম সীমা দ্বিতীয় খণ্ডের পূর্ব্বাংশ।

দ্বিতীয় খণ্ডের উত্তর সীমা প্রথম খণ্ডের পশ্চিম সীমা, পূর্ব্ব সীমা হৃষ্ণহরি বিশ্বাস ও কৃষ্ণহরি ও রামতনু ও আজিম ও গদাধর ও পরেশ রায় ও রূপ মণ্ডল ও কালী মাণিক শাহা ও বাউল ও যাদব বিশ্বাস ও মাজন মিয়া ও শ্রীরাম মণ্ডল ও দৌলত ও মুকুন্দ ও শ্রীরাম ও গোলাম ও কৃষ্ণলাল ও কেদার শা ও নবীন ঘোষের যোত, পশ্চিম সীমা ঐ, দক্ষিণ সীমা বারণ গ্রাম।

তৃতীয় খণ্ডের উত্তর সীমা পুরাতন পথের একাংশ ও বরাকলী দফাদার ও দানিশ সেখের স্ত্রী ও চন্দ্র শাহা ও আমীর হোলশাহবা ও যদু শাহা ও সুখি বেওয়া ও যদু শাহ ২ নং ও গোপাল মাহাতো ও নবীন দাস ও আজিম শাহ ও সেফারত হোলশাহবার যোত, ও পূর্ব্ব সীমা পুরাতন পথের একাংশ, দক্ষিণ সীমা আমির মল্লিক ও দোলগোবিন্দ রজক ও গোধন শাহ ও বেগু বেওয়া ও হংস সেখের বসতবাটী, পশ্চিম সীমা দোলগোবিন্দ রজকের যোত ও পুরাতন পথ,

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৬ মে।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কুমারখালির ডাকঘরের নিমিত্ত রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল, পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ।।০ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন উক্ত ভূমির বিবরণ এই।

উক্ত ভূমি নদীয়া জিলার অন্তর্গত মাহম্মদশাহী পরগনার কুমারখালি থানার শেরকান্দি গ্রামে আছে তাহার উত্তর ও পূর্ব্ব ও পশ্চিম সীমা শ্রীযুত বাবু দেবেন্দ্রনাথ ঠাকুরের ভূমি, দক্ষিণ সীমা ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির ভূমি।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ২ জুন।]

JUDICIAL DEPARTMENT.

No. 1643C.S.

JUDICIAL.—*The 21st May* 1874.—Baboo Gunga Nundo Mukerjee, Extra Assistant Commissioner of Maubhoom, is vested with the powers of a Magistrate of the First Class, and with powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code

The Lieutenant-Governor is pleased to vest the undermentioned officers, employed on special duty in the Sarun district, with the powers noted opposite their names, viz.—

Mr. William Hebard Hudson, Acting Joint-Magistrate ...	Power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.
„ Arthur Rattray, Extra Assistant Commissioner ...	Power of a Magistrate, First Class, and power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

The 22nd May 1874.—Baboo Gobind Chunder Bose is appointed to act as Moonsif of Bhaugah, in Dacca, during the absence on leave of Baboo Rakhal Chunder Bose, or until further orders.

Mr. David Bird Allen, Assistant Magistrate and Collector, Patna, who has, under separate orders of this date, been transferred to the Sudder Station of Tirhoot, is vested with the powers of a Magistrate of the Second Class.

The 25th May 1874.—Mr. Richard Pereira, Deputy Magistrate and Deputy Collector, Dacca, is vested with the powers of a Magistrate of the Second Class.

The Lieutenant-Governor is pleased to vest the following officers with the power, under Section 266 of the Criminal Procedure Code, of hearing appeals from convictions by Magistrates of the Second and Third Classes in their respective districts for a further period of 6 months, in addition to the time sanctioned in orders dated the 11th December 1873, viz.—

Mr. John Ward, Joint-Magistrate, Rajshahye.

„ Alfred Corbyn Brett, Acting Joint-Magistrate, Dinagepore.

The following Moonsifs are transferred temporarily to the Sonthal Pergunnahs, and are vested with the powers of a Magistrate of the Second Class, viz.—

Baboo Amirto Lal Pal, Moonsif of Satkhira, in the 24-Pergunnahs.

„ Abinash Chunder Mitter, Second Moonsif, Midnapore.

The 26th May 1874.—Mr. J. S. Bell, Acting Judge of the Courts of Small Causes at Kishnaghur, Meherpore, and Ranaghat. recently transferred to Bhagulpore, is allowed leave for two months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved at Kishnaghur.

Moonshee Inam Russool, Zemindar, is appointed to be an Honorary Magistrate in the district of Cuttack, and is vested with the powers of a Magistrate of the Third Class.

Mr. Charles Walter Bolton, Assistant Magistrate, Moorshedabad, is vested with the powers of a Magistrate of the First Class, and with powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

ERRATUM.—*The 22nd May* 1874.—In the orders of the 4th April 1874, vesting certain officers employed on relief work in Tirhoot with magisterial powers—

For "Moulvie Mahomed Hossein, Deputy Magistrate, attached to the Mudhoobunnee sub-division,"

Read "Moulvie Mahomed Mohsin, Deputy Magistrate, attached to the Mudhoobunnee sub-division."

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 2nd *June* 1874.]

জুডিশ্যাল ডিপার্টমেন্ট।

১৭৫৩ C.S. নম্বর।

জুডিশ্যাল।—১৮৭৪ সাল ২১ মে —মানভূমের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত বাবু গজানন্দ মুখোপাধ্যায় প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সারণ জিলায় বিশেষ কার্য্যে নিযুক্ত নিম্নলিখিত কার্য্যকারকদিগকে আপনং নামের পার্শ্বের লিখিত ক্ষমতা দিয়াছেন।

একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত উলিয়ম হেবার্ড হডসন সাহেব { ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা।

অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত আর্থর রাষ্ট্রে সাহেব ... { প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা

১৮৭৪ সাল ২২ মে।—শ্রীযুত বাবু রাখালচন্দ্র বসুর ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু গোবিন্দ চন্দ্র বসু ঢাকার অন্তর্গত ভাজার মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

পাবনার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডেবিড বর্ড আলেন সাহেব অদ্যাকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে ত্রিহুতের সদর মোকামে প্রেরিত হওয়াতে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৫ মে।—ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত রিচার্ড পারেরা সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

নিম্নলিখিত কর্তৃপক্ষ সাহেবদের জিলার মধ্যে দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটেরা কোন ব্যক্তির অপরাধ নির্ণয় করিলে, ১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ১১ তারিখের আজ্ঞাক্রমে তাঁহাদের আজ্ঞার উপর ঐ সাহেবদের প্রতি আপীল শুনিবার ক্ষমতা যে কএক মাসের নিমিত্তে প্রদান করা গিয়াছিল, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৬৬ ধারামতে তদতিরিক্ত আর ছয় মাস পর্য্যন্ত তাঁহাদের সেই ক্ষমতা প্রবল রাখিয়াছেন।—

রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত জান ওয়ার্ড সাহেব।

দিনাজপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত আলফ্রেড করবিন বেট সাহেব।

নিম্নলিখিত মুনসেফেরা কিয়ৎকালের নিমিত্তে সাঁওতাল পরগনায় প্রেরিত হইয়া দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

২৪ পরগনার অন্তর্গত সাতক্ষীরার মুনসেফ শ্রীযুত বাবু অমৃতলাল পাল।

মেদনীপুরের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্র।

১৮৭৪ সাল ২৬ মে।—কৃষ্ণনগর ও মেহেরপুর ও রাণাঘাটের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের যে একটিং জজ শ্রীযুত জে এস বেল সাহেব সম্প্রতি ভাগলপুরে প্রেরিত হন তিনি কৃষ্ণনগরে যে তারিখে অন্যের প্রতি কর্ম্মের ভার অর্পণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

জমীদার শ্রীযুত মুনশী ইনাম রসুল কটক জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

মুরশিদাবাদের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত চার্লস ওয়াল্টর বোলটন সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন

অশুদ্ধ শোধন।—১৮৭৪ সাল ২২ মে —ত্রিহুতে উপকারার্থ কার্য্যে নিযুক্ত কএক জন কার্য্যকারকের প্রতি মাজিষ্ট্রেটী ক্ষমতা অর্পণ বিষয়ক ১৮৭৪ সালের আপ্রিল মাসের ৪ তারিখে আজ্ঞার মধ্যে

"মধুবনি মহকুমার নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী মহম্মদ হুসেন" এই নামের পরিবর্ত্তে

"মধুবনি মহকুমার নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী মহম্মদ মহসিন" এই নাম পাঠ করিতে হইবে।

রিবর্স তামসন,
No. 1513.—With reference to Rule 2, Section 59 of the Civil Pension Code, regarding the medical examination of candidates for employment in the public service, it is hereby notified, for the information of Heads of Departments under the Government of India, that in Calcutta the duty is to be performed by all Commissioned Medical Officers who are engaged in private practice. At present they are as follow:—

Surgeon-Major A. J. Payne. M.D.
,, S. B. Partridge.
,, F. N. Macnamara, M.D. (on leave).
,, J. Ewart, M.D.
,, W. J. Palmer, M.D.
Surgeon-Major N. C. Macnamara, M.D. (on leave).
,, T. E. Charles, M.D.
,, H. Cayley.
Surgeon K. McLeod, M.D.
,, A. Crombie, M.D.

Garrison Surgeon ... } To examine candidates for employment in Depart-
Assistant Garrison Surgeon ... } ments in the Fort only.

2. Each candidate should be furnished with a letter showing that he will be appointed to a post in the event of his being declared physically fit for the Government service, and only candidates so authorized will have a claim to be medically examined without payment of fee.

3. With the view of causing an equal distribution of the duty of examination, Heads of Departments are requested to send candidates to the above-named Medical Officers in rotation.

4. The names of Medical Officers at the Presidency who may hereafter come under the operation of the rule in paragraph 1, will be notified from time to time.

No. 349.—The Governor-General in Council is pleased to permit Mr. F. J. Cockburn to resign Her Majesty's Bengal Civil Service with effect from the 28th February last.

No. 354.—The Governor-General in Council is pleased to permit Mr. E. A. Prinsep to resign Her Majesty's Bengal Civil Service, with effect from the 5th March last.

No. 358.—The Hon'ble Sir William Muir, K.C.S.I., is permitted to resign the Bengal Civil Service, with effect from 20th April 1874.

No. 359.—The furlough granted to the Hon'ble Sir William Muir, K.C.S.I., in Home Department Notification No. 116 of the 2nd ultimo, is cancelled, with effect from the 20th idem.

Arthur Howell,
Offg. Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND COMMERCE.

Emigration.

Fort William, the 27th May 1874.

No. 173.—The rules relating to emigration from the Port of Calcutta made by the Governor-General in Council, under the provisions of Section 56 of the Indian Emigration Act, 1871, and published in the *Gazette of India* of the 22nd February 1873, are modified in the following respect:—

The quantity of Santonine prescribed in the scale of Medical Stores in Schedule E, No. 4, is increased from 200 grains for every 100 statute adults to 300 grains for every 100 statute adults.

A. O. Hume,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 9*th June* 1874.]

হোম ডিপার্টমেন্ট।

বিজ্ঞাপন।—পবলিক।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ২৯ মে।

১৫১৩ নম্বর।—যে ব্যক্তিরা রাজকীয় কর্ম্মে নিযুক্ত হইতে চাহেন চিকিৎসকের দ্বারা তাঁহাদের পরীক্ষা হইবার বিষয়ে দেওয়ানী কার্য্যকারকদের পেনশানবিষয়ক বিধির ৫৯ ধারার ২ প্রকরণে যে বিধি আছে তদুপলক্ষে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অধীন সকল কর্ম্মবিভাগের প্রধান কার্য্যকারকদের জ্ঞানার্থে এই সম্বাদ দেওয়া গেল, কলিকাতার সনদপ্রাপ্ত যে সকল চিকিৎসক সাহেব সাধারণদের বাটীতে গিয়া চিকিৎসা করেন তাঁহারাই সেই পরীক্ষা করিতে পারিবেন। যাঁহারা এইক্ষণে আছেন তাঁহাদের নাম এই২

সর্জন মেজর শ্রীযুত এ, জে, পেন সাহেব, এম, ডি।

,, ,, এস বি পারট্রিজ সাহেব,

,, ,, এফ এল মাকনামারা সাহেব, এম, ডি, (ছুটী লইয়াছেন)

,, ,, জে ই উআর্ট সাহেব, এম. ডি।

,, ,, ডবলিউ জে পামর সাহেব এম ডি

কেবল কিল্লার মধ্যে যাঁহারা নানা কর্ম্মবিভাগে কর্ম্ম পাইতে চাহেন তাহারদের পরীক্ষা করিতে

সর্জন মেজর শ্রীযুত এল সি মাকনামারা সাহেব, (ছুটী লইয়াছেন।)

সর্জন মেজর শ্রীযুত টি ই চারলস সাহেব, এম, ডি

,, ,, এচ কেলি সাহেব

সর্জন শ্রীযুত কে মাকলোড সাহেব, এম, ডি।

সর্জন শ্রীযুত এ ক্রম্বি সাহেব, এম, ডি। কিল্লার সৈনাদের চিকিৎসক।

কিল্লার সৈন্যদের আসিষ্টাণ্ট চিকিৎসক।

২। কর্ম্মাকাঙ্ক্ষী শারীরিক ভাবে গবর্ণমেণ্টের কর্ম্ম করিবার যোগ্য বলিয়া প্রকাশ হইলে কর্ম্মে নিযুক্ত হইবেন কর্ম্মাকাঙ্ক্ষিদিগকে এই মর্ম্মের একখানি পত্র দেওয়া উচিত, ও যাঁহারা সেই প্রকারের পত্র পাইবেন ফী না দিয়া চিকিৎসক সাহেবের দ্বারা কেবল তাঁহারদেরই পরীক্ষা হইবার অনুমতি হইবে।

৩। উক্ত সকল ডাক্তর সাহেবের মধ্যে এক জনের প্রতি অধিক ও অন্যের প্রতি কম লোকের পরীক্ষা করিবার ভার না বর্ত্তে এই কারণে নানা কর্ম্মবিভাগের কার্য্যকারকেরা একাদিক্রমে তাহারদের নিকট কর্ম্মাকাঙ্ক্ষী পাঠাইবেন।

৪। রাজধানীর যে চিকিৎসক সাহেবদের প্রতি এই বিধির ১ ধারা বর্ত্তিবে তাঁহাদের নাম ইহার পর সময়ে২ প্রকাশ করা যাইবে।

৩৫১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব শ্রীযুত এক জে কোবর্ন সাহেবকে গত ফেব্রুআরি মাসের ২৮ তারিখ অবধি শ্রীশ্রীমতীর বাঙ্গাল সিবিল সরবিস ত্যাগ করিতে অনুমতি দিয়াছেন।

৩৫২ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব শ্রীযুত ই এ প্রিনসেপ সাহেবকে গত মার্চ মাসের ৫ তারিখঅবধি শ্রীশ্রীমতীর বাঙ্গাল সিবিল সরবিস ত্যাগ করিতে অনুমতি দিয়াছেন।

৩৫৮ নম্বর।—মান্যবর শ্রীযুত সর উলিয়ম মুর সাহেব, কে, সি, এস, আই, ১৮৭৪ সালের আপ্রিল মাসের ২০ তারিখ অবধি বঙ্গদেশের সিবিল সরবিস ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন

৩৫৯ নম্বর।—মান্যবর শ্রীযুত সর উলিয়ম মুর সাহেব, কে, সি, এস, আই, হোম ডিপার্টমেণ্টের গত মাসের ২ তারিখের ১১৬ নং বিজ্ঞাপনমতে যে নিয়মিত ছুটী পান তাহা ঐ মাসের ২০ তারিখ অবধি রহিত করা গেল।

আর্থর হোয়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

কৃষি ও রাজস্ব ও বাণিজ্যসম্পর্কীয় কর্ম্মবিভাগ।

বিদেশগমন সম্পর্কীয়।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ২৭ মে।

১৭৩ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ভিন্নদেশগমনবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের আইনের ৫৬ ধারার বিধানমতে মজুরদের কলিকাতা বন্দরহইতে ভিন্নদেশে যাইবার যে বিধি প্রণয়ন করিয়া ১৮৭৪ সালের মে মাসের ২৭ তারিখের আতিরিক্ত বাঙ্গলা গেজেটে প্রকাশ করেন তাহা নিম্নলিখিত বিষয়ে মতান্তর করা গেল।

E তফসীলের ৪ নং ঔষধ প্রভৃতির ফর্দ্দে বয়ঃপ্রাপ্ত শত ব্যক্তির প্রতি যে ২০০ গ্রেন সাণ্টনাইন লেখা আছে তাহা রহিত করিয়া বয়ঃপ্রাপ্ত শত ব্যক্তির প্রতি ৩০০ গ্রেন সাণ্টনাইন লেখা গেল।

এ, ও, হিউম,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৯ জুন।]

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.—ACCOUNTS.

Fort William, the 22nd May 1874.

No. 3263.—Mr. R B. Chapman, Secretary to the Government of India in the Financial Department, is allowed furlough for six months and one week in addition to the usual subsidiary leave.

Mr. E. F. Harrison is appointed to officiate as Secretary to the Government of India in the Financial Department, and Mr. H. A. Mangles to officiate as Comptroller-General and Head Commissioner of Paper Currency.

Subject to the approval of the Secretary of State, Mr. E. Gay, M.A., is appointed to act as Accountant General, Bengal. Mr. Gay is also appointed to be a Director of the Bank of Bengal.

Mr. T. W. Biss is appointed to officiate as Deputy Comptroller-General, and Mr. J. Taylor as Deputy Accountant-General, Bengal.

The 28th May 1874.

No. 3392.—Mr. R. B. Chapman made over charge of the Office of Secretary to the Government of India, in the Financial Department to Mr. E. F. Harrison, Mr. Harrison made over charge of the Office of Comptroller-General to Mr. H. A. Mangles, and Mr. Mangles made over charge of the Office of Accountant-General, Bengal, to Mr. E. Gay, M A., on the afternoon of the 26th instant.

D. BARBOUR,
Under-Secy. to the Govt. of India.

Fort William, the 4th June 1874.

HIS EXCELLENCY THE RIGHT HON'BLE THE GOVERNOR-GENERAL IN COUNCIL has resolved to borrow two crores and fifty lakhs of rupees for the public service in the manner following:—

2. Promissory Notes bearing interest at the rate of 4 per centum per annum will be issued for sums of Rs. 500 and for sums above that amount in even hundreds The form and conditions of the Notes will be those of the Notes of the 4 per cent. loan of 1842-43, of which loan they will form a part. The Notes will be payable to order, and interest thereon will be paid half-yearly on the 1st August and 1st February in each year.

3. Notice is accordingly hereby given that tenders will be received at the Office of the Secretary to the Government of India in the Financial Department from this date to noon of the eighth day of July next, for the whole or part of the above-named sum of two crores and fifty lakhs of rupees.

4. Tenders must be made in the form prescribed below, addressed to the Financial Secretary, Treasury Buildings, Calcutta, and sent in sealed covers superscribed "Tender for loan."

5. Tenders will be opened at noon on the 8th July next.

6. The amount of accepted tenders must be paid by the allottees on the dates and in the proportions following:—

One-fourth on 1st August next.
One-fourth on 1st September.
One-fourth on 1st October.
One-fourth on 1st November.

Any instalments may be paid before the dates fixed above.

7. Payment may be made into any Government Treasury or Treasuries in India that may be named in the tenders.

8. For the second, third, and fourth instalments interest to 31st January will be paid in anticipation of due date.

9. Each tender must be accompanied by a receipt from the officer in charge of any Government Treasury, for a sum of not less than one per cent. on the amount tendered for, or by a cheque on a banker in Calcutta, Madras, or Bombay, or Government Promissory Notes duly endorsed to the Financial Secretary for that amount. The deposit of one per cent. will

ফিনানশ্যাল ডিপার্টমেণ্ট

হিসাব বিষয়ক—বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ২২ মে।

৩২৬৩ নম্বর।—ফিনান্শ্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী শ্রীযুত আর বি চ্যাপমন সাহেব ছয় মাস নিয়মিত ছুটী ও উপকরণার্থ ছুটীর অতিরিক্ত এক সপ্তাহ পাইয়াছেন।

শ্রীযুত ই এফ হারিসন সাহেব ফিনানশ্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরীর কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন এবং শ্রীযুত এচ এ মাঙ্গেলস সাহেব কণ্ট্রোলর জেনরলের ও নোট প্রচলনের প্রধান কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের অনুমোদনের অপেক্ষায় শ্রীযুত ই গে সাহেব, এম, এ, বঙ্গদেশের আকৌণ্টণ্ট জেনরলের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন। তিনি বাঙ্গাল ব্যাঙ্কের ডৈরেক্টরের পদেও নিযুক্ত হইলেন।

শ্রীযুত টি ডবলিউ বিস সাহেব ডেপুটী কনট্রোলর জেনরলের এবং শ্রীযুত জে টেলর সাহেব বঙ্গদেশের ডেপুটী আকৌণ্টাণ্ট জেনরলের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ২৮ মে।

৩৩৯২ নম্বর।—শ্রীযুত আর বি চ্যাপমন সাহেব এই মাসের ২৬ তারিখের অপরাহ্নে শ্রীযুত ই এফ হারিসন সাহেবের প্রতি ফিনানশ্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরীর কর্ম্মের ভার ও শ্রীযুত হারিসন সাহেব শ্রীযুত এচ এ মাঙ্গেলস সাহেবের প্রতি কণ্ট্রোলর জেনরলের কর্ম্মের ভার এবং শ্রীযুত মাঙ্গেলস সাহেব শ্রীযুত ই গে, এম, এ, সাহেবের প্রতি বঙ্গদেশের আকৌণ্টাণ্ট জেনরলের কর্ম্মের ভার অর্পণ করিয়াছেন। ডি বারবর,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

ফোর্ট উলিয়ম। ১৮৭৪ সাল ৪ জুন।

মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেব রাজকীয় কার্য্যের উপলক্ষে নিম্নলিখিত প্রকারে দুই কোটি পঞ্চাশ লক্ষ টাকা ঋণ লইতে স্থির করিয়াছেন।

৫০০ টাকার ও তাহার উর্দ্ধ পুরা শত২ টাকার প্রমিসরি নোট দেওয়া যাইবে, তাহার উপর বৎসর শতকরা চারি টাকার হিসাবে সুদ চলিবে। ১৮৪২। ৪৩ সালের শতকরা ৪ টাকার সুদের লোনের প্রমিসরি নোট যে পাঠে লেখা গিয়াছিল ও যে নিয়মে দেওয়া গিয়াছিল এই লোনের প্রমিসরি নোটও সেই পাঠে লেখা যাইবে ও তাহার সেই নিয়ম চলিবে। ফলতঃ এই লোন ১৮৪২। ৪৩ সালের লোনের একাংশ। ঐ নোটের পৃষ্ঠে অন্য ব্যক্তিকে টাকা দিবার আদেশ লেখা গেলে তাঁহাকে দেওয়া যাইবে। সুদ প্রতিবৎসর আগষ্ট মাসের ১ পয়লা ও ফেব্রুআরি মাসের ১ পয়লা তারিখে দেওয়া যাইবে।

৩। তদনুসারে এই সম্বাদ দেওয়া গেল, কোন ব্যক্তি উক্ত দুই কোটি পঞ্চাশ লক্ষ টাকা ঋণের সমুদয় টাকা কি তাহার কোন অংশ দিতে ইচ্ছা করিলে, ফিনানশ্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের আফিসে অদ্যকার তারিখ অবধি আগামি জুলাই মাসের ৮ তারিখের বেলা দুই প্রহর পর্য্যন্ত তাঁহাদের প্রস্তাবপত্র গ্রাহ্য হইবে।

৪। ঐ প্রস্তাবপত্র নিম্নলিখিত পাঠে লিখিয়া কলিকাতার ট্রেজুরি ঘরে ফিনানশ্যাল সেক্রেটরী সাহেবের নামে পাঠাইতে হইবে। খাম লাহাতে আঁটিয়া দিতে হইবে ও খামের উপর "Tender for loan" অর্থাৎ ঋণ দিবার প্রস্তাবপত্র এই কথা লিখিতে হইবে।

৫। আগামি জুলাই মাসের ৮ তারিখের দুই প্রহরের সময়ে ঐ সকল প্রস্তাবপত্র খুলিয়া দেখা যাইবে।

৬। যাহাদের প্রস্তাবপত্র গ্রাহ্য হয় অর্থাৎ যে ব্যক্তিদের স্থানে ঐ ঋণ লইতে স্থির করা যায় তাঁহারা যত টাকা দিতে চাহেন নিম্নলিখিত তারিখে ঐ টাকার নিম্নলিখিত অংশ দিবেন,—

আগামি আগষ্ট মাসের ১ তারিখে চতুর্থাংশ।
সেপ্টেম্বর মাসের ১ তারিখে চতুর্থাংশ।
অকটোবর মাসের ১ তারিখে চতুর্থাংশ।
নবেম্বর মাসের ১ তারিখে চতুর্থাংশ।

উক্ত যে২ তারিখ নির্দ্দিষ্ট হইল কোন কিস্তির টাকা তাহার পূর্ব্বেও দেওয়া যাইতে পারিবে।

৭। ভারতবর্ষের অন্তর্গত গবর্ণমেণ্টের কোন এক কি কএক ট্রেজুরীতে ঐ টাকা দেওয়া যাইতে পারিবে। ট্রেজুরির নাম প্রস্তাবপত্রে লিখিত হইবে।

৮। দ্বিতীয় ও তৃতীয় ও চতুর্থ কিস্তির টাকার সুদ পাওনা হইবার তারিখের পূর্ব্বে জানুআরি মাসের ৩১ তারিখপর্য্যন্ত দেওয়া যাইবে।

৯। যত টাকা ঋণ দিবার প্রস্তাব হয় তাহার শত করা ১ টাকার অন্যূন গবর্ণমেণ্ট ট্রেজুরীতে দিতে হইবে ও ঐ ট্রেজুরী যে কর্ম্মকারকের জিম্মায় থাকে প্রস্তাবপত্রের সঙ্গে ঐ কার্য্যকারকের রসীদ কিম্বা কলিকাতার কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের কোন বণিকের উপর তত টাকার চ্যাক কিম্বা গবর্ণমেণ্টের তত টাকার প্রমিসরি নোট দিতে হইবে। প্রমিসরি নোট দেওয়া গেলে তাহার পৃষ্ঠে ফিনানশ্যাল সেক্রেটরীর নামে রীতিমতে ঐ নোটের টাকা দিবার আদেশপত্র লিখিতে হইবে। শত-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৯ জুন।]

be considered as in part payment of the fourth instalment; it will be forfeited if the allotment is not fully taken up.

10. Scrip receipts will be issued by the officers in charge of the treasuries at which payment is made by the allottees.

11. These receipts will be exchanged for Promissory Notes as soon as possible.

12. A right of preference will be given to the highest tenders in price. Those below a certain minimum will be rejected. A record of this minimum will be placed in a sealed envelope and opened simultaneously with the tenders. The amount allotted at the minimum rate accepted will be divided among those who tender at that rate in proportion to the amount of their tenders.

13. A list of the accepted tenders will be posted at the General Treasuries, Calcutta, Madras, and Bombay, on an early day after the 8th July next.

FORM OF TENDER.

I hereby tender for rupees of the Loan advertised in the Notification published in the *Gazette of India* Extraordinary of 4th June 1874, and agree to pay for the same subject to the conditions notified, at the rate of rupees for every hundred rupees allotted to me.

I enclose a *deposit receipt** for rupees and engage, if my offer be accepted, to pay the several instalments on or before the dates fixed by the Notification, *viz* :—

* Or cheque or Government Promissory Note.

One-quarter on or before 1st August 1874.
One-quarter on or before 1st September 1874.
One-quarter on or before 1st October 1874.
One-quarter on or before 1st November 1874.

into the Government treasury at †

† Here enter the name of the treasury.

N. B.—A separate tender must be made for each rate proposed, and a distinct deposit must accompany each tender.

E. F. HARRISON,
Offg. Secy. to the Govt. of India.

করা উক্ত যে এক টাকা দেওয়া যায় তাহা চতুর্থ কিস্তির টাকার মধ্যে ধরা যাইবে ও যাঁহার যত টাকা ঋণ দিবার প্রস্তাব হয় তিনি শেষে তত টাকা না দিলে শত করা ঐ এক টাকা জব্দ হইবে।

১০। ঋণদাতারা যে২ খাজানাখানায় টাকা দেন সেই২ খাজানাখানার কর্ত্তৃপক্ষ তাঁহাদিগকে রসীদের স্লিপ দিবেন।

১১। যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র ঐ রসীদের পরিবর্ত্তে প্রমিসরি নোট দেওয়া যাইবে।

১২। যাঁহারা অধিক টাকা ঋণ দিতে চাহেন তাঁহারদের ঐ প্রমিসরি নোট পাইবার স্বত্ব অগ্রগণ্য হইবে। যাহার অপেক্ষা অল্প টাকা গ্রাহ্য হইবে না তাহা ধার্য্য হইলে তাহার কম টাকা ঋণ দিবার প্রস্তাব অগ্রাহ্য হইবে। উক্ত প্রকারে যত টাকা ধার্য্য হয় তাহা লিখিয়া লাহাতে আটা খামে দেওয়া যাইবে ও প্রস্তাবপত্র যে সময়ে খোলা যায় তাহাও সেই সময়ে খোলা যাইবে। অত্যল্প যত টাকা ঋণ গ্রাহ্য করিতে স্থির করা যায় যে ব্যক্তিরা তত টাকা দিতে প্রস্তাব করেন তাহারদের ন্যূনাধিক টাকা দিবার প্রস্তাব অনুসারে ঐ টাকার প্রমিসরি নোট তাহাদের মধ্যে বিলি করিয়া দেওয়া যাইবে।

১৩। যে সকল ব্যক্তির স্থানে ঋণ গ্রহণ হয় আগামি জুলাই মাসের ৮ তারিখের পর তাঁহারদের নাম নির্ঘণ্ট কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের জেনরল ট্রেজরীতে প্রকাশ করা যাইবে।

প্রস্তাবপত্র লিখিবার পাঠ এই।

১৮৭৪ সালের জুন মাসের ৪ তারিখের অতিরিক্ত ইণ্ডিয়া গেজেটে যে লোন গ্রহণের জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় আমি তাহার মধ্যে এত টাকা দিতে প্রস্তাব করিলাম। ও আমার পক্ষে ঐ ঋণের যত টাকা নিরূপণ হয় ঐ জ্ঞাপনপত্রের প্রকাশিত নিয়মানুসারে তাহার একং শতের উপর এত টাকা হারে দিতে করার করিলাম।

অমুক স্থানে গবর্ণমেণ্টের যে খাজানাখানা আছে তথায় এত টাকা আমানৎ করিয়া ইহার সঙ্গে রসীদ পাঠাইলাম, আমার প্রস্তাব গ্রাহ্য হইলে জ্ঞাপনপত্রের নির্দ্ধারিত তারিখে কি তৎপূর্ব্বে নানা কিস্তির টাকা দিব অর্থাৎ।

* স্থানের নাম লিখিতে হইবে।

† কিম্বা এত টাকার চ্যাক কি প্রমিসরি নোট।

১৮৭৪ সালের আগস্ট মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে টাকার চতুর্থাংশ।
১৮৭৪ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে চতুর্থাংশ।
১৮৭৪ সালের অকটোবর মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে চতুর্থাংশ।
১৮৭৪ সালের নবেম্বর মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে চতুর্থাংশ।

মন্তব্য —ভিন্ন২ সংখ্যার টাকা দিবার প্রস্তাব হইলে প্রত্যেকের স্বতন্ত্র প্রস্তাবপত্র লিখিতে হইবে ও প্রত্যেক প্রস্তাবপত্রের সহিত আমানতের পৃথক রসীদ প্রভৃতি পাঠাইতে হইবে।

ই এক হারিসন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 9, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ৯ জুন।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 1708C.S.

GENERAL.—*The 29th May* 1874.—Mr. Charles Augustus Skipwith Bedford, Extra Assistant Commissioner, on special duty, Monghyr, is allowed leave for six months, under Section 3, Supplement F of the Civil Leave Code, and subsidiary leave for 5 days from the 30th May to the 3rd June.

The 30th May 1874.—Baboo Joggomohun Roy, Deputy Magistrate and Deputy Collector, Cuttack, is vested with the powers of a Collector under Act X (B.C.) of 1871 in that district.

Captain Richard Thomas Hare, on special duty in Manbhoom, is vested with the powers of a Deputy Collector.

The 1st June 1874.—In supersession of the orders of the 28th April last, Mr. Horace Abel Cockerell, Commissioner of Chittagong, is allowed furlough for 18 months, under Section 10 (*a*) of the Civil Leave Code.

Mr. Richard Maunsell Waller, C. S., reported his departure from India on furlough on the 11th May 1874.

Baboo Lolit Mohun Dhur, first on the list of passed candidates at the Native Civil Service Examination of 1874, is appointed to act as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the district of Bankoora for employment on relief work. He is vested with the powers of a Collector under Act XXVI of 1871 and Act X (B.C.) of 1871.

The following passed candidates at the Native Civil Service Examination of 1874 are appointed to be Sub-Deputy Collectors of the First Grade, and are posted to the districts mentioned, for employment on relief work, viz.—

Baboo Gopal Chunder Mookerjee, of the Moonsif's Court at Goas, to Serajgunj, Pubna.

" Bhobotosh Banerjee, of the Road Cess Office, Burdwan, to Julpigoree.

Lalla Dabee Persad, Peshkar in the Monghyr Collector's Office, is appointed to be a Sub-Deputy Collector of the First Grade, and is posted to the Sonthal Pergunnahs for employment on relief work.

Francis Frederick Handley, C.S., reported his departure from India on furlough on the 13th April 1874.

Mr. Robert Mason Towers, C. S., is allowed subsidiary leave for eight days from 21st to 28th April 1874, under Section 18 (*b*), Chapter V of the Civil Leave Code, to enable him to join his appointment on his return from furlough.

Baboo Bepin Behary Mookerjee, Acting Deputy Magistrate and Deputy Collector, Mymensingh, is vested with the powers of a Collector under Act X (B.C.) of 1871.

Baboo Bonomally Singh, Tehsildar of Ungool, is vested with the powers of a Deputy Collector.

Baboos Anmuto Lall Pal and Baboo Abinash Chunder Mitter, Moonsifs on special duty, are posted to the sub-division of Begoo Serai, in Monghyr. Baboo Abinash Chunder Mitter is vested with the powers of a Deputy Collector.

POLICE.—*The 28th May* 1874.—Mr. J. W. H. Dalrymple Clarke, Acting Assistant Superintendent of Police, 24-Pergunnahs, is transferred to Julpigoree for employment on famine duty.

ECCLESIASTICAL.—*The 30th May* 1874.—Mr. Patrick Hurley, C.S., is appointed to be a Marriage Registrar for the Town of Calcutta, under Section 7, Act XV of 1872.

REGISTRATION.—*The 21st May* 1874.—Baboo Banee Madhub Dutt, B.L., is appointed to be Sub-Registrar of Julpigoree, with effect from the 27th February last.

EDUCATION.—*The 30th May* 1874.—Moulvie Mahomed Khaled, is appointed to be a member of the District School Committee of Pubna.

[*Government Gazette, 9th June* 1874.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৭০৮ C.S. নম্বর।

সাধারণ।—১৮৭৪ সাল ২৯ মে। মুঙ্গেরে বিশেষ কার্য্যে নিযুক্ত অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত চারলস আগস্টস স্লিপউইথ বেড্‌ফর্ড সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন এবং মে মাসের ৩০ তারিখ অবধি জুন মাসের ৩ তারিখপর্য্যন্ত পাঁচ দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭৪ সাল ৩০ মে।—কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু জগমোহন রায় ঐ জিলাতে ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

মানভূমে বিশেষ কার্য্যে নিযুক্ত কাপ্তান শ্রীযুত রিচার্ড তামস হেয়র সাহেব ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সাল ১ জুন।—গত আপ্রিল মাসের ২৮ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। চট্টগ্রামের কমিশনের শ্রীযুত হরেস্ এবল কক্রেল সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ (a) ধারামতে আঠার মাস নিয়মিত ছুটী পাইয়াছেন।

শ্রীযুত রিচার্ড মনসেল ওয়ালর সাহেব, সি, এস, নিয়মিত ছুটী লইয়া ১৮৭৪ সালের মে মাসের ১১ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮৭৪ সালের নেটিব সিবিল সর্ব্বিসের পরীক্ষোত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের নামনির্ঘণ্টে যাহার নাম প্রথম লেখা গিয়াছে সেই শ্রীযুত বাবু ললিতমোহন ধর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া উপকারার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে বাঁকুড়া জিলায় অবস্থিত হইয়াছেন। তিনি ১৮৭১ সালের ২৬ আইনমতে ও ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সালের নেটিব সিবিল সর্ব্বিস পরীক্ষোত্তীর্ণ নিম্নলিখিত পদাকাঙ্ক্ষিরা প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া উপকারার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে আপন২ নামের পার্শ্বের লিখিত জিলায় অবস্থিত হইয়াছেন।

গয়াসের মুনসেফের আদালতের শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় পাবনার অন্তর্গত শেরাজগঞ্জে।

বর্দ্ধমানের পথকর কার্য্যালয়ের শ্রীযুত বাবু ভবতোষ বন্দ্যোপাধ্যায়, জলপাইগুড়িতে।

মুঙ্গেরের কালেকটরীর পেশকার শ্রীযুত লালা দেবীপ্রসাদ প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইয়া উপকারার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে সাঁওতাল পরগনায় অবস্থিত হইয়াছেন।

শ্রীযুত ফ্রান্সিস ফ্রেড্রিক হাণ্ডলি সাহেব, সি, এস, নিয়মিত ছুটী লইয়া ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১৩ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

শ্রীযুত রবর্ট মাসন টৌয়ার্স সাহেব, সি, এস, নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করাতে আপন কর্ম্ম গ্রহণ করিতে পারিবার নিমিত্তে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ১৮ (b) ধারামতে আপ্রিল মাসের ২১ তারিখঅবধি ২৮ তারিখপর্য্যন্ত আট দিন ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু বিপিনবিহারী মুখোপাধ্যায় ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

অঙ্গুলের তহসীলদার শ্রীযুত বাবু বনমালী সিংহ ডেপুটী কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

বিশেষ কার্য্যে নিযুক্ত মুনসেফ শ্রীযুত বাবু অনন্তলাল পাল ও শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্র মুঙ্গেরের অন্তর্গত বেগুসরাই মহকুমায় অবস্থিত হইয়াছেন। শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্র ডেপুটী কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

পোলীসসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৮ মে।—২৪ পরগনার পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে ডবলিউ এচ ডালরিম্পল ক্লাক সাহেব দুর্ভিক্ষসম্পর্কীয় কার্য্যে নিযুক্ত হওনার্থে জলপাইগুড়িতে প্রেরিত হইয়াছেন।

ধর্ম্মক্রিয়াসম্পর্কীয়।—১৮৭৪ সাল ৩০ মে।—শ্রীযুত প্যাট্রিক হর্নি সাহেব, সি, এস, ১৮৭২ সালের ৩ আইনের ৭ ধারামতে কলিকাতা নগরে বিবাহের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন।

রেজিষ্টরীকরণসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২১ মে।—শ্রীযুত বাবু বেণীমাধব দত্ত, বি, এল, গত ফেব্রুআরি মাসের ২৭ তারিখ অবধি জলপাইগুড়ির সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন

শিক্ষাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৩০ মে।—শ্রীযুত মৌলবী মহম্মদ খালেদ পাবনা জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ৯ জুন।]

Baboo Raj Krishna Roy Chowdry, Deputy Inspector of Schools, Nuddea, is appointed to be Secretary to the School Committee of that district.

Assistant Surgeon Tameez Khan Bahadoor, Teacher of Medicine, Campbell Medical School, at Sealdah, is allowed leave for six weeks, under Section 21-1, Chapter VI of the Civil Leave Code.

The following gentlemen are appointed to be members of the District School Committee of Jessore, viz.—

Baboo Jogendro Nath Bhuttacharjee, Head Master, Jessore Zillah School.

„ Gopeenath Chatterjee, Manager of the Nuldungah estate.

MEDICAL.—*The 28th May* 1874.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary just established at Soorsund, in the Seetamurhee sub-division, viz.—

Dr. E. J. Gayer.
Mr. William O'Reilly.
Rajah Roghunundun Singh.
Baboo Ram Gopal Narain.
„ Krissun Gopal Narain.
Baboo Ram Nungro Singh.
Mr. C. Doveton.
Baboo Muthoora Nath Sen, Assistant Surgeon.

The 1st June 1874.—The Committee for the management of the Gya Pilgrim Hospital is reconstituted as follows:—

The District and Sessions Judge, President.
„ Magistrate of the District.
C. M. Jerdon, Esq., Sub-Deputy Opium Agent.
G. K. Meares, Esq., Acting District Superintendent of Police.
Baboo Umesh Chunder Sircar, Pleader.
„ Chota Lall Synar Gyal.
Syed Wazir Ali Khan, Landholder.
„ Hafiz Ahmed Reza, Pleader.
Baboo Bhoop Sen Singh, Pleader.
The Civil Surgeon of the District to be Secretary to the Committee.

Surgeon William Edwin Griffiths is appointed temporarily to be Civil Surgeon of Julpigoree, with effect from the date on which he took charge of that office.

Surgeon A. Crombie, acting Second Physician to the Calcutta Medical College Hospital, also acted as Resident Surgeon of that institution from the 16th April last to the date on which he was relieved by Surgeon E. Lawrie.

OPIUM.—*The 1st June* 1874.—Mr. J. C. Shaw, Sub-Deputy Opium Agent of Bettiah, is allowed leave for three months, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Mr. Samuel Cooper, Sub-Deputy Opium Agent of Motiharee, is appointed to act as Sub-Deputy Opium Agent of Bettiah, in addition to carrying on his own duties, during the absence on leave of Mr. Shaw, or until further orders.

MUNICIPAL.—*The 28th May* 1874.—Dr. William Cowan is appointed to be a Municipal Commissioner for the town of Comillah.

The 1st June 1874.—Mr. Thomas James Murray is appointed to be Vice-Chairman of the Municipal Commissioners for the town of Patna.

Dr. David Boyd Smith is appointed to be a Municipal Commissioner for the town of Patna.

LOCAL FUNDS.—*The 30th May* 1874.—Baboo Khetter Prosad Mookerjee, Moonsif, is appointed to be a member of the District Road Committee in Bogra.

ERRATUM.—*The 30th May* 1874.—In the orders of the 18th April 1874, appointing certain gentlemen to be members of the District School Committee of Pubna—

For "Baboo Ishan Chunder Chatterjee, Head Master, Normal School,"
Read "Baboo Shama Churn Chatterjee, Head Master, Normal School."

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 9th June* 1874.]

নদীয়ার স্কুলসমূহের ডেপুটী ইনস্পেকটর শ্রীযুত বাবু রাজকৃষ্ণ রায় চৌধুরী ঐ জিলার স্কুল কমিটীর সেক্রেটরীর পদে নিযুক্ত হইয়াছেন।

শিয়ালদহের কাম্বেল মেডিকাল স্কুলের ঔষধবিদ্যার শিক্ষক আসিষ্টান্ট সর্জন শ্রীযুত তামিজ খাঁ বাহাদুর, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১-১ ধারামতে ছয় সপ্তাহ ছুটী পাইয়াছেন।

নিম্নলিখিত মহাশয়েরা যশোহর জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

যশোহর জিলা স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ ভট্টাচার্য্য।

নলডাঙ্গা মহালের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু গোপীনাথ চট্টোপাধ্যায়।

চিকিৎসাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৮ মে।—সীতামাঢ়ী মহকুমার অন্তর্গত সুরসন্দে সম্প্রতি যে দাতব্য ঔষধালয় স্থাপিত হইয়াছে নিম্নলিখিত মহাশয়েরা তাহার কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর বলিয়া নিযুক্ত হইয়াছেন।

ডাক্তর শ্রীযুত ই জে গেয়র সাহেব।
শ্রীযুত উলিয়ম ও'রাইলি সাহেব।
রাজা শ্রীযুত রঘুনন্দন সিংহ।
শ্রীযুত বাবু রামগোপাল নারায়ণ।
,, ,, কৃষ্ণগোপাল নারায়ণ।
শ্রীযুত বাবু রামনজু সিংহ।
,, সি ডবটন সাহেব।
আসিষ্টান্ট সর্জন শ্রীযুত বাবু মথুরানাথ সেন।

১৮৭৪ সাল ১ জুন।—গয়ার পিলগ্রিম হাস্পাতালের কার্য্যসম্পাদনার্থ কমিটী নিম্নলিখিতমতে পুনঃস্থাপন করা গেল।

ডিষ্ট্রিক্ট ও সেশন জজ সাহেব, সভাপতি।
জিলার মাজিষ্ট্রেট সাহেব।
আফীনের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত সি, এম, জার্ডন সাহেব।
পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, কে, মিয়স সাহেব।
উকীল শ্রীযুত বাবু উমেশচন্দ্র সরকার।
গয়াল শ্রীযুত বাবু ছোট লাল সৈনর।
ভূম্যধিকারী শ্রীযুত সৈয়দ উজীর আলী খাঁ।
উকীল শ্রীযুত হাফিজ আহম্মদ রেজা।
উকীল শ্রীযুত বাবু ভূপসেন সিংহ।
জিলার সিবিল চিকিৎসক সাহেব উক্ত কমিটীর সেক্রেটরী হইবেন।

সর্জন শ্রীযুত উলিয়ম এডউইন গ্রিফিথস সাহেব যে তারিখে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি কিয়ৎকালের নিমিত্তে জলপাইগুড়ির সিবিল চিকিৎসক হইবেন।

কলিকাতার মেডিকল কালেজ হাস্পাতালের একটিং দ্বিতীয় ফিজিসিয়ন সর্জন শ্রীযুত এ ক্রম্বি সাহেব গত আপ্রিল মাসের ১০ তারিখ অবধি সর্জন শ্রীযুত ই লরই সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ করণের তারিখপর্য্যন্ত উক্ত কালেজ হাস্পাতালের রেসিডেণ্ট চিকিৎসকেরও কর্ম্ম করিয়াছেন।

আফীন সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ১ জুন।—বেত্তিয়ার আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে, সি, শা সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত শা সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত মতিহারীর আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত সামুয়েল কুপর সাহেব আপন কর্ম্মকরণাতিরিক্ত বেত্তিয়ার আফীনের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

মুনিসিপল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৮ মে।—ডাক্তর শ্রীযুত উলিয়ম কৌয়েন সাহেব কমিল্লা নগরের মুনিসিপল কমিশ্যনরের পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ১ জুন।—শ্রীযুত টামস জেমস মরে সাহেব পাটনা নগরের মুনিসিপল কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইয়াছেন।

ডাক্তর শ্রীযুত ডেবিড বয়ড স্মিথ সাহেব পাটনা নগরের মুনিসিপল কমিশ্যনরের পদে নিযুক্ত হইয়াছেন।

স্থানীয় ফণ্ডবিষয়ক বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৩০ মে।—মুনসেফ শ্রীযুত বাবু ক্ষেত্রপ্রসাদ মুখোপাধ্যায় বগুড়া জিলায় পথ কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

অশুদ্ধশোধন।—১৮৭৪ সাল ৩০ মে।—পাবনা জিলার স্কুল কমিটীর মেম্বরের কএক ব্যক্তির নিয়োগবিষয়ক ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১৮ তারিখের আজ্ঞার মধ্যে

৫। "নর্ম্মাল স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু ঈশানচন্দ্র চট্টোপাধ্যায়" এই নামের পরিবর্ত্তে, "নর্ম্মাল স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু শ্যামাচরণ চট্টোপাধ্যায়" এই নাম পাঠ করিতে হইবে।

রিবর্স টামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৯ জুন।]

DECLARATION.

The 1st June 1874.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense for a public purpose, viz. for the construction of a road from Mohesna to Dallpore, in the district of Bankoora, it is hereby declared that a strip of land 10 miles in length and 50 feet in breadth, measuring 168 beeghas, is required.

This Declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

J. F. K. HEWITT,
Offg. Junior Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 2nd June 1874.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the Northern Bengal State Railway, from Julpigoree to the Mahanuddy, it is hereby declared that for the above purpose a strip of land, measuring 25 miles, more or less, in length, and 130 feet, more or less, in breadth, lying in villages Koomarpara, Kutwahbeeta, Bamanra, Alee Mohomedpara, Shebgunge Hât, Bhilakapa, Luckeebheeta, Chutorpara, Dhoorunbari, Ghomotabheeta, Pundahpara, in district Julpigoree, is required.

This Declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H. L. DAMPIER,
Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 1709C.S.

JUDICIAL.—*The 30th May* 1874.—Baboo Nuffer Chunder Bhutto, Sudder Moonsif of Moorshedabad, is vested, under Section 29, Act VI of 1871, with the powers of a Judge of the Court of Small Causes, to enable him to try suits cognizable by such courts to the extent of Rs. 50.

The 1st June 1874.—Baboo Loht Mohun Dhur, who has, under separate orders of this date, been appointed to act as a Deputy Magistrate and Deputy Collector in Bankoora, is vested with the powers of a Magistrate of the Second Class.

The following gentlemen, who have, under separate orders of this date, been appointed to be Sub-Deputy Collectors of the First Grade for employment on relief works in the districts mentioned, are vested with the powers of a Magistrate of the Third Class, viz.—

Baboo Gopal Chunder Mookerjee, Serajgunj, in Pubna.
,, Bhobotosh Banerjee, Julpigoree.
Lalla Dabee Persad, Sonthal Pergunnahs.

The following officers, employed on relief work in the district of Dinagepore, are vested with the powers of a Magistrate of the Third Class, viz.—

Mr. J. Pollen, C.S.
,, W. H. Horsley, C.S.
Baboo Jogodish Nath Roy, District Superintendent of Police.
Mr. J. P. Sneyd, Assistant Superintendent of Police.
,, A. W. Scanlan.
Baboo Huree Mohun Chand, Sub-Deputy Collector.
,, Poornoo Chunder Gupta, ditto.

Baboo Bonomally Singh, Tehsildar of Ungool, is vested with the powers of a Magistrate of the Third Class and those of a Moonsif.

[*Government Gazette, 9th June* 1874.]

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ১ জুন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাঁকুড়া জিলার অন্তর্গত মহেশনা অবধি দালপুরপর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ১০ মাইল দীর্ঘ ও ৫০ ফুট প্রস্থ অর্থাৎ ১১৮/ বিঘা পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৮ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

জে, এফ, কে, হিউইট,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং জুনিয়র সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২ জুন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ জলপাইগুড়ি অবধি মহানদী পর্য্যন্ত বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়ের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে জলপাইগুড়ি জিলার অন্তর্গত কুমারপাড়া ও কটওয়ারিতা ও বামনরা ও আলী মহম্মদপাড়া ও শিবগঞ্জহাট ও ভিলকপা ও লক্ষ্মীভিটা ও ছুতারপাড়া ও ধুবনবাড়ী ও ঘোমটাভিটা ও পণ্ডপাড়া গ্রামে ন্যূনাধিক ২৫ মাইল দীর্ঘ ও ১২০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেন্ট।

১৭০৯ C.S. নম্বর।

জুডিশ্যাল।—১৮৭৪ সাল ৩০ মে।—মুরশিদাবাদের সদর মুনসেফ শ্রীযুত বাবু নফরচন্দ্র ভট্ট ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সাল ১ জুন।—শ্রীযুত বাবু ললিতমোহন ধর অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে বাঁকুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হওয়াতে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

নিম্নলিখিত যে ব্যক্তিরা অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে আপনং নামের পার্শ্বেরলিখিত জিলায় উপকারার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইয়াছেন তাঁহারা তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায়, পাবনার অন্তর্গত শেরাজগঞ্জে।
শ্রীযুত বাবু ভবতোষ বন্দ্যোপাধ্যায়, জলপাইগুড়িতে।
শ্রীযুত লালা দেবী প্রসাদ, সাঁওতাল পরগনায়।

নিম্নলিখিত কার্য্যকারকেরা দিনাজপুর জিলায় উপকারার্থ কার্য্যে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জে পোলেন সাহেব, সি, এস।
„ ডবলিউ এচ হর্সলী সাহেব, সি, এস।
পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু জগদীশ নাথ রায়।
পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে পি স্নাইড সাহেব।
শ্রীযুত এ ডবলিউ স্কানলান্ সাহেব।
সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিমোহন চাঁদ।
ঐ ঐ „ বাবু পূর্ণচন্দ্র গুপ্ত।

অম্বুলের তহসীলদার শ্রীযুত বাবু বনমালী সিংহ তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ৯ জুন।]

Baboo Mohendro Nath Roy is appointed to be temporarily a Moonsif of the Third Grade, and to be Moonsif of Satkhira, in the 24-Pergunnahs, during the absence on special duty of Baboo Amrita Lal Pal, or until further orders.

Baboo Shoshee Bhoshun Sen is appointed to be temporarily a Moonsif of the Third Grade, and to be Second Moonsif of Midnapore during the absence on special duty of Baboo Abinash Chunder Mitter, or until further orders.

Baboo Abinash Chunder Mitter, Moonsif, on special duty, who has, under separate orders of this date, been posted to the sub-division of Begoo Serai, is vested with the powers of a Magistrate of the Second Class.

Mr. William McKinley Clay, B.A., Officiating Joint-Magistrate, on special duty in Bogra, is vested with the powers of a Magistrate of the First Class, and powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

The following officers, employed on relief work in Bogra, are vested with the powers of a Magistrate of the Third Class, viz.—

Baboo Umesh Chunder Ghose. | Baboo Hurish Chunder Ghose.

The 2nd June 1874.—Baboo Sashiseekhur Dutt, Acting Deputy Magistrate of Moorshedabad, is vested with powers of a Magistrate of the Second Class.

Mr. Alexander Douglas Larymore, District Superintendent of Police, on special duty, is vested with the powers of a Magistrate of the Second Class in all the districts of the Burdwan Division.

Mr. Behari Lal Gupta, on special duty in Manbhoom, is vested with powers under Section 142 of the Criminal Procedure Code, and also with powers to try summarily the offences mentioned in Section 222 of the Code.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 27th May 1874.—The Lieutenant-Governor is pleased to direct the withdrawal from Mr. J. Weston, Judge of the Principal Court of Small Causes at Magoora, of the powers hitherto exercised by him of Judge of the Principal Court of Small Causes in the several Courts of Small Causes in the district of Nuddea, under the orders contained in Notification of the 25th June 1867, published in the *Calcutta Gazette* of the 26th idem.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

ESTABLISHMENT.

The 29th May 1874.

No. 169.—*Appointment.*—Mr. C. S. Bickers, Assistant Engineer, Second Grade, is placed in charge of the Chittagong District as a temporary arrangement, or until further orders.

No. 170.—*Transfer.*—Captain A. G. L. Landon, Assistant Engineer, First Grade, from the Eastern Tirhoot to the East Chumparun District, which he joined on the 6th May 1874, before noon.

No. 171.—*Notification.*—Mr. H. J. Handley, Assistant Engineer, First Grade, joined the Eastern Tirhoot District on the 12th April 1874, before noon.

No. 172.—The following subordinates, posted to the Eastern Tirhoot District, joined it on the dates specified opposite to their names:—

Baboo Issen Chunder Sircar, Sub-Engineer, Third Grade, 1st April 1874, before noon.

Sergeant A. Freeman, Overseer, First Grade, 1st April 1874, before noon.

Baboo Kally Prosono Mozoomdar, Overseer, First Grade, 14th April 1874, before noon.

Mr. Ardaseer Hurmuisjee Drogah, Overseer, Second Grade, 29th April 1874, before noon.

[*Government Gazette,* 9*th June* 1874.]

বিশেষ কার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু অমৃতলাল পালের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ রায় কিয়ৎকালের নিমিত্তে তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া ২৪ পরগনার অন্তর্গত সাতক্ষীরার মুনসেফ হইবেন।

বিশেষ কার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্রের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু শশীভূষণ সেন কিয়ৎকালের নিমিত্তে তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া মেদিনীপুরের দ্বিতীয় মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্র অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে বিশেষ কার্য্যে নিযুক্ত হওয়াতে বেগুসরাই মহকুমায় অবস্থিত হইয়া দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

বগুড়ায় বিশেষ কার্য্যে নিযুক্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত উলিয়ম মাক্‌কিন্‌লী ক্রে সাহেব, প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

বগুড়ায় উপকারার্থ কার্য্যে নিযুক্ত নিম্নলিখিত কার্য্যকারকেরা তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু উমেশচন্দ্র ঘোষ। | শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র ঘোষ।

১৮৭৪ সাল ২ জুন।—মুরশিদাবাদের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু শশীশেখর দত্ত দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

বিশেষ কার্য্যে নিযুক্ত পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আলেকজাণ্ডর ডগলাস লারিমোর সাহেব বর্দ্ধমান খণ্ডের সমুদয় জিলাতে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

মানভূমে বিশেষ কার্য্যে নিযুক্ত শ্রীযুত বাবু বিহারীলাল গুপ্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৪২ ধারামত ক্ষমতা ও উক্ত আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

রিবর্স টামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৭ মে —১৮৬৭ সালের জুন মাসের ২৫ তারিখের যে জ্ঞাপনপত্র জুলাই মাসের ২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তৎক্রমে মাগুড়ার ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজ শ্রীযুত জে ওয়েষ্টন সাহেব এপর্য্যন্ত ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজের যে ক্ষমতানুসারে কর্ম্ম করিয়া আসিতেছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নদীয়া জিলার নানা ক্ষুদ্র মোকদ্দমার আদালতের মধ্যে তাঁহার সেই ক্ষমতা রহিত হইবার আজ্ঞা করিয়াছেন।

রিবর্স টামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক।—বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ১০ মে।

১৬৯ নম্বর।—নিয়োগ।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, এস, বিকাস সাহেব, অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত কিয়ৎকালের নিমিত্তে চট্টগ্রাম জিলার অধ্যক্ষতা কর্ম্মের ভার পাইয়াছেন।

১৭০ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত এ, জি, এল, লাণ্ডন সাহেব পূর্ব্ব ত্রিহুত হইতে পূর্ব্ব চম্পারণ জিলায় প্রেরিত হওয়াতে ১৮৭৪ সালের মে মাসের ৬ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৭১ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এচ জে, হাওলি সাহেব ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১২ তারিখের পূর্ব্বাহ্নে পূর্ব্ব ত্রিহুত জিলায় কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

১৭২ নম্বর।—নিম্নলিখিত সবরডিনেটেরা পূর্ব্ব ত্রিহুত জিলায় অবস্থিত হওয়াতে আপনং নামের পার্শ্বের লিখিত তারিখে তথায় কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

তৃতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু ঈশানচন্দ্র সরকার ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১ তারিখের পূর্ব্বাহ্নে,

প্রথম শ্রেণীর ওবরসিয়র সার্জেণ্ট শ্রীযুত এ ফ্রিমান সাহেব ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১ তারিখের পূর্ব্বাহ্নে,

দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত আরদাসীর হরমুসজী ত্রগা ১৮৭৪ সালের আপ্রিল মাসের ২৯ তারিখের পূর্ব্বাহ্নে,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৯ জুন।]

No. 173.—*Posting.*—Sergeant C. Wickens, Supervisor, Second Grade, is posted to the Eastern Tirhoot District, which he joined on the 7th May 1874, before noon.

No. 174.—*Notifications* —Moonshee Nizamooddeen, Overseer, Second Grade, joined the East Chumparun District on the 29th April 1874, before noon.

No. 175.—Baboo Tara Prosono Mookerjee, Overseer, Third Grade, is posted to the North-Western Tirhoot District, which he joined on the 27th April 1874, before noon.

No. 176.—Mr. G. Law, Temporary Overseer, First Grade, joined the Dinagepore District on the 13th May 1874, before noon.

The 30th May 1874.

No. 177.—Mr. G. Pothecary, Special Superintending Engineer, assumed charge of the Patna Division, trans-Gangetic Districts, on the 22nd February 1874, before noon.

No 178.—Lieutenant J. T. Wright, R. E., Assistant Engineer, First Grade, joined the North-Eastern Tirhoot District on the 24th February 1874, before noon.

No. 179.—*Transfer.*—Baboo Prosono Coomar Banerjee, Sub-Engineer, Third Grade, from the Third to the First Calcutta Division, as a temporary measure.

No. 180.—*Notification.*—Baboo Bany Madhub Mozoomdar, Overseer, First Grade, joined the First Calcutta Division on the 1st May 1874, after noon.

No. 181.—*Transfer.*—Sergeant R. Young, Overseer, First Grade, from the Fourth to the First Calcutta Division, as a temporary measure.

No. 182.—*Posting.*—Mr. W. F. Barrow, Accountant, Third Grade, is posted to the Central Office of Accounts, Bengal, which he joined on the 14th May 1874, before noon.

No. 183.—*Erratum.*—In Notification No. 128, of the 27th April 1874, *for* "1st February" *read* "28th March 1874."

J. E. T. NICOLLS, *Col., R.E.*,
Secy. to the Govt. of Bengal, P. W. D.

IRRIGATION.

NOTIFICATION.

IRRIGATION.—ESTABLISHMENT.

The 27th May 1874.

No. 223.—*Leave.*—Mr. R. B Claudius, Overseer, First Grade, Mahanuddy Division, is granted sick leave from the forenoon of the 13th December 1873 to the forenoon of the 6th April 1874, under Section 3, Supplement F of the Civil Leave Code.

No. 224.—*Notification.*—Mr. E. T. Seely, Temporary Assistant Engineer, First Grade, joined the Lower Gunduk Embankment Division on the forenoon of the 18th May 1874.

No. 225.—*Posting.*—Lieutenant N. Arnott, R.E., Assistant Engineer, First Grade, transferred from the Provincial Branch to the Eastern Soane Division, which he joined on the forenoon of the 18th May 1874.

No. 227.—*Notification.*—Baboo Ram Laul Mookerjee, Probationary Overseer, Second Grade, joined the High Level Canal Division on the forenoon of the 21st May 1874.

The 30th May 1874.

No. 228.—*Transfer.*—Mr. R Carson, Overseer, Second Grade, from the Eastern Soane Survey to the Karamnassa Division, which he joined on the forenoon of the 22nd May 1874.

No. 229.—*Transfer.*—Mr. T. M. L. Thompson, Assistant Engineer, Third Grade, from the Northern Drainage and Embankment to the Cossye Division.

[*Government Gazette, 9th June* 1874.]

১৭৩ নম্বর।—অবস্থিতির কথা।—দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর সার্জেন্ট শ্রীযুত সি উইকেন্স সাহেব পুর্ব ত্রিহুত জিলায় অবস্থিত হওয়াতে ১৮৭৪ সালের মে মাসের ৭ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

১৭৪ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত মুনশী নিজামুদ্দীন পুর্ব্ব চাম্পারণ জিলায় ১৮৭৪ সালের আপ্রিল মাসের ২৯ তারিখের পূর্ব্বাহ্নে কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

১৭৫ নম্বর।—তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু তারাপ্রসন্ন মুখোপাধ্যায় উত্তর পশ্চিম ত্রিহুত জিলায় অবস্থিত হওয়াতে ১৮৭৪ সালের আপ্রিল মাসের ২৭ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

১৭৬ নম্বর।—প্রথম শ্রেণীর কিয়ৎকালীন ওবরসিয়র শ্রীযুত জি লা সাহেব ১৮৭৪ সালের মে মাসের ১৩ তারিখের পূর্ব্বাহ্নে দিনাজপুর জিলায় কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

১৮৭৪ সাল ১৫ মে।

১৭৭ নম্বর।—বিশেষ সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত জি পথিকরি সাহেব ১৮৭৪ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের পূর্ব্বাহ্নে পাটনাখণ্ডের গঙ্গাপারের জিলা সমূহের অধ্যক্ষতা কর্ম্মের ভার গ্রহণ করিয়াছেন।

১৭৮ নম্বর।—প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র লেপ্টেনেন্ট শ্রীযুত জে. টি. রাইট সাহেব, আর, ই, ১৮৭৪ সালের ফেব্রুআরি মাসের ২৪ তারিখের পূর্ব্বাহ্নে উত্তর পুর্ব্ব ত্রিহুত জিলায় কর্ম্মের ভার গ্রহণ করিয়াছেন।

১৭৯ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—তৃতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু প্রসন্নকুমার বন্দ্যোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে কলিকাতার তৃতীয় খণ্ডহইতে প্রথম খণ্ডে প্রেরিত হইয়াছেন।

১৮০ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু বেণীমাধব মজুমদার ১৮৭৪ সালের মে মাসের ১ তারিখের অপরাহ্নে কলিকাতার প্রথম খণ্ডে কর্ম্মের ভার গ্রহণ করিয়াছেন।

১৮১ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—প্রথম শ্রেণীর ওবরসিয়র সার্জেন্ট শ্রীযুত আর ইয়ং সাহেব কিয়ৎকালের নিমিত্তে কলিকাতার চতুর্থ খণ্ডহইতে প্রথম খণ্ডে প্রেরিত হইয়াছেন।

১৮২ নম্বর।—অবস্থিতির কথা।—তৃতীয় শ্রেণীর আকৌণ্টান্ট শ্রীযুত ডবলিউ এফ বারো সাহেব বঙ্গদেশের সদর আকৌন্ট আফিসে অবস্থিত হওয়াতে ১৮৭৪ সালের মে মাসের ১৪ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

১৮৩ নম্বর।—অশুদ্ধশোধন।—১৮৭৪ সালের আপ্রিল মাসের ২৭ তারিখের ১২৮ নম্বর বিজ্ঞাপনে "১ ফেব্রুআরি" এই কথার পরিবর্ত্তে "২৮ মার্চ" পাঠ করিতে হইবে।

জে, ই, টি, নিকলস, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

বিজ্ঞাপন।

জলসেচন সম্পর্কীয়,—সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৪ সাল ২৭ মে।

২২৩ নম্বর।—ছুটী।—মহানদী খণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত আর, বি, ক্লডিয়স সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ১১ তারিখের পূর্ব্বাহ্ন অবধি ১৮৭৪ সালের আপ্রিল মাসের ৬ তারিখের পূর্ব্বাহ্ন পর্য্যন্ত পীড়াপ্রযুক্ত ছুটী পাইয়াছেন।

২২৪ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর কিয়ৎকালীন আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, টি সিলি সাহেব ১৮৭৪ সালের মে মাসের ১৮ তারিখের পূর্ব্বাহ্নে দক্ষিণ গণ্ডক বাঁধখণ্ডে কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

২২৫ নম্বর।—অবস্থিতির কথা।—প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র লেপ্টেনেন্ট শ্রীযুত এম আরনট সাহেব, আর, ই, প্রবিন্সাল শাখাহইতে সোণনদের পুর্ব্ব খণ্ডে প্রেরিত হওয়াতে ১৮৭৪ সালের মে মাসের ১৮ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

২২৭ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়র শ্রীযুত বাবু রাখালদাস মুখোপাধ্যায় ১৮৭৪ সালের মে মাসের ২১ তারিখের পূর্ব্বাহ্নে হাই লেবল খাল খণ্ডে কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

১৮৭৪ সাল ৩০ মে।

২২৮ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত আর কারসন সাহেব সোণ নদের পুর্ব্ব জরীপী খণ্ডহইতে কর্ম্মনাশা খণ্ডে প্রেরিত হওয়াতে ১৮৭৪ সালের মে মাসের ২২ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

২২৯ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি, এম, এল, তামসন সাহেব উত্তরদিগের জলপ্রণালী ও বাঁধখণ্ডহইতে কমুই খণ্ডে প্রেরিত হইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ৯ জুন।]

The 1st June 1874.

No. 230.—*Notification.*—Public Works Department Notification No. 160, dated 24th April 1874, appointing Baboo Grish Chunder Ghose as a Temporary Sub-Overseer, First Grade, and posting him to the Gunduk Circle, is cancelled.

No. 231.—*Notification.*—Mr. W. Watson, Temporary Overseer, Second Grade, Dehree Division, is dismissed from the Public Works Department from the 16th May 1874.

No. 232.—*Appointment.*—Mr. T. R. Bington, Temporary Supervisor, Second Grade, Mahanuddy Division, who forfeited his appointment by overstaying the leave granted him in the orders marginally noted, is reappointed to the Department in the same grade from the 16th February 1874.

No. 517, dated 21st November 1873.

G. A. SEARLE, *Lieut.-Col.*, S. C.,
Offg. Joint-Secy. to the Govt. of Bengal,
in the P. W. D., Irrigation Branch.

[*Government Gazette, 9th June* 1874.]

১৮৭৪ সাল ১ জুন।

২৩০ নম্বর।—বিজ্ঞাপন।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের আপ্রিল মাসের ২৮ তারিখের ১৬০ নম্বরের যে জ্ঞাপনপত্রক্রমে শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ প্রথম শ্রেণীর কিয়ৎ-কালীন ওবরসিয়রের পদে নিযুক্ত হইয়া গণ্ডক চক্রে অবস্থিত হন তাহা রহিত করা গেল।

২৩১ নম্বর।—বিজ্ঞাপন।—দেহড়ীখণ্ডের দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন ওবরসিয়র শ্রীযুত ডবলিউ ওয়াটসন সাহেব ১৮৭৪ সালের মে মাসের ১৬ তারিখ অবধি পবলিক ওর্কস ডিপার্টমেণ্টহইতে কর্ম্ম-চ্যুত হইয়াছেন।

27. If any person against whom any writ of execution has issued, has any interest in any stock or shares in any public Company, whether incorporated or not, carrying on business in India and within the reach of the process of the Court out of which such writ of execution has issued, the High Court or any Judge thereof, on the application of the party who has sued out such writ of execution, may make an order *ex parte* that such interest in such stock or shares, or such of them or such part thereof respectively

Shares in public Company may be charged in execution.

দ্দমা উপস্থিত করা যায় সেই কোর্টের উপযুক্ত কর্ম্মকারক ঐ বিষয় নিরূপণ করিবেন, কিম্বা ঐ কোর্ট আজ্ঞা করিলে, কোর্ট ঐ কার্য্যের নিমিত্ত অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি তাহা নির্ণয় করিবেন।

ঐ প্রকারের মোকদ্দমা করিয়া যে টাকা আদায় হয় তাহাহইতে ঐ জামীনীখৎ প্রস্তুত ও সম্পাদন করিবার খরচ কাটিয়া লওয়া যাইবে, আর এই স্থলে এবং এই আইনে অন্যত্র যে স্থলের বিধান হইয়াছে সেই স্থলে ডিক্রীমত মহাজনের পাওনা টাকার পরিশোধে ঐ অবশিষ্ট টাকামাত্র পাওয়া গেল, এমত জ্ঞান করিতে হইবে ইতি।

২৫ ধারা। যে পক্ষের সম্পত্তির উপর ক্রোকী পরওয়ানা জারী হয়, শরিফ সাহেব কি অন্য কর্ম্মকারক ঐ পরওয়ানাক্রমে ঐ পক্ষের নামে লেখা কিম্বা ঐ পক্ষেরই কোন গবর্ণমেণ্ট সিকুরিটী ক্রোক করিলে, সেই গবর্ণমেণ্টের সিকুরিটী শরিফ সাহেবের নামে বিশেষমতে ইণ্ডোর্স করিয়া দেওয়া গেলে কি না গেলেও, তিনি তাহার উপর পাওনা সুদ গ্রহণ করিয়া তাহার রসিদ লিখিয়া দিতে পারিবেন।

শরীফ সাহেব গবর্ণমেণ্ট সিকুরিটি ক্রোক করিলে তাহার উপর তাঁহার সুদ লইবার ক্ষমতার কথা।

ও যৎকালে যে বাজারদরে গবর্ণমেণ্টের সিকুরিটী বিক্রয় হইয়া থাকে তিনি দালালের দ্বারা সেই দরে ঐ গবর্ণমেণ্ট সিকুরিটী বিক্রয় করিয়া হস্তান্তর করিয়া দিতে পারিবেন।

ও সেই সিকুরিটী বিক্রয় ও ইণ্ডোর্স করিয়া দিবার ক্ষমতার কথা।

এবং ঐ গবর্ণমেণ্ট সিকুরিটী হস্তান্তর করিবার জন্যে ঐ পক্ষের ইণ্ডোর্স করা আবশ্যক হইলে, শরিফ সাহেব কি রাজকার্য্যের অন্য কার্য্যকারক এই প্রকারে তাহা ইণ্ডোর্স করিয়া দিতে পারিবেন, যথা, "শ্রী অমুক শরিফের দ্বারা শ্রী অমুক।"

এবং সেই পক্ষ আপনি কিম্বা তাঁহার নিয়মিতরূপে নিযুক্ত মোক্তার তাহা ইণ্ডোর্স করিয়া দিলে ঐ গবর্ণমেণ্ট সিকুরিটী যেমন অন্য ব্যক্তির হস্তগত হইতে পারে ও তাহাতে যেমন তাঁহার অধিকার থাকিতে পারে, উক্ত প্রকারে ইণ্ডোর্স হইলে তাহার তদ্রূপ ফল হইবে ইতি।

২৬ ধারা। শরিফ সাহেব হাই কোর্টের পরওয়ানাক্রমে কোন ঋণ বিক্রয় করিতে পারিবেন না, সেই ঋণের টাকা পূর্ব্বোক্ত বিধান মতে আদায় হইতে পারিবে ইতি।

শরিফ সাহেবের ঋণ বিক্রয় করিতে না পারিবার কথা।

২৭ ধারা। যে ব্যক্তির নামে ডিক্রী জারীর কোন পরওয়ানা বাহির হয়, যদি সাধারণ কোন কোম্পানির ষ্টকে কি শ্যারে তাঁহার স্বার্থ থাকে ও সেই কোম্পানি সমবায়িত হইলে বা না হইলেও যদি ভারতবর্ষের মধ্যে এবং যে কোর্টহইতে ডিক্রী জারীর পরওয়ানা বাহির হয় সেই কোর্টের পরওয়ানা যত দূর বলবৎ থাকে এমত স্থানে কার্য্য চালায়, তবে যে ব্যক্তি ডিক্রী জারীর পরওয়ানা প্রার্থনা করেন তাঁহার দরখাস্ত হইলে হাই কোর্ট কিম্বা ঐ কোর্টের কোন জজ সাহেব এই মর্ম্মের একতরফা আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ ডিক্রী জারীর

সাধারণ কোম্পানিতে যে শ্যার থাকে তাহাও ডিক্রী জারীক্রমে লইতে পারিবার কথা।

as the said Court or Judge thinks fit, shall stand charged with the payment of the amount due in respect of such writ of execution.

পরওয়ানা সম্পর্কে যে টাকা পাওনা হয়, সেই টাকার জন্যে ঐ ষ্টাক কি শ্যারে ঐ ব্যক্তির যে সম্পর্ক থাকে তাহার উপর কিম্বা উক্ত কোর্ট কি জজ সাহেব ঐ শ্যারের মধ্যে যত শ্যার কিম্বা তাহার যে অংশ উচিত বোধ করেন সেই অংশের উপর দায় বর্ত্তিবে

Such order shall have the like effect and entitle the person in whose favour the same is made to the same remedies and priorities as a charge executed in favour of such person by the person against whom execution shall have been issued;

উক্ত যে ব্যক্তির সপক্ষে সেই আজ্ঞা হইল, যাঁহার বিপক্ষে ডিক্রী জারীর পরওয়ানা বাহির হয় তিনি তাঁহার সপক্ষে ঐ ষ্টাক কি শ্যার দায়ী করিলে তাঁহার যে প্রতিকার ও অগ্রগণ্যতা থাকিত, উক্ত আজ্ঞারও সেই ফল হইবে, ও সেই আজ্ঞার বলে ঐ ব্যক্তির সেই প্রতিকারের ও অগ্রগণ্যতার অধিকার থাকিবে।

Service or notice of such order upon or to the Company whose stock or shares is or are the subject of such order, or upon or to any person claiming an interest in such stock or shares, shall have the like effect, and shall entitle the person in whose favour such order is made to the same remedies against such Company or such last-mentioned person as notice of a charge executed of even date with such order by the person against whom execution has been issued in favour of the person at whose suit the same has been issued.

ডিক্রী জারীর পরওয়ানা উক্ত যে ব্যক্তির প্রার্থনামতে বাহির হয় যাঁহার বিপক্ষে ডিক্রী জারীর পরওয়ানা হয় তিনি ঐ ব্যক্তির সপক্ষে ঐ ষ্টাকের কি শ্যারের উপর দায় বর্ত্তিবার নোটিস দিলে, তাহার যে ফল হইত ও সেই ব্যক্তির পক্ষে যে অধিকার বর্ত্তিত, যে কোম্পানির ষ্টাকের কি শ্যারের বিষয়ে পূর্ব্বোক্ত আজ্ঞা করা যায় সেই কোম্পানির উপর সেই তারিখে ঐ আজ্ঞা জারী হইলে কি সেই কোম্পানিকে ঐ নোটিস দেওয়া গেলে কিম্বা ঐ ষ্টাকে কি শ্যারে যে কোন ব্যক্তি স্বার্থের দাওয়া রাখেন তাঁহার উপর ঐ আজ্ঞা জারী হইলে কি ঐ আজ্ঞার নোটিস দেওয়া গেলে, তাহার সেই ফল হইবে, ও যাহার সপক্ষে ঐ আজ্ঞা করা যায় ঐ কোম্পানির কিম্বা শেষোক্ত ব্যক্তির বিপক্ষে তাহার সেই প্রকারের প্রতিকার পাইবার অধিকার থাকিবে।

Proviso.

Nothing herein contained shall prevent the person against whom such order has been made or any other person affected thereby, from applying to the Court or Judge by whom such order has been made for its discharge on such grounds as may be just.

উপবিধি।

যে ব্যক্তির বিপক্ষে উক্ত আজ্ঞা করা যায়, তিনি কিম্বা সেই আজ্ঞাদ্বারা অন্য যে ব্যক্তির হানি হইতে পারে তিনি উক্ত যে কোর্টের কি জজ সাহেবের দ্বারা ঐ আজ্ঞা করা যায় তাঁহার নিকট ন্যায্য হেতু দর্শাইয়া ঐ ষ্টাক কি শ্যার দায়হইতে মুক্ত করিবার প্রার্থনা করিতে পারিবেন, এই আইনের কোন কথাদ্বারা ইহার বাধা নাই ইতি।

Property standing in name of any officer of Court.

28. If such debtor has any interest in any property standing in the name of the Accountant-General or any other officer of the High Court, or in the dividends, interest, or annual produce thereof, the Court or a Judge thereof may make an order that the interest of the defendant in such property shall be applied in payment of such debt, and the Court or Judge may from time to time make such other orders as may be necessary to give full effect to the above provision.

কোর্টের কোন কর্ম্মকারকের নামে সম্পত্তি থাকিলে তাহার কথা।

২৮ ধারা। আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের কিম্বা হাই কোর্টের অন্য কোন আমলার নামে যে সম্পত্তি থাকে, সেই সম্পত্তিতে কিম্বা সেই সম্পত্তির ডিবিডেণ্ডে কি সুদে কি বার্ষিক উৎপন্ন টাকায় ঐ খাতকের কোন সম্পর্ক থাকিলে, ঐ সম্পত্তিতে আসামীর যে সম্পর্ক থাকে তাহা ঐ ঋণের শোধে ব্যয় হইবে কোর্ট কিম্বা কোর্টের কোন জজ এমত আজ্ঞা করিতে পারিবেন, ও সেই বিধান সম্পূর্ণরূপে প্রবল করিবার নিমিত্ত অন্য যে আজ্ঞার আবশ্যক হয় কোর্ট কি জজ সাহেব সময়েং সেই আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Party arrested under writ when entitled to discharge.

29. A plaintiff or defendant arrested under any writ issued upon any judgment, order, decree, or sentence of any of the said Courts whereby money is ordered to be paid to any party, shall be entitled to his discharge from such arrest on payment or tender to such party or his attorney in the cause, or to the Sheriff or Gaoler in whose custody such person may be under such

পরওয়ানামতে কোন ব্যক্তি ধৃত হইলে যে সময়ে মুক্ত হইতে পারিবে তাহার কথা।

২৯ ধারা। পূর্ব্বোক্ত অন্যতর কোর্টের কোন নিষ্পত্তি কি আজ্ঞা কি ডিক্রী কি দণ্ডাজ্ঞামতে কোন পক্ষকে টাকা দিবার আজ্ঞা হইলে ও তদনুসারে পরওয়ানা বাহির হইয়া ফরিয়াদীকে কি আসামীকে আসেধ করা গেলে, ঐ পরওয়ানায় যত টাকা দিবার আজ্ঞা হইল ঐ ব্যক্তি সেই পক্ষকে কিম্বা ঐ মোকদ্দমায় তাঁহার মোক্তারকে, কিম্বা ঐ পরওয়া-

writ, of the amount directed to be levied by such writ.

নাক্রমে যে শরিফ সাহেবের কি জেলরক্ষকের হেফাজতে থাকেন তাঁহাকে তত টাকা দিলে কি দিতে চাহিলে, তাঁহার সেই আসেধ হইতে মুক্তি পাইবার অধিকার থাকিবে ইতি।

30. A written order under the hand of the attorney in the cause by whom any such writ has been issued, shall justify the Sheriff, Gaoler, or person in whose custody the party may be under such writ in discharging such party, unless the party for whom such attorney professes to act has given written notice to the contrary to such Sheriff, Gaoler, or person in whose custody the opposite party may be.

Order of attorney issuing writ when sufficient for discharge of party.

৩০ ধারা। মোকদ্দমায় যে টর্নির দ্বারা উক্ত প্রকারের কোন পরওয়ানা বাহির করিয়া লওয়া যায় সেই টর্নি আজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া দিলে ঐ পরওয়ানাক্রমে ঐ পক্ষ যে শরিফের কি জেলরক্ষকের কি যে ব্যক্তির হেফাজতে থাকে তিনি ঐ আজ্ঞাপত্রের বলে ঐ পক্ষকে ছাড়িয়া দিতে পারিবেন। কিন্তু বিপক্ষ পক্ষ যে শরিফের কি জেলরক্ষকের কি ব্যক্তির হেফাজতে থাকে ঐ টর্নি যে পক্ষের তরফে কর্ম্ম করেন বলিয়া স্বীকার করেন সেই পক্ষ ঐ শরিফ প্রভৃতিকে বিপরীত ভাবের নোটিস লিখিয়া দিলে ঐ বিপক্ষকে ছাড়িয়া দেওয়া যাইবে না।

যে টর্নি পরওয়ানা বাহির করিয়া লন তাঁহার আজ্ঞা হইলে যে স্থলে কোন পক্ষ মুক্ত হইতে পারেন তাহার কথা।

Such discharge shall not be a satisfaction of the debt, unless made by the authority of the creditor; and nothing herein contained shall justify any attorney in giving such order for discharge without the consent of his client.

Attorney not to give order for discharge without client's consent.

মহাজনের অনুমতিমতে ঐ ব্যক্তিকে ছাড়িয়া দেওয়া না গেলে তাঁহাকে মুক্ত করাই ঋণশোধ বলিয়া জ্ঞান হইবে না। এবং এই ধারার কোন কথাক্রমে কোন টর্নি আপন মওক্কেলের অনুমতি বিনা মুক্ত করিবার তদ্রূপ আজ্ঞা দিতে পারিবেন না ইতি।

মওক্কেলের অনুমতি না হইলে মুক্ত করিবার আজ্ঞা টর্নির দিতে না পারিবার কথা।

31. A writ of execution, if unexecuted, shall not remain in force for more than one year from the date of such writ, unless renewed in the manner hereinafter provided;

Time for which unexecuted writ remains in force.

৩১ ধারা। ডিক্রীজারীর পরওয়ানার তারিখঅবধি এক বৎসরের অধিক কাল পর্য্যন্ত ঐ পরওয়ানা জারী না হইলে ও নিম্নলিখিত বিধানমতে তাহা নূতন করিয়া না লওয়া গেলে প্রবল থাকিবে না।

পরওয়ানা জারী না হইয়া যত কাল প্রবল থাকিবে তাহার কথা।

but it may, at any time before its expiration, be renewed by the party issuing it for one year from the date of such renewal, and so on from time to time during the continuance of the renewed writ by being marked with the seal of the High Court and with a memorandum, signed by the officer, of the date of the day, month, and year of such renewal, or by such party giving a written notice of renewal to the Sheriff signed by the party or his attorney and bearing the like seal of the Court and memorandum signed by the officer as aforesaid;

Renewal of writ.

কিন্তু যে পক্ষ পরওয়ানা বাহির করিয়া লন তিনি ঐ মিয়াদ ফুরাইবার পূর্ব্বে কোন সময়ে তাহা নূতন করিয়া লইতে পারিবেন। নূতন করিয়া লওনের তারিখঅবধি তাহা এক বৎসর প্রবল থাকিবে। এই প্রকারে ঐ নূতন করিয়া লওয়া পরওয়ানা যত দিন প্রবল থাকে তত দিনের মধ্যেও তাহা সময়ে২ নূতন করিয়া লওয়া যাইতে পারিবে। ঐ পরওয়ানায় হাই কোর্টের মোহর ছাপিয়া দেওয়া গেলে, ও যে সালের যে মাসের যে তারিখে নূতন করিয়া লওয়া যায় তাহার স্মরণার্থ কথায় উপযুক্ত কর্ম্মকারক স্বাক্ষর করিলে, কিম্বা ঐ পক্ষ নূতন করিয়া লওনের নোটিস লিখিয়া আপনি কি উকীলের দ্বারা স্বাক্ষর করিয়া কি করাইয়া শরিফ সাহেবকে দিলে ও তাহাতে হাই কোর্টের পূর্ব্বোক্ত প্রকারের মোহর দেওয়া গেলে ও পূর্ব্বোক্ত স্মরণার্থ কথায় পূর্ব্বোক্ত কর্ম্মকারকের স্বাক্ষর থাকিলে তাহা নূতন করিয়া লওয়া গেল।

পরওয়ানা নূতন করিয়া লওয়ার কথা।

and a writ of execution so renewed shall have effect and be entitled to the same priority as the original writ would have had.

Renewed writ entitled to same priority as its original.

আসল পরওয়ানার যে ফল হয় ও তাহা যদ্রূপে অগ্রগণ্য হয় ডিক্রীজারীর পরওয়ানা উক্ত প্রকারে নূতন করিয়া লওয়া গেলে তাহারও সেই ফল হইবে ও তাহা তদ্রূপে অগ্রগণ্য হইবে।

পরওয়ানা নূতন করিয়া লওয়া গেলে আসল পরওয়ানার ন্যায় গণ্য হওয়ার কথা।

Provided, however, that no writ of possession shall be renewed without the special leave of the High Court or a Judge thereof.

Proviso as to writ of possession.

32. The production of a writ of execution or of the notice renewing the same, purporting to be marked with such seal and signed as aforesaid, showing the same to have been renewed according to this Act, shall be sufficient evidence of its having been so renewed.

Evidence of renewal.

33. All property of every kind that may be seized under a writ issued from the High Court, may be seized also under a writ of sequestration duly issued from the same, and the seizure must in all cases be made in the mode directed by this Act as to seizures under writs,

Seizure under writ of sequestration.

and any sum ordered by the Court to be realized by a sequestration, shall be realized in the same mode, and not otherwise, as if directed to be levied under a writ of attachment.

Sum ordered to be realized may be levied as under writ.

SCHEDULE.

(see section 2.)

I.—Statutes.

Year, reign and chapter.	Subject.
53 Hen. 3, c. 21	Replevin by Sheriff.
13 Edw. 1, c. 39	Delivery of writs to Sheriff.
28 Edw. 1, c. 16	False returns.
c. 19	Restoration of issues of land seized without cause.
Statutes of the Exchequer.	Wrongful distresses by Sheriff.
23 Hen. 6, c. 9	Sheriff not to let his county to ferm.
23 Hen. 6, c. 9	Sheriff's fees; Sheriff to let to bail, &c.
1 Mary, Stat. 2. c. 8	Sheriff not to be a Justice of the Peace.
29 Eliz., c. 4	Sheriff's fees.
3 Geo. 1, c. 15, s. 8	Power of Under Sheriff in case of death of Sheriff.

কিন্তু হাই কোর্টের কিম্বা ঐ কোর্টের কোন এক জজ সাহেবের বিশেষ অনুমতি না হইলে, দখল করিবার পরওয়ানা নূতন করিয়া লওয়া যাইতে পারিবে না ইতি।

অধিকার করণের পরওয়ানা বিষয়ক উপবিধি।

৩২ ধারা। ডিক্রী জারীর পরওয়ানায় কিম্বা তাহা নূতন করিয়া লওয়ার নোটিসে পূর্ব্বোক্তমতে মোহর ও স্বাক্ষর থাকাতে এই আইন অনুসারে নূতন করিয়া লওয়ার ন্যায় দেখাইলে, সেই পরওয়ানা কি নোটিস দেখাইয়া দেওয়াই তাহার উক্ত প্রকারে নূতন করিয়া লওয়ার প্রচুর প্রমাণ হইবে ইতি।

নূতন করিয়া লওয়ার প্রমাণের কথা।

৩৩ ধারা। হাই কোর্টহইতে পরওয়ানা হইলে যেং প্রকারের সম্পত্তি ক্রোক করা যায়, ঐ হাই কোর্টহইতে আটক করিবার পরওয়ানা নিয়মিতরূপে বাহির হইলে তদ্দ্বারা সেই প্রকারের সম্পত্তিও ক্রোক হইতে পারিবে। এবং এই আইনে পরওয়ানাক্রমে ক্রোক করিবার যে নিয়মের আজ্ঞা হইয়াছে সর্ব্বদাই সেই নিয়মমতে ক্রোক করিতে হইবে।

আটক করিবার পরওয়ানামতে ক্রোককরণের কথা।

কোর্ট আটক করণদ্বারা টাকা আদায় করিতে আজ্ঞা করিলে, ক্রোকীপরওয়ানাক্রমে আদায় করিবার আজ্ঞা থাকিলে যেরূপে টাকা আদায় করা যায় সেইরূপে করা যাইবে অন্য প্রকারে নয় ইতি।

টাকা আদায় করিবার আজ্ঞা হইলে পরওয়ানামতে আদায় হইতে পারিবার কথা।

তফসীল।

(২ ধারা দেখ)

১.রাজব্যবস্থা।

রাজা, বৎসর, অধ্যায়	যে বিষয়ের।
তৃতীয় হেনরি রাজার ৫৩ বৎসরের ২১ অধ্যায়	শরিফের দ্বারা ক্রোককরা সম্পত্তি উদ্ধারকরণবিষয়ক।
প্রথম এডওয়ার্ড রাজার ১৩ বৎসরের ৩৯ অধ্যায়	শরিফকে পরওয়ানা দেওনবিষয়ক
প্রথম এডওয়ার্ড রাজার ২৮ বৎসরের ১৬ অধ্যায়	মিথ্যা রিটর্ণবিষয়ক।
১৯ অধ্যায় ...	ভূমি অকারণে ক্রোক করা গেলে তাহা ফিরিয়া দেওনবিষয়ক।
একসচেকরসম্পর্কীয় রাজব্যবস্থা	শরিফদ্বারা অন্যায়মতে ক্রোক করণবিষয়ক।
ষষ্ঠ হেনরির রাজার ২৩ বৎসরের ৯ অধ্যায়	শরিফের জিলা ইজারা না দেওনের কথা।
ষষ্ঠ হেনরির রাজার ২৩ বৎসরের ৯ অধ্যায়।	শরিফের ফীবিষয়ক ও শরিফের জামীনী দেওনবিষয়ক প্রভৃতি।
প্রথম মেরির ২ রাজব্যবস্থার ৮ অধ্যায়	শরিফের শান্তিরক্ষার্থ জষ্টিস না হওয়ার কথা।
এলিজাবেতের ২৯ বৎসরের ৪ অধ্যায়	শরিফের ফীবিষয়ক ;
প্রথম জর্জ রাজার তৃতীয় বৎসরের ১৫ অধ্যায়ের ৮ ধারা	শরিফের মৃত্যু হইলে ছোট শরিফের ক্ষমতার কথা।

II.—Acts.

Number and year.	Title.
VIII of 1852 ...	An Act for remunerating the Sheriffs of Calcutta, Madras and Bombay for the execution of Mofussil process under Act XXIII of 1841.
VI of 1855 ...	An Act to extend the operation of, and regulate the mode of executing writs of execution in Her Majesty's Supreme Courts of Judicature.

২।—আইন।

সাল ও নম্বর।	নাম।
১৮৫২ সা. ৮ আ ...	কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের শরিফ সাহেব ১৮৪১ সালের ২৩ আইনমতে মফঃসলের পরওয়ানা জারী করিলে তাঁহাদের বেতনতাবা বিষয়ক আইন।
১৮৫৫ সা. ৬ আ ...	শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রীম কোর্টের ডিক্রীজারীর পরওয়ানা জারী করিবার নিয়ম বিস্তৃত করণার্থ ও তাহার বিধান করণার্থ আইন।

III.—Charters.

Charter establishing the Supreme Court of Judicature at Fort William, dated 26th March 1774.	Clause IX.
Charter establishing the Supreme Court of Judicature at Madras, dated 26th December 1800.	Clauses XV, XVI, XVII.
Charter establishing the Supreme Court of Judicature at Bombay, dated 8th December 1823.	Clauses XX, XXI, XXII, XXIII.

৩—চার্টর।

ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রীম কোর্ট স্থাপন করণার্থ ১৭৭৪ সালের ২৬ মার্চের চার্টর।	৯ ধারা।
মান্দ্রাজের সুপ্রীম কোর্ট স্থাপন করণার্থ ১৮০০ সালের ২৬ ডিসেম্বরের চার্টর।	১৫, ১৬, ১৭ ধারা।
বোম্বাইয়ের সুপ্রীম কোর্ট স্থাপন করণার্থ ১৮২৩ সালের ৮ ডিসেম্বরের চার্টর।	২০, ২১, ২২, ২৩ ধারা।

STATEMENT OF OBJECTS AND REASONS.

This Bill is the second of the series of measures which have been prepared in order to diminish the bulk of the English Statute-law in force, or supposed to be in force, in the Presidency Towns. It repeals some ten Statutes relating to the office of Sheriff, and it consolidates, with such amendments as are required by present circumstances, the clauses of the Charters under which the Sheriffs are appointed, and the two Indian Acts which relate, respectively, to their fees for executing Mofussil process and to their functions in executing decrees made by the High Courts in the exercise of original civil jurisdiction.

A. HOBHOUSE.

CALCUTTA; }
June 1874. }

WHITLEY STOKES,

Secy. to the Govt. of India.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

নানা রাজধানীর মধ্যে ইঙ্গলণ্ডীয় বহুতর রাজনিবন্ধ প্রবল থাকাতে কিম্বা প্রবল বলিয়া বোধ হওয়াতে তাহার সংখ্যা ন্যূন করণার্থ এই দ্বিতীয় আইনের পাণ্ডুলিপি প্রস্তুত করা গেল। ইহাতে শরিফের পদ সম্পর্কীয় দশটি ব্যবস্থা রহিত করা গিয়াছে, ও শরিফেরা নানা চার্টরের যে২ প্রকরণ দ্বারা নিযুক্ত হন ইদানীন্তন ভাবগতিক বিবেচনায় তাহা প্রয়োজনমতে সংশোধন করিয়া সংগ্রহ করা গিয়াছে এবং শরীফ মফঃসল আদালতের পরওয়ানা জারী করিলে যত ফী পাইবেন তদ্বিষয়ে, ও হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতানুসারে কার্য্য করিয়া যে ডিক্রী জারী করেন তৎসম্পর্কে তাঁহাদের কার্য্য বিষয়ে ভারতবর্ষীয় যে দুই আইন আছে তাহাও রহিত করা গেল।

এ হবহৌস।

কলিকাতা। }
১৮৭৪ সাল জুন মাস। }

উইটলি ষ্টোক্‌স,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

The following Bill, and Statement of Objects and Reasons accompanying it, are published for general information, by order of his Excellency the Governor-General, under the 22nd of the Rules for the Conduct of the legislative Business of the Council of the Governor-General :—

No. 12 OF 1874.

A Bill to declare the Statutes in force in the Presidency Towns.

Preamble.

WHEREAS doubts exist as to what Acts of Parliament are in force in the Towns of Calcutta, Madras and Bombay, and it is expedient to remove such doubts; It is hereby enacted as follows :—

Statutes declared to apply to the Presidency Towns.

1. The enactments specified in the schedule hereto annexed (being Statutes or parts of Statutes passed before the year 1727) shall be deemed to apply, so far as local and personal circumstances admit, to all places and persons within the local limits of the ordinary original civil jurisdiction of the High Courts of Judicature at Fort William, Madras and Bombay.

Repeal of other Statutes passed before 1727.

2. All other Statutes passed before the said year 1727 are hereby repealed so far as they affect British India.

Provided that the repeal by this Act of any enactment shall not affect any Statute, Act or Regulation in which such enactment has been applied, incorporated or referred to :

Nothing in this Act shall—

(*a*) affect the validity or invalidity of any thing already done or suffered, or any indemnity already granted, or any right or title already acquired or accrued, or any remedy or proceeding in respect thereof, or the proof of any past act or thing ;

(*b*) affect any principle or rule of law, or established jurisdiction, form or course of pleading, practice or procedure, or existing usage, custom, privilege, restriction, exemption, office or appointment, notwithstanding that the same respectively may have been in any manner affirmed, recognised or derived, by, in, or from any enactment hereby repealed ;

[*Government Gazette,* 30*th June* 1874.]

শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ব্যবস্থাপন সম্পর্কীয় কার্য্য চলনের যে বিধি আছে মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে সেই বিধির ২২ ধারামতে নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ও তৎসংক্রান্ত অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৭৪ সালের ১২ নম্বর।

রাজধানীর মধ্যে যেং রাজব্যবস্থা প্রবল আছে তাহা নির্দ্দেশ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীতে পার্লিমেণ্টের কোনং আইন প্রচলিত আছে এতদ্বিষয়ে সন্দেহ থাকাতে, সেই সন্দেহ দূর করিবার জন্যে এইং বিধান হইল।

রাজধানীতে যেং রাজব্যবস্থা প্রচলিত আছে তাহা নির্দ্দেশ করিবার কথা।

১ ধারা। ১৭২৭ সালের পূর্ব্বপ্রণীত যে রাজব্যবস্থা কি রাজব্যবস্থার যে অংশ এই আইনের তফসীলে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতার অধীন স্থানের অন্তর্গত সকল স্থানের ও ব্যক্তির প্রতি, স্থানবিশেষের ও ব্যক্তি বিশেষের ভাবগতিক বিবেচনায় যত দূর খাটিতে পারে, তত দূর খাটে এমত জ্ঞান করিতে হইবে ইতি।

১৭২৭ সালের পূর্ব্বপ্রণীত অন্যং রাজব্যবস্থা রহিত হইবার কথা।

২ ধারা। উক্ত ১৭২৭ সালের পূর্ব্বপ্রণীত অন্যং রাজব্যবস্থা ব্রিটনীয় ভারতবর্ষের সঙ্গে যত দূর সম্পর্ক রাখে তত দূর এতৎক্রমে রহিত করা গেল

পরন্তু এই আইনদ্বারা কোন বিধান রহিত করা গেলে অন্য যে রাজব্যবস্থায় কি আইনে সেই বিধান বর্ত্তান গিয়াছে কি গৃহীত কি উল্লিখিত হইয়াছে তাহার কিঞ্চিন্মাত্র ব্যতিক্রম হইবে না।

(ক) ইতিপূর্ব্বে যে কোন কার্য্য করা গিয়াছে কি যাহা ভোগ হইয়াছে, কিম্বা ক্ষতিহইতে যে নিষ্কৃতি প্রদান করা গিয়াছে, কিম্বা তৎসম্পর্কে যে স্বত্ব কি অধিকার প্রাপ্ত হওয়া গিয়াছে কি বর্ত্তিয়াছে, কিম্বা তৎসম্পর্কে যে প্রতিকার কি আনুষ্ঠানিক কার্য্য হইয়াছে, এই আইনের কোন কথাদ্বারা তাহার কিম্বা পূর্ব্বগত কোন ক্রিয়ার কি বিষয়ের প্রমাণের সিদ্ধাসিদ্ধতার ব্যতিক্রম হইবে না।

(খ) এতৎক্রমে যে বিধান রহিত হইল তন্মধ্যে কিম্বা তাহাহইতে আইন সংক্রান্ত কোন মূল নিয়ম কি বিধি কিম্বা স্থাপিত বিচারাধিপত্য কিম্বা সওয়াল-জওয়াব করিবার কোন নিয়ম কি প্রণালী কি ব্যবহার কি কার্য্যপ্রণালী কিম্বা প্রচলিত আচার কি ব্যবহার কি বিশেষ ক্ষমতা কি নিষেধ কি অব্যাহতি কি পদ কি নিয়োগ কোন প্রকারে ব্যক্ত কি স্বীকৃত কি উত্থাপিত হইলেও এই আইনের কোন কথা দ্বারা তাহার ব্যতিক্রম হইবে না।

(c) give validity to any transaction which, if it had occurred before the passing of this Act, would have been held invalid on the ground of its breeding litigation or of being otherwise unrighteous, unconscientious, or against public policy;

(d) provide or restore any jurisdiction, office, custom, privilege, restriction, exemption, usage or practice not now existing or in force;

(e) operate as an implied repeal of any enactment,

(f) affect the laws of inheritance, partition, succession and contract as administered to Hindús, Muhammadans, Buddhists, Síkhs and Jainas, or

(g) affect the laws of marriage as administered to persons not being Christians.

3. No Statute passed in or after the said year 1727 shall be deemed to apply to any part of British India, unless it expressly or by necessary implication extends thereto; and no Statute shall be deemed to extend by necessary implication to any part of British India merely because it repeals, amends or modifies the whole or any part of a Statute mentioned in the said Schedule.

When Statutes passed in or after 1727 apply.

(গ) এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে কোন ব্যাপার ঘটিলে যদি তদ্দ্বারা মোকদ্দমা করণের ইচ্ছা উত্থাপিত হওয়ার সম্ভাবনা প্রযুক্ত কিম্বা প্রকারান্তরে ধর্ম্ম কি ন্যায় বিরুদ্ধ কিম্বা রাজনীতি বিরুদ্ধ হেতুক তাহা অসিদ্ধ হইত তবে এই আইনের কোন কথাদ্বারা সেই ব্যাপার সিদ্ধ হইবে না।

(ঘ) যে বিচারাধিপত্য কি পদ কি আচার কি বিশেষ ক্ষমতা কি নিষেধ কি অব্যাহতি কি ব্যবহার কি রীতি বর্ত্তমানকালে প্রচলিত কি প্রবল নহে, এই আইনের কোন কথাদ্বারা তাহার বিধান হইল না ও তাহা পুনরুত্থাপিত হইবে না।

(ঙ) এই আইনের কোন কথার ভাবক্রমে কোন আইন রহিত হইল এমত জ্ঞান করিতে হইবে না।

(চ) হিন্দুদের কি মুসলমানদের কি বৌদ্ধদের কি শিখদের কি জৈনদের মধ্যে দায়ভাগের ও বণ্টনের ও উত্তরাধিকারিত্বের ও চুক্তির যে ব্যবস্থা প্রচলিত আছে এই আইন দ্বারা তাহার ব্যতিক্রম হইবে না।

(ছ) যাঁহারা খ্রীষ্টান নয় তাহাদের পক্ষে বিবাহ বিষয়ক আইন সম্পর্কীয় কার্য্য যে রূপে সম্পাদন হইয়া থাকে এই আইনের কোন কথা তৎপ্রতি খাটে না ইতি।

৩ ধারা। ১৭২৭ সালে কি তাহার পরে যে রাজব্যবস্থা প্রণীত হয় তাহা স্পষ্টরূপে ব্রিটনীয় ভারতবর্ষের প্রতি না বর্ত্তিলে কিম্বা ভাবদ্বারা বর্ত্তান আবশ্যক বোধ না হইলে, ব্রিটনীয় ভারতবর্ষের কোন অংশের প্রতি যে খাটে এমত জ্ঞান করিতে হইবে না। আর উক্ত তফসীলে যে২ রাজব্যবস্থার উল্লেখ হইয়াছে, অন্য ব্যবস্থাদ্বারা তাহা সম্পূর্ণরূপে কিম্বা তাহার কোন অংশ রহিত কি সংশোধন কি মতান্তর করা গিয়াছে কেবল ইহা বলিয়া যে সেই অন্য ব্যবস্থা ব্রিটনীয় ভারতবর্ষের কোন অংশের প্রতি অবশ্যই খাটে, এমত জ্ঞান করিতে হইবে না।

১৭২৭ সালের পর যে রাজব্যবস্থা হইয়াছে তাহা যে স্থলে খাটিতে পারে তাহার কথা।

SCHEDULE.

(See Section 1.)

13 Edw. 1, c. 1	Statute *De Donis*.
c. 22	Waste between joint-tenants and tenants in common.
18 Edw. 1, cc. 1, 2	Statute of *Quia Emptores*.
25 Edw. 1, *Magna Carta*, c. 1	Confirmation of liberties.
c. 29	Civil and Criminal Justice.
Confirmatio Cartarum ...	Confirmation of charters.
5 Edw. 3, c. 9	Unlawful attachment.
25 Edw. 3, Stat. 1	Status of children born abroad of English parents.
28 Edw. 3, c. 3	Civil and Criminal Justice.
27 Hen. 8, c. 10, ss. 1, 2 and 3	Uses.
28 Hen. 8, c. 15, ss. 1, 2 and 4	Offences committed at sea.
31 Hen. 8, c. 1	Partition by joint-tenants.
32 Hen. 8, c. 32	Partitions by tenants for life.
c. 34, ss. 1 and 2	Grantees of reversions.
c. 37, s. 4	Recovery of rent after death of *cestui que vie*.
c. 38, (except as concerning pre-contracts)	Degrees of consanguinity.
13 Eliz., c. 5, ss. 1, 2, 3 and 5	Fraudulent conveyances.
27 Eliz., c. 4, ss. 1, 2, 3 and 4	
3 Char. 1, c. 1	Wrongful imprisonment.
18 & 19 Char. 2, c. 11, ss. 1, 2 and 4 ...	Evidence of death of *cestui que vie*.
29 Char. 2, c. 3, ss. 7—11	Trusts.
31 Char. 2, c. 2, except s. 14	Habeas Corpus Act.
1 Will. & Mar., c. 6	Coronation Oath.
1 Will. & Mar., Sess. 2, c. 2	Bill of Rights.
2 Will. & Mar., c. 1	Confirmation of late Parliament.
4 Will. & Mar., c. 16	Frauds by clandestine mortgages.
9 Will. 3, c. 17	Inland Bills of Exchange.
10 Will. 3, c. 22, down to and including the words "in any wise notwithstanding"	Inheritance of posthumous children.
11 Will. 3, c. 7	Piracy.
c. 12	Punishment of Governors of plantations.
12 & 13 Will. 3, c. 2, except so far as it has been repealed by 4 & 5 Anne, c. 20, ss. 27, 28, 1 Geo. 1, Stat. 2, c. 51, and 7 & 8 Vic., c. 66	Act of Settlement.
1 Ann., c. 2, ss. 4 and 5	Demise of Crown. Abatement.
3 & 4 Ann., c. 8, ss. 1 to 11 (inclusive) ...	Promissory Notes.
4 & 5 Ann., c. 3, ss. 9, 10, 21 & 27 ...	Attornment. Payment of rent. Warranties. Actions of account.
c. 16	Naturalization of Princess Sophia.
6 Ann., c. 41, s. 8	Privy Council.
c. 72	Discovery of deaths of tenants for life.
7 Ann., c. 5, s. 3	Naturalization.
8 Geo. 1, c. 24	Piracy.

Note.—The references in this schedule are made to the Statutes as printed in the Revised Edition, London, 1870

[*Government Gazette, 30th June* 1874.]

তফসীল।

(১ ধারা দেখ।)

প্রথম এডওয়ার্ড রাজার ১৩ বৎসরের ১ অধ্যায় ...	দান বিষয়ক রাজব্যবস্থা।
২২ অধ্যায় ...	একি পাট্টাক্রমে সাধারণ রায়তদের ও ভিন্ন২ পাট্টাক্রমে সাধারণ রায়তদের মধ্যে অপচয় বিষয়ক।
প্রথম এডওয়ার্ড রাজার ১৮ বৎসরের ১ ও ২ অধ্যায়	কুইয়া এম্পটোরেস নামক রাজব্যবস্থা।
প্রথম এডওয়ার্ড রাজার ২৫ বৎসরের মাগনা কার্টা নামক ১ অধ্যায়	বিশেষ ক্ষমতা স্থির রাখিবার ব্যবস্থা।
২৯ অধ্যায় ...	দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমার বিচার বিষয়ক।
কনফরমাটিও কার্টোরম নামক ...	চার্টর স্থির রাখিবার নিমিত্ত ব্যবস্থা।
তৃতীয় এডওয়ার্ড রাজার ৫ বৎ. ৯ অ. ...	অন্যায়রূপে ক্রোক করণ বিষয়ক।
তৃতীয় এডওয়ার্ড রাজার ২৫ বৎ. ১ ব্যবস্থা ...	ইঙ্গলণ্ডীয় স্ত্রী পুরুষের সন্তান ভিন্নদেশে জন্মিলে তাহারদের অবস্থা বিষয়ক।
তৃতীয় এডওয়ার্ড রাজার ২৮ বৎ. ৩ অ. ...	দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমার বিচার বিষয়ক।
অষ্টম হেনরি রাজার ২৭ বৎ. ১০ অ. ১,২,৩, ধা. ..	ভূমির উপস্বত্ব ভোগ বিষয়ক।
অষ্টম হেনরি রাজার ২৮ বৎ. ১৫ অ. ১,২,৪, ধা....	সমুদ্র পথে যে অপরাধ করা যায় তদ্বিষয়ক।
অষ্টম হেনরি রাজার ৩১ বৎ. ১ অ. ...	একি পাট্টাক্রমে যাঁহারা সাধারণ প্রজা হন তাঁহাদের ভূমি বণ্টন বিষয়ক।
অষ্টম হেনরি রাজার ৩২ বৎ. ৩২ অ. ...	যাঁহারা যাবজ্জীবন প্রজা, তাঁহারদের ভূমি বণ্টন বিষয়ক।
৩৪ অ. ১, ২, ধা. ...	উত্তরাধিকারিকে দিবার অপেক্ষায় ভোগাধিকারি বিষয়ক।
৩৭ অ. ৪, ধা. ...	ভূমি যে ব্যক্তির যাবজ্জীবন অধিকারে থাকিবে তাঁহার মৃত্যুর পর খাজানা আদায় করণ বিষয়ক।
(পূর্ব্বকৃত চুক্তি বিষয়ক কথা ছাড়া) ৩৮ অ. ...	জ্ঞাতিত্ব সম্বন্ধের ক্রম বিষয়ক।
রাণী এলিসাবেতের ১৩ বৎসরের ৫ অ. ১,২,৩,৫ ধা. ঐ ২৭ বৎসরের ৪ অ. ১,২,৩,৪ ধা.	প্রতারণাক্রমে হস্তান্তর করণ বিষয়ক।
প্রথম চারলস রাজার ৩ বৎসরের ১ অ. ...	অন্যায়মত বন্ধ করণ বিষয়ক।
দ্বিতীয় চারলস রাজার ১৮,১৯ বৎ. ১১ অ. ১,২,৪ ধা. ...	যে ব্যক্তির যাবজ্জীবন ভূমি অধিকারে থাকিবে তাহার মৃত্যুর প্রমাণ বিষয়ক।
দ্বিতীয় চারলস রাজার ২৯ বৎসরের ৩ অধ্যায়ের ৭—১১ ধারা	ন্যাসবিষয়ক।
দ্বিতীয় চারলস রাজার ৩১ বৎ. ১৪ ধারা ছাড়া ২ অ. ...	হাবিয়াস করপস বিষয়ক আইন।
উলিয়ম ও মেরির ১ বৎ. ৬ অ. ...	সিংহাসনোপবেশন কালীন শপথ বিষয়ক।
উলিয়ম ও মেরির ১ বৎ. দ্বিতীয় অধিবেশনকালীন ২ অধ্যায়	স্বত্বাধিকার বিষয়ক আইন।
উলিয়ম ও মেরির ২ বৎ. ১ অধ্যায় ...	রাজসভার ভূত পূর্ব্ব অধিবেশনকালীন কার্য্য স্থির করণ বিষয়ক।
উলিয়ম ও মেরির ৪ বৎ. ১৬ অধ্যায়। ...	গুপ্ত ভাবে বন্ধক রাখন দ্বারা প্রতারণা বিষয়ক।
তৃতীয় উলিয়ম রাজার ৯ বৎ. ১৭ অধ্যায় ...	দেশের অন্তর্গত স্থানের প্রচলিত হুণ্ডী বিষয়ক।
তৃতীয় উলিয়ম রাজার ১০ বৎসরের ২২ অধ্যায় "in any wise notwithstanding" এই কথা পর্য্যন্ত	জনকের মৃত্যুর পর সন্তানের জন্ম হইলে তাঁহার উত্তরাধিকারিত্ব বিষয়ক।
তৃতীয় উলিয়ম রাজার ১১ বৎসরের ৭ অধ্যায় ...	বোম্বেটিয়া গিরি বিষয়ক।
১২ অধ্যায় ...	কুঠীর অধ্যক্ষদের দণ্ডবিষয়ক।
তৃতীয় উলিয়ম রাজার ১২ ও ১৩ বৎ. ২ অধ্যায়ের যে অংশ মহারাণী আনের ৪ ও ৫ বৎ. ২০ অ. ২৭ ও ২৮ ধারাক্রমে ও প্রথম জর্জ্জ রাজার ১ বৎসরের ২ আইনের ৫১ অধ্যায়ক্রমে ও বিকটরিয়ার ৭ ও ৮ বৎসরের ৬৬ অধ্যায়ক্রমে রহিত হয় নাই সেই অংশ	ইঙ্গলণ্ডদেশের রাজত্বের ভার বর্ত্তমানা শ্রীশ্রীমতী মহারাণীর বংশে স্থির থাকন বিষয়ক।
আনের ১ বৎসরের ২ অধ্যায়ের ৪ ও ৫ ধারা ...	উত্তর রাজ্যাধিকারির প্রতি রাজমুকুট প্রদান বিষয়ক ও উদাসীন ব্যক্তির প্রবেশ করণ বিষয়ক।
আনের ৩। ৪ বৎ. ৮ অ. ১ অবধি ১১ পর্য্যন্ত সকল ধারা	প্রমিসরি নোট বিষয়ক।
আনের ৪।৫ বৎ. ৩ অ. ৯, ১০, ২১ ও ২৭ ধারা ...	প্রজার নূতন মালিক স্বীকারকরণ ও খাজানা দেওন বিষয়ক ও প্রভুত্ব ও হিসাব পাইবার নিমিত্ত নালিশকরণ বিষয়ক।
১৬ অ. ...	রাজকুমারী সোফাইয়াকে ইঙ্গলণ্ডজাত ব্যক্তিদের বিশেষ ক্ষমতা প্রদান করণ বিষয়ক।
আনের ৬ বৎ. ৪১ অ. ৮ ধারা ...	প্রিবি কৌনসেল বিষয়ক।
৭২ অ. ...	যাহারা যাবজ্জীবন প্রজা হন তাহাদের মৃত্যু নির্ণয় করণ বিষয়ক।
আনের ৭ বৎ. ৫ অ. ৩ ধারা ...	ভিন্নদেশজাত ব্যক্তির প্রতি ইঙ্গলণ্ডদেশজাত ব্যক্তির ক্ষমতাদি প্রদান করণ বিষয়ক।
প্রথম জর্জ্জ রাজার ৮ বৎসরের ২৪ অধ্যায় ...	বোম্বেটিয়াগিরি বিষয়ক।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ৩০ জুন।]

STATEMENT OF OBJECTS AND REASONS.

1. It is generally held that, on the establishment of Mayors' Courts in Calcutta, Madras and Bombay, under the charter of 13 Geo. I, the Statute-law in force in England in the year 1726 was introduced into the Presidencies so far as it was applicable to local circumstances.

2. Under the qualification contained in the last part of this proposition, large classes of Statutes are obviously excluded. The Statutes, for instance, dealing with the subjects of Advowsons, Bankruptcy, Bastardy, Clergy, Commons, Dilapidations, Elections, Excise, Forests, Police, Poor-relief, Sewers, Tithes, and the qualification of Sheriffs were clearly framed with reference to the special conditions of England, and have never been deemed applicable to any part of India. Other Statutes, such as those relating to Coroners, Crimes, Executors, Jurors, Justices of the Peace, Lotteries, Oaths, Pleading and Riotous Assemblies, have been rendered by recent Indian legislation unnecessary and therefore inapplicable. Others again, which form the basis of the English law of real property—such as the Statutes of Entails, of Subinfeudations and of Uses—are clearly applicable to the property of Englishmen, though not to the property of Hindús or Muhammadans. But there remain some as to which differences of opinion may and do exist. If we inquire, for example, whether the Statutes relating to Maintenance and Champerty are in force in Calcutta, whether a European can be arrested here on a Sunday, or what law regulates distresses for arrears of rent exceeding a thousand rupees, we at once fall into doubt and difficulty. It is true that, in the absence of any declaration by the legislature, the Judges of the late Supreme Courts and those of the present High Courts have exercised the function of declaring what Statutes shall be deemed in force within the local limits of their ordinary original jurisdiction. But, in the first place, the Judges have made such declarations in comparatively few instances; in the second place, their decisions have not always been reported; thirdly, it may be doubted whether their declarations have always laid down the most convenient rule; and fourthly, the rulings of the Judges of one Supreme or High Court are not binding upon or always in accord with those of another.

3. Even in cases where a Statute certainly operates in the Presidency Towns, it is not always clear whether it applies to all the inhabitants or only to Europeans. Thus every one agrees that the Statutes of Elizabeth relating to Fraudulent Conveyances are in force in Calcutta, Madras and Bombay; and in Calcutta, the late Mr. Justice Norman (2 Ind. Jur. O. S. 7) held that they applied to Natives as well as to Europeans. But in Madras, Sir Adam Bittleston seemed to think, in a case reported in 6 Mad. H. C. Rep. 474, that they applied only to British subjects other than Hindús or Muhammadans.

4. The result is a great amount of uncertainty as to the Statute-law in force in the Presidency Towns, and this not merely in rare instances, but in matters of not infrequent occurrence.

5. Two Bills published simultaneously with this, and relating to Distresses and to the Sheriff, will, when passed, remove many doubts as to the law applicable to the subjects with which they respectively deal.

6. There will remain, however, many ancient Statutes as to which it is desirable that the legislature, in consultation with the learned Judges of the Presidency High Courts, should expressly declare either that they are, or that they are not, in force in Calcutta, Madras and Bombay. This, shortly, is the object of the present Bill. It declares that some forty Statutes shall, subject to the tests of applicability which have always prevailed, be deemed to apply to all places and persons in the Presidency Towns. These include Magna Carta; the Statutes *De Donis* and *Quia Emptores*; the Statute of Uses; the Statutes relating to Fraudulent Conveyances; the Habeas Corpus Act; the Bill of Rights and the Act of Settlement. It then expressly repeals all other Statutes passed before 1727.

[*Government Gazette*, 30*th June* 1874.]

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

১। প্রথম জর্জ রাজার ১১ বৎসরের চার্টর অনুসারে কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইয়ে মেয়রদের আদালত স্থাপন হইলে, ১৭২৬ সালে যে সকল ব্যবস্থা ইঙ্গলণ্ডে প্রচলিত ছিল তাহা স্থান বিশেষের ভাবগতিক বিবেচনায় যত দূর বর্ত্তান যাইতে পারিত উক্ত তিন রাজধানীর মধ্যেও তত দূর প্রচলিত আছে এমত জ্ঞান হইল।

২। পরন্তু অনেক রাজব্যবস্থা স্থানবিশেষের ভাবগতিক বিবেচনায় স্পষ্টই বর্জ্জনীয়। যথা, ভজনালয়ে পুরোহিতের নিয়োগ, ও দেওলিয়া করণ, ও জারজতা, ও পাদরীবিষয়ক, ও ভজনালয়সম্পর্কীয় চরাণী ভূমি, ও ভজনালয় সম্পর্কীয় বৃক্ষাদি নষ্টকরণ, ও রাজসভার সভ্য ব্যক্তিদের মনোনীতকরণবিষয়ক, ও আবকারী ও মদ ও পোলীস ও দরিদ্রদের উপকার ও নর্দমা ও দশমাংশ বিষয়ক ব্যবস্থা, ও শরিফী পদের যোগ্য গুণাদি বিষয়ক ব্যবস্থা কেবল ইঙ্গলণ্ডের বিশেষ অবস্থা বিবেচনায় স্পষ্টই প্রণীত হইল, ও ভারতবর্ষের কোন স্থানের প্রতি যে বর্ত্তে এমত অনুভবও কখন হয় নাই। করণর, অপরাধ, অছি, জুরী, শান্তিরক্ষার্থ জষ্টিস, শর্ত্তিখেলা, শপথ, সওয়ালজওয়াব ও দাঙ্গাবাজ লোকদের জমারতবিষয়ক ও অন্যান্য রাজব্যবস্থা ভারতবর্ষীয় ব্যবস্থাপকদের নূতন কএক আইন প্রণীত হওয়াতে অনাবশ্যক হইয়াছে সুতরাং তাহা খাটেও না, পুত্রপৌত্রাদিক্রমে ভোগ্যসম্পত্তি দান, ও জমীর পেটাও পাট্টা দান ও ব্যবহার প্রভৃতি বিষয়ক আর কএক রাজব্যবস্থা স্থাবর সম্পত্তি বিষয়ক ইঙ্গলণ্ডীয় আইনমূলক হইয়া ইঙ্গলণ্ডীয়দের সম্পত্তির প্রতি স্পষ্টই খাটে কিন্তু হিন্দু কি মুসলমানদের সম্পত্তির প্রতি খাটে না। আর কএক রাজব্যবস্থা বর্ত্তিতে পারে কি না এই বিষয়ের সন্দেহ আছে, থাকিতেও পারে। যথা, স্ত্রীপুত্রাদির ভরণপোষণ ও মোকদ্দমা ফরণ করিয়া লওন বিষয়ক ব্যবস্থা কলিকাতায় প্রবল আছে কি না, রবিবারে ইউরোপীয় ব্যক্তিকে ধরিয়া লওয়া যাইতে পারে কি না, ও এক সহস্রের অধিক টাকা খাজানা বাকী হইলে তজ্জন্যে ক্রোক করিবার কি বিধান আছে, এইং মর্ম্মের প্রশ্ন উত্থাপন হইলে সন্দেহ জন্মে ও কষ্ট উপস্থিত আছে। এই বিষয়ে ব্যবস্থাপকগণ নির্দ্দেশ করিয়া কিছু লেখেন নাই এবং হাই কোর্টের মোকদ্দমা আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতার অধীন স্থানে যেং রাজব্যবস্থা প্রবল জ্ঞান হইতে পারে, যেং টিবা প্রবল নয়, ভূতপূর্ব্ব সুপ্রীম কোর্টের ও ইদানিন্তন হাই কোর্টের সাহেবেরা স্বং কার্য্যক্রমে তাহা প্রকাশ করিলেন। কিন্তু প্রথমতঃ, জজ সাহেবেরা কএকমাত্র স্থলে তাহা প্রকাশ করিয়াছেন। দ্বিতীয়তঃ তাঁহারদের নিষ্পত্তির রিপোর্ট সর্ব্বদা হয় নাই। তৃতীয়তঃ তাঁহারা যে বিধি প্রকাশ করিয়াছেন তাহা সর্ব্বদা সুবিধাজনক কি না, সন্দেহ। চতুর্থতঃ একি সুপ্রীম কি হাই কোর্টের জজ সাহেবদের বিধি অন্য হাই কোর্টের জজ সাহেবদের নিকট সর্ব্বদা মান্য নয় ও অনুমোদিতও নয়।

৩। রাজধানীর মধ্যে কোন রাজব্যবস্থা স্পষ্টই প্রবল থাকিলেও তাহা ঐ রাজধানী নিবাসি সকল ব্যক্তির প্রতি, না কেবল ইউরোপীয়দের প্রতি খাটে, ইহাও স্পষ্ট নয়। যথা, প্রতারণাক্রমে হস্তান্তরকরণপত্র বিষয়ক মহারাণী এলিসাবেথের রাজব্যবস্থা কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে প্রচলিত আছে এই কথা সকলেই স্বীকার করেন। ও ইউরোপীয়দের প্রতি যেমন, এদেশীয়দের প্রতিও তেমনি খাটে, মৃত জষ্টিস নর্ম্যান সাহেব ইহা নির্দ্ধার্য্য করিলেন কিন্তু মান্দ্রাজে শ্রীযুত সর আডম বিজলস্টোন সাহেব জ্ঞান করিলেন যে হিন্দু ও মুসলমান ছাড়া কেবল ব্রিটনীয় প্রজাদের প্রতি ঐ বিধি খাটে, মান্দ্রাজের হাই কোর্টের রিপোর্টের ৬ বালমের ৪৭৪ পৃষ্ঠায় যে মোকদ্দমা প্রকাশ হইল তদ্দ্বারা এমত অনুভব হইতে পারে।

৪। ফলতঃ নানা রাজধানীর মধ্যে কোনং রাজব্যবস্থা প্রচলিত আছে, এই বিষয়ে অনেক সন্দেহ জন্মিয়াছে, কতিপয় স্থলমাত্রে নয় অনেক স্থলে সেইরূপ সন্দেহ উদয় হইয়া থাকে।

৫। ক্রোক করণের ও শরিফের বিষয়ে দুইটি আইনের পাণ্ডুলিপি এই পাণ্ডুলিপির সমকালে প্রকাশ করা গেল। তাহা বিধিবদ্ধ হইলে, ঐং বিষয়ে যে বিধি প্রচলিত থাকিবে তাহার অনেক সন্দেহ দূর হইবে।

৬। তথাপি পুরাতন আর অনেক রাজব্যবস্থা আছে কিন্তু তাহা কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইয়ে প্রচলিত আছে কি না, নানা রাজধানীর হাই কোর্টের বিজ্ঞ জজ সাহেবদের সঙ্গে ব্যবস্থাপকগণের পরামর্শ করিয়া এই কথা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট করিয়া দেওয়া বিহিত। এই পাণ্ডুলিপির সেই উদ্দেশ্য। কোন স্থলে কোন রাজব্যবস্থা খাটে কি না ইহা পরীক্ষা করিয়া দেখিবার যে নিয়ম প্রচলিত আছে, সেই নিয়মানুসারে পরীক্ষা করিয়া চল্লিশটি রাজব্যবস্থা নানা রাজধানীর অন্তর্গত সকল স্থানের ও ব্যক্তির প্রতি খাটে এমত জ্ঞান হইয়াছে। ইহার মধ্যে মাগনা কার্টা, ও ডি ডোনিস ও কুইয়া এম্পটোরেস নামক রাজব্যবস্থা ও ভোগস্বত্ব বিষয়ক ও প্রতারণাক্রমে হস্তান্তরকরণপত্রবিষয়ক রাজব্যবস্থা ও হেবিয়াস করপস আইন ও অধিকার বিষয়ক ও মহারাণীর রাজত্ব বিষয়ক আইন। এতদ্ভিন্ন ১৭২৭ সালের পূর্ব্বে প্রণীত অন্য সকল রাজব্যবস্থা স্পষ্টই রহিত করা গেল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ৩০ জুন।]

7. Some of the Statutes inserted in the Schedule have been so inserted for caution's sake, but with considerable doubts as to whether they are of any practical use. Such are the provisions of the Statute of Frauds relating to trusts of land; the Statute 4 & 5 Will. & Mar., cap. 16, relating to frauds by mortgagors effected by concealment of prior charges; the Stat. 10 Will. III, cap. 22, giving the benefit of contingent remainders to posthumous children; and the Stat. 4 & 5 Anne, cap. 3, relating to warranties. There are also three Statutes conferring powers on the Admiralty Court in case of piracy, as to which it is not known whether they are still of any use or are superseded by modern legislation. These are the 28 Hen. VIII, cap. 15; the 11 Will. III, cap. 7, and the 8 Geo. I, cap. 24.

8. Among the repealed Statutes are those which relate to Champerty and Maintenance, eight in number. It is not intended by the repeal to alter the law on this subject, and a cautionary clause [sec. 2, cl. (c)] has been inserted accordingly. It is certain that the law applicable to transactions to which the names of Champerty and Maintenance are still applied, has drifted away from the Statutes; that numerous transactions falling within the scope of the Statutes are perfectly lawful, and that the decisions have in modern times been rested more and more on the broad principles of the Common Law, and have turned on the question whether or no the impeached transaction is unrighteous, unconscientious, and against public policy. The law in the Mofussil on this subject appears to be in a very efficient and reasonable state, though unaided by the Statutes; and the same law prevails in the Presidency Towns. See the case of *Grose* v. *Amirtamayi Dasi*, 4 Beng. L. R. Orig. C. J. 1, in which all the foregoing remarks are illustrated.

9. The opportunity has been taken to declare that no Statute passed in or after the year 1727 shall be deemed to apply to any part of British India, unless it expressly or by necessary implication extends thereto; and that no Statute shall be deemed to extend by necessary implication to any part of British India merely because it amends or modifies or repeals the whole or any part of a Statute mentioned in the Schedule.

CALCUTTA:
The 1st June 1874.

A. HOBHOUSE.

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 30*th June* 1874.]

৭। তফসীলের মধ্যে যেং রাজব্যবস্থা ধরা গিয়াছে তাহার মধ্যে কএকটি কেবল প্রয়োজন হওয়ার সম্ভাবনাপ্রযুক্ত ধরা গিয়াছে কিন্তু কার্য্যে তাহার কোন ফল দর্শিবে কি না সন্দেহ। তাহার মধ্যে এইং আইন উল্লেখ করা যাইতে পারে, ভূমি পরের হস্তে ন্যস্ত থাকিলে তৎসম্পর্কীয় প্রতারণাবিষয়ক ব্যবস্থা, ও ভূম্যাদির উপর যে দায় বর্ত্তে বন্ধক দাতাদের তাহা গোপনে রাখিয়া প্রতারণাকরণবিষয়ক উলিয়ম ও মেরির ৪ ও ৫ বৎসরের ১৬ অধ্যায়, এবং তৃতীয় উলিয়ম রাজার ১০ বৎসরের ২২ অধ্যায়ের যে আইন, জনকের মৃত্যুর পর সন্তানের জন্ম হইলে ঐ সন্তান সম্ভাবিত সম্পত্তিহইতে উপকার প্রাপ্ত হন সেই আইন, এবং প্রতিভূবিষয়ক মহারাণী আনের ৩ ও ৪ বৎসরের ৩ অধ্যায়। আরো বোম্বেটিয়াগিরি অপরাধ হইলে অন্য তিনটি রাজব্যবস্থামতে অর্থাৎ অষ্টম হেনরি রাজার ২৭ বৎসরের ১৫ অধ্যায়, ও তৃতীয় উলিয়ম রাজার ১১ বৎসরের ৭ অধ্যায়, ও প্রথম জর্জ রাজার ৮ বৎসরের ২৪ অধ্যায়মতে আডমিরলটি কোর্টের প্রতি ক্ষমতা প্রদান করা গিয়াছে, কিন্তু সেই রাজব্যবস্থা কোন কাযের মধ্যে আইসে, না নূতন আইন দ্বারা তাহা অকর্ম্মণ্য হইয়াছে, ইহা নিশ্চয়মতে জানা যায় না।

৮। যেং রাজব্যবস্থা রহিত করা গিয়াছে তন্মধ্যে মোকদ্দমা ফুরাইয়া লওন ও স্ত্রীপুত্রাদির ভরণপোষণ বিষয়ক আটটি আইন। তাহা রহিত হইলেও তদ্বিষয়ক আইন পরিবর্ত্তন করিবার অভিপ্রায় ছিল না। ৩২ ধারার (গ) প্রকরণে তদ্বিষয়ের বিধান নির্ণয় হইয়াছে। এখনও যে ব্যাপার মোকদ্দমা ফুরণ করিয়া লওন ও স্ত্রীপুত্রাদির ভরণপোষণের মোকদ্দমা নামে খ্যাত হইয়া থাকে, তদ্বিষয়ক আইন রাজব্যবস্থাহইতে ক্রমশঃ পৃথক হইয়া গিয়াছে। ঐ রাজব্যবস্থার মধ্যে যেং ব্যাপারের প্রতিরোধ হইয়াছে এমত অনেক ব্যাপার এইক্ষণে আইনসিদ্ধও আছে। ও কামন ল বলিয়া সুবিস্তৃত যে ব্যবস্থা আছে ইদানীং সেই ব্যবস্থার মূল নিয়ম ধরিয়া ক্রমশঃ অনেক মোকদ্দমার নিষ্পত্তি হইয়া থাকে ও যে ব্যাপারের নালিশ হয় তাহা ধর্ম্ম ও ন্যায়বিরুদ্ধ ও রাজনীতিবিপক্ষ কি না ইহা বিবেচনা করিয়া ঐ নিষ্পত্তি হইয়া থাকে। এই বিষয়ে মফঃসলদেশে যে ব্যবস্থা মান্য আছে রাজব্যবস্থার সহায়তা ভিন্ন তাহা অত্যন্ত সফল ও যুক্তিসিদ্ধ দেখা যাইতেছে, রাজধানীতেও সেই ব্যবস্থা প্রবল। ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করিবার ক্ষমতা সম্পর্কে বঙ্গদেশীয় ল রিপোর্টের ৪ বালমের ১ পৃষ্ঠালিখিত যে মোকদ্দমায় গ্রোস সাহেব ফরিয়াদী ও অমৃতময়ী দাসী আসামী ছিল সেই মোকদ্দমায় পূর্ব্বোক্ত সকল কথার উদাহরণ পাওয়া যাইবে।

৯। এই সুযোগে এই মর্ম্মের বিধান করা গেল যে, ১৭২৭ সালে কি তৎপূর্ব্বে যে কোন রাজব্যবস্থা প্রচলিত ছিল তাহা স্পষ্টই ব্রিটনীয় ভারতবর্ষের প্রতি বর্ত্তান না গেলে কিম্বা তাহার ভাবহেতুক ভারতবর্ষে বর্ত্তান আবশ্যক না হইলে তাহা ভারতবর্ষে বর্ত্তিবে না। এবং তফসীলে যেং রাজব্যবস্থার উল্লেখ হইয়াছে অন্য ব্যবস্থা দ্বারা সেই রাজব্যবস্থা সংশোধিত কি মতান্তরিত হইয়াছে এইমাত্র কারণে সেই অন্য ব্যবস্থা ভাবতঃ ব্রিটনীয় ভারতবর্ষের প্রতি বর্ত্তান আবশ্যক, এমত জ্ঞান করিতে হইবে না।

এ হবহৌস।

কলিকাতা। }
১৮৭৪ সাল ১ জুন। }

উইটলি ষ্টোকস,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*